$$= \sqrt{\frac{2\times11.36\times1.6\times10^{-19}}{9.1\times10^{-31}}}$$

$$= 2\times10^{6}m/s$$

অধ্যায় ০৯ পরমাণুর মডেল এবং নিউক্লিয়ার পদার্থ

TOPICS 01 তেজস্ক্রিয়তার ক্ষয় সূত্র, অর্ধায়ু ও গড় আয়ু সং

FORMULA

অর্ধায়ু, গড় আয়ু এবং ক্ষয় ধ্রুবকের সম্পর্ক-

- $T_{\frac{1}{2}} = \frac{0.693}{\lambda}$ বা, $\lambda = \frac{0.693}{T_{1/2}}$
- $\tau = \frac{1}{\lambda} = \frac{T_{1/2}}{0.693}$
- $\tau : T_{1/2} = 1:0693$
- n তম অর্ধায়ু পরে অবশিষ্ট পরমাণু, $N = \frac{N_0}{2^n}$
- তেজস্ক্রিয় পদার্থ ভাঙ্গনের হার, $-N\lambda = \frac{dN}{dt}$

ক্যালকুলেটর ছাড়া হিসাবের ক্ষেত্রে 0.693-কে 0.7 ধরে হিসাব করবে

NETWORK EXCLUSIVE: $T_{\frac{1}{2}}$ অর্ধায়ু বিশিষ্ট কোন পদার্থের t সময়

অংশ অবশিষ্ট থাকলে, $t = T_{\frac{1}{2}}\times n \Rightarrow T_{\frac{1}{2}} = \frac{t}{n} \therefore n = \frac{t}{T_{\frac{1}{2}}}$

Model EXAMPLE এক টুকরা তেজস্ক্রিয় পদার্থের আদিতে 8.0×10^{22} পরমাণু অর্ধায়ু 2 দিন হলে 16 দিন পর পরমাণুর সংখ্যা হবে-

Shortcut Sol^n মোট অর্ধায়ুর সংখ্যা, $n = \frac{\text{মোট সময়}}{\text{একটি অর্ধায়ুর সময়}} = \frac{16}{2} =$

অবশিষ্ট পরমাণু, $N = \frac{N_0}{2^n} = \frac{8\times10^{22}}{2^8} = 3.1\times10^{20}$

Model EXAMPLE একটি তেজস্ক্রিয় পদার্থের অর্ধায়ু 10 দিন। 30 দিন পরে পরিমাণ উক্ত পদার্থের কতটুকু অবশিষ্ট থাকবে?

Shortcut Sol^n অবশিষ্ট $= \frac{N_0}{2^{\frac{\text{বড় মান}}{\text{ছোট মান}}}} = \frac{1}{2^{\frac{30}{10}}} = \frac{1}{8}\,kg = 0.125\,kg$

Model EXAMPLE একটি তেজস্ক্রিয় মৌলের অর্ধায়ু 1600 বছর। 6400 বছ মৌলটির কত অংশ অবশিষ্ট থাকবে?

Shortcut Sol^n অবশিষ্ট অংশ $= \frac{1}{2^{\frac{6400}{1600}}} = \frac{1}{2^4} = \frac{1}{16}$

Model EXAMPLE এক টুকরা তেজস্ক্রিয় পদার্থে আদিতে 8×10^{22} পরমাণু অর্ধায়ু 8 দিন হলে 16 দিন পর পরমাণুর সংখ্যা কত?

Shortcut Sol^n $x = \frac{\text{সময়}}{\text{অর্ধায়ু}} = \frac{16}{8} = 2 \therefore N = \frac{N_0}{2^x} = \frac{8\times10^{22}}{2^2} = \frac{8\times10^{22}}{4} = 2\times$

Model EXAMPLE একটি ভারী তেজস্ক্রিয় বিটা কণা বিকিরণ করে যার ভর 2 এক অর্ধায়ু পরে ভর কত ?

Shortcut Sol^n $N = \frac{1}{2}N_o = \frac{1}{2}\times20 = 10gm$

Model EXAMPLE রেডিয়ামের গড় আয়ু 3200 বছর। এর অবক্ষয় ধ্রুবকের মান ক

Shortcut Sol^n $\lambda = \frac{1}{\tau} = \frac{1}{3200} = 3.12\times10^{-4}\,Yrs^{-1}$

Model EXAMPLE কোন পদার্থের অর্ধায়ু 10 দিন। ঐ পদার্থের কোন বস্তু খণ্ড দিন পর কত অংশ ক্ষয় প্রাপ্ত হবে।

Shortcut Sol^n $x = \frac{t}{T_{\frac{1}{2}}} = \frac{30}{10} = 3$

$\therefore N = \frac{N_0}{2^x} = \frac{1}{2^3}N_o = \frac{1}{8}$ অংশ

POLI MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

TOPICS 02 কক্ষ পথের ব্যাসার্ধ, বেগ ও শক্তি সংক্রান্ত

FORMULA

n তম কক্ষপথের ব্যাসার্ধ $r_n = r_1 \times n^2$ [যেখানে $r_1 = 0.532 \times 10^{-10}$ m]

n তম কক্ষপথে ইলেকট্রনের বেগ, $v_n = \frac{v_1}{n}$ [$v_1 = 21.839 \times 10^5$ ms^{-1}]

n তম শক্তিস্তরে ইলেকট্রনের $E = \frac{-13.6}{n^2}$ eV [$E_1 = -13.6$ eV]

Model EXAMPLE হাইড্রোজেন পরমাণুর ১ম বোর কক্ষে ইলেকট্রনের মোট শক্তি – 13.6 eV. হলে, ৩য় বোর কক্ষে মোট শক্তি হবে-

Shortcut Sol^n $E_3 = \frac{E_1}{3^2} = \frac{-13.6}{3^2} = -1.5$ eV

Model EXAMPLE হাইড্রোজেন পরমাণুর দ্বিতীয় কক্ষপথের ব্যাসার্ধ এবং গতিবেগ কত?

Shortcut Sol^n কক্ষ পথের ব্যাসার্ধ

$r_n = r_1 \times n^2 = 0.53 \times 10^{-10} \times 2^2$
$= 2.12 \times 10^{-10}$m.

এবং বেগ $v_n = \frac{v_1}{n} = \frac{21.839 \times 10^5}{2} = 10.919 \times 10^5$ ms^{-1}

TOPICS 03 ভরত্রুটি ও বন্ধনশক্তি সংক্রান্ত

FORMULA

ভরত্রুটি $\Delta m = (zm_p + nm_n)$-নিউক্লিয়াসের প্রকৃত ভর [এখানে z = প্রোটন সংখ্যা n = নিউট্রন সংখ্যা m_p = প্রোটন এর ভর m_n = নিউট্রন এর ভর]

বন্ধন শক্তি $\Delta E = \Delta mC^2 = \Delta m \times 931$

গড় বন্ধন শক্তি = $\frac{\text{মোট বন্ধন শক্তি}}{\text{মোট নিউক্লিয়ন সংখ্যা}}$

Model EXAMPLE একটি হিলিয়াম ($_2^4He$) নিউক্লিয়াসের বন্ধন শক্তি 27.128 MeV। গড় বন্ধন শক্তি কত?

Shortcut Sol^n গড় বন্ধন শক্তি = $\frac{\text{মোট বন্ধন শক্তি}}{\text{মোট নিউক্লিয়ন সংখ্যা}}$

$= \frac{27.128}{4} = 6.782$ MeV

Model EXAMPLE একটি হিলিয়াম ($_2^4He$) নিউক্লিয়াসের (i) ভর ত্রুটি, (ii) বন্ধন শক্তি এবং (iii) কণা প্রতি বন্ধন শক্তি বের কর। [একটি প্রোটনের ভর = 1.00728 a.m.u একটি নিউট্রনের ভর = 1.00876 a.m.u এবং 1 a.m.u=931 MeV

Shortcut Sol^n আমরা জানি, একটি হিলিয়াম নিউক্লিয়াসে ২টি প্রোটন ও ২টি নিউট্রন রয়েছে। এখন ২টি প্রোটনের ভর = 2×1.00728 = 2.014556 a.m.u

2টি নিউট্রনের ভর = 2×1.00867=2.01734 a.m.u

∴ এদের মোট ভর=2.014556+2.01734 = 4.03190 a.m.u

কিন্তু একটি হিলিয়াম নিউক্লিয়াসের প্রকৃত ভর = 4.00276 a.m.u

(i) ভর ত্রুটি Δm = 4.03190-4.00276 = 0.02914 a.m.u

(ii) সুতরাং বন্ধন শক্তি = $\Delta m \times 931$ = 27.129MeV

(iii) হিলিয়াম নিউক্লিয়াসে কণার সংখ্যা A = 4

সুতরাং প্রতি কণার বন্ধন শক্তি = $\frac{\text{বন্ধন শক্তি}}{A}$

$= \frac{27.127}{4} = 6.782$MeV

অধ্যায় ১০ সেমি কন্ডাক্টর ও ইলেকট্রনিক্স

TOPICS 01 ইমিটার, বেস ও কালেক্টর কারেন্টের মধ্যে সম্পর্ক সংক্রান্ত

FORMULA

- ইমিটার কারেন্ট, বেস কারেন্ট, কালেক্টর কারেন্টের মধ্যে সম্পর্ক: $I_E = I_B + I_C$
- প্রবাহ বিবর্ধন গুণক, $\alpha = \frac{I_C}{I_E}$
- প্রবাহ লাভ, $\beta = \frac{I_C}{I_B}$
- $\beta = \frac{\alpha}{1-\alpha}$ ∴ $\beta > 1$
- $\alpha = \frac{\beta}{1+\beta}$ ∴ $\alpha < 1$

প্রবাহ বিবর্ধন গুণক, $\alpha = \frac{\beta}{1+\beta}$	প্রবাহ লাভ, $\beta = \frac{\alpha}{1-\alpha}$
$\alpha = 0.99$	$\beta = 99$
$\alpha = 0.98$	$\beta = 49$
$\alpha = 0.97$	$\beta = 32$
$\alpha = 0.96$	$\beta = 24$
$\alpha = 0.95$	$\beta = 19$

এই ছক মনে রাখলে α দেয়া থাকলে β এর মান এবং β দেয়া থাকলে α এর মান অঙ্ক করে বের করার প্রয়োজন হবে না।

- গতীয় রোধ: $R = \frac{\Delta V}{\Delta I}$

Model EXAMPLE একটি কমন বেস ট্রানজিস্টর বিন্যাসে ইমিটার কারেন্ট 1.2 mA এবং কালেক্টর কারেন্ট 9×10^{-4} A হলে বেস কারেন্টের মান হবে-

Shortcut Sol^n $I_E = I_B + I_C$

বা, $I_B = I_E - I_C$

বা, $I_B = (12 \times 10^{-4}) - (9 \times 10^{-4})$

$= 3 \times 10^{-4}$ A $= 0.3 \times 10^{-3}$ A $= 0.3$mA

Model EXAMPLE 20 mA নিঃসারক প্রবাহের ফলে একটি ট্রানজিস্টরে 18 mA সংগ্রাহক প্রবাহ পাওয়া গেল। α = ?

Shortcut Sol^n $\alpha = \frac{I_C}{I_E} = \frac{18}{20} = 0.9$

Model EXAMPLE কোন ট্রানজিস্টরে ΔI_B=0.02mA এবং ΔI_C = 1mA হলে এ প্রবাহ লাভ β কত?

Shortcut Sol^n $\beta = \frac{\Delta I_c}{\Delta I_B} = \frac{1}{0.02} = 50$

Model EXAMPLE কোন p – n জাংশনের 1.12V বিভব পার্থক্য প্রয়োগ করে বিদ্যুৎ প্রবাহ পাওয়া গেল 25mA এবং বিভব পার্থক্য 1.3V প্রয়োগ করে বিদ্যুৎ প্রবাহ 45mA পাওয়া গেল। জাংশনের গতীয় রোধ বের কর।

Shortcut Sol^n জাংশনের গতীয় রোধ, $R = \frac{\Delta V}{\Delta I} = \frac{1.3 - 1.12}{45 \times 10^{-3} - 25 \times 10^{-3}} = 9\Omega$

POLL MACHINE Preparation and Practice are vital for effective delivery

CamScanner

TOPICS 02 Transistor সংক্রান্ত

FORMULA

- **Transistor দুই ধরনের:** 01. n – p – n 02. p – n – p
  - **emitter** : emits carrier (Doping বেশী)
  - **collector** : collects carrier (Doping বেশী)
  - **base** : carrier passes through base (doping কম)
- **p-n-p transistor:**
  - emitter-base হচ্ছে FB
  - collector-base হচ্ছে RB
- **n-p-n transistor:**
  - emitter- base হচ্ছে FB
  - collector-base হচ্ছে RB
- **Fundamental Equation:** $I_E = I_B + I_C$

- তিনটি মৌলিক সার্কিট:
- তিনটি লিড: ইমিটার, বেস ও কালেক্টর লিড।
- কমন লিডটি ইনপুট ও আউটপুট সার্কিটের মধ্যে কমন থাকে।
  - Common-base
  - Common emitter
  - Common collector

Common-base:

Amplification factor: $\alpha = \frac{\Delta Ic}{\Delta Ie}$ Vcb = constant

Common emitter: $\alpha = \frac{\Delta Ic}{\Delta Ib}$ VcE = constant

- LED এমন একটি অর্ধপরিবাহীজাত কৌশল যার সাহায্যে তড়িৎশক্তিকে আলোক শক্তিতে রূপান্তরিত করা যায়।
- Electron ও Hole এর পুনর্মিলনের সময় যে শক্তি নির্গত হয় তাই Light আকারে দেখা যায়।
- GaAs, GaP, GaAsP দিয়ে তৈরি হয়।
- LED কে যখন অর্ধপরিবাহক লেজার হিসেবে ব্যবহার করা হয় তখন কম ভোল্টেজে কাজ করা হয়। তিন ধরণের LED পাওয়া যায়: লাল, সবুজ, হলুদ।

- FET: যে Transistor এর মধ্য দিয়ে প্রবাহিত তড়িৎপ্রবাহ বিশেষস্থলে তড়িৎক্ষেত্র দ্বারা নিয়ন্ত্রিত হয় তাকে FET বলে।
- **FET এর তিনটি Terminal:**
  (i) gate
  (ii) source
  (iii) drain
- **FET দুই ধরণের :**
  (i) n-channel FET : ইলেকট্রন দ্বারা তড়িৎ প্রবাহ ঘটে।
  (ii) p-channel FET : হোল দ্বারা তড়িৎ প্রবাহ ঘটে।
- **Transistor ও FET এর মধ্যে পার্থক্য:**
  - Transistor Bipolar ↔ Electron ও hole উভয়ই বাহক।
  - FET Unipolar ↔ শুধু Electron বা শুধু hole বাহক।
- **IC:** রোধক, ক্যাপাসিটর, ডায়োড, ট্রানজিস্টর ইত্যাদি উপাদানগুলো একটি অর্ধপরিবাহী চিপের মধ্যে উন্নত প্রযুক্তি দ্বারা সন্নিবেশিত থাকে।

TOPICS 03 লজিক গেট সংক্রান্ত

FORMULA

- **প্রাথমিক কথা:** George Boolean (1815-1864) সর্ব প্রথম বুলিয়ান বীজগণিতের ধারণা দেন। বুলিয়ান অ্যালজেবরার সত্য এবং মিথ্যাকে 1 এবং 0 দ্বারা প্রকাশিত করা হয়। লজিক গেট এক ধরণের ইলেক্ট্রনিক বর্তনী যার দ্বারা যৌক্তিক সিদ্ধান্ত গঠন করা যায়। এ সকল ডিজিটাল ইলেক্ট্রনিক সার্কিটকে লজিক গেট বলে। লজিক গেট বলতে সাধারণত লজিক সার্কিটকে বুঝায় যাতে এক বা একাধিক ইনপুট এবং কেবল একটি আউটপুট থাকে, যা ইনপুটের ভিত্তিতে আউটপুট নির্ধারণ করে। লজিক গেট মূলত একটি ডিজিটাল পদ্ধতির জন্য মৌলিক বল্টক হিসাবে কাজ করে যা বাইনারি '0' (zero) ও '1' (one) দ্বারা অপারেট হয়।

- **লজিক গেটের ডি মরগ্যানের তত্ত্ব:** ফরাসী বিজ্ঞানী ডি মরগ্যান (De Morgan) দুটি বিশেষ গাণিতিক উপপাদ্য আবিষ্কার করেন। সেগুলি তাঁর নাম অনুসারে ডি মরগ্যান উপপাদ্য নামে পরিচিত।
  - **উপপাদ্য-১:** A ও B ইনপুট সিগনালের জন্য একটি NOR গেটের আউটপুট সিগনাল, $\overline{A}$ ও $\overline{B}$ ইনপুট সিগনালের জন্য একটি AND গেটের আউটপুট সিগনালের সমান হয়। অর্থাৎ $\overline{A+B} = \overline{A}.\overline{B}$
  - **উপপাদ্য-২:** A ও B ইনপুট সিগনালের জন্য একটি NAND গেটের আউটপুট সিগনাল, $\overline{A}$ ও $\overline{B}$ ইনপুট সিগনালের জন্য একটি OR গেটের আউটপুট সিগনালের সমান। অর্থাৎ $\overline{A.B} = \overline{A}+\overline{B}$

- **লজিক গেট (Logic Gate):** লজিক গেট হচ্ছে এমন একটি ইলেকট্রনিক বর্তনী যার এক বা একাধিক ইনপুট ও একটি মাত্র আউটপুট থাকে।
  লজিক গেটকে মূলত দুটি ভাগে ভাগ করা যায়।
  যথা:
  ০১. মৌলিক গেট
  ০২. যৌগিক গেট।
- **মৌলিক গেট:** এ গেইটগুলো এককভাবে গাণিতিক অপারেশন সম্পাদন করতে পারে। **তিন প্রকার মৌলিক গেট:**
  ০১. অর গেট (OR Gate)ঃ লজিক্যাল যোগের জন্য।
  ০২. অ্যান্ড গেট (AND Gate)ঃ লজিক্যাল গুণের জন্য।
  ০৩. নট গেট (NOT Gate)ঃ লজিক্যাল পূরকের জন্য।
- **যৌগিক গেট:** এ গেটগুলো এক বা একাধিক গেটের সমন্বয়ে তৈরী হয়। তিনটি মৌলিক গেটের সমন্বয়ে চারটি যৌগিক গেট ব্যবহার করা হয়। এগুলো হলো-
  ০১. **ন্যান্ড গেট (NAND Gate). AND ও NOT গেটের সমন্বয়ে তৈরী।**
  ০২. **নর গেট (NOR Gate). OR গেটের ও NOT গেটের সমন্বয়ে তৈরী।**
  } সার্বজনীন গেট
  ০৩. **এক্স-নর গেট (X-NOR Gate)**
  ০৪. **এক্স-অর গেট (X-OR Gate)**
  } বিশেষ গেট

POLI MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

এক নজরে বিভিন্ন তথ্য

TOPICS 01 সংখ্যা তত্ত্ব

বিষয়	মান
প্রমাণ তাপমাত্রায়($0^\circ c$) বায়ুতে শব্দের বেগ	332ms^{-1}
লোহার ভিতর শব্দের বেগ	5300ms^{-1}
পানিতে শব্দের বেগ	1493ms^{-1}
নিউটনের সূত্রানুযায়ী শব্দের বেগ 0°C তাপমাত্রায়	280ms^{-1}
ল্যাপ্লাসের সূত্রানুযায়ী শব্দের বেগ 0°C তাপমাত্রায়	332.52 বা 332.4 ms^{-1}
প্রতি 0^0C তাপমাত্রা পরিবর্তনে শব্দের বেগের পরিবর্তন	0.61 ms^{-1} বা 61cms^{-1}
কত তাপমাত্রায় শব্দের বেগ প্রমাণ তাপমাত্রায় শব্দের বেগের দ্বিগুণ	819°C বা 1092 K
কত তাপমাত্রায় শব্দের বেগ প্রমান তাপমাত্রায় শব্দের বেগের তিনগুণ	2184°C
নিউটনের সূত্রের ত্রুটি	16%
ইলেকট্রনের চার্জ	1.60218×10^{-19}C
এক কুলম্ব চার্জ কতটা ইলেকট্রনের চার্জের সমান	6.24×10^{18}
শূন্য মাধ্যমের ভেদনযোগ্যতা (ϵ_0)	$8.854\times10^{-12}C^2/Nm^2$
গোলকের অভ্যন্তরে প্রাবল্যের মান	শূন্য (০)
$\frac{1}{4\pi\epsilon_0}$ এর মান	9×10^9 Nm^2/C^2
1eV এর মান	1.6×10^{-19} J
শূন্যস্থানের পরাবৈদ্যুতিক ধ্রুবক	1
বায়ুর পরাবৈদ্যুতিক ধ্রুবক	1.005
কাচের পরাবৈদ্যুতিক ধ্রুবক	5.1
পানির পরাবৈদ্যুতিক ধ্রুবক	80
যে কোন মাধ্যমের পরাবৈদ্যুতিক ধ্রুবক	1 এর চেয়ে বেশী
পারদ রোধশুন্য হয় কত তাপমাত্রায়	–29°C
সীসা রোধশূন্য হয় কত তাপমাত্রায়	–266°C
সিরামিক রোধশূণ্য হয় কত তাপমাত্রায়	–266°C
মিটার ব্রীজের তারের দৈর্ঘ্য	1 মিটার
পটেনশিওমিটারের তারের সংখ্যা	10 টি
পটেনশিওমিটারে প্রতি তারের দৈর্ঘ্য	1 মিটার
১ ক্যালরি কত জুল	4.197J অথবা 4.2J
১ ওয়াট-ঘণ্টা	3600 J
১ কিলোওয়াট ঘণ্টা	3.6×10^6J
বৈদ্যুতিক ফিউজ এর গলনাংক	300°C
পৃথিবীর বিভবের মান	শূন্য (০)
দুই মেরুতে বিনতি	90°
বিষুবরেখার বিনতি	0°
ঢাকার বিনতি	31°N
রাজশাহীতে ভূ চৌম্বকক্ষেত্রের অনুভূমির প্রাবল্য	29Am^{-1}
বিষুবরেখায় ভূচৌম্বক ক্ষেংংত্রের অনুভূমিক প্রাবল্য	30Am^{-1} থেকে 32Am^{-1}
ঢাকায় ভূচৌম্বক ক্ষেত্রের অনুভূমিক প্রাবল্য	34×10^{-6}T
মেরুতে ভূচৌম্বক ক্ষেত্রের অনুভূমিক প্রাবল্য	কোন প্রাবল্য নেই
গড় মধ্যমান ও শীর্ষমানের অনুপাত	$0.707/1/\sqrt{2}$
220V AC শক হলে অনুভূত হবে	311V
220V DC শক হলে অনুভূত হবে	220V

বিষয়	মান
স্থির তরঙ্গে প্রতিফলিত ও মূল তরঙ্গের দশা বৈষম্য	180°
ক্ষীণ ও জোরালো শব্দের অনুপাত	10^{13} বা 10^{12}
শ্রুতির মারাত্মক ক্ষতি হয় সার্বক্ষনিক কত dB এ-	80 dB
তীব্রতার কত পরিবর্তনে তীব্রতা লেভেল 1dB পরিবর্তিত হয়	26%
মানুষের কান কত শব্দোচ্চতার পার্থক্য বুঝে না	1 dB এর কম
প্রমান তীব্রতা কম্পাঙ্ক ও তীব্রতা	1000Hz, $10^{-12}Wm^{-2}$
আকৃতি গুণাঙ্কের মান	1.11
বাংলাদেশে ব্যবহৃত কারেন্টের কম্পাঙ্ক	50Hz
1 Oerested কত Am^{-1}	80 Am^{-1}
বীট গণনা সম্ভব নয় কম্পাঙ্কের পার্থক্য কত হলে	7 বা 10 বা 15 Hz
সূচনা সুরের কম্পাঙ্ক (ধরা হয়)	256 Hz
ত্রয়ীতে কম্পাঙ্কের অনুপাত	4:5:6
স্বর সঙ্গতিতে কম্পাঙ্কের অনুপাত	4:5:6:8
শ্রাব্যতার সীমা	20-20000 Hz

TOPICS 02 বৈশিষ্ট্য ধর্ম, শর্তঃ ও নির্ভরশীলতা

বিষয়	নির্ভরতা	সম্পর্ক
শব্দের তীব্রতা	ক. মাধ্যমের ঘনত্ব	সমানুপাতিক ($I \propto P$)
	খ. মাধ্যমের দ্রুতি/বেগ	সমানুপাতিক ($I \propto v$)
	গ. উৎসের কম্পন বিস্তার	বর্গের সমানুপাতিক ($I \propto a^2$)
	ঘ. উৎসের কম্পাঙ্ক	বর্গের সমানুপাতিক ($I \propto v^2$)
	ঙ. উৎসের আকার	সমানুপাতিক
	চ. উৎস, শ্রোতা দূরত্ব	বর্গের ব্যাস্তানুপাতিক $\left(I \propto \frac{1}{r^2}\right)$
	ছ. অন্যান্য বস্তুর উপস্থিতি	তীব্রতা বাড়ে
	জ. মাধ্যমের গতি	গতির দিকে বাড়ে, বিপরীত দিকে কমে
শব্দের গতিবেগ	ক. তাপমাত্রা	বর্গমূলের সমানুপাতিক
	খ. ঘনত্ব	বর্গমূলের ব্যাস্তানুপাতিক
	গ. আর্দ্রতা	আর্দ্র বায়ুতে বেগ বেশী, শুষ্ক বায়ুতে কম
	ঘ. চাপ	বেগের উপর প্রভাব নেই
	ঙ. বায়ুপ্রবাহ	একই দিকে বা বিপরীত দিকে কমে

TOPICS 03 এক নজরে একক সমূহ

রাশির নাম	এককের নাম	এককের সংকেত
কৌণিক বেগঃ কৌণিক বেগের তিনটি একক রয়েছে।		
কৌণিকবেগের একক	রেডিয়ান/সে.	rads^{-1}
কৌণিক ত্বরণএকক	রেডিয়ান/সে.^{2}	rads^{-2}
দ্রুতি	মিটার/সে.$^{-1}$	ms^{-1}
ত্বরণ ও মন্দন	মিটার/সে.$^{-2}$	ms^{-2}
ভরবেগ	কিলোগ্রাম-মিটার/সে	kgms^{-1}
বল	নিউটন	N
অভিকর্ষীয় বল	কিলোগ্রাম-ওজন	N
কৌনিক ত্বরণ	রেডিয়ান/সে.^{2}	rads^{-2}
মহাকর্ষীয় ধ্রুবক	নিউটন-মিটার^2/কিলোগ্রাম^2	N-m^{2}kg^{-2}
অভিকর্ষজ ত্বরণ	মিটার/সে^{2}	ms^{-2}
ওজন	নিউটন	N
কাজ	জুল	J
বেগ	মিটার/সে	m^{-1}
বলের বা দ্বন্দ্বের মোমেন্ট	নিউটন-মিটার	N-m
জড়তারমোমেন্ট	কেজি-মিটার^2	kgm^2

POLI MATHS
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

রাশির নাম	এককের নাম	এককের সংকেত
কাজের পরম বা নিরপেক্ষ একক	জুল	J
ঘনত্ব	কিলোগ্রাম/ঘনমিটার	kg/m^3
তাপ	ক্যালরি (জুল)	Cal (J)
তাপমাত্রা	সেন্ট্রিগ্রেড, ফারেনহাইট, রোমার, কেলভিন	/°C বা /°F বা/°R/K
আপেক্ষিক তাপ	জুল/কিলোগ্রাম/কেলভিন	J/kg/K
এক ইলেকট্রনভোল্ট	ইলেকট্রনভোল্ট	$1\ eV = 1.6\times10^{-19}J$
ক্ষমতা	জুল/সে.	JS^{-1}
ক্ষমতার যান্ত্রিক একক	অশ্ব ক্ষমতা	HP
ক্ষমতার ব্যবহারিক একক	অশ্ব ক্ষমতা	HP
ক্ষমতার বৈদ্যুতিক একক	ওয়াট	w
শক্তির একক	জুল	J
পীড়নের পরম একক	নিউটন/মিটার^2	N/m^2 বা Pa
পৃষ্ঠটান	নিউটন/মিটার	N/m
চাপ	নিউটন/মিটার^2	N/m^2
সুপ্ত তাপ	জুল/কিলোগ্রাম	J/kg
তাপের যান্ত্রিক সমতা	জুল/ক্যালরি	$Jcal^{-1}$
শব্দের বেগ	মিটার/সে.	ms^{-1}
শব্দের কম্পাংক	সাইকেল/সে. অথবা বার/সে.= হার্জ	Hz
শব্দের তরঙ্গ দৈর্ঘ্য	মিটার	m
শব্দের তীব্রতা	ডেসিবেল	dB
আলোক প্রবাহ	লুমেন	Lu
লেন্সের ক্ষমতা	ডায়াপ্টার	D
আলোকবেগ	মিটার/সে.	ms^{-1}
গ্রহ-নক্ষত্রের দূরত্ব মাপা	আলোকবর্ষ	m
এক আলোক বর্ষ	কিলোমিটার	9.4608×10^{12} km
চুম্বকের আকর্ষণ/বিকর্ষণ বল	ডাইন	dyne(C.G.S)
চুম্বকের বিভব	আর্গ/মেরুশক্তি	V
চৌম্বক প্রাবল্য	ওয়েবষ্টেড	wbm^{-2}
চুম্বকের মেরুশক্তি	ডাইন/ওয়েবষ্টেড	dyne/wb
চৌম্বকমোমেন্ট	ডাইন-সেমি/ওয়েবস্টেড	dyne cm/wb
চার্জ	কুলম্ব	C
বৈদ্যুতিক প্রাবল্য	নিউটন/কুলম্ব	NC^{-1}
বৈদ্যুতিক বিভব	ভোল্ট	V
বিদ্যুৎ ধারকত্ব	ফ্যারাড	F
বিদ্যুৎ প্রবাহ মাত্রা	অ্যাম্পিয়ার	A
রোধ	ওহম	Ω
বৈদ্যুতিক পরিবাহীতা	সিমেন্স	S/Ω^{-1}
বৈদ্যুতিক ক্ষমতা	ওয়াট	W
বৈদ্যুতিক রাসায়নিক সম-তুল	গ্রাম/কুলম্ব	g/c
স্বকীয় আবেশ গুণাংক	হেনরি	Henry
এক্সরে	রনজেন্ট	Rn
তেজস্ক্রিয়তা	১। কুরী, ২। রাদারফোর্ড	ci,Bq

যাদের মাত্রা সমীকরণ একই $[ML^2T^{-2}]$: বলাইয়ের ভাই টাকা দেয় শক্তি কাকাকে।

বলাইয়ের ভাই	টাকা	দেয়	শক্তি	কাকাকে
↓	↓	↓	↓	↓
বলের ভ্রামক	টর্ক	দ্বন্দ্বের ভ্রামক	শক্তি	কাজ

TOPICS 04 গুরুত্বপূর্ণ মাত্রা সমীকরণ

রাশির নাম	মাত্রা সমীকরণ	রাশির নাম	মাত্রা সমীকরণ
কৌণিক ভরবেগ	$[ML^2T^{-1}]$	বলের ঘাত	$[MLT^{-1}]$
জড়তার ভ্রামক	$[ML^2]$	কাজ	$[ML^2T^{-2}]$
টর্ক	$[ML^2T^{-2}]$	ক্ষমতা	$[ML^2T^{-3}]$
সরণ	$[L]$	শক্তি	$[ML^2T^{-2}]$
বেগ	$[LT^{-1}]$	পীড়ন	$[ML^{-1}T^{-2}]$
ত্বরণ	$[LT^{-2}]$	স্থিতিস্থাপক গুণাংক	$[ML^{-1}T^{-2}]$
কৌণিক বেগ	$[T^{-1}]$	মহাকর্ষীয় ধ্রুবক	$[M^{-1}L^3T^{-2}]$
কৌণিক ত্বরণ	$[T^{-2}]$	মহাকর্ষীয় প্রাবল্য	$[LT^{-2}]$
দ্বন্দ্বের ভ্রামক	$[ML^2T^{-2}]$	মহাকর্ষীয় বিভব	$[L^2T^{-2}]$
বলের ভ্রামক	$[ML^2T^{-2}]$	পৃষ্ঠ-টান	$[MT^{-2}]$
চক্রগতির ব্যাসার্ধ	$[L]$	পৃষ্ঠ শক্তি	$[MT^{-2}]$
ভরবেগ	$[MLT^{-1}]$	সান্দ্রতা গুণাঙ্ক	$[ML^{-1}T^{-1}]$
বল	$[MLT^{-2}]$		

TOPICS 05 গুরুত্বপূর্ণ যন্ত্রের নাম ও ব্যবহার

যন্ত্রের নাম	ব্যবহার
পাইরোমিটার	দূরবর্তী বস্তুর তাপ নির্ণয়কারী যন্ত্র
ফ্যাদোমিটার	সমুদ্রের গভীরতা নির্ণয়কারী যন্ত্র
অ্যারোমিটার	গ্যাসীয় পদার্থের ওজন নির্ণয়কারী যন্ত্র
ম্যানোমিটার	গ্যাসের চাপ নির্ণয়কারী যন্ত্র
সিসমোগ্রাফ	ভূমিকম্প নির্ণয়কারী যন্ত্র
অল্টিমিটার	উচ্চতা মাপার যন্ত্র
অ্যানোমোমিটার	বাতাসেরবেগ নির্ণয়কারী যন্ত্র
ক্রেসকোগ্রাফ	উদ্ভিদের বৃদ্ধি নির্ণকারী যন্ত্র
ট্যাকোমিটার	উড়োজাহাজ, মোটর গাড়ী ইত্যাদির গতি নিরূপনী যন্ত্র
থার্মোস্টেট	তাপ নির্ণয়কারী যন্ত্র
ভ্যালোটোমিটার	বস্তুরবেগ নির্ণয়করী যন্ত্র
স্পিডোমিটার	বস্তুর দ্রুতি নির্ণয়কারী যন্ত্র
স্ফিগমোম্যানোমিটার	রক্ত চাপ নির্ণকারী যন্ত্র
সনোমিটার	শব্দের কম্পাংক নির্ণয়ের যন্ত্র
ফনোগ্রাফ	ইহা শব্দ গ্রহন ও পুনঃ উৎপাদনের যন্ত্র
প্রেটেক্ট, থিওডোলাইট	কোণ পরিমাপক যন্ত্র
স্পিরিটলেভেল	কোন তলের আনুভূমিক নির্ণয়কারী যন্ত্র
ব্যারোস্কোপ	বায়বীয় পদার্থের প্লবতা নির্ণকারী যন্ত্র
হাইড্রোলিকপ্রেস	চাপ দিয়েকোন কিছুকে সংকুচিত করার যন্ত্র
হিপসোমিটার	ইহা থার্মোমিটারের উর্ধ্ব স্থিরাংক নির্ণয়কারী যন্ত্র
স্টেথোস্কোপ	হৃৎপিন্ড ও ফুসফুসের শব্দ নির্ণয়কারী যন্ত্র
ম্যাকলিয়ডগেজ	গ্যাসের নিম্নচাপ নির্ণয়কারী যন্ত্র

TOPICS 06 সুবিধা, অসুবিধা ও বৈশিষ্ট্য

■ **মাল্টিমিটারের সুবিধা :**

১. আকারে ক্ষুদ্র ও সহজে বহনযোগ্য।
২. ব্যক্তিগত ত্রুটি থাকে না।
৩. যথেষ্ট নির্ভুলতাসহ পরিমাপে সক্ষম।
৪. তুলনামূলকভাবে দামে সস্তা।
৫. খুবই দ্রুত পরিমাপ করে।

POLLY MATHS
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

■ **নভোদূরবীক্ষণ যন্ত্রের সুবিধা :**
১. এটি অধিক পরিমানে বিবর্ধণ সৃষ্টি করে।
২. এর দৃষ্টিক্ষেত্র প্রশস্ত।
৩. প্রতিবিম্ব প্রায় ত্রুটি মুক্ত।
৪. প্রয়োজনে ক্রসওয়ার এবং মাইক্রোমিটার স্ক্রু ব্যবহার করা হয়।

■ **নভোদূরবীক্ষণ যন্ত্রের অসুবিধা :**
ক. নলটি খুবই দীর্ঘ হওয়ায় যন্ত্রটি বেশ বড় হয়।
খ. এই যন্ত্র বস্তুর উল্টা প্রতিবিম্ব সৃষ্টি করে বলে ভূ-পৃষ্ঠের দূরের বস্তু পর্যবেক্ষণে ব্যবহারযোগ্য হয় না।

■ **প্রতিফলক দূরবীক্ষণ যন্ত্রের সুবিধা :**
১. এই দূরবীক্ষণে বর্ণ ত্রুটি বা গোলকীয় ত্রুটি থাকে না। ফলে উজ্জ্বল ও ত্রুটিমুক্ত প্রতিবিম্ব পাওয়া যায়।
২. বড় উন্মেষের লেন্স তৈরীর চেয়ে বড় উন্মেষের দর্পন তৈরী অনেক সহজ।

■ **ট্রানজিস্টরের অসুবিধা দুটি:**
১. সম্মুখ ঝোঁকে এমিটার জাংশনের রোধ খুব কম।
২. অপস্বর প্রাবল্যন্তর রয়েছে।

■ **IC এর সুবিধা ঃ**
ক. আকারে ছোট খ. ওজন কম গ. মূল্য কম
ঘ. সংযোগ সংখ্যা কমথাকায় ত্রুটির বিশ্বস্ততা বেশী
ঙ. বৈদ্যুতিক খরচ কম চ. নষ্ট হলে সহজে পরিবর্তন করা যায়

■ **IC এর অসুবিধা ঃ**
১. যে কোন এক বা একাধিক উপাদান নষ্ট হয়ে গেলে পুরো চিপ পরিবর্তন করতে হয়।
২. এতে আবেশ ও ট্রান্সফর্মার তৈরী করা যায় না।
৩. IOW এর অধিক ক্ষমতাসম্পন্ন IC তৈরী করা যায় না।

TOPICS 07 ব্যবহার

■ **কেন্দ্রমুখী বলের প্রয়োগ:**
১. বক্রপথে সাইকেলের আরোহীর গতি।
২. বক্রপথে রেলগাড়ির গতি।
৩. দুধ থেকে মাখন তোলা।
৪. পৃথিবী যে বলে সূর্যের চারদিকে ঘুরে।

■ **কৃত্রিম উপগ্রহের ব্যবহার:**
১.পৃথিবীর আকার ও আকৃতি সম্পর্কিত ভূ-জরিপ করা হয়।

■ **সরল দোলকের ব্যবহার :**
১. অভিকর্ষজ ত্বরণ g এর মান নির্ণয়।
২. পাহাড়ের উচ্চতা নির্ণয়।
৩. সময় নির্ণয়।

সরল দোলকের ব্যবহার মনে রাখার কৌশল: জি (g) ভাই পাহাড়ের উচ্চতা নির্ণয় করতে অনেক সময় লাগে।

জি (g) ভাই → g এর মান নির্ণয়
পাহাড়ের উচ্চতা নির্ণয় করতে অনেক → পাহাড়ের উচ্চতা নির্ণয়
সময় লাগে → সময় নির্ণয়

■ **সরল দোলকের বৈশিষ্ট্যসমূহ**
১. সুতা ওজনহীন
২. সুতা, পাকহীন, নমনীয় ও অপ্রসারণীয়
৩. দোলক পিন্ড বিনা বাধায় দুলবে (দৃঢ় অবলম্বন হতে দুলতে হবে)
৪. দোলক পিন্ড (বব) ক্ষুদ্র ও ভারী হবে
৫. দোলকের গতি হবে সরল ছন্দিত গতি (কৌণিক বিস্তার 4° এর কম হবে)।

■ **পৃষ্ঠটানের ব্যবহারিক প্রয়োগ :**
১. পৃষ্ঠটানের জন্যই পানির ফোঁটা, পারদের ফোঁটা ইত্যাদি গোলাকার ধারণ করে।
২. পৃষ্ঠটানের জন্যই তরলের উপরিতল অবতল দেখায়।
৩. পৃষ্ঠটানের জন্যই পারদের উপরিতল উত্তল দেখায়।

■ **স্বরকম্পের প্রয়োগ :**
১. স্বরকম্পের সাহায্যে সুরশলাকার অজ্ঞাত কম্পাঙ্ক নির্ণয় করা যায়।
২. স্বরকম্পের সাহায্যে খনিতে দূষিত বাতাসের অস্তিত্ব নির্ণয় করা যায়।
৩. বাদ্যযন্ত্রাদির সুরনির্ণয় করা যায়।

■ **ধারকের কয়েকটি ব্যবহারিক রূপ:**
ক. পরিবর্তনীয় ধারক: বেতার গ্রাহক যন্ত্রের টিউনিং এর কাজে এবং কোন কোন ইলেকট্রনিক যন্ত্রপাতিতে ব্যবহৃত হয়।
খ. স্থির মান ধারক বা অভ্রধারক: বেতার গ্রাহক যন্ত্রে
গ. কাগজ ধারক: প্যারাফিন মোমে ভিজানো পাতলা কাগজের কালি পরাবৈদ্যুতের কাজ করে।
ঘ. তড়িৎ বিশ্লেষক ধারক।
ঙ. সিরামিক ধারক।

■ **স্টেইনলেস স্টীল এর ব্যবহার :** ডাক্তারী যন্ত্রপাতি, ঘড়ির উপরের অংশ, ছুরি, কাঁচি, ঘড়ির চেইন, থালাবাসন ইত্যাদি।

■ **হুইটস্টোন ব্রীজ নীতির ব্যবহার :** ক. মিটার ব্রীজ। খ. পোস্ট অফিস বক্স। গ. পটেনশিওমিটার।

■ **মিটার ব্রীজ :** ক. রোধ নির্ণয়।
খ. আপেক্ষিক রোধ নির্ণয়।

■ **পোস্ট অফিস বক্স:**
১. উচ্চ ও নিম্নমানের রোধ নির্ণয়।

■ **পটেনশিওমিটার :**
ক. রোধ নির্ণয়।
খ. তড়িৎ প্রবাহ নির্ণয়।
গ. বিভব পার্থক্য (ছোটমানের) নির্ণয়।
ঘ. তড়িৎ চালক বল (EMF) নির্ণয়।
ঙ. অভ্যন্তরীন রোধ নির্ণয় ।
চ. বিভব পার্থক্য ও বিদ্যুৎ চালক শক্তি সুক্ষ্মভাবে মাপা যায়।

■ **ভোল্টামিটারের ব্যবহার:**
১. তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্ক নির্ণয়।
২. তড়িৎ প্রবাহ নির্ণয়।
৩. ট্যানজেন্ট গ্যালভানোমিটারের হ্রাসাঙ্ক নির্ণয়।

■ **IC এর ব্যবহার ঃ**
বিভিন্ন প্রকার ইলেকট্রনিকস সার্কিট, কৌশল ও যন্ত্র তৈরী করতে IC ব্যবহার করা হয়। যেমনঃ টেলিভিশন, কম্পিউটার ইত্যাদি IC ব্যবহারের ফলে যন্ত্রের আকার অনেক ছোট রাখা সম্ভব হয়।

■ **নরম লোহা ও ইস্পাতের ব্যবহার:**
ট্রান্সফর্মার, টেলিফোন, ডায়াফ্রাম, বৈদ্যুতিক মোটর, ডায়নামোর আর্মেচার।

■ **চৌম্বক আচ্ছাদনের ব্যবহার:**
১. জাহাজের গ্যালভানোমিটার বা ডায়নামো ঘরে, দেয়াল ঘড়ি এবং হাত ঘড়িতে নরম লোহার পাত অথবা নরম লোহার আংটা আচ্ছাদন হিসেবে ব্যবহার করা হয়।
২. অ্যামিটারে।

■ **ম্যাগনেটোমিটারের প্রয়োগ:**
ক. দুটি চুম্বকের ভ্রামকের তুলনা করা যায়।
খ. ভূ-পৃষ্ঠের বিভিন্ন স্থানে ভূ-চুম্বকের অনুভূমিক উপাংশের অনুপাত নির্ণয় করা যায়।
গ. MH নির্ণয় করা যায়।
ঘ. বিপরীত বর্গীয় সূত্রের প্রমাণ।
ঙ. ভূ-চৌম্বক ক্ষেত্রের আনুভূমিক প্রাবল্য নির্ণয়।
চ. চৌম্বক মোমেন্ট নির্ণয়।

■ **বৈদ্যুতিক মোটরের ব্যবহার :**
বৈদ্যুতিক পাখা, ট্রামগাড়ি, পাম্প, রোলিংমিল, বৈদ্যুতিক ট্রেন।

■ **ট্রান্সফর্মারের ব্যবহার :**
১. নিম্নমানের বিভবকে উচ্চমানের বিভবে এবং উচ্চমানের বিভবকে নিম্নমানের বিভবে আনয়ন করা যায়।
২. বেতার গ্রাহক যন্ত্র, টেলিফোন, টেলিভিশন, বিভিন্ন বৈদ্যুতিক যন্ত্রপাতি, তড়িৎ শক্তি প্রেরণ ও বন্টন যন্ত্র, বৈদ্যুতিক চুল্লী, ঝালাই কাজে।

POLL MASTER NF
Preparation and Practice are vital for effective delivery

... যোগাযোগ ব্যবস্থা।

- **মাইক্রোওয়েভ তরঙ্গ**

ক. রাডার যন্ত্রে, নৌ ও বিমান চালনায়, রেডিও যোগাযোগ ব্যবস্থায়।
খ. শিল্প কারখানায়। গ. মাইক্রোওয়েভ ওভেন।

- **অবলোহিত রশ্মি :**

১. রোগের চিকিৎসায়, জ্যোতির্বিদ্যায়।
২. শিল্প কারখানায়।
৩. অন্ধকারে দেখার গগল্‌স ও অন্ধকারে ছবি তোলার জন্য ক্যামেরায়।
৪. রান্না করা খাবার গরম রাখা, মাংসপেশীর ব্যথা নিরাময়, চর্ম ও বাতরোগের চিকিৎসায়।

- **দৃশ্যমান আলো :** ১. চোখে দেখার কাজে।
২. উদ্ভিদের সালোকসংশ্লেষণে
৩. ফটোগ্রাফিক ফিল্ম প্রভাবিত করে।

- **অতি বেগুনী রশ্মি :** ক. আয়নায়ন ঘটানোর কাজে।
খ. প্রতিপ্রভা সৃষ্টিতে।

- **এক্স-রে:**

১. চিকিৎসায়
২. গবেষনায়
৩. শিল্প কারখানায়, ব্যবসায়।
৪. নিরাপত্তার কাজে ।
৫. গোয়েন্দা বিভাগে চোরাচালান রোধে।
৬. হাড়ভাঙা নির্ণয়।
৭. শরীরের ভিতর অনাকাঙ্খিত বস্তুর উপস্থিতি নির্ণয়।
৮. কেলাসের অভ্যন্তরীন গঠন নির্ণয়ে।

- **গামা রশ্মি:** ১। বিভিন্ন রোগ নির্ণয়ে। ২। গবেষণার কাজে।
৩। ধাতব পদার্থের খুঁত নির্ণয়ে
৪। মানবদেহের ক্যান্সার আক্রান্ত কোষকে ধ্বংস করার কাজে।

- **উত্তল লেন্সের ব্যবহার :**

ক. বিবর্ধক কাঁচ হিসেবে।
খ. আতসী কাঁচ হিসেবে সূর্য রশ্মিকে কেন্দ্রীভূত করে।
গ. চশমায় ব্যবহার করা হয় (দূর দৃষ্টির ক্ষেত্রে)।
ঘ. ক্যামেরা, দূরবীক্ষণ, অনুবীক্ষণ যন্ত্রে।
ঙ. অবতল লেন্সের ফোকাস দূরত্ব নির্ণয়ের সময় সহায়ক হিসেবে।
চ. অন্যান্য আলোক যন্ত্রে।
ছ. বিভিন্ন পরীক্ষণে।

- **অবতল লেন্সের ব্যবহার:**

ক. চশমায় ব্যবহার করা হয় (ক্ষীণদৃষ্টির ক্ষেত্রে)।
খ. কোন কোন দূরবীক্ষণ যন্ত্রে।
গ. অন্যান্য আলোক যন্ত্রসহ বিভিন্ন পরীক্ষণে।

- **গ্রেটিং এর ব্যবহার:**

১. আলোকের তরঙ্গ দৈর্ঘ্য নির্ণয় করা যায়।
২. একই তরঙ্গ দৈর্ঘ্যের দুটি বর্ণালী রেখা পৃথক করা যায়।
৩. তরঙ্গদৈর্ঘ্যের সাপেক্ষে অপবর্তন কোণের পরিবর্তনের হার নির্ণয় করা যায়।
৪. বর্ণালী সৃষ্টিতে।

- **ক্যাথোড রশ্মির ব্যবহার/ প্রয়োগ:**

১. ক্যাথোড রশ্মি হতে ইলেকট্রনের চার্জ, ভর এবং আপেক্ষিক চার্জ অর্থাৎ $^e/_M$ নির্ণয় করা যায়।
২. আয়ন সৃষ্টির কাজে ব্যবহৃত হয়।
৩. রঞ্জনরশ্মি উৎপাদনে ব্যবহৃত হয়। ক্যাথোড রশ্মি কঠিন পদার্থ দ্বারা সহসা বাধা প্রাপ্ত হলেই রঞ্জন রশ্মি উৎপন্ন হয়।
৪. অনুপ্রভ ও প্রতিপ্রভ রশ্মির সৃষ্টিতে এটি ব্যবহৃত হয়।

- **আলোক বিদ্যুৎ কোষের ব্যবহার:**

১. টেলিভিশন, সিনেমা, আলোক টেলিগ্রাম, আগুন লাগার সংকেত, চোর ডাকাত ধরা ইত্যাদি কাজে ব্যবহৃত হয়।

- **তেজস্ক্রিয়তার ব্যবহার:**

১. তেজস্ক্রিয় প্রদর্শক হিসেবে ব্যবহৃত হয়।
২. কৃষি বিদ্যায় ব্যবহৃত হয়।

- **রেডিও বা তেজস্ক্রিয় আইসোটোপের ব্যবহার:**

১. কৃষিক্ষেত্রে ২. চিকিৎসা শাস্ত্রে
৩. গবেষণা বিজ্ঞানে ৪. শিল্প বিজ্ঞানে

TOPICS 08 উদাহরণ

- মৌলিক রাশিঃ

১. দৈর্ঘ্য (Length), ২. ভর (Mass), ৩. সময় (Time), ৪. তাপমাত্রা (Temperature)
৫. দীপন তীব্রতা (Luminous intensity), ৬. পদার্থের পরিমান ,৭. তড়িৎ প্রবাহ

- **ভেক্টর বা দিক রাশি:**

বলবিদ্যা সম্পর্কিত ঃ সরণ, বেগ, ত্বরণ, মন্দন, বল, ভর, ভরবেগ, অভিকর্ষ, ত্বরণ, পৃষ্ঠটান, সান্দ্রতার গুণাঙ্ক, বলের ভ্রামক, বলের ঘাত, টর্ক, মহাকর্ষী প্রাবল্য, ওজন।

বিদ্যুৎবিদ্যা সম্পর্কিত ঃ বৈদ্যুতিক প্রাবল্য।

চৌম্বকবিদ্যা সম্পর্কিত ঃ চৌম্বকবিদ্যা, চৌম্বক প্রাবল্য, ভূ- চুম্বকত্বের আনুভূমিক প্রাবল্য, চৌম্বক ভ্রামক।

সকল প্রকার প্রাবল্য ও ভ্রামক দিক রাশি শুধুমাত্র জড়তার ভ্রামক ব্যতিত জড়তার ভ্রামক স্কেলার রাশি।

স্কেলার রাশি ঃ দৈর্ঘ্য, ভর, সময়, তাপ, তাপমাত্রা, দ্রুতি, কাজ, বৈদ্যুতিক বিভব, জনসংখ্যা।

- **ভেক্টর বিভাজনের দৃষ্টান্তঃ**

১। নৌকার গুণ টানা ২। লন রোলার চালনা
৩। সাইকেলের ক্র্যাঙ্কের গতি।
৪। আন্দোলিত সরল দোলকের ববের গতি।

- **ভেক্টর যোজনের দৃষ্টান্তঃ**

১। নৌকার গতি ২। চলন্ত গাড়িতে বৃষ্টির পতন ৩। পাখির উড্ডয়ন

- **ভেক্টর রাশির স্কেলার গুণনঃ**

১। শক্তি/ কাজ ২। স্থিতিশক্তি
৩। বৈদ্যুতিক বিভব ৪। আয়তক্ষেত্রের ক্ষেত্রফল

- **ভেক্টর বা ক্রস গুণনঃ** ১। সামান্তরিকের ক্ষেত্রফল ২। টর্ক

- **অপারেটরঃ** বর্গ (২), ঘন (৩), বর্গমূল ($\sqrt{}$) sine, log, $\vec{v}$

- **একমাত্রিক বস্তুঃ** ১. লম্বা সরু কাঠি বা দন্ড
২. ঋজু সুতা, ঝুলন্ত সুতা
৩. একটি দীর্ঘ সরু সুতা

- **দ্বিমাত্রিক বস্তুঃ** পাতলা কাগজ, পাতলা ধাতব পদার্থ, পাতলা টিনের পাত

ত্রিমাত্রিক বস্তু

১। টেবিল, চেয়ার, ইট, পাথর
২। গোলক, সিলিন্ডার

সমদ্রুতিঃ ঘড়ির কাটার অগ্রভাগের দ্রুতি

সমবেগঃ শব্দের বেগ, আলোর বেগ, সোজা রেললাইনের উপর গতিশীল ট্রেনের বেগ।

অসমবেগঃ আমরা সচরাচর যে সকল গতিশীল বস্তু দেখি

সমত্বরণঃ অভিকর্ষজ, ত্বরণ, মুক্তভাবে পড়ন্ত বস্তু।

অসম ত্বরণঃ আমরা ভূ-পৃষ্ঠে যে সকল গতিশীল বস্তু দেখি তাদের ত্বরণ। বাস্তবে অধিকাংশ বস্তুর ত্বরণ অসম ত্বরণ।

সম-মন্দনঃ খাড়া উপড়ের দিকে নিক্ষিপ্ত বস্তুর গতি।

প্রাসের গতিঃ তীর্যকভাবে শূণ্যে নিক্ষিপ্ত ঢিল বা বন্দুকের গুলির গতি, বল, বর্শা, ক্ষেপনাস্ত্র, ইত্যাদি।

অর্থাৎ রৈখিক বেগ ঘূর্ণন অক্ষ থেকে দূরত্বের সমানুপাতিক।

উদাহরণ ঃ আখ মাড়াইকালে দূরবর্তী গরুকে সর্বাধিক বেগে দৌড়াতে হয়।

স্থিতিস্থাপক ধাক্কাঃ সমতলে মার্বেলের পরস্পরের মধ্যে ধাক্কাকে স্থিতিস্থাপক ধাক্কা ধরা হয়।

অস্থিতিস্থাপক ধাক্কাঃ সাধারণত সব ধাক্কা বা সংঘর্ষই অস্থিতিস্থাপক।

দৃঢ় বস্তুঃ লোহার বল, টেবিল।

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

■ **দ্বিমাত্রিক গতিঃ**
১। নিক্ষিপ্ত বস্তু বা প্রাসের গতি,
২। বৃত্তাকার গতি

■ **বৃত্তাকার গতি বা ঘূর্ণন গতিঃ**
১। চলন্তগাড়ির চাকার গতি
২। বৈদ্যুতিক পাখার গতি
৩। গ্রামফোন রেকর্ডের গতি।

■ **মহাকর্ষ বলের কারণে ঃ**
১। গ্রহসমূহ সূর্যের চারদিকে ঘুরে গ্যালাক্সী গঠন করে
২। পৃথিবীর যাবতীয় প্রাণী ও বস্তু ভূ-পৃষ্ঠ সংলগ্ন থাকে
৩। বস্তুর ওজন অনুভূত হয়।
৪। ইলেকট্রন ও ফোটনের মধ্যকার বল (পরমানুতে)

■ **তড়িৎ চুম্বকীয় বলের প্রকাশ ঘটে ঃ**
১। স্থিতিস্থাপক বলে
২। রাসায়নিক বিক্রিয়ায়
৩। স্পর্শ বলে
৪। ঘর্ষণ বলে
৫। আনবিক গঠনে
৬। তড়িৎ চুম্বকীয় ঘটনায়
৭। স্প্রিং এর মধ্যকার বলে
৮। অন্যান্য বিকৃত মধ্যকার বলে
৯। পরমাণু তৈরীতে

■ **সবল নিউক্লীয় বল ঃ**
১। প্রোটন ও নিউট্রনকে একত্রে আবদ্ধ করে নিউক্লিয়াস তৈরী করে।

■ **দুর্বল নিউক্লীয় বল ঃ**
১। নিউক্লীয় বিটা ভাঙ্গনের জন্য দায়ী
২। নিউক্লিয়াসের ভাঙ্গন (অনেক ক্ষেত্রে)

■ **নিউটনের গতির তৃতীয় সূত্রের উদাহরণ ঃ**
১। স্থির বস্তুর গতিলাভ
২। টেবিলের উপর বই থাকা
৩। বন্দুক হাতে গুলি ছোড়া
৪। নৌকা থেকে লাফ দেয়া
৫। পায়ে হাটা
৬। ব্যাট বলে আঘাত
৭। ভূমির উপর দাড়ানো
৮। দেওয়ালে মই
৯। ঘোড়ার গাড়ি টানা
১০। নৌকা চালানো

■ **ভরবেগ সংরক্ষণের উদাহরণ ঃ**
১। নৌকা থেকে লাফ দেওয়া
২। বন্দুকের পশ্চাৎ গতি
৩। নৌকার পশ্চাৎ গতি
৪। রকেটের গতি

■ **রৈখিক ভরবেগ সংরক্ষণের দৃষ্টান্ত** : জেট ইঞ্জিন, ক্যারামের গুটি, মসৃণ তলে মার্বেলের সংঘর্ষ, রকেটের গতি, বন্দুকের পশ্চাৎ গতি, নৌকা থেকে লাফ দেওয়া।

■ **তিনটি সমান্তরাল বলের ভারসাম্য বা সাম্যাবস্থা ঃ**
১। ফেরিওলার দুই ভার কাঁধে নিয়ে ফেরী করা।
২। দাড়িপাল্লা দিয়ে ওজন করা।

■ **বিসর্গ ঘর্ষণ ঃ**
১। টেবিলের উপর দিয়ে বই টানা
২। মেঝের উপর দিয়ে বাক্স টানা।

■ **আবর্ত ঘর্ষণ ঃ**
১। চাকার গতি
২। মার্বেলের গতি
৩। ফুটবলের গতি
৪। লন রোলার চালনার গতি।

■ **প্রবাহী ঘর্ষণ ঃ**
১। স্থির তরলের উপর দিয়ে তরল বা বায়বীয় পদার্থ বাহিত হওয়ার সময়।
২। নৌকা চলার সময় পানি ও নৌকার মধ্যে ঘর্ষণ।
৩। বাতাসের মধ্য দিয়ে বৃষ্টির ফোঁটা পড়া।

■ **দুটি বলের মধ্যে ভারসাম্যের দৃষ্টান্ত ঃ**
১। একটি রাশির দুই প্রান্তে দুইজন লোক যদি সমান বলে রশিটি টানে বলের ভারসাম্যের কারণে তা স্থির থাকে।

■ **তাড়িত চৌম্বক বল পরিলক্ষিত হয় ঃ**
১। দুটি আহিত বস্তুর মধ্যে
২। দুটি চুম্বকের মধ্যে
৩। প্রবাহ সম্পন্ন পরিবাহক এবং চুম্বকের মধ্যে
৪। প্রবাহ সম্পন্ন দুটি পরিবাহকের মধ্যে।

■ **ঘাত বলের উদাহরণ ঃ**
১। ব্যাট দিয়ে ক্রিকেট বলে আঘাত।
২। রেকেট দিয়ে টেনিস বলের উপর আঘাত।
৩। বৃহৎ ইমারত প্রস্তুতের সময় স্টীল হাতুড়ি দিয়ে মাটিতে পিন পোতা।
৪। ক্যারামের স্ট্রাইক দিয়ে গুটিতে আঘাত করা।
৫। ট্রেনে ট্রেনে সংঘর্ষ।
৬। কামান হতে গুলি ছোড়া
৭। বোমা বিস্ফোরণ হওয়া।

■ **বিভিন্ন প্রকার ক্রিয়া-প্রতিক্রিয়া ঃ**
১। টান
২। টেনসন
৩। ধাক্কা
৪। আকর্ষন বা বিকর্ষণ
৫। ঘর্ষণ

■ **ঘর্ষণ কমানোর উপায় ঃ**
১। তলকে যথাসম্ভব মসৃণ করা। যেমন- তেল, মোম, ভেসলীন ইত্যাদি ব্যবহার করা।
২। বল বেয়ারিং বা রোলার বেয়ারিং ব্যবহার করা।
৩। ধাতব পদার্থের গুড়া, পিচ্ছিল তরল পদার্থ অথবা গোলাকার ধাতব পদার্থ, যন্ত্রপাতির পরস্পর সংস্পর্শে অবস্থিত অংশে ব্যবহার করে ঘর্ষণ কমানো যায়।

■ **টর্ক ঃ** ১। দেয়ালে ঝুলানো ফটো পেরেক ও সুতার সংযোগ বিন্দুর সাপেক্ষে ঘোরা।

■ **কেন্দ্রমুখী বলের উদাহরণ ঃ**
১। পৃথিবী ও সূর্যের মধ্যকার মহাকর্ষীয় বল হতে পৃথিবী সূর্যের চারদিকে ঘুরবার প্রয়োজনীয় কেন্দ্রমুখী বল লাভ করে।
২। ইলেকট্রন ও নিউক্লিয়াসের মধ্যকার তড়িতাকর্ষণ বল হতে ইলেকট্রন নিউক্লিয়াসের চতুর্দিকে ঘুরবার প্রয়োজনীয় কেন্দ্রমুখী বল লাভ করে।
৩। বক্রপথে সাইকেল আরোহীর গতি।
৪। দুধ থেকে মাখন তোলা।
৫। সূর্য যে বলে পৃথিবীর উপর ক্রিয়া করে।
৬। রেল লাইন বা রাস্তা ঢালু রাখা।

■ **বলের দ্বারা কাজ ঃ**
১। একটি বস্তুকে ছাদের উপর হতে নিচে ফেলা।
২। একটি ফুটবল চলন্ত অবস্থায় আছে। বল প্রয়োগে ফুটবলটি বলের দিকে সরে গেল।

■ **বলের বিরুদ্ধে কাজ ঃ**
১। একটি বস্তুকে মাটি হতে টেবিলের উপর উঠানো।
২। সমবেগে গতিশীল গাড়ি ব্রেক করলে কিছুদুর গিয়ে থেমে যাওয়া।

■ **শূন্য কাজের উদাহরণ ঃ**
ক) একজন লোক একটি ভারী বাক্স মাথায় নিয়ে দাড়িয়ে থাকলে লোকটি কোন কাজ করছে না, কারণ বাক্সটির কোন সরণ নেই।
খ) স্রোতের বিরুদ্ধে সাঁতার কেটে স্থির থাকলে কোন কাজ করা হয় না।
গ) একটি বস্তু দড়িতে বেঁধে বৃত্তাকার পথে ঘুরালে কোন কাজ হবে না।
ঘ) যদি বস্তুতে বল প্রয়োগ করা না হয়, তবে কাজ শূন্য হবে।
ঙ) বল প্রয়োগে যদি বস্তুর সরণ না ঘটে তবে কাজ শূন্য হবে।
চ) একটি বস্তুকে ভূ-পৃষ্ঠ থেকে উপরে উঠিয়ে পুনরায় ভূমিতে ফিরিয়ে আনলে অভিকর্ষ বল কর্তৃক কৃত কাজ শূন্য।
ছ) অনুভূমিক বরাবর গতিশীল বস্তুর উপর অভিকর্ষ বল কর্তৃক কৃতকাজ শূন্য।
জ) দারোয়ানের কাজ।

■ **অভিকর্ষীয় কাজের উদাহরণঃ**
১। বস্তু উপরে উঠানো
২। বস্তু নীচে নামানো
৩। আনত তল বেয়ে উপরে উঠা
৪। আনত তল বেয়ে নীচে নামা

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

■ **পরিবর্তনশীল বল কর্তৃক কাজের উদাহরণঃ**
১। স্প্রিং সম্প্রসারণে সম্পাদিত কাজ
২। মহাকর্ষীয় ক্ষেত্রে কৃত কাজ।

■ **গতিশক্তির উদাহরণঃ**
১। দোলায়মান দোলক
২। ঘূর্ণায়মান ফ্লাই হুইল
৩। নিক্ষিপ্ত তীর
৪। চলন্ত ফুটবল
৫। প্রচন্ড ঝড় ৬। চলন্ত সাইকেল

■ **স্থিতি বা বিভব শক্তির উদাহরণঃ**
১। ছাদের উপর রক্ষিত এক খন্ড ইট
২। পানির ট্যাংকে রক্ষিত পানি
৩। ঘড়ির স্প্রিং এ প্যাঁচ দিলে
৪। পাহাড়ের চূড়ায় বরফ৫। মেঘের অবস্থান পরিবর্তনে
৬। ধাতব পাত বাঁকালে
৭। রাবার প্রসারণে
৮। ধনুকের ছিলাতে তীর লাগিয়ে।

■ **সংরক্ষণশীল বলঃ**
১। অভিকর্ষীয় বল ২। বৈদ্যুতিক বল ৩। আদর্শ স্প্রিং এর বিকৃতি প্রতিরোধী বল ৪। চৌম্বক বল ৫। মহাকর্ষ বল ৬। অভিকর্ষ বল

■ **অসংরক্ষনশীল বলঃ** ১। ঘর্ষণ বল ২। সান্দ্র বল

■ **যান্ত্রিক শক্তির নিত্যতা বা সংরক্ষণ সূত্রের দৃষ্টান্তঃ**
১। পড়ন্ত বস্তুর ক্ষেত্রে।
২। আনত তল বরাবর গতিশীল বস্তুর ক্ষেত্রে।
৩। আন্দোলিত সরল দোলকের ক্ষেত্রে।

মহাকর্ষ ঃ চন্দ্র ও সূর্যের মধ্যকার আকর্ষণ বল। [পৃথিবী ব্যতিত]
অভিকর্ষ ঃ পৃথিবী ও চন্দ্রের মধ্যকার পারস্পরিক আকর্ষণ বল।

■ **সরল ছন্দিত স্পন্দন বা সরল দোলন গতিঃ**
১। খুব কম বিস্তারের সরল দোলকের গতি।
২। সুর শলাকার বাহুর কম্পন।
৩। স্প্রিং এর উলম্ব কম্পন।
৪। 'U' আকারের নলের মধস্থিত তরলের কম্পন।

■ **অভিকর্ষ কেন্দ্র বা ভারকেন্দ্র ঃ**
১। সুষম বৃত্তের, আংটির বা গোলকের অভিকর্ষ কেন্দ্র এদের জ্যামিতিক কেন্দ্রে অবস্থিত।
২। সুষম সামান্তরিকের ভারকেন্দ্র এর কর্ণদ্বয়ের ছেদ বিন্দুতে অবস্থিত।

■ **স্পন্দন গতিঃ**
১। দেওয়াল ঘড়ির দোলকের গতি।
২। কম্পনশীল সুর শলাকা।
৩। স্প্রিং এর গতি।
৪। সরল দোলকের গতি
৫। গীটারের তারের গতি।

অসংকোচনীয় প্রবাহঃ তরল
সংকোচনীয় প্রবাহ ঃ গ্যাস

■ **স্থিতিস্থাপকতা সম্পর্কিত কয়েকটি রাশির উদাহরণঃ**
ক) পূর্ণ স্থিতিস্থাপকতা ঃ রাবারকে পূর্ণ স্থিতিস্থাপক বস্তু ধরা হয়।
খ) পূর্ণ দৃঢ়বস্তু ঃ প্রকৃতিতে কোন বস্তুই পূর্ণ দৃঢ় নয়। তবে কাচ, ইস্পাত প্রভৃতিতে পূর্ণ দৃঢ় বস্তু ধরা হয়।
গ) পূর্ণ নমনীয় বস্তু বা অস্থিতিস্থাপক বস্তু ঃ মাটির দলা, আটার দলা, চুইনগাম।
ঘ) সমদিকধর্মী ঃ ধাতব দন্ড, তার।
ঙ) অসমদিকধর্মী ঃ সৈন্ধব লবন, কোয়ার্টজ।
স্থিতিস্থাপক সীমাঃ ইস্পাত ও হীরার স্থিতিস্থাপক সীমা খুব বেশী আবার, দস্তার স্থিতিস্থাপক সীমা খুব কম।

সুক্ষ্ম স্পর্শকোণঃ পানি এবং কাচের ভিতরকার স্পর্শ কোন ৮ ডিগ্রী পানি ও রূপার ভিতরকার স্পর্শ কোন প্রায় ৯০ ডিগ্রী।
স্থূল স্পর্শকোণ ঃ পারদ ও কাচের ভিতরকার স্পর্শ কোন ১৪০ ডিগ্রী/ ১৩৯ ডিগ্রী।

■ **পৃষ্ঠটানের ব্যবহারিক প্রয়োগঃ**
১। পৃষ্ঠটানের জন্যই পানির ফোটা, পারদের ফোটা ইত্যাদি গোলাকার ধারন করে।
২। পৃষ্ঠটানের জন্যই তরলের উপরিতল অবতল দেখায়।
৩। পৃষ্ঠটানের জন্যই পারদের উপরিতল উত্তল দেখায়

■ **সান্দ্রতার ক্রমঃ** আলকাতরা > মধু > তেল > দুধ > পানি

■ **সান্দ্রতার প্রয়োজনীয়তাঃ**
১। গতিশীল নৌকা, স্টীমার, লঞ্চ, জাহাজে উপর পানির এবং গতিশীল মোটর গাড়ী ও বিমানে উপর বায়ুর সান্দ্রতাজনিত বাঁধা লক্ষ করেই এ সমস্ত যন্ত্রের নক্সা তৈরী করা হয়।
২। ফাউনটেন পেন কালির সান্দ্রতা ধর্মের উপর ভিত্তি করেই প্রস্তুত করা হয়।
৩। শিরা, উপ-শিরা দিয়ে রক্তের চলাচল এই ধর্মের উপর দিয়ে হয়।
৪। শীতল পানির চেয়ে গরম পানির গতি দ্রুততর হয়।
৫। অন্তবেগ প্রাপ্তির কারণে অবাধভাবে পতনশীল বৃষ্টির ফোটা উচ্চবেগ প্রাপ্ত হয় না। ধ্রুব বেগ নিয়ে পড়তে থাকে।
৬। আকাশে ঘুড়ি উড়া।

নিউটনীয় তরল ঃ সকল বিশুদ্ধ তরল এবং সাধারণ পদার্থের দ্রবণ নিউটনীয় তরল। যেমন- পানি, দুধ, মধু।
অনিউটনীয় তরল ঃ রক্ত, রং, তৈল, আলকাতরা।
স্থায়ী গ্যাস ঃ অক্সিজেন, হাইড্রোজেন, হিলিয়াম।

■ **আর্দ্রতামিতি সম্পর্কিত কয়েকটি বাস্তব ঘটনাঃ**
১। মেঘাচ্ছন্ন রাত্রি অপেক্ষা মেঘশূন্য রাত্রি শিশির জমার কারণ।
২। বর্ষার দিন অপেক্ষা শীতকালে কাপড় তাড়াতাড়ি শুকায়।
৩। গরমের দিন কুকুর জিহ্বা বের করে দৌড়ায়।

■ **বায়ুমন্ডলে জলীয় বাষ্প ঘনীভূত হওয়ার কারণঃ**
১। শিশির ২। কুয়াশা ৩। মেঘ ৪। বৃষ্টি ৫। শিলা

■ **গ্যাস থার্মোমিটারঃ**
১। স্থির আয়তন গ্যাস থার্মোমিটার
২। স্থির চাপ গ্যাস থার্মোমিটার

■ **তরল থার্মোমিটারঃ**
১। পারদ থার্মোমিটার
২। অ্যালকোহল থার্মোমিটার

■ **রোধ থার্মোমিটার ঃ**
১। প্লাটিনাম রোধ থার্মোমিটার

■ **তাপযুগল বা থার্মোকাপল থার্মোমিটারঃ**
১। কপার কনস্ট্রনটান

■ **দুই স্থির বিন্দু স্কেলঃ**
১। কেলভিন স্কেল
২। সেলসিয়াস স্কেল
৩। ফারেনহাইট স্কেল
৪। পরম স্কেল বা পরম সেলসিয়াস স্কেল

■ **এক স্থির বিন্দু স্কেলঃ**
১। কেলভিন স্কেল
২। কেলভিনের তাপগতীয় স্কেল

এক পরমানুক গ্যাস ঃ He, Ne, Ar [$\gamma = 1.67$]
দ্বিপরমানুক গ্যাস ঃ H_2, O_2, N_2, Cl_2 [$\gamma = 1.41$]
ত্রিপরমানুক গ্যাস ঃ CO_2, C_2H_2, NH_2 [$\gamma = 1.33$]

■ **অবক্ষয়ী ফলাফল সমূহঃ**
১। অস্থিতিস্থাপকতা ২। সান্দ্রতা
৩। ঘর্ষণ ৪। বৈদ্যুতিক রোধ
৫। চুম্বকীয় হিসটেরিসিস।

POLL MACHINE
Preparation and Practice are your best effective delivery

CamScanner

■ **প্রত্যাগামী প্রক্রিয়া ঃ**

১। স্থিতিস্থাপক সীমার মধ্যে খুব ধীরে ধীরে কোন স্প্রিং কে সম্প্রসারণ করা।
২। খুব ধীরে ধীরে সংগঠিত করলে সমোষ্ণ ও রুদ্ধাতাপ পরিবর্তন প্রত্যাগামী হবে।
৩। কিছু উপর হতে একটি স্থিতিস্থাপক বলকে একটি স্থিতিস্থাপক ইস্পাত পাতের উপর ফেলা।
৪। স্বাভাবিক চাপে 0°C তাপমাত্রায় পানি বরফে এবং বরফ পানিতে পরিনত হওয়া।

■ **অপ্রত্যাগামী প্রক্রিয়া ঃ**

১। সকল প্রাকৃতিক প্রক্রিয়াই অপ্রত্যাগামী প্রক্রিয়া।
২। বৈদ্যুতিক রোধের মধ্যে বিদ্যুৎ প্রবাহে তাপ সৃষ্টি।
৩। ঘর্ষণের দরুন তাপ সৃষ্টি।
৪। ভিন্ন তাপমাত্রার বস্তুতে পরস্পর সংযোগ স্থাপন করলে তাপ উচ্চ তাপমাত্রা হতে নিম্ন তাপমাত্রার বস্তুতে প্রবাহিত হয়।
৫। বন্দুক হতে গুলি ছুড়লে বারুদের বিস্ফোরণ ঘটে।

■ **তাপ ইঞ্জিন ঃ** ১। বাস্পীয় ইঞ্জিন ২। পেট্রোল ইঞ্জিন ৩। ডিজেল ইঞ্জিন

■ **বিকীর্ণ শক্তি এবং বিদ্যুৎ চুম্বকীয় তরঙ্গ ঃ**

১। গামা রশ্মি	২। রঞ্জন রশ্মি
৩। অতিবেগুনী রশ্মি	৪। মহাজাগতিক রশ্মি
৫। আলোক তরঙ্গ।	৬। তাপ তরঙ্গ
৭। বেতার তরঙ্গ	৮। অবলোহিত রশ্মি

■ **পূর্ণ বিকিরণ পাইরোমিটার ঃ**

মানুষের শরীর পূর্ণ বিকিরণ পাইরোমিটারের ন্যায় আরচন করে।

যান্ত্রিক তরঙ্গ ঃ শব্দ, টানা তারে সৃষ্ট তরঙ্গ।
আড় তরঙ্গ ঃ পুকুরের পানিতে সৃষ্ট তরঙ্গ, টানা তারে সৃষ্ট তরঙ্গ, আলো, এক্সরে তরঙ্গ, বেতার তরঙ্গ, তাপ তরঙ্গ ।
লম্বিক তরঙ্গ ঃ শব্দ, স্প্রিং এ সৃষ্ট তরঙ্গ, টানা তারের দৈর্ঘ্য বরাবর ফানেল দ্বারা ঘষে সৃষ্ট তরঙ্গ, গ্যাস মাধ্যমে সৃষ্ট তরঙ্গ।
অগ্রগামী তরঙ্গ ঃ পানির ঢেউ, শব্দ
একমাত্রিক তরঙ্গ ঃ সূতা বরাবর প্রবাহিত তরঙ্গ
দ্বিমাত্রিক তরঙ্গ ঃ পানির উপরিভাগে সৃষ্ট তরঙ্গ
ত্রিমাত্রিক তরঙ্গঃ শব্দ, আলো, এক্সরে তরঙ্গ।
সুর ঃ সুরশলাকা হতে নিঃসৃত শব্দ
স্বর ঃ বেহালা, পিয়ানো থেকে নিঃসৃত শব্দ, মানুষের কণ্ঠ
সুরযুক্ত শব্দঃ পিয়ানো, ভায়োলিন, গিটার, বাশি, খোলা নলে সকল উপসুর উৎপন্ন হয় বলে সুর খুব শ্রুতিমধুর।
সুর বর্জিত শব্দ/কলরবঃ হাটবাজার, হট্টগোল, মোটর গাড়ি হর্ণ, কল-কারখানার শব্দ।
কলরব কিন্তু সুশ্রাব্যঃ ব্যাঙের ডাক, বৃষ্টির টাপুর টুপুর শব্দ, ঝরণার পানির শব্দ।
অনুনাদঃ ১৯৪০ সালে আমেরিকায় Tocoma Narrows Bridge টি অনুনাদের কারণে ভেঙ্গে যায়।

■ **উপরিতল সূত্রের সাহায্যে ব্যাখ্যা করা যায়ঃ** স্থির তরঙ্গ সৃষ্টি, শব্দের ব্যাতিচার ও বীট
শব্দের তরঙ্গঃ ভূমিকম্পের ফলে সৃষ্ট তরঙ্গ।
শব্দোত্তর তরঙ্গঃ বাদুরের শব্দ, পাঙ্গজো ইলেকট্রিক কেলাসে সৃষ্ট কম্পন।
তারের যন্ত্রঃ একতারা, দোতারা, সেতার, গিটার, সারিন্দা, বেহালা
বায়ুচালিত যন্ত্রঃ বাশি, হারমোনিয়াম, আড়বাশি, অর্গান নল
পদার্থ সংযুক্ত যন্ত্রঃ তবলা, ঢোল
বিদ্যুৎ চালিত যন্ত্রঃ টেপরেকর্ডার
পত্রী যন্ত্রঃ হারমোনিয়াম, পিয়ানো।

TOPICS 09 ঘটনা/দৃষ্টান্ত

■ **প্রতিসরণের কয়েকটি দৃষ্টান্তঃ**

১। সোজা দন্ডকে হেলিয়ে পানির মধ্যে আংশিকভাবে ডুবিয়ে উপর হতে তাকালে খানিকটা বাঁকা ও ছোট দেখায়।
২। পানিতে ডুবানো মুদ্রা প্রকৃত গভীরতার কিছুটা এক চতুর্থাংশ উপর দেখা যায়।
৩। খাড়াভাবে তাকালে একটি পুকুরের গভীরতা প্রকৃত গভীরতা হতে কম মনে হয়।

■ **পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের দৃষ্টান্ত (কয়েকটি প্রাকৃতিক ঘটনা)ঃ**

মরীচিকা সৃষ্টিঃ

১। উর্ধ মরীচিকা- শীতপ্রধান দেশ (মেরু অঞ্চলে)
২। নিম্ন মরীচিকা- মরু অঞ্চলে (সৌদিআরব, সাহারা)
৩। অভিন্ন আকারের একখন্ড হীরক এক খন্ড কাচ অপেক্ষা বেশি উজ্জল দেখায়।
৪।একটি শূন্য পরীক্ষানল কাত করে পানি পূর্ণ বিকারকে খানিকটা ডুবালে উপর হতে নিচে নিমজ্জিত অংশ চকচক করতে দেখা যায়।
৫। পানি পূর্ণ গ্লাসের নিচ থেকে উপরের পৃষ্ঠের দিকে তাকালে দর্পনের মত দেখায়।

■ **বিকিরণ ও শোষনজনিত কয়েকটি সাধারণ ঘটনাঃ**

১। মরু অঞ্চলে দিনে তীব্র গরম এবং রাত্রিতে খুব ঠান্ডা পড়ে
২। মেঘলা রাত্রি মেঘহীন রাত্রি অপেক্ষা অধিকতর গরম।
৩। অগ্নিকুন্ডের পার্শ্ববর্তী কোন স্থান অপেক্ষা অগ্নিকুন্ড হতে একই দূরত্বে এর ঠিক উপরের কোন স্থান বেশি উত্তপ্ত।
৪। চায়ের কাপের বাইরের পৃষ্ঠপালিশ করা থাকলে এতে চা অনেকক্ষন গরম থাকে।
৫। নতুন কালিশূন্য পাত্র অপেক্ষা কালিমাখা পুরাতন পাত্রে পানি তাড়াতাড়ি ফুটানো যায়।
৬। গ্রীষ্মকালে সাদা জামা ব্যবহার করা আরামপ্রদ।
৭। গরমের দিনে সাদা পোশাক ও শীতের দিনে কালো পোষাক আরামপ্রদ।

■ **আর্দ্রতামিতি সম্পর্কিত কয়েকটি বাস্তব ঘটনাঃ**

১। মেঘাচ্ছন্ন রাত্রি অপেক্ষা মেঘশূন্য রাত্রি শিশির জমার কারণ।
২। বর্ষার দিন অপেক্ষা শীতকালে কাপড় তাড়াতাড়ি শুকায়।
৩। গরমের দিন কুকুর জিহ্বা বের করে দৌড়ায়।
৪। ঘর্মাক্ত দেহে পাখার বাতাস লাগলে আরাম অনুভূত হয়।

■ **পৃষ্ঠটান সম্পর্কিত কয়েকটি ঘটনাঃ**

১। সূঁচ পানিতে ভাসা
২। তেল ঢেলে সমুদ্রের পানিকে শান্ত করা
৩। কর্পূরের পানিতে নাচা
৪। পানির উপর তেল ছড়িয়ে পড়া
৫। কলমের নিবে কালির প্রবাহ
৬। ছাতার কাপড়
৭। কাচের উপর পানির ফোটা

■ **যান্ত্রিক শক্তির নিত্যতা বা সংরক্ষণ সূত্রের দৃষ্টান্তঃ**

১। পড়ন্ত বস্তুর ক্ষেত্রে
২। আনত তল বরাবর গতিশীল বস্তুর ক্ষেত্রে
৩। আন্দোলিত সরল দোলকের ক্ষেত্রে ।

■ **দুটি বলের মধ্যে ভারসাম্যের দৃষ্টান্ত ঃ**

১। একটি রশির দুই প্রান্তে দুইজন লোক যদি সমান বলে রশিটি টানে বলের ভারসাম্যের কারণে তা স্থির থাকে।

■ **মহাকর্ষ বলের কারণেঃ**

১। গ্রহসমূহ সূর্যের চারদিকে ঘুরে গ্যালাক্সী গঠন করে
২। পৃথিবীর যাবতীয় প্রাণী ও বস্তু ভূ-পৃষ্ঠ সংলগ্ন থাকে

■ **স্থিতি জড়তার কয়েকটি দৃষ্টান্তঃ**

১। মুদ্রা ও কাপের পরীক্ষা।
২। হঠাৎ গাড়ি চলতে শুরু করলে আরোহী পেছনের দিকে হেলে পড়ে।
৩। ধূলিময় পোশাক ছুড়ি দিয়ে আঘাত করলে ধূলিকনা নীচে পড়ে যায়।

■ **গতি জড়তার কয়েকটি দৃষ্টান্তঃ**

১। চলন্ত গাড়ি হঠাৎ থেমে গেলে আরোহী সামনের দিকে ঝুকে পড়ে।

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

পাঠ্য বইয়ের V.V.I লাইন

পদার্থবিজ্ঞান: ১ম পত্র

01 ভৌতজগত ও পরিমাপ

★ গ্রীক শব্দ fusis (প্রকৃতি) থেকে পদার্থবিজ্ঞান শব্দটি এসছে।
★ আধুনিক পদার্থবিজ্ঞানের আলোচ্য বিষয় কোয়ান্টাম তত্ত্ব, পারমাণবিক ও নিউক্লিয় পদার্থবিজ্ঞান ও আপেক্ষিকতা তত্ত্ব।
★ বল স্থির বস্তুকে গতিশীল ও গতিশীল বস্তুর গতি পরিবর্তন করতে চায়।
★ স্থান হলো ত্রিমাত্রিক ইউক্লিডীয় স্থান যেখানে যেকোন অবস্থান তিনটি স্থানাঙ্ক দ্বারা বর্ণনা করা যায়।
★ ম্যাক্স প্লাঙ্ক কোয়ান্টাম তত্ত্ব আবিষ্কার করেন।
★ স্ফেরোমিটারের সাহায্যে পুরুত্ব এবং বক্রতার ব্যাসার্ধ মাপা হয়।
★ সমগ্র ভৌতজগতে মানুষ জানতে পেরেছে ৪%।
★ আসমানী/নীল, সবুজ, লাল এই তিনটি মৌলিক রং ।
★ আনুবীক্ষণ জগতের পাল্লা 10^{-8} m থেকে 10^{-14} m
★ আইনস্টাইনের আপেক্ষিকতার সাধারণ তত্ত্ব প্রকাশিত হয় ১৯১৬ সালে।
★ গণিতে আর্কিমিডিসের উল্লেখযোগ্য আবিষ্কার-বৃত্তের পরিধি নির্ণয়, অধিবৃত্তীয় অংশের ক্ষেত্রফল। নির্ণয় সমতল ক্ষেত্রের সাম্যতা।
★ পরমানুতে ৬ ধরনের লেপটন কণা রয়েছে।
★ পদার্থের সাধারণ ধর্ম → ওজন, বিস্তৃতি, রোধ, স্থিতিস্থাপকতা।
★ বায়বীয় ও তরল পদার্থের বিশেষ ধর্ম → সান্দ্রতা।
তরল পদার্থের বিশেষ ধর্ম → পৃষ্ঠটান/তলটান।
★ X-ray 360° তে ঘুরিয়ে CT স্ক্যান করা হয়।
★ সূর্যের নিকটতম দূরত্বে গ্রহের বেগ বাড়ে।
★ lev = 23.06 Kcal/mole = 1.6×10^{-19} J
★ গ্যালাক্সির কেন্দ্র হতে সূর্যের দূরত্ব 3×10^4 আলোক বর্ষ।
★ ব্যবহারিক এককগুলো হল কিলোমিটার, মাইক্রন, টন।
★ কেপোরনিকাস সূর্যকেন্দ্রিক সৌরজগতের ধারণা উপস্থাপনা করেন।
বিজ্ঞানী প্রফেসর সালাম বিদ্যুৎ চুম্বকীয় বল ও দূর্বল বল অভিন্ন প্রমান করেন।
★ চিরায়ত বলবিদ্যার মতে স্থান, কাল, ভর এগুলো ধ্রুবক।
★ এক্সরে, গামা-রে, অতিবেগুনি রশ্মি, দৃশ্যমান আলো,অবলোহিতরশ্মি, মাইক্রোওয়েভ, রেডিও ওয়েভ বিদ্যুৎ চুম্বকীয় তরঙ্গ?
★ তাপ ধারণ ক্ষমতার একক জুল/কেলভিন।
★ 1GB = 10^9 bytes, 100GB = 10×10^{10} bytes
বিজ্ঞানী নিউটন ক্যালকুলাস আবিষ্কার করেন।
★ আলোর তরঙ্গ তত্ব প্রতিষ্ঠাকারী বিজ্ঞানী টমাস ইয়াং পেশায় ছিলেন একজন চিকিৎসক।

02 ভেক্টর

★ দুটি ভেক্টরের ডট গুণফল স্কেলার রাশি।
★ দুটি ভেক্টরের ক্রস গুণফল ভেক্টর রাশি।
★ দুটি সমান মানের বলের লব্ধির মান যেকোন একটি বলের মানের সমান হলে বল দুটির মধ্যবর্তী কোন হবে = 120°।
★ দুটি ভেক্টর পরস্পরের উপর লম্ব হবে যদি ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোন 90° হয় অর্থাৎ তাদের ডট গুণফল শূন্য হয়।
★ দুটি ভেক্টর পরস্পর সমান্তরাল হবে যদি ভেক্টরদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ 0° হয় তাদের ক্রস গুণফল শূন্য হয়।
★ ভেক্টর রাশির স্কেলার গুণন বিনিময় সূত্র মেনে চলে, ভেক্টর রাশির ভেক্টর বা ক্র গুণন বিনিময় সূত্র মেনে চলে না।
★ যে ভেক্টরের মান শূন্য তাকে নাল ভেক্টর বা শূন্য ভেক্টর বলে। একে $\vec{0}$ দি প্রকাশ করা হয়। এ ভেক্টরের পাদবিন্দু ও শীর্ষবিন্দু একই।
★ কাজে, $w = \vec{F}.s$, এক্ষেত্রে $\vec{F}$ ও s শূন্য না হলেও কৃতকাজ শূন্য হবে $\theta = 9$ হলে।
★ দুটি ভেক্টর পরস্পর লম্ব হলে তাদের ডট গুণফল শূন্য হয়।
★ ভেক্টরকে ভেক্টর দ্বারা গুণ করলে গুণফল স্কেলার বা ভেক্টর হতে পারে।
★ সদৃশ (Like) ভেক্টরের জন্য- A > B, B > A।
★ কোন ভেক্টর রাশি অঘূর্ণায়মান ও সংরক্ষণশীল হবে যদি- কার্ল শূন্য হয়।
★ তড়িৎ প্রবাহ একটি- স্কেলার রাশি।
★ কোনো ভেক্টর ক্ষেত্রের কার্ল-এর নতিমাত্রা শূন্য।
★ পাঁচটি যোগসূত্র আছে। সাধারণ সূত্র, ত্রিভুজ সূত্র, বহুভুজ সূত্র, সামন্তরিক সূ উপাংশ সূত্র।
★ **স্কেলার রাশি:** দ্রুতি, কাজ, ক্ষমতা, শক্তি, তাপ, চাপ, সকল বিভব, বিদ্যুৎ প্রবা চার্জ, স্থিতিস্থাপক গুণাংক, জড়তার ভ্রামক।
★ ভেক্টর রাশির যোগ বীজগণিতীয় সূত্র মেনে চলে না কিন্তু স্কেলার রাশির যো বীজগণিতীয় সূত্র মেনে চলে।
★ **ভেক্টর যোজনের দৃষ্টান্ত:** নৌকার গতি, চলন্ত গাড়িতে পড়ন্ত বৃষ্টি, পাখি উড্ডয়ন।
★ **ভেক্টর বিভাজনের দৃষ্টান্ত:** গুণ টানা নৌকা, লন রোলার এর গতি, সাইকেলে ক্রাংকের ক্রিয়া, সরল দোলক।
★ স্থিতি শক্তি, বৈদ্যুতিক বিভব ভেক্টর রাশির স্কেলার গুননের উদাহরন
★ লন রোলারকে ঠেলা অপেক্ষা টানা সহজতর।
★ মূল বিন্দু সাপেক্ষে অন্য কোন বিন্দুর অবস্থান নির্ণয়ের জন্য যে ভেক্টর ব্যবহা করা হয় তাকে বলে- অবস্থান ভেক্টর।
★ টর্ক, $\vec{\tau} = \vec{r} \times \vec{F}$, কৌণিক বেগ, $\vec{v} = \vec{\omega} \times \vec{r}$
কৌণিক ভরবেগ, $\vec{L} = \vec{r} \times \vec{P}$, কাজ $W = \vec{F}.\vec{S}$
★ দুটি ভেক্টর বিপরীত দিকে ক্রিয়ারত থাকলে লব্ধির মান হবে- সর্বনিম্ন

03 গতিবিদ্যা

★ মুক্তভাবে পড়ন্ত বস্তুর ত্বরন যেমন 9.8 ms^{-2} তেমনি খাড়া উপরের দিকে নিক্ষি বস্তু ত্বরণ $-9.8ms^{-2}$
★ গতি পাঁচ প্রকার-চলন গতি, ঘূর্ণন গতি, চলন ঘূর্ণন গতি, পর্যায় গতি, দোলন গতি।
★ তাৎক্ষণিক মন্দন, প্রকৃত মন্দন, গড় মন্দনকে ঋণাত্মক ত্বরণ বলা যায়।
★ বাস্তব বা অবাস্তব গতি বর্ণনার জন্য যে স্থানাংক ব্যবস্থা গ্রহণ করা হয়, তাকে বলে- নির্দেশ বিন্দু
★ রৈখিক গতির ক্ষেত্রে বলের যে ভূমিকা কৌনিক গতির ক্ষেত্রে কোনটির সেই ভূমিকা- টর্ক।
★ লন রোলারের ক্ষেত্রে কোনটি সঠিক?- টানা সহজ
★ সময় ব্যবধান শুন্যের কাছাকাছি হলে সময়ের সঙ্গে বস্তুর দূরত্বের পরিবর্তনের হারকে বলা হয়- তাৎক্ষণিক দ্রুতি।
★ খাড়া উপরের দিকে অভিকর্ষজ ত্বরণ: $-g\ ms^{-2}$
★ কোন সময় একই বিন্দুতে ক্রিয়ারত তিনটি সমতলীয় ভেক্টর রাশিকে কোন ত্রিভুজের তিনটি বাহু দ্বারা একই ক্রমে নির্দেশ করলে এদের লব্ধি- শূন্য হবে
★ দ্রুতি পরিমাপক যন্ত্রের নাম স্পিডোমিটার
★ বেগ পরিমাপক যন্ত্রের নাম- ভেলাডোমিটার

POST MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

★ পৃথিবীর গতি চলন ঘূর্ণন গতি।
★ ঘড়ির কাটার গতি পর্যাবৃত্ত গতি।
★ আনুভূমিক পথে সমগতিতে উড্ডয়নশীল একটি বোমারু বিমানের তলদেশ থেকে একটি বোমার বাঁধন আলগা করে ছেড়ে দেয়া হল। এটির গতি পথের আকার- প্যারাবোলা।
★ একটি r ব্যাসার্ধের বৃত্তাকার পথে বস্তুর কৌণিক বেগ (ω) এবং রৈখিক বেগ (v) এর মধ্যে সম্পর্ক হল: $\rightarrow v = r\omega$
★ অসম দ্রুতিতে স্পর্শক বরাবর ত্বরন থাকে।
★ সমদ্রুতিতে কেন্দ্রমুখী ত্বরন থাকে।
★ অসম কৌণিক বেগে কণার তিনটি ত্বরণ থাকে-
i) কেন্দ্রমুখী ত্বরন ii) স্পর্শী ত্বরন iii) এবং কৌণিক ত্বরন।
★ বৃত্তীয় গতি এক ধরনের ঘূর্ণন গতি বা রৈখিক বেগ ঘূর্ণন অক্ষ হতে দূরত্বের সমানুপাতিক।
★ ভর হল জড়তার পরিমাপ।
★ বাধাহীন পথে আনুভূমিক বরাবর নিক্ষিপ্ত বস্তুর গতিপথ প্যারাবোলা বা অধিবৃত্ত।
★ নিক্ষেপণ কোন 45° হলে প্রাসের পাল্লা সর্বাধিক হয়।
★ নিক্ষেপণ কোন 76° হলে প্রাসের অনুভূমিক পাল্লা সর্বাধিক উচ্চতার সমান হয়।
★ বৃষ্টির সময় গাড়ি চালালে কাঁদা চাকার পিছন দিকে ছিটকে পড়ে কেন্দ্রবিমুখী বলের জন্য।
★ সমবেগে চলমানে বস্তুর ত্বরণ থাকে না, কিন্তু বৃত্তাকার পথে সমদ্রুতিতে চলমান বস্তুর ত্বরণ থাকে।
★ সেকেন্ডের কাঁটার প্রান্তের রৈখিকবেগ সবচেয়ে বেশি এবং ঘন্টার কাঁটার প্রান্তের রৈখিকবেগ সবচেয়ে কম।
★ কোন ঘড়ির কাঁটার প্রান্তের রৈখিকবেগ সর্বাধিক ও কেন্দ্রে শূন্য।
★ $1^\circ = 0.0173$ রেডিয়ান এবং 1 রেডিয়ান = 57.3° (প্রায়)।
★ একক ও মাত্রা: কৌণিক সরণ rad; কৌণিক বেগ $rads^{-1}$ $[T^{-1}]$
কৌণিক ত্বরণ $rads^{-2}$ $[T^{-2}]$।
★ বৃত্তাকার পথে ঘূর্ণনশীল বস্তুর সরণ শূন্য।
★ স্থির অবস্থান থেকে মুক্তভাবে পড়ন্ত বস্তুর 1s, 2s এবং 3s এ অতিক্রান্ত দূরত্বের অনুপাত 1 : 4 : 9।
★ গাড়ির বেগ দ্বিগুণ করলে গাড়িটিকে থামানোর দূরত্ব $(2)^2$ অর্থাৎ চারগুণ হবে।
★ বেগ-সময় লেখচিত্র বস্তু দ্বারা অতিক্রান্ত দূরত্ব বেগ-সময় লেখচিত্রের বেগ ও সময়ের অক্ষের দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রফলের সমান হয়।
★ দুটি একই প্রক্ষেপণ বেগের প্রাসের ক্ষেত্রে প্রক্ষেপণ কোণ θ ও $\theta \pm 90^\circ$ হলে, দুই ক্ষেত্রে প্রক্ষেপণ সীমা সমান। কিন্তু বিপরীতমুখি $R_1 = \pm R_2$
★ প্রাসের প্রক্ষেপণ সীমা সর্বাধিক হলে সর্বোচ্চ উচ্চতার মান সর্বাধিক প্রক্ষেপণ সীমার এক-চতুর্থাংশ হবে।
★ পাল্লা সর্বনিম্ন হলে নিক্ষেপণ কোণ 0° হবে। সর্বোচ্চ উচ্চতায় প্রাসের গতিপথ একমাত্রিক।
★ একটি প্রাসকে E গতিশক্তিতে 45° কোণে নিক্ষেপ করা হলো। সর্বোচ্চ বিন্দুতে স্থিতিশক্তি হবে, $\frac{E}{2}$
★ কোনো বস্তু t সেকেন্ডে h উচ্চতা হতে ভূমিতে পড়লে $\frac{t}{2}$ সেকেন্ড পর বস্তুটি ভূমি হতে $\frac{2h}{4}$ উচ্চতায় ছিল।
★ একটি বস্তু r ব্যাসার্ধের বৃত্তাকার পথে υ সমদ্রুতিতে ঘুরছে। এক্ষেত্রে বস্তুটির ত্বরণ নেই, কৌণিক বেগ, $\omega = \frac{\upsilon}{r}$।
★ সুষম বৃত্তীয় গতিতে বেগের অভিমুখ বৃত্তের স্পর্শক বরাবর এবং ত্বরণের অভিমুখ বৃত্তের কেন্দ্রমুখি।

04 নিউটনীয় বলবিদ্যা

★ নিউটনের প্রথম সূত্র থেকে বস্তুর জড়তা সম্পর্কে জানা যায়।
★ কেন্দ্রমুখী বল দ্বারা কৃত কাজ শূন্য।
★ চিরায়ত বলবিদ্যার মতে স্থান, কাল, ভর এগুলো ধ্রুবক।
★ বলের ভ্রামকের মাত্রা সমীকরণ $[ML^2T^{-2}]$। কৌণিক ভরবেগ $[ML^2T^{-1}]$, জড়তার ভ্রামক $[ML^2]$, কৌণিক বেগ T^{-1}, [কৌণিক ত্বরন T^{-2}]
★ কেন্দ্রবিমুখী বল বলের কারনে মাখনকে দুধ থেকে পৃথক করা যায়।
★ কৌণিক ত্বরণের একক rad/s^2।
★ মহাকর্ষ বল সর্বাপেক্ষা দূর্বল বল। নিউক্লিয় বল সর্বাপেক্ষা শক্তিশালী বল। মহাকর্ষ বল < দুর্বল নিউক্লিয় বল < তড়িৎ চুম্বকীয় বল < সবল নিউক্লিয় বল।
★ ভূমির সাথে θ কোনে আনত কোনো তল হতে একটি বস্তু পড়তে থাকলে বস্তুর ত্বরণের মান $g \sin\theta$।
★ ফুটবল খেলায় নিউটনের গতি সূত্র প্রযোজ্য।
★ বলের ঘাত = ভরবেগের পরিবর্তন।
★ ঘাত বল = ভরবেগের পরিবর্তনের হার।
★ নিউক্লিয়াসের মধ্যে মেসন কণার পারস্পরিক বিনিময়ের দ্বারা সবল নিউক্লিয় বলের উৎপত্তি হয়।
★ চাঁদের রৈখিক বেগ $1.55\ kms^{-1}$
★ একটি ঘড়ির মিনিটের কম্পাঙ্ক (Hz) 2.78×10^{-4}Hz
★ কোন অক্ষের চারদিকে একটি বস্তুর জড়তার ভ্রামক নির্ভর করে → বস্তুর ভর বিন্যাসের উপর।
★ রাস্তার ব্যাংকিং নির্ভর করে → গাড়ির দ্রুতি ও রাস্তার বাঁকের উপর।
★ ক্রিয়া এবং প্রতিক্রিয়া বল সব সময়ই → একই বস্তুর উপর ক্রিয়া করে।
★ নিউটনের তৃতীয় সূত্রের প্রয়োগ নয় → যাত্রীবাহী বাস।
★ টর্কের মান বেশী হলে কোন বস্তুর ঘূর্নন → কমে যায়।
★ কোন বস্তুর উপর বল প্রয়োগ না করলে তার ত্বরণ শূন্য হয়।
★ প্রতিক্রিয়া বল ততক্ষণই থাকে যতক্ষণ ক্রিয়াবল থাকে।
★ পৃথিবী সূর্যের চারদিকে বা চন্দ্র পৃথিবীর চারদিকে ঘুরার সময় কেন্দ্রমুখী বল লাভ করে।
★ সবচেয়ে শক্তিশালী বল → সবল নিউক্লীয় বল।
সবচেয়ে দুর্বল বল → মহাকর্ষ বল।
★ সালাম ওয়াইনবার্গের তত্ত্ব → দুর্বল নিউক্লীয় বল ও তড়িৎ চুম্বকীয় বলের মধ্যে সম্পর্ক।
★ অভিকেন্দ্র বলকে কার্যহীন বল বলে।
★ প্রবাহীর ক্ষেত্রে নিউটনের গতি সূত্রাবলী প্রযোজ্য হবে না।
★ স্থিতিস্থাপক সংঘর্ষে সিস্টেমের গতিশক্তি ধ্রুব থাকে।
★ নিউটনের ৩য় সূত্রের ফল-
i) বন্দুক হতে গুলি ছোড়া
ii) নৌকা হতে লাফ দেয়া
iii) ঘোড়ার গাড়ি টানা
★ ভরবেগের নিত্যতার সূত্রের ফল-
i) বন্দুকের পশ্চাৎ বেগ
ii) রকেটের গতি
iii) নৌকা থেকে লাফ
★ x-অক্ষের সমান্তরালে ও ধ্রুববেগে গতিশীল বস্তুর কৌণিক ভরবেগ মূলবিন্দুর সাপেক্ষে শূন্য হয়।
★ চারটি মৌলিক বল হল মহাকর্ষ বল, তড়িৎচুম্বকীয় বল, সকল নিউক্লীয় বল, দুর্বল নিউক্লীয় বল।

POLI MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

05 কাজ, শক্তি ও ক্ষমতা

★ শক্তিকে এক রূপ হতে অন্য রূপে রূপান্তর করা যায়।
★ অভিকর্ষের বিপরীতে কাজ বস্তুর সরনের সমানুপাতিক।
★ নির্দিষ্ট ভরের কোন বস্তুর গতিশক্তি তার বেগের বর্গের সমানুপাতিক।
★ ঘর্ষণ বল ও সান্দ্র বল একটি অসংরক্ষণশীল বল।
★ কোন ব্যবস্থায় কেবল সংরক্ষণশীল বল ক্রিয়া করলে ব্যবস্থার গতিশক্তি ও বিভবশক্তির সমষ্টি সর্বদা ধ্রুব থাকে।
★ কম্পমান সুরশলাকার গতি, কোন স্প্রিং এর একপ্রান্ত দৃঢ় অবস্থানে আটকে রেখে অপর প্রান্তে ঝুলালে বস্তুর গতি সরল দোলন গতি।
★ কোন যন্ত্রের কর্মদক্ষতা 70% বলতে বুঝি, যদি এই যন্ত্রে 100 J শক্তি দেয়া হয় তাহলে সেই যন্ত্র থেকে প্রাপ্ত মোট কার্যকর শক্তি হবে 70 J.
★ কাজ ঋণাত্মক হলে বলের বিরুদ্ধে কাজ বুঝায়।
★ স্থিতিস্থাপক বল দ্বারা কাজ সরণের বর্গের সমানুপাতিক।
★ অভিকর্ষ বল দ্বারা কাজ উচ্চতার বা সরণের সমানুপাতিক।
★ বস্তুর গতিশক্তির বৃদ্ধি বস্তুর উপর প্রযুক্ত বল দ্বারা কৃত কাজের সমান। (কাজ-শক্তি উপপাদ্য)
★ কোন একটি বস্তু বর্তমান অবস্থান হতে অন্য কোন স্বাভাবিক বা প্রমাণ অবস্থানে আসতে যে পরিমাণ কাজ সম্পন্ন করে তাই স্থিতিশক্তির পরিমাণ।
★ শক্তি অবিনশ্বর, শক্তি সৃষ্টি বা ধ্বংস করা যায় না। এক রূপ থেকে অন্য রূপে রূপান্তরিত করা যায়।
★ সর্বোচ্চ অবস্থানে একটি পাথরের সম্পূর্ণ গতিশক্তি স্থিতিশক্তিতে রূপান্তরিত হয়ে যায়। ভূমিতে স্থিতিশক্তি সম্পূর্ণরূপে গতিশক্তিতে পরিণত হয়।
★ উৎক্ষিপ্ত বস্তু সর্বাধিক উচ্চতায় শক্তির নিত্যতা সূত্র মেনে চলে।
★ সরল দোলকের গতি সরল ছন্দিত গতি।
★ কোন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের ক্ষমতা মেগাওয়াট। এর অর্থ-কেন্দ্রের সরবরাকৃত বিদ্যুৎ শক্তি দ্বারা প্রতি সেকেন্ডে 2×10^6 জুল বা 2 মেগা জুল কাজ করা যায়।
★ সংরক্ষণশীল বল দ্বারা কৃতকাজ সম্পূর্ণরূপে পুণরুদ্ধার করা যায়।
★ সংরক্ষণশীল বলের ক্রিয়ায় যান্ত্রিক শক্তির নিত্যতা সূত্র পালিত হয়।
★ অভিকর্ষীয় বল সংরক্ষণশীল বল।
★ ঘর্ষণ বল অসংরক্ষণশীল বল ও আন্তবল।
★ মোট যান্ত্রিক শক্তি বলে এর গতিশক্তি ও বিভব শক্তির সমষ্টি বুঝায়।
★ শক্তির নিত্যতা বলতে বুঝায় বিভবশক্তি ও গতিশক্তির যোগফল ধ্রুবক।
★ অভ্যন্তরীণ স্থিতিশক্তি বস্তু কণার অবস্থান ও গঠন প্রকৃতির উপর নির্ভরশীল।
★ অভ্যন্তরীণ গতিশক্তি বস্তুকণার স্থানান্তরের উপর নির্ভরশীল।
★ সুষম বেলনাকৃতি বস্তুর অভিকর্ষকেন্দ্র এর অক্ষের মধ্য বিন্দুতে অবস্থিত।
★ কাজ সম্পাদনকারী কোন ব্যক্তি বা যন্ত্রের কাজ করার হার বা শক্তি সরবরাহের হারকে ক্ষমতা বলে।
তাই ক্ষমতার একক ওয়াট, কিলোওয়াট ঘন্টা নয়।
★ শক্তির একক জুল বিভব শক্তি, শক্তির একাধিক রূপের একটি তাই বিভব শক্তির এককও জুল।
★ কাজ করার হারকে ক্ষমতা বলে। তাই রাশিটি, সময়ের সাথে সম্পর্কিত তাই ক্ষমতার একক 'জুল' হতে পারে না।
★ কাজ = বলের দিকে সরনের উপাংশ × সরণ $= Fs\cos\theta$
আমরা জানি, $\cos 0^\circ$ এর মান 1 এবং তা $\cos\theta$ এর সর্বোচ্চ মান। তাই, প্রযুক্ত বল ও সরনের মধ্যে কোনের মান 0° হলে কাজের পরিমাণ সবচেয়ে বেশি হয়।
★ কাজ = বলের দিকে সরণের উপাংশ × সরণ $= Fs\cos\theta$
$90^\circ < \theta \le 180^\circ$ হলে $\cos\theta$ এর মান ঋনাত্মক হয় বলের বিপরীত দিকে সরনের উপাংশ থাকে, তাই কাজ ঋনাত্মক হয়। স্থীতিশক্তি বৃদ্ধি পাবে।
★ কোন বস্তুর উপর বল প্রয়োগ করলে যদি বলের অভিমুখে সরণ ঘটে, তবে ক্রিয়াশীল বল কাজ করেছে বলে ধরা হয়। কোন বস্তু সমদ্রুতিতে বৃত্তাকার পথে ঘুরলে প্রকৃতপক্ষে এর কোন সরন ঘটে না। তাই এক্ষেত্রে কোন কাজ সম্পন্ন হয় না।
★ সংরক্ষণশীল বলের উদাহরণ: অভিকর্ষীয় বল, বৈদ্যুতিক বল, তড়িৎ বল, চৌম্বক বল, মহাকর্ষ বল, আদর্শ স্প্রিং এর বিকৃতি প্রতিরোধী বল।
★ অসংরক্ষণশীল বলের উদাহরণ: ঘর্ষণ বল, সান্দ্র বল।
★ ট্রান্সফর্মার = ইহা বিভবের মান বাড়ায় বা কমায়,জেনারেটর ও ডায়নামোতে ইহা তড়িৎ উৎপন্ন করে এবং যান্ত্রিক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করে।
★ কেন্দ্রমুখী বল দ্বারা কৃত কাজ শূন্য।
★ বল ও সরণের মধ্যবর্তী কোণ $\theta=90^0$ হলে কাজ শুন্য, 0^0 হলে সর্বোচ্চ, 180^0 হলে সর্বনিম্ন।
★ কাজ ও শক্তির একক ও মাত্রা একই।
★ পিস্টন ও সিলিন্ডারের মধ্যে ঘর্ষণ আছে।
★ একটি কাঁচা লোহার উপর অন্তরিত তামার তার জড়িয়ে বিদ্যুৎ চালনা করলে বিদ্যুৎশক্তি চুম্বকশক্তিতে রূপান্তরিত হবে।
★ অবস্থান সাপেক্ষে এক চক্র পরিমাণে গড় গতিশক্তি $K.E.=\frac{3}{2}\times$ মোট শক্তি।
★ বল ও সরনের মধ্যবর্তী কোনের মান কত হলে কাজের পরিমান শূন্য হয়- 90^0
★ বলের মাত্রা সমীকরণ- MLT^{-2}
★ কাজের পরিমাণ সবচেয়ে বেশী হয় যখন প্রযুক্তবল ও সরণের মধ্যে কোণের মান হয়- 0^0
★ সরণের মধ্যবর্তী কোণ $0^\circ \le \theta < 90^\circ$ হলে কাজ ধনাত্মক।
সরণের মধ্যবর্তী কোণ $90^\circ < \theta \le 180^\circ$ হলে কাজ ঋনাত্মক।
★ গতিশীল বস্তু যত নিচে নামে এর বিভব শক্তি হ্রাস পায় কিন্তু গতিশক্তি বৃদ্ধি পায়।
★ সমান ভরবেগের ভারী বস্তুর চেয়ে হালকা বস্তুর গতিশক্তি বেশী।
★ সমান গতিশক্তির হালকা বস্তুর চেয়ে ভারী বস্তুর ভরবেগ বেশী।
★ বলের দ্বারা কাজ হলে গতিশক্তি বৃদ্ধি এবং স্থিতি শক্তি হ্রাস পায় এবং বস্তুর ত্বরণ সৃষ্টি হয়।
★ বলের বিরুদ্ধে কাজ হলে স্থিতি শক্তি বৃদ্ধি এবং গতিশক্তি হ্রাস পায় এবং বস্তুতে মন্দন সৃষ্টি হয়।
★ m ভরের একটি বস্তু সমবেগে (সরল রৈখিক) চলমান। যদি বস্তুটির বেগ দ্বিগুন করা হয় তবে এর গতিশক্তির কি পরিবর্তন হবে? → বস্তুটির গতিশক্তি পূর্বের গতিশক্তির চারগুণ।

06 মহাকর্ষ ও অভিকর্ষ

★ মহাকর্ষীয় ধ্রুবক G-কে সার্বজনীন ধ্রুবক বলা হয় যা মাধ্যমের প্রবেশ্যতা, প্রবণতা বা দিকদর্শিতা ইত্যাদির উপর নির্ভর করে না।
★ g এর মান বস্তু নিরপেক্ষ হলে স্থান নিরপেক্ষ নয়।
★ ভূ-পৃষ্ঠ থেকে যত নিচে যাওয়া যায় অভিকর্ষজ ত্বরণের মান ততই কমতে থাকে।
★ পৃথিবীর কেন্দ্রে $g = 0$
★ পৃথিবীর আহ্নিক গতির জন্য অভিকর্ষজ ত্বরণ বিষুবীয় অঞ্চল থেকে মেরু অঞ্চলের দিকে ক্রমশ বৃদ্ধি পায়।
★ বস্তুর অভিকর্ষ কেন্দ্রের মধ্য দিয়ে বস্তুর মোট ওজন ক্রিয়া করে।
★ সুষম সামান্তরিক আকৃতির ক্ষেত্রের অভিকর্ষ কেন্দ্র এর কর্ণদ্বয়ের ছেদবিন্দুতে অবস্থিত।
★ পৃথিবীতে মুক্তি বেগের মান $11200\ ms^{-1}$ / $11.2kms^{-1}$
★ অভিকর্ষজ ত্বরণ উচ্চতার উপর নির্ভর করে। কম উচ্চতায় অভিকর্ষজ ত্বরণ বেশি, বেশি উচ্চতায় অভিকর্ষজ ত্বরণ কম।
★ গ্রহের আবর্তণকাল এর ভরের উপর নির্ভর করে না।
★ G একটি স্কেলার রাশি, তবে g ভেক্টর রাশি।
★ অভিকর্ষজ ত্বরণ বস্তুর ভর নিরপেক্ষ।
★ অভিকর্ষ বলের প্রভাবে এবং অবস্থানের তারতম্যের কারণে অভিকর্ষজ ত্বরণসহ গোলকের ভিতরে ও বাইরে মহাকর্ষ বিভব ও প্রাবল্যের মানের তারতম্য ঘটে।
★ কোন বস্তু তার ওজনের সমান বল দ্বারা পৃথিবীর কেন্দ্রে আকৃষ্ট হয়।
★ আকর্ষণ বলের অভিমুখে সরণ হলে বিভব পার্থক্য ঋনাত্মক এবয়ং আকর্ষণ বলের বিরুদ্ধে সরণ হলে বিভব পার্থক্য ধনাত্মক হবে।

PUC MASTERMIND
Preparation and Practice are Main for Effective delivery

CamScanner

★ মহাকর্ষীয় বিভব ব্যতীত সকল বিভব মাধ্যমের প্রকৃতির উপর নির্ভর করে।
★ অভিকর্ষজ ত্বরণ 'g' ধ্রুবক নয়। তিনটি কারণে এর পরিবর্তন ঘটে- উচ্চতার ক্রিয়া, অক্ষাংশ ক্রিয়া, পৃথিবীর ঘূর্ণন ক্রিয়া।
★ পৃথিবীর মেরু ব্যাসার্ধের চেয়ে নিরক্ষীয় ব্যাসার্ধ প্রায় 22 km বেশি।
★ নিরক্ষরেখায় 'g' এর মান সর্বনিম্ন।
★ বিষুব অঞ্চল হতে মেরু অঞ্চলে গেলে 'g' এর মান বাড়ে।
★ মুক্তি বেগ বস্তুর ভরের উপর নির্ভর করে না।
★ পৃথিবীতে চন্দ্র অপেক্ষা মুক্তিবেগের মান বেশি।
★ মহাকর্ষীয় বিভব অসীমে সর্বোচ্চ এই সর্বোচ্চ মান হল শূণ্য।
★ মেরু অঞ্চল থেকে বিষুবীয় অঞ্চলে গোল ব্যাসার্ধ R এর মান বাড়তে থাকে, আর তাই অভিকর্ষজ ত্বরণের মান কমতে থাকে।
★ কোন বস্তুকে বিষুবীয় অঞ্চল থেকে মেরু অঞ্চলে নিয়ে গেলে ব্যাসার্ধ R কমতে থাকে আর তাই অভিকর্ষজ ত্বরণ বাড়তে থাকে। অভিকর্ষজ ত্বরণের উপর ওজন নির্ভরশীল। অতএব, ওজনও বাড়তে থাকে।
★ কাজের একককে ভরের একক দিয়ে ভাগ করলে মহাকর্ষীয় বিভবের একক পাওয়া যায়।
★ কাজের মাত্রাকে ভরের মাত্রা দিয়ে ভাগ করলে মহাকর্ষীয় বিভাবের মাত্রা পাওয়া যায়।
★ কোন বস্তুকে পৃথিবী থেকে 11.2 kms^{-1} বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করলে তা আর পৃথিবীতে ফিরে আসে না।
★ মুক্তিবেগ বস্তুর ভর m এর উপর নির্ভরশীল নয়।
★ মহাকর্ষীয় ধ্রুবক, $G = \frac{Fd^2}{m_1 m_2}$
★ মেরু অঞ্চলে ব্যাসার্ধ সবচেয়ে কম হওয়ায় 'g' এর মানও মেরু অঞ্চলে সবচেয়ে বেশি, $9.83217\ ms^{-2}$.
★ ভূকেন্দ্রে 'g' এর মান শূন্য।
সুতরাং ভূ-কেন্দ্রে 'g' এর মান সবচেয়ে কম।
★ বিষুব হতে মেরু অঞ্চলে গেলে ব্যাসার্ধ কমতে থাকে তাই 'g' এর মান বাড়তে থাকে।
★ সুষম বৃত্তের অভিকর্ষ কেন্দ্র জ্যামিতিক কেন্দ্রে অবস্থিত।
★ পৃথিবীর ভরের সঠিক সমীকরণ $M = \frac{gR^2}{G}$
★ G ও g এর মধ্যে সম্পর্ক $G = \frac{gR^2}{M}$
★ অভিকর্ষ ত্বরণের উপর দ্রাঘিমা প্রভাব নেই।
★ কেপলারের তৃতীয় সূত্রের অপর নাম আবর্তনকালের সূত্র।
★ গ্রহের আবর্তনকাল এর ভরের উপর নির্ভর করে না।
★ সূর্য থেকে গ্রহের গড় দূরত্ব যত কম হয় অর্থাৎ গ্রহ সূর্যের যত নিকটে থাকে এর আবর্তনকাল তত কম হয়।
★ নিউটনের সূত্র হতে কেপলারের সূত্র প্রতিপাদন করা যায়।
★ সূর্য হতে পৃথিবীর দূরত্ব অর্ধেক হতে 129 দিনে বছর হবে।
★ মঙ্গলগ্রহে 691 দিনে বছর হয়।
★ পৃথিবীর মুক্তিবেগ = V_E, চাদে মুক্তিবেগ = V_M, পৃথিবীর অভিকর্ষজ ত্বরণ চাদের অভিকর্ষজ ত্বরনের চেয়ে বেশী অর্থাৎ $g_E > g_M$ ∴ $V_E > V_M$
★ বিভবের মাত্রা সমীকরন → $[L^2T^{-2}]$
★ পৃথিবীর কেন্দ্র থেকে পৃথিবীকে ঘিরে ঘূর্ণায়মান একটি উপগ্রহের দূরত্ব দ্বিগুন করা হলে তার গতিবেগ- $\sqrt{2}$ গুন কমবে।
★ পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন শূন্য।
★ মুক্তিবেগ বস্তুর ভরের উপর নির্ভর করে না।
★ মহাকর্ষীয় প্রাবল্য অভিকর্ষজ ত্বরণের সমান, অর্থাৎ (E = g)
★ ভূস্থির উপগ্রহের পর্যায়কাল ২৪ ঘন্টা। ভূ-স্থির উপগ্রহের কক্ষপথকে পার্কিং কক্ষ পথ বলে।
★ উপগ্রহ মহাশূন্যে কোন নীতি মেনে চলে? → নিউটনের তৃতীয় সূত্র
★ মহাকর্ষ বল বস্তুদ্বয়ের মাধ্যমের প্রকৃতির উপর নির্ভর করে না

07 পদার্থের গাঠনিক ধর্ম

★ ঘর্ষণ বল ও সান্দ্রতা বলের মধ্যে পার্থক্য হল ঘর্ষণ স্পর্শতলের ক্ষেত্রফলের উপর নির্ভর করে না, সান্দ্রতা নির্ভর করে।
★ তাপমাত্রা বৃদ্ধি সাথে, গ্যাসের সান্দ্রতা বৃদ্ধি পায়, তরলের সান্দ্রতা হ্রাস পায়।
★ স্টোকসের সূত্র অসীম বিস্তৃতির প্রবাহীর বেলায় খাটে।
★ যেসব তরল পদার্থ কঠিন পদার্থকে ভিজায় তাদের বেলায় স্পর্শ কোণ সূক্ষ্ম কোন হয় অর্থা 90° এর কম হয়। যেমন: পানি ও কাচ
★ যেসব তরল পদার্থ কঠিন পদার্থকে ভেজায় না তাদের বেলায় স্পর্শ কোণ স্থূল কোণ অর্থাৎ এর 90° এর চেয়ে বেশি হয়। যেমন : পারদ ও কাচ
★ অসহ পীড়নকে তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল দিয়ে গুণ করলে অসহ ভার বা অসহ বল পাওয়া যায়।
★ পয়সন এর অনুপাত –1 অপেক্ষা কম এবং $\frac{1}{2}$ অপেক্ষা বেশি হতে পারে না। প্রকৃতপক্ষে 0.2 হতে 0.4 এর মধ্যে থাকে।
★ সংকট তাপমাত্রায় তরলের পৃষ্ঠটান শূন্য হয়।
★ কোন তরলের পৃষ্ঠশক্তি সংযোগভাবে তরলের পৃষ্ঠটানের সমান।
★ আয়নিক যৌগ দ্রবণে ও গলিত অবস্থায় বিদ্যুৎ পরিবাহী।
★ তরলে তেল ভাসমান থাকলে এর পৃষ্ঠটান কমে যায়।
★ পৃষ্ঠটানে প্রভাব বিস্তারকারী বিষয়- দূষিতকরণ, দ্রবীভূত বস্তুর উপস্থিতি, তাপমাত্রা, তরলের উপর অবস্থিত মাধ্যমে, তরলের মুক্ত তলের সাথে অন্যকোন বস্তুর উপস্থিতি, তড়িতাহিতকরণ।
★ সংকট তাপমাত্রায় পৃষ্ঠটান শূন্য হয়।
★ পয়সনের অনুপাত: $\frac{\text{পার্শ্ব বিকৃতি}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}}$ দুটি একই রকম রাশির অনুপাত বলে পয়সনের অনুপাতের কোন একক নেই।
★ কক্ষ তাপমাত্রায় গ্লিসারিনের সান্দ্রতা সহগ পানির চেয়ে 10^3 বেশী।
★ পৃষ্টটানের কারনে তরল তল সংকুচিত হওয়ার চেষ্টা করে।
★ রুপার ইয়ং এর গুণাংক 7.9×10^{11}একক।
★ তরলের পৃষ্ঠটানের জন্য সংশক্তি বল দায়ী।
★ বৃষ্টির একটি বড় ফোঁটা ভেঙ্গে অনেকগুলো ছোট ফোঁটায় পরিণত হলে ফোঁটাগুলির সর্বমোট- ক্ষেত্রফল বৃদ্ধি পায়।
★ পিতলের স্থিতিস্থাপক গুণাঙ্ক- $9\times10^{11}Nm^{-2}$
★ সংকট তাপমাত্রায় তরলের পৃষ্ঠটান- শূন্য
★ আয়নিক ও সমযোজী বন্ধনের তুলনায় ধাতব বন্ধন- দূর্বল।
★ সর্বপ্রথম আনবিক তত্ত্বের সাহায্যে পৃষ্ঠটানের ব্যাখ্যা দেন ল্যাপ্লাস।
★ কাঁচ ও বিশুদ্ধ পারদের বেলায় স্পর্শকোণের মান- 140°
★ সংশক্তি বল যত বেশী হবে স্পর্শ কোণ তত বেশী হবে।
★ তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে গ্যাসের সান্দ্রতা- বৃদ্ধি পায়
★ তাপমাত্রা বৃদ্ধির সাথে তরলের সান্দ্রতা-হ্রাস পায়
★ চক ও বোর্ডের অনুর মধ্যে আকর্ষন বল- আসঞ্জন বল
★ বস্তুর কোন ধর্মের জন্য কাঁচের গায়ে পানির ফোটা লেগে থাকে- আসঞ্জন
★ অসম অনুর গড় গতিশক্তি উহার- তাপমাত্রার সমানুপাতিক
★ ইস্পাত লোহ অপেক্ষা বেশী স্থিতিস্থাপক
★ ইস্পাত এবং রাবারের মধ্যে ইস্পাত বেশি স্থিতিস্থাপক।

POLL MACHINE Preparation and Practice are vital for effective delivery

CamScanner

★ পারদ ও কাচের মধ্যকার স্পর্শ কোন হয়- স্থূলকোণ।
★ r ব্যাসার্ধের এবং h উচ্চতার ফাপা চোঙ্গের ক্ষেত্রফল- $2\pi r^2h$
★ আমাদের শরীরে ধমনীতে রক্ত সঞ্চালন প্রবাহ একটি ধারারেখ প্রবাহ।
★ **সংকট বেগ:** সর্বাধিক যে বেগ পর্যন্ত কোন তরলের প্রবাহ ধারারেখ বজায় রাখে সে বেগকে সংকট বেগ বলে।
★ বিশেষ ধর্ম: শুধু মাত্র নির্দিষ্ট পদার্থে দেখা যায়।
★ কঠিন পদার্থের বিশেষ ধর্মঃ প্লবতা, ভঙ্গুরতা, দৃঢ়তা
★ হুকের সূত্র, $\frac{\text{পীড়ন}}{\text{বিকৃতি}} = \text{ধ্রুবক}$
★ **আন্তঃআণবিক বল ২ প্রকার:**
★ **সংসক্তি বল (Cohesive Force):** একই পদার্থের বিভিন্ন অণুর মধ্যে পারস্পরিক আকর্ষণ বলকে সংশক্তি বল বলে।
★ **আসঞ্জন বল (Adhesive Force):** বিভিন্ন পদার্থের অণুর ভেতর পারস্পরিক আকর্ষণ বলকে আসঞ্জন বল বলে।
★ পদার্থের অসংনম্যতার ক্রম – কঠিন > তরল > গ্যাস
★ স্টোকস্ এর প্রান্তিক বেগের সমীকরণ : $v = \frac{2r^2(\rho - \sigma)g}{9\eta}$
★ **একটি তার বল প্রয়োগে সম্প্রসারিত করলে, তারটির একক আয়তন সঞ্চিত শক্তির রাশি-** একক আয়তনে সঞ্চিত শক্তি $= \frac{1}{2} =$ পীড়ন $\times$ বিকৃতি
★ **অসহ ভার এবং অসহ পীড়ন:** অসহ পীড়ন $= \frac{\text{অসহ ভার}}{\text{ক্ষেত্রফল}} = \frac{F}{A}$
★ **বিকৃতি: কোন একটি বস্তুর উপর বল প্রয়োগে এর একক মাত্রায় যে পরিবর্তন ঘটে তাকে বিকৃতি বলে।**
★ একটি কাঁচ পৃষ্ঠের উপর পানি ঢাললে তা যতটা ছড়ায় দুধ ততটা ছড়ায় না সান্দ্রতা ও পৃষ্ঠটান এর জন্য।
★ পৃষ্ঠটানের আণবিক তত্ত্ব: বিজ্ঞানী ল্যাপলাস সর্ব প্রথম আণবিক তত্ত্বের সাহায্যে তরলের পৃষ্ঠটান ব্যাখ্যা করেন।

08 পর্যাবৃত্তিক গতি

★ ত্বরণের এবং কণার উপর ক্রিয়াশীল বলের অভিমুখ সব সময় সাম্যাবস্থানের দিকে হয়, অর্থাৎ কণার সরনের বিপরীত দিকে হয়।
★ সরল দোলন গতির ব্যবহার- অভিকর্ষজ ত্বরণ g এর মান নির্ণয়, পাহাড়ের উচ্চতা নির্ণয়, সময় নির্ণয়।
★ একটি দোলক ঘড়িকে বিষুব অঞ্চল হতে মেরু অঞ্চলে নিলে ঘড়িটি দ্রুত চলে।
★ সরল দোলকের দোলনকালের সমীকরণ হতে অভিকর্ষজ ত্বরণ g নির্ণয় করা যায়।
★ যান্ত্রিক শক্তি বিস্তারের বর্গের সমানুপাতিক।
★ দোলককে 4° এর মধ্যে রেখে চলতে দিলে এর গতি সরল দোলন গতি হবে।
★ মাধ্যমের কণাসমূহ সরল ছন্দিত স্পন্দনে আন্দোলিত হলে অগ্রগামী তরঙ্গের সৃষ্টি হয়।
★ সরল ছন্দিত স্পন্দনের কণার সরণকে সাইন বা কোসাইনের ফাংশন দ্বারা প্রকাশ করা যায়।
★ সেকেন্ড দোলকের দোলনকাল 2 সেকেন্ড।
★ দোলক পিন্ডের ব্যাস কমলে তা দ্রুত চলবে।
★ দোলককে পাহাড়ের উপর নেয়া হলে দোলকটি ধীরে চলবে।
★ খনির মধ্যে নিলে দোলক ধীরে চলে।
★ ভূ-কেন্দ্রে সরল দোলকের দোলনকাল অসীম।
★ সরল দোলকের ফাপা দোলক পিন্ডকে পারদ দ্বারা অর্ধপূর্ণ করা হলে দোলনকাল বৃদ্ধি।
★ বিষুব অঞ্চল থেকে মেরু অঞ্চলে নিলে সরল দোলক দ্রুত চলবে।
★ সিলিন্ডারের মধ্যে পিস্টনের গতি একটি পর্যাবৃত্ত গতি।
★ লাটিমের গতি একটি চলন-ঘূর্ণন গতি।
★ সরলছন্দিত স্পন্দন- * পর্যায়বৃত্ত গতি * বল/ত্বরণ সরণের সমানুপাতিক।
★ সরলদোলকের ক্ষেত্রে সাম্যাবস্থায় বেগ সর্বাধিক, ত্বরণ শূন্য এবং প্রান্তে শূন্য, ত্বরণ সর্বাধিক।
★ উর্ধ্বগামী লিফটে দোলক দ্রুত চলবে।
★ বিভিন্ন প্রকার গতিঃ
ক) পর্যায় বৃত্ত গতিঃ- সূর্যের চারদিকে গ্রহের গতি, ঘড়ির কাটার গতি, হৃদপিন্ডের স্পন্দন, সরণ দোলকের গতি ইত্যাদি।
খ) স্পন্দন বা দোল গতিঃ- সরল দোলকের গতি, শব্দ সঞ্চালনের গতি, বায়ু কণার গতি, দেয়াল ঘড়ির দোলকের গতি ইত্যাদি।
★ একটি সরল দোলকের দোলকপিন্ডের সর্বোচ্চ ত্বরন হয় - সর্বোচ্চ বিস্তার বিন্দু
★ সরল দোলকের বিস্তার 4° এর বেশী হলে-দোলনকাল অসীম হবে
★ একটি সরল দোলকের বিস্তার দ্বিগুন করলে এর দোলনকালের অবস্থা -অপরিবর্তি
★ sin, cos.... ভিতরে π এর মান 180^0 হয়।

09 তরঙ্গ

(Ref: শাহজাহান তপন স্যার)

★ যান্ত্রিক তরঙ্গ সঞ্চালনের জন্য জড় মাধ্যমের প্রয়োজন হয়।
★ তাড়িতচৌম্বক তরঙ্গ শূণ্য মাধ্যমের মধ্য দিয়ে সঞ্চালিত হয়।
★ একটি পূর্ণ স্পন্দনে দশার পরিবর্তন হয় 2π।
★ লম্বিক/অনুদৈর্ঘ্য তরঙ্গে একটি সংকোচন ও একটি প্রসারণ নিয়ে একটি তরঙ্গদৈ গঠিত হয়।
★ সমান বিস্তার ও তরঙ্গদৈর্ঘ্যের দুটি অগ্রগামী তরঙ্গ একই মানের যোগ বিপরী দিক থেকে অগ্রসর হয়ে একে অপরের উপর উপরিপাতিত হলে স্থির তরঙ্গ উদ্ভব হয়।
★ পর পর দুটি সুস্পন্দ বা নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব তরঙ্গদৈর্ঘ্যের অর্ধেক।
★ স্থির তরঙ্গের উপর $\frac{\lambda}{4}$ এর জোড় গুণিতক দূরের বিন্দুতে সুস্পন্দ বিন্দু সৃষ্টি হবে
★ স্থির তরঙ্গের উপর $\frac{\lambda}{4}$ এর বিজোড় গুণিতক দূরের বিন্দুতে নিস্পন্দ বিন্দু সৃষ্টি হবে।
★ অনুনাদ একটি বিশেষ ধরনের পরবশ কম্পন।
★ সবচেয়ে জোরালো তীব্রতার যে শব্দতরঙ্গ আমাদের কানে সহনীয় তার বিস্ত 10^{-5} m
★ আমাদের কান ক্ষীণতম যে তীব্রতার শব্দতরঙ্গ অনুভব করতে পারে তার বিস্ত প্রায় 10^{-11} m
★ শব্দের তীব্রতার একটি বৃদ্ধি এবং একটি হ্রাস নিয়ে একটি বিট গঠিত হয়।
★ প্রতি সেকেন্ডে সৃষ্ট বিট সংখ্যা উৎসদ্বয়ের কম্পাঙ্কের পার্থক্যের সমান।
★ অজানা কম্পাঙ্কের সুরশলাকার মোম লাগালে যদি বিট সংখ্যা বাড়ে, তাহ অজানা কম্পাঙ্ক জানা কম্পাঙ্কের চেয়ে ছোট হবে আর যদি বিট সংখ্যা ক তাহরে অজানা কম্পাঙ্ক জানা কম্পাঙ্কের চেয়ে বড় হবে।
★ উৎসের সরল দোলন গতির জন্য সুর এবং পর্যাবৃত্ত গতির জন্য স্বর উৎপন্ন হয়
★ সকল হারমোনিক উপসুর, কিন্তু সকল উপসুর হারমোনিক নয়।
★ মূল সুরের কম্পাঙ্ক সবচেয়ে কম।

POLL MACHINE Preparation and Practice are vital for effective delivery

CamScanner

★ স্থির তরঙ্গের উপরস্থ যেসকল বিন্দুতে কণার স্পন্দনের বিস্তার সর্বাধিক হয় অর্থাৎ কণার সরন সর্বোচ্চ হয় সেই সকল বিন্দুকে সুস্পন্দ বিন্দু বলে। স্থির তরঙ্গের উপরস্থ যে সকল বিন্দুতে কণার কোন বিস্তার নেই অর্থাৎ কণার সরন শূন্য হয় সেই সকল বিন্দুকে নিস্পন্দ বিন্দু বলে। পরপর দুটি সুস্থপন্দ বা দুটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব তরঙ্গদৈর্ঘ্যের অর্ধেক।

★ 'সুর' এ কম্পাঙ্কের সংখ্যা একটি।

★ সূর এর মধ্যে বিদ্যমান একাধিক কম্পাঙ্কের সুরের মধ্যে সবচেয়ে কম কম্পাঙ্কের সুর হল মূল সূর বা মৌলিক সুর।

(Ref: ইসহাক স্যার)

★ শব্দ উৎপত্তির মূল উৎসই বস্তুর বন্ধন।

★ অগ্রগামী তরঙ্গের বেগ মাধ্যমের ঘনত্ব ও স্থিতিস্থাপকতার উপর নির্ভর করে।

★ তরঙ্গের সুস্পন্দ বিন্দুর বিস্তার তরঙ্গ সৃষ্টিকারী মূল তরঙ্গের বিস্তারের দ্বিগুণ এর সমান।

★ নিস্পন্দ বিন্দুতে চাপ ও ঘনত্বের পরিবর্তন সর্বাধিক কিন্তু সুস্পন্দ বিন্দুতে তা শূন্য।

★ প্রতি সেকেন্ডে শব্দের পর্যায়ক্রমে হ্রাস বা বৃদ্ধি দ্বারা স্বরকম্পের সংখ্যা নির্ণীত হবে।

★ স্থির তরঙ্গের পরপর দুটি সুস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব তরঙ্গদৈর্ঘ্যের অর্ধেক।

★ শব্দ তরঙ্গে মাধ্যমের কণাগুলো তরঙ্গের গতির অভিমুখের সমান্তরালে কম্পিত হতে থাকে, তাই এটি লম্বিক তরঙ্গ।

★ শব্দোচ্চতা তীব্রতার সাথে বাড়ে তবে সমানুপাতিক হারে নয়। ওয়েবার কেকনার এর সূত্র অনুসারে শব্দোচ্চতা শব্দের তীব্রতার লগারিদম এর সমানু পাতিক।

★ দুটি সুস্পন্দ বা নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব তরঙ্গদৈর্ঘ্যের অর্ধেক।

★ দশা পার্থক্য $= \frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য

★ ভূমি কম্পনের ফলে সৃষ্ট তরঙ্গ আড় ও লাম্বিকের মিশ্রন ধরনের।

★ তরঙ্গ এক স্থান থেকে অন্যস্থানে শক্তি স্থানান্তরিত করে।

★ পথ ও দশা পার্থক্যের সম্পর্ক- $\frac{2\pi}{\lambda} = \frac{\sigma}{\delta}$

★ বস্তুর কম্পাঙ্ক আরোপিত পর্যায়বৃত্ত স্পন্দনের কম্পাঙ্কের সমান হলে অনুনাদ ঘটবে।

★ ঢাকা রেডিও স্টেশন থেকে AM রেডিও তরঙ্গ পাঠানো হয়, এই তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্যের আসন্ন মান- 10^3m।

★ মাইক্রোওয়েভ এর তরঙ্গ দৈর্ঘ্য বেশি।

★ যে তরঙ্গ মাধ্যমের কণাগুলোর কম্পন দিকের সাথে সমকোণে অগ্রসর হয় তাকে আড় তরঙ্গ বলে।

★ শ্রেণী কক্ষের শব্দের তীব্রতা 1×10^{-7} ও তীব্রতা লেভেল 50 dB।

★ **20000Hz এর বেশী হলে তাদের শব্দোত্তর (Ultrasonic) তরঙ্গ বলা হয়। 20 Hz এর নিচে হলে শব্দেতর (Infrasonic) বলে।**

★ **শ্রাব্যতার সীমা: 20Hz থেকে 20000Hz পর্যন্ত তরঙ্গের সীমাকে শ্রাব্যতার সীমা বলে।**

★ **শব্দোচ্চতা বা প্রাবল্যের একক ফন। এর আর একটি একক সোন।**

★ একটি মাত্র বাদ্যযন্ত্র বাজিয়ে সলো (Solo) সৃষ্টি হয়।

★ অনুনাদ Resonance একটি বিশেষ ধরনের- পরবশ কম্পন।

★ **গ্রামোফোন এক প্রকার উন্নত ধরনের ফনোগ্রাফ।**

★ **শব্দের তীব্রতা লেভেল বা স্তর পরিমাপের একক- dB/B।**

★ হারমোনিয়াম থেকে যে শব্দ নিঃসৃত হয় তাকে বলে- সুর। মেলডি, সলো, অর্কেস্টা, স্বরগ্রাম।

★ টেপ রেকর্ডারে যে প্রক্রিয়ার শব্দ রেকর্ড করা হয়-চৌম্বক বল দ্বারা শব্দ তরঙ্গ পরিবর্তনের মাধ্যমে।

★ শব্দের ব্যতিচারের শর্ত -তরঙ্গ দুটির কম্পাঙ্ক ও বিস্তার সমান হবে।

★ **শব্দকে সমবর্তন (বা পোলারায়ন) করা যায়না, কারন শব্দ- আড় তরঙ্গ**

★ একমুখ বদ্ধ নলে শুধুমাত্র যুগ্ম ও অযুগ্ম হারমোনিকগুলো উৎপন্ন হতে পারে।

★ খনিতে দূষিত বাতাসের অস্তিত্ব নির্ণয়ে ব্যবহৃত হয়- বীট

★ উৎসের কম্পন পর্যাবৃত্ত হলে যে শব্দের সৃষ্টি হয় তাকে বলে- **সুশ্রাব্য শব্দ।**

★ **দুটি কম্পমান বস্তুর কম্পাঙ্কের পার্থক্য সর্বোচ্চ 10 পর্যন্ত স্বরকম্প গণনা করা হয়।**

- তৃতীয় আরো এক ধরনের তরঙ্গ আছে তা হলো বস্তু তরঙ্গ। ইলেকট্রন, প্রোটন, নিউট্রন, পরমাণু, অণুর সাথে এই তরঙ্গ সংশ্লিষ্ট।
- শক্তি প্রবাহের দিক অনুসারে তরঙ্গকে তিন ভাগে ভাগ করা হয়েছে-
  (১) **একমাত্রিক তরঙ্গ:** সুতা বরাবর প্রবাহিত তরঙ্গ।
  (২) **দ্বিমাত্রিক তরঙ্গ:** পানির উপরিভাগে প্রবাহিত তরঙ্গ।
  (৩) **ত্রিমাত্রিক তরঙ্গ:** শব্দ তরঙ্গ, আলোক তরঙ্গ।

★ বেতার তরঙ্গ → তাড়িত চৌম্বক তরঙ্গ → সকল তাড়িত চৌম্বক তরঙ্গের বেগ আলোর বেগের সমান। [শূন্য মাধ্যমে] *কোন কিছুর বেগ আলোর বেগের চেয়ে বেশী হয় না।

(Ref: তফাজ্জল স্যার)

★ প্রতি সেকেন্ড শ্রুত স্বরকম্পের সংখ্যা উৎসদ্বয়ের কম্পাঙ্কের পার্থক্যের সমান।

★ অগ্রগামী তরঙ্গে মাধ্যমের সকল কণাই পর্যাবৃত্ত গতি লাভ করে।

★ অনুদৈর্ঘ্য তরঙ্গের সংকোচন অংশে চাপ ও ঘনত্ব সর্বাধিক।

★ শব্দোচ্চতা শব্দের তীব্রতা দ্বারা নির্ধারিত হয়।

★ শব্দ তরঙ্গের ক্ষেত্রে মাধ্যমে এর সমাবর্তন ঘটে না।

★ মাধ্যমের ঘনত্ব বেশি হলে শব্দের তীব্রতা বেশি হয়।

★ গ্যাসীয় মাধ্যমে হতে তরল মাধ্যমে তরঙ্গের বেগ বেশি।

10 আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব

(Ref: শাহজাহান তপন স্যার)

★ উচ্চতাপমাত্রা ও নিম্নচাপে সকল গ্যাসই আদর্শ গ্যাসের ন্যায় আচরণ করে।

★ প্রমাণ চাপ = 760 mm Hg= 1.013×10^5 Nn^{-2} = 1.013×10^5 Pa

★ স্থির তাপমাত্রায় গ্যাসের ঘনত্ব এর চাপের সমাণুপাতিক।

★ স্থির চাপে গ্যাসের ঘনত্ব এর পরম তাপমাত্রার ব্যস্তানুপাতিক।

★ গ্যাসের অনুগুলো সক্রম গতিতে গতিশীল এবং নিউটনের গতিসূত্রসমূহ মেনে চলে।

★ পরম শূন্য তাপমাত্রায় পৌছানোর আগেই সকল গ্যাস তরল বা কঠিন অবস্থায় রূপান্তরিত হয়ে যায়।

★ গ্যাসের চাপ এর একক আয়তনের অনুগুলোর গতিশক্তির দুই তৃতীয়াংশ।

★ কোন গতিশীল সিস্টেমের অবস্থান সম্পূর্ণরূপে প্রকাশ করতে যতগুলো স্থানাঙ্কের প্রয়োজন হয় তার সংখ্যাই হচ্ছে স্বাধীনতার মাত্রা।

★ বায়ুর তাপমাত্রায় একটি নির্দিষ্ট আয়তনের অসম্পৃক্ত জলীয়বাষ্পের চাপ শিশিরাঙ্কে সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপের সমান হবে।

(Ref: ইসহাক স্যার)

★ জলীয় বাষ্প দ্বারা শিশিরাঙ্কে ঐ স্থানের বায়ু সম্পৃক্ত হয়।

★ বায়ুর তাপমাত্রায় একটি নির্দিষ্ট আয়তনের অসম্পৃক্ত জলীয়বাষ্পের চাপ শিশিরাঙ্কে সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপের সমান হবে।

★ O°C তাপমাত্রায় 45° অক্ষাংশে সমুদ্র সমতলে যে পরিমাণ বায়ুচাপ 760 mm পারদস্তম্ভের চাপের সমান হয়, তাকে এক বায়ুমন্ডলীয় চাপ বা এক বায়ুচাপ বলে।

★ কোন কোন স্থানে পানির উৎসের উপস্থিতি, অক্ষাংশ, সমুদ্রপৃষ্ঠ হতে তার অবস্থান প্রভৃতির উপর বায়ুমন্ডলের জলীয় বাষ্পের পরিমাণ নির্ভর করে।

★ মূল গড় বর্গবেগ পরম তাপমাত্রার বর্গমূলের সমানুপাতিক।

★ চাপ কমালে এবং তাপমাত্রা বাড়ালে একটি গ্যাস আদর্শ গ্যাসের ন্যায় আচরণ।

★ স্থির চাপে আয়তন ও তাপমাত্রার সমানুপাতিক সম্পর্ক প্রকাশ করে চার্লসের সূত্র।

(Ref: তফাজ্জল স্যার)

★ পাত্রে আবদ্ধ গ্যাসের গতিশক্তি স্বাধীনতার মাত্রা তিনটির মধ্যে সমভাবে বিভাজিত বা বন্টিত থাকে।

★ কোন তরলের সম্পৃক্ত বায়ুচাপ তাপমাত্রা বৃদ্ধির ফলে হ্রাস পায়।

★ স্ফুটনাংকে তরলের সম্পৃক্ত বাষ্পচাপ তরল পৃষ্ঠের উপরস্থ চাপের চেয়ে অধিক।

★ স্বাভাবিক তাপমাত্রা ও চাপে হাইড্রোজেন অনুর গড় মুক্ত পথ প্রায় 10^{-5} m.

POLL MACHINE Preparation and Practice are vital for effective victory

CamScanner

1. স্থির চাপে কোন গ্যাসের আয়তন যে তাপমাত্রায় শূন্য হয় বা হওয়ার কথা সেই তাপমাত্রাকে পরম শূন্য তাপমাত্রা বলে।

★ $PV = nRT$ হল আদর্শ গ্যাসের সমীকরণ যেখানে P চাপ, V আয়তন, n মোল সংখ্যা, R সর্বজনীন গ্যাস ধ্রুবক এবং যেখানে T তাপমাত্রা নির্দেশ করে।

$0°C$ তাপমাত্রায় বায়ুতে শব্দের বেগ $332ms^{-1}$

★ গ্যাসের আয়তন $-273°C$ তাপমাত্রা অথবা 0K তাপমাত্রায় গ্যাসের শূন্য হয়।

★ $V \propto P^{-1}$ সম্পর্কটি বয়েলের সূত্রকে নির্দেশ করে।

★ নিম্নচাপ ও উচ্চ তাপমাত্রায় বাস্তব গ্যাস আদর্শ গ্যাসের সমীকরণ অনুসরণ করে।

★ পরমশূন্য তাপমাত্রায় আয়তন, চাপ ও গতিশক্তি শূন্য হয়।

★ গ্যাসের RMS বেগ পরম তাপমাত্রার বর্গমূলের সমানুপাতিক।

★ রেখিক গতির স্বাধীনতার মাত্রা তিন।

★ বায়ু 184° এবং হাইড্রোজেন- 269°C তাপমাত্রায় তরল হয়।

★ গ্যাসের অণুগুলোর মোট গতিশক্তি তাপমাত্রার সমানুপাতিক।

★ আবর্তনরত কণার স্বাধীনতার মাত্রা পাঁচ।

★ কোন বস্তুকে গরম করলে ইহার কনাসমূহের গতিশক্তি বৃদ্ধি পায়

★ আদর্শ গ্যাসের স্থিতিশক্তি → শুন্য

★ প্রতিটি অণুর গড় মুক্ত পথ সমান।

★ কোন ব্যক্তি পর্বতের পানি ফুটাতে চাইলে পানির পাত্রকে যে তাপমাত্রায় উত্তপ্ত করতে হবে তা → Lower than 100°C

★ O_2, H_2, N_2, Cl_2 এর $\gamma = 1.41$

★ প্রত্যেক অণুর স্বাধীনতার মাত্রার মোট শক্তির পরিমান $\frac{3}{2}KT$।

★ চাপের একক → প্যাসকেল।

★ সম্পৃক্ত বাষ্পচাপ আয়তনের উপর নির্ভর করে না।

★ সম্পৃক্ত বাষ্প চাপের তালিকা তৈরি করে- বিজ্ঞানী রেনো।

★ **শব্দের বেগের উপর চাপের প্রভাব:** স্থির তাপমাত্রায় শব্দের বেগের উপর গ্যাসের চাপের কোন প্রভাব নেই।

★ **শব্দের বেগের উপর তাপমাত্রার প্রভাব :** গ্যাসে শব্দের বেগ গ্যাসের কেলভিন তাপমাত্রার বর্গমূলের সমানুপাতিক। অর্থাৎ $v \propto \sqrt{T}$

★ **শব্দের বেগের উপর আর্দ্রতার প্রভাব :** আর্দ্র বায়ুতে শব্দের বেগ শুষ্ক বায়ুতে শব্দের বেগের চেয়ে বেশি।

★ **শব্দের বেগের উপর ঘনত্বের প্রভাব:** গ্যাস মাধ্যমে শব্দের বেগ এর ঘনত্বের বর্গমূলের ব্যাস্তানুপাতিক। অর্থাৎ $v \propto \sqrt{\frac{1}{\rho}}$

★ **শব্দের বেগের উপর আর্দ্রতার প্রভাব:** আর্দ্র বায়ুর ঘনত্ব শুষ্ক বায়ুর ঘনত্ব অপেক্ষা কম, কাজেই শুষ্ক বায়ু অপেক্ষা আদ্র বায়ুতে শব্দের বেগ বেশি।

অর্থাৎ $Vm = vd\sqrt{\frac{cd}{cm}}$

★ **শব্দের বেগের উপর বায়ু প্রবাহের প্রভাব:** তরঙ্গ অভিমুখে বায়ু প্রবাহিত হলে শব্দের বেগ বৃদ্ধি পায়। শব্দের গতিবেগের বিপরীত দিকে বায়ু প্রবাহ হলে শব্দে বেগ হ্রাস পায়। উল্লেখ্য, বায়ু প্রবাহ শব্দের অভিমুখে লম্ব দিকে ক্রিয়া করলে শব্দের বেগের কোন পরিবর্তন হয় না।

পদার্থবিজ্ঞান: ২য় পত্র

01 তাপগতিবিদ্যা

★ তাপের মাত্রা সমীকরন $[ML^2T^{-2}]$

★ পদার্থের উচ্চতাপীয় অবস্থা হলো প্লাজমা।

★ 1 ক্যালরি = 4.2 জুল ; 1 জুল = 0.24 ক্যালরি, 1 জুল $=10^7$ erg

★ নিম্ন স্ফুটানাঙ্কের কোনো তরল পরিপার্শ্ব হতে লীনতাপ বা সুপ্ততাপ গ্রহণ পরিপার্শ্বকে শীতল করে তাকে হিমায়ক বলে।

★ যে প্রক্রিয়ায় সিস্টেম থেকে তাপ বাইরে যায় না বা বাইরে থেকে তাপ সিস্ আসে না তাকে রুদ্ধতাপীয় প্রক্রিয়া প্রক্রিয়া বলে।

★ গ্যাসের অভ্যন্তরীন শক্তি নির্ভর করে তাপমাত্রার উপর।

★ বিজ্ঞানী গির্লি তাপের যান্ত্রিক সমতা নির্ণয়ের পদ্ধতি আবিষ্কার করেন।

★ একটি পেট্রোল ইঞ্জিনের কর্মদক্ষতা 30%।

★ পানির হিমাঙ্ক 0^0C বা, 32°F বা, 273K।

★ বিকীর্ণ তাপ চলে আলোর বেগে।

★ মানুষের শরীরের সাধারন তাপমাত্রা 98.4°F এবং সেলসিয়াস স্কেলে তাপমাত্রা 36.9°C/37°C।

★ গ্যাস দ্বারা কাজ সম্পাদিত হলে, অন্তঃস্থ শক্তি হ্রাস পায়;

★ পারদ থার্মোমিটারে তাপমাত্রার পরিসর → $-39°C - 357°C$

★ আলোকীয় পাইরোমিটারে তাপমাত্রার পরিসর → $600°C - 1500°C$

★ যদি কোন তাপ ইঞ্জিন থেকে কোন তাপ বের না হয় তবে ইঞ্জিনের দক্ষতা 100%

★ চাপ, আয়তন, রোধ প্রভৃতি উষ্ণতামিতিক পদার্থ।

02 স্থির তড়িৎ

★ চার্জ সর্বদা পরিবাহীর বাইরের পৃষ্ঠে অবস্থান করে।

★ উত্তল পৃষ্ঠে চার্জ সবচেয়ে বেশি।

★ তড়িৎ বলের একক- নিউটন।

★ ঘর্ষণ পরিবহন ও আবেশ উপায়ে পদার্থকে চার্জিত করা যায়।

★ আপেক্ষিক ভেদনযোগ্যতা সবচেয়ে বেশি- অভ্রের।

★ চার্জের তলমাত্রিক ঘনত্ব এর ক্ষেত্রফলের ব্যস্তানুপাতিক। একক: Cm^{-2}

★ গোলাকার পরিবাহীর ভিতরে প্রাবল্য শূন্য।

★ গোলাকার পরিবাহীর ভিতরের বিভব পৃষ্ঠের বিভবের সমান।

★ বর্তনীতে অ্যামিটার শ্রেণীতে সংযোগ করতে হয় এবং ভোল্ট মিটারে সমান্তরা সংযোগ করতে হয়।

★ কোন পরিবাহীর দৈর্ঘ্য ও প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল একই থাকলে তাপমাত্রা বৃ ফলে এর রোধ বৃদ্ধি পাবে

★ বৈদ্যুতিক হিটারে যে ধাতব তারের কুন্ডলী ব্যবহৃত হয় তার নাম কি? নাইক্রোম

★ একটি পরিবাহীর ব্যাসার্ধ 2 গুন বৃদ্ধি করা হলে তার আপেক্ষিক রোধ বৃদ্ধি → 4 গুন

★ পরিবাহীর চার্জ স্থির রেখে পাতের ক্ষেত্রফল বাড়লে ধারকত্ব বাড়বে।

★ বৈদ্যুতিক বর্তনীতে স্পার্কিং করা হয়।

★ তড়িৎ ক্ষেত্রে যেখানে বলরেখার ঘনত্ব বেশি সেখানে তড়িৎ প্রাবল্য বেশি যে বলরেখার ঘনত্ব কম সেখানে তড়িৎ প্রাবল্যও কম।

★ তড়িৎ বল রেখা চার্জিত পরিবাহীর পৃষ্ঠের সাথে 90° কোনে অবস্থান করে।

★ তড়িৎ ক্ষেত্র ও তলের অভিলম্ব সমান্তরালে → তড়িৎ ফ্লাক্স সর্বাধিক।

★ তড়িৎ ক্ষেত্র ও তলের অভিলম্ব সমকোণে → তড়িৎ ফ্লাক্স শূন্য।

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

03 চল তড়িৎ

★ আয়রনের একটি দন্ডের তাপমাত্রা বাড়ালে বিদ্যুৎ পরিবাহিতা হ্রাস পায়।
★ অ্যামিটার এর সাহায্যে বিদ্যুৎ প্রবাহ মাত্রা, ভোল্টমিটার এর সাহায্যে বিভব এবং গ্যালভানোমিটারের সাহায্যে বিদ্যুৎ প্রবাহের অস্তিত্ব নির্ণয় করা যায়।
★ মিটার ব্রীজ, পোষ্ট অফিস বক্স হুইটস্টোন ব্রীজ নীতিতে কাজ করে এবং পটেনশিওমিটার বিভব পতন পদ্ধতিতে কাজ করে।
★ আবিষ্ট তড়িৎচালক বল E এর রাশিমালায় ঋণাত্মক চিহ্নটির উৎস হলো- তড়িৎ আধানের সংরক্ষণ সূত্র।
★ ক্ষমতা নির্ণয়ে পটেনশিওমিটার ব্যবহৃত হয়।
★ একটি বর্তনীতে অ্যামিটারকে শ্রেনী সমবায়ে এবং ভোল্ট মিটারকে সমান্তরাল সমবায়ে যুক্ত করতে হয়।
★ $1k\text{-}Wh = 1000Wh = (1000\times3600)J = 3.6\times10^6J$
★ সিমেন্স পরিবাহিতার একক।
★ তাপমাত্রা বৃদ্ধি করলে পরিবাহী পদার্থের বিদ্যুৎ পরিবাহিতা হ্রাস পায় এবং রোধ বাড়ে। তাপমাত্রা বৃদ্ধি করলে অর্ধপরিবাহী পদার্থের বিদ্যুৎ পরিবাহিতা বৃদ্ধি পায় এবং রোধ কমে।
★ সান্ট হিসেবে সাধারনত 1Ω অপেক্ষা কম মানের রোধ ব্যবহার করা হয়।
★ একটি তামার তারের টুকরোর রোধ 100 গুন বাড়াতে হলে তাকে টেনে 10 গুন লম্বা করতে হবে।
★ পোস্ট অফিস বক্সের সাহায্যে অজ্ঞাত রোধের মান কত দশমিক স্থান পর্যন্ত ঠিক ভাবে নির্ণয় করা যায়? → দুই
★ রোধ হয় পরিবাহীর এবং আপেক্ষিক রোধ হয় পরিবাহীর উপাদানের
★ একটি বৈদ্যুতিক বাতির মাধ্যমে বিদ্যুৎ শক্তিকে রূপান্তরিত করে পাওয়া যায় ⇨ তাপশক্তি ও আলোক শক্তি
★ দুটি ভিন্ন পদার্থের তৈরী ধাতব তারের দুই প্রান্ত যুক্ত করে একটি বদ্ধ বর্তনী তৈরী করে সংযোগ স্থল দুটিকে ভিন্ন তাপমাত্রায় রাখলে একটি তড়িচ্চালক শক্তির উদ্ভব হয় এবং বর্তনীর মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ চলতে থাকে। একে বলা হয় ⇨ সীবেক ক্রিয়া
★ দুটি ভিন্ন ধাতুর তৈরি একটি তাপ বিদ্যুৎ যুগলের মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহ চালনা করলে তাপ বিদ্যুৎ যুগলের সংযোগ স্থলে তাপ উদ্ভত বা শোষিত হওয়াকে বলে ⇨ পেলশিয়ার ক্রিয়া
★ তড়িৎ বিশ্লেষণের ব্যবহারিক প্রয়োগ হচ্ছে- ⇨ 01. তড়িৎ প্রলেপন 02. ইলেকট্রোটাইপিং 03. ধাতু নিষ্কাশন 04. ধাতু শোধন
★ অসমভাবে উত্তপ্ত কোন পরিবাহকে তড়িৎ প্রবাহ চালনা করলে পরিবাহকের কোথাও তাপের উদ্ভব হয় এবং কোথাও তাপের শোষণ হয়। একে বলা হয়- ⇨ জুল থমসন ক্রিয়া $1V = 1JC^{-1}$
★ প্রবাহ এবং পরিবাহকের রোধ অপরিবর্তিত থাকলে তড়িৎ প্রবাহের ফলে উদ্ভূত তাপ প্রবাহকালের সাথে ⇨ সমানুপাতিক
★ বৈদ্যুতিক বাল্বে যে সরু ধাতব তার থাকে তা টাংস্টেন পদার্থ দিয়ে তৈরি।
★ রাসায়নিক তুল্যাঙ্ক (Chemical Equivalent) পারমাণবিক ভর ও যোজ্যতার অনুপাত। তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্কের একক ⇨ Kg/C
★ শব্দশক্তিকে তড়িৎশক্তিতে পরিবর্তন করা যায় মাইক্রোফোন যন্ত্রের সাহায্যে।
★ কোন যন্ত্র তড়িৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করে ⇨ মোটর
★ পরিবাহীর রোধ তার দৈর্ঘ্যের সমানুপাতিক। $R \propto L$
★ পরিবাহীর আপেক্ষিক রোধ এর উপাদান ও তাপমাত্রার উপর নির্ভরশীল।
★ R রোধ বিশিষ্ট কোন পরিবাহীর ভিতর দিয়ে t সময়ব্যাপী I পরিমাণ বিদ্যুৎ প্রবাহ চালনা করলে পরিবাহীতে উদ্ভূত তাপের পরিমাণ ⇨ I^2Rt

04 তড়িৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া ও চুম্বকত্ব

★ ইস্পাত ও বরফে μ_s এর মান 0.35
★ স্থির চার্জের উপর চৌম্বক বলের পরিমান শূন্য।
★ কাচ, তামা, সোনা ডায়াচৌম্বক পদার্থ।
★ আয়রনের একটি দন্ডের তাপমাত্রা বাড়ালে বিদ্যুৎ পরিবাহিতা বৃদ্ধি পায়।
★ গতিশীল চার্জের উপর চৌম্বক ক্ষেত্র যে বল প্রয়োগ করে তাকে বলে- লরেঞ্জ বল।
★ যে তাপমাত্রায় ফেরোচৌম্বক পদার্থ প্যারাচৌম্বক পদার্থে পরিনত হয় তাকে কুরি তাপমাত্রা বলে।
★ কাঁসা, পিতল, স্বর্ণ সবগুলোই অচৌম্বক পদার্থ।
★ চৌম্বক ক্ষেত্রে গতিশীল আধান যে বল লাভ করে তা আধানের বেগ ও চৌম্বকক্ষেত্রের উপর নির্ভর করে।
★ টেসলা চৌম্বক ক্ষেত্রের একক।
★ $1 \text{ টেসলা} = 1Wbm^{-2} = 1NA^{-1}m^{-1} = 10^4 \text{ gauss}$
★ ঢাকার বিচ্যুতি কোণ হচ্ছে $\left(\frac{1}{2}\right)^\circ$ পূর্ব।
★ ঢাকার বিনতি কোণ 31°N। দুই মেরুতে বিনতি কোণ 90° এবং বিষুবরেখায় 0°।
★ চুম্বকের আকরিকের নাম ম্যাগনেটাইট এবং সংকেত Fe_3O_4
★ আয়রন অক্সাইড ও বেরিয়াম অক্সাইডের মিশ্রণে তৈরি-সিরামিক চুম্বক তৈরি করে
★ চৌম্বক ফ্লাক্স (φ): ওয়েবার (wb) বা NmA^{-1}
★ চৌম্বক ক্ষেত্র (B)/ চৌম্বক ফ্লাক্স ঘনত্ব/চৌম্বক আবেশ: wbm^{-2} বা Tesla বা $NA^{-1}m^{-1}$ বা gauss
★ ভূ-পৃষ্ঠের চৌম্বক ক্ষেত্রের মান: $10^{-4}T$ বা 1 gauss = $10^{-4}T$
★ চুম্বকীয় আবেশ বিদ্যুৎ প্রবাহমাত্রার সমানুপাতিক।
★ চৌম্বক বলরেখা বদ্ধ বক্ররেখা।
★ চৌম্বক বলরেখা পরস্পরকে কখনোই ছেদ করে না।
★ স্থির চার্জের উপর চৌম্বকক্ষেত্র কোন বল প্রয়োগ করে না।
★ যে তাপমাত্রায় ফেরোচৌম্বক পদার্থ প্যারাচৌম্বকে পরিণত হয় → কুরী তাপমাত্রা।
★ নিকেল দিয়ে সর্বপ্রথম স্থায়ী চুম্বক তৈরি করা হয়।
★ বিদ্যুৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া আবিষ্কার করেন ওয়েরস্টেড।
★ বৈদ্যুতিক কলিং বেলে অস্থায়ী চুম্বক ব্যবহৃত হয়।
★ চুম্বককে পথ প্রদর্শন প্রস্থর বলা হয়।
★ চুম্বকত্ব চুম্বকের একটি ভৌত ধর্ম।
★ ইস্পাতের সহনশীলতা নরম লোহা অপেক্ষা বেশী।
★ স্থায়ী চৌম্বক: ইস্পাত, টাংস্টেন-ইস্পাত, অ্যালনিকো।

POLE MACHINE
Preparation and Practice are vital for effective delivery

05 তড়িৎ চুম্বক আবেশ ও দিক পরিবর্তী প্রবাহ

★ ঘর্ষণ পরিবহন ও আবেশ এ ৩ টি চার্জিত করার উপায়।
★ স্বকীয় ও পারস্পরিক আবেশ গুনাংকের একক $V\text{–}sA^{-1}$ বা Henry।
★ আবিষ্ট তড়িৎচালক বল E এর রাশিমালায় ঋণাত্মক চিহ্নটির উৎস হলো তড়িৎ আধানের সংরক্ষণ সূত্র।
★ লেঞ্জ-এর সূত্র দ্বারা আবিষ্ট তড়িৎপ্রবাহের দিক নির্ণয় করা যায়।
★ যেখানে পাক সংখ্যা বেশী সেখানে বিভব বেশী; পাক সংখ্যা কম হলে বিভব কম।
★ স্টেপ আপ ট্রান্সফরমার নিম্ন বিভব কে উচ্চ বিভবে রূপান্তরিত করে। স্টেপ ডাউন ট্রান্সফরমার উচ্চ বিভব কে নিম্ন বিভবে রূপান্তরিত করে।
★ বিদ্যুৎ কেন্দ্রে step up transformar ব্যবহার করা হয়। জেলা,উপজেলা, গ্রামে step down transformar ব্যবহার করা হয়।
★ বিদ্যুৎ কেন্দ্রে বিদ্যুৎ উৎপন্ন হয়। 1400-2000 Volt. (জাতীয় গ্রীডে বিদ্যুৎ পাঠানো হয় 2,75,000 Volt. Step up transformar দ্বারা বিভব বাড়ানো হয়)
★ বিদ্যুৎবাহী একটি লম্বা সোজা তারের চৌম্বকক্ষেত্র থাকে → তারের উপর লম্বভাবে
★ নিম্নের কোন যন্ত্রে বিদ্যুৎ চুম্বকীয় আবেশ প্রয়োগ করা হয় নাই? → টেলিফোন

CamScanner

★ দিক পরবর্তী প্রবাহের গড় মান ঐ প্রবাহের শীর্ষমানের 0.637 গুন বা 63.7% এবং দিক পরবর্তী প্রবাহের কার্যকর মান ঐ প্রবাহের শীর্ষমানের 0.707 গুন বা 70.7%
★ তার কুণ্ডলীতে আবিষ্ট তড়িচ্চালক শক্তির মান সময়ের সাথে কুণ্ডলী দিয়ে অতিক্রান্ত চৌম্বক ক্ষেত্ররেখার সংখ্যা বা চৌম্বক ফ্লাক্স এর পরিবর্তনের হারের সমানুপাতিক।
★ বদ্ধ কুণ্ডলীতে তড়িচ্চালক বল আবিষ্ট হয় তখনই যখন কুণ্ডলীতে তড়িৎ প্রবাহ, হ্রাস বা বৃদ্ধি পায়।
★ আমাদের দেশে যে পর্যাবৃত্ত প্রবাহ ব্যবহার করা হয় তা প্রতি সেকেন্ডে ৫০ বার দিক পরিবর্তন করে।
★ তড়িৎ কুণ্ডলীতে আবিষ্ট তড়িচ্চালক বলের পরিমাণ নির্ভর করে
- চৌম্বক ক্ষেত্রের প্রাবল্য
- ঘূর্ণন অক্ষ
- কুণ্ডলীর ঘূর্ণন গতি

06 জ্যামিতিক আলোকবিজ্ঞান

★ দুই বা ততোধিক লেন্সকে পরস্পরের সংস্পর্শে স্থাপন করলে তুল্য লেন্সের ক্ষমতা পৃথক পৃথক লেন্সের ক্ষমতার যোগফলের সমান
★ বেগুনি রং এর বিচ্যুতি সবচেয়ে বেশি।
★ নভো দূরবীক্ষণ যন্ত্র জোহান ক্যাপলার1611সালে আবিস্কার করেন।
★ ফ্লিন্ট কাচ এর প্রতিসরাঙ্ক = 1.580, হীরক → 2.419, বরফ → 1.31
★ আলোক রশ্মি লম্বভাবে দুটি মাধ্যমের বিভেদতলে আপাতিত হলে প্রতিসরণ কোণের মান হবে 0°।
★ আলোর সরল পথে চলন ধর্মের জন্য ছায়া তৈরি হয়।
★ আলোর পূর্ণ অভ্যন্তরীন প্রতিফলন ধর্মের উপর নির্ভর করে অপটিক্যাল ফাইবার তৈরি করা হয়েছে। মরিচিকার সৃষ্টি হয় পূর্ণ অভ্যন্তরীন প্রতিফলন এর মাধ্যমে।
★ নিউটন দূরবীক্ষণ,গ্রেগরী দূরবীক্ষণ ও হার্সেল দূরবীক্ষণ প্রতিফলক দূরবীক্ষণ যন্ত্র। প্রতিসরন দুরবীক্ষণ যন্ত্র হলো নভো বা জ্যোতি দুরবীক্ষণ যন্ত্র,ভূ-দূরবীক্ষণ যন্ত্র, গ্যালিলিও দূরবীক্ষণ।
★ বিজ্ঞানী টমাস ইয়ং, ১৮০১ সালে আলোকের ব্যতিচার আবিষ্কার করেন।
★ মৌলিক বর্ণ হল আসমানী, সবুজ, লাল অর্থাৎ আসল।
★ পানি কাঁচ গ্লিসারিন বিচ্ছুরক মাধ্যম বায়ু বিচ্ছুরক মাধ্যম নয়।
★ মসৃন সমতল দর্পণে আলোর নিয়মিত প্রতিফলন হয়।
★ কোন দর্পণের একেবারে নিকটে একটি আঙ্গুল খাড়াভাবে স্থাপন করলে যদি সোজা বিম্ব লক্ষ্যবস্তুর চেয়ে ছোট হয় তাহলে দর্পণটি উত্তল দর্পণ দর্পণ।
★ তরঙ্গদৈর্ঘ্য $(\lambda) \propto \frac{1}{\text{কম্পাঙ্ক/শক্তি/বিচ্যুতি/বিক্ষেপণ/বিচ্ছুরণ/প্রতিসরাঙ্ক}}$
অর্থাৎ, যার তরঙ্গদৈর্ঘ্য যত বেশি তার এইসবগুলো কম হবে।
★ তরঙ্গদৈর্ঘ্য $(\lambda) \propto$ বেগ।
★ **মূলবর্ণ:** যে বর্ণের আলোক রশ্মি প্রিজমের মধ্যদিয়ে গমন করলে কোনো বিচ্ছুরন ঘটেনা তাকে মূলবর্ণ বলে। যেমন: লাল, নীল, আসমানী ইত্যাদি হলো মূলবর্ণ।
★ লাল, সবুজ ও নীলকে প্রাথমিক বর্ণ বলে।
★ বিপদ সংকেতে সব সময় লাল আলো ব্যবহার করা হয়- লাল বর্ণের আলোর বিক্ষেপন কম বলে।
★ বায়ুমন্ডল থাকার জন্য সূর্যালোকের বিক্ষেপণ ঘটে। তাই পরিষ্কার আকাশ নীল দেখায়। চাঁদে বায়ুমন্ডল নেই তাই বিক্ষেপণ ঘটে না। তাই চাঁদে আকাশ কালো দেখায়।
★ সূর্য উদয় এবং সূর্যাস্তের সময় দিগন্ত রেখায় আকাশ লাল দেখায় কারণ লাল আলোর বিক্ষেপণ কম।
★ **আলোকের বিচ্ছুরন:** সাদা আলোক রশ্মি প্রিজমের মধ্যদিয়ে প্রতিসরনের ফলে 7 টি মূল বর্ণের আলোকে বিভক্ত হওয়াকে আলোর বিচ্ছুরন বলে।
★ রংধনু সৃষ্টি হয় আলোর বিচ্ছুরণের ফলে প্রতিফলন ও প্রতিসরণের মাধ্যমে। শূন্যস্থানে আলোর বিচ্ছুরণ হয় না।
★ বীক্ষণ কোণের জন্য দূরের বস্তু ছোট এবং কাছের বস্তু বড় দেখায়। সূর্য আমাদের চোখে প্রায় একই বীক্ষণ কোণ উৎপন্ন করে। তাই এদেরকে প্রায় বলে মনে হয়।
★ **লাল আলো:** তরঙ্গ দৈর্ঘ্য বেশী, বিচ্যুতি কম, বিচ্ছুরন কম, কম্পাঙ্ক কম, বেগ
★ **বেগুনী আলো:** তরঙ্গ দৈর্ঘ্য কম, বিচ্যুতি বেশী, বিচ্ছুরন বেশী, কম্পাঙ্ক বেশি, বেগ
★ একটি কাচ লেন্সের পানিতে ফোকাস দূরত্ব বায়ুতে ফোকাস দূরত্বের চারগু
★ হলুদ বর্ণের রশ্মিকে মধ্য রশ্মি বলা হয়।
★ মরীচিকা পূর্ণ অভ্যন্তরীন প্রতিফলনের দৃষ্টান্ত।
★ কাচে বেগুনী বর্ণের আলোর বেগ লাল বর্ণের আলোর বেগের চেয়ে 1.8 গুন ক

07 ভৌত আলোকবিজ্ঞান

★ **হাইগেনসের নীতি:** তরঙ্গ মুখের প্রতিটি বিন্দুকে নতুন গোলকীয় তরঙ্গে হিসেবে গন্য করা যায়।
★ হাইগেনসের নীতির সাহায্যে প্রতিফলন ও প্রতিসরণের সূত্র প্রতিপাদন করা
★ আলো এক মাধ্যম থেকে অন্য মাধ্যমে প্রবেশ করলে বেগ ও তরঙ্গের পরিবর্তন
★ **চির বা Slit:** সরু ছিদ্র পথে দৈর্ঘ্যের তুলনায় সরু ছিদ্রের প্রস্থের মান খু হলে তাকে চির বা Slit বলে।
★ **সুসঙ্গত উৎস:** দুটি উৎস হতে সমদশাসম্পন্ন বা কোনো নির্দিষ্ট দশা পার্থক্যের তরঙ্গদৈর্ঘ্যের দুটি আলোক তরঙ্গ নিঃসৃত হলে তাদেরকে সুসঙ্গত উৎস বলে।
★ **ব্যতিচার:** দুটি সুসংগত উৎস হতে নি:সৃত তরঙ্গদ্বয়ের উপরিপাতনের ফ আলোর তীব্রতার তারতম্যকে ব্যতিচার বলে।
★ **গঠনমূলক ব্যতিচার:** উপরিপাতনের ফলে উজ্জ্বল বিন্দু পাওয়া গেলে গঠনমূলক ব্যতিচার বলে।
★ **ধ্বংসাত্বক ব্যতিচার:** উপরিপাতনের ফলে অন্ধকার বিন্দু পাওয়া গেলে ধ্বংসাত্বক ব্যতিচার বলে।

08 আধুনিক পদার্থবিজ্ঞানের সূচনা

★ আলোক তড়িৎ ক্রিয়া কোয়ান্টাম তত্ত্বকে সমর্থন করে।
★ বিজ্ঞানী হাইগেনস সর্বপ্রথম আলোর তরঙ্গতত্ত্ব প্রদান করেন।
★ ক্যান্সার ও হৃদরোগ চিকিৎসায় রেডিও আইসোটোপ ব্যবহার করা হয়।
★ আলোর কণা ও তরঙ্গ উভয় ধর্ম তড়িৎ চুম্বকীয় তত্ত্বের সাহায্যে ব্যাখ্যা করা স
★ ক্যাথোড রশ্মি হল → Electrons
★ লেজার রশ্মির বৈশিষ্ট্য → Monochromatic
★ আলোক রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য λ ও এর ফোটনের শক্তি E এর মধ্যে সম্পর্ক
$E = \frac{hc}{\lambda} \quad \therefore E \propto \frac{1}{\lambda}$
★ তরঙ্গ দৈর্ঘ্য বড় থেকে ছোট হিসাবে সাজালে রেডিওওয়েভ, মাইক্রোওয়ে অবলোহিত, দৃশ্যমান, অতিবেগুনী, এক্স-রে, গামা-রে।
★ লেজার রশ্মির একরঙা, সঙ্গত, তীব্র।
★ আলোক তড়িৎ ক্রিয়ার একটি বাস্তব উদাহরণ লেজার রশ্মি।
★ গামা রশ্মির আধান ঋণাত্বক।
★ বিশেষ আপেক্ষিক তত্ত্ব, অনুযায়ী একটি বস্তুকণা আলোর গতিতে চলতে পা কারণ ভর অসীম হবে।
★ ইউনেস্কো ২০০৫ সালকে আন্তর্জাতিক পদার্থবিজ্ঞান বর্ষ হিসাবে ঘোষণা ক যে পদার্থবিজ্ঞানীর প্রতি সম্মান প্রদর্শনের জন্য এই ঘোষণা করা হয়েছে হলেন আইনস্টাইন।
★ অ্যালবার্ট আইনস্টাইন আলোর আপেক্ষিক তত্ত্ব আবিষ্কারের জন্য নো পুরস্কার লাভ করেন।
★ ভরের আপেক্ষিক তত্ত্ব অনুসারে বস্তুর দ্রুত আলোর দ্রুতির কাছাকাছি পৌছা ভর বৃদ্ধি পেতে থাকে।

POLE MACHINE
Preparation and Practice are Vital for effective delivery

CamScanner

★ স্থিতিস্থাপক বল, আণবিক গঠন, রাসায়নিক বিক্রিয়া ইত্যাদিতে তড়িৎ চুম্বকীয় বলের প্রকাশ ঘটে।
★ একটি আদর্শ কৃষ্ণবস্তু সকল তরঙ্গদৈর্ঘ্যের তাপশক্তি শোষণ করতে পারে।
★ তাপমাত্রা বৃদ্ধি পেলে কৃষ্ণাস্থ হতে মোট বিকীর্ণ শক্তি বৃদ্ধি পায়।
★ ইলেকট্রনের বেগ (v) এবং প্রযুক্ত বিভব পার্থক্যের (নিবৃত্তি বিভব v) সম্পর্ক হলো : $v = \sqrt{\frac{2eV}{m}}$
★ আলোক তড়িৎ ক্রিয়ার বৈশিষ্ট্য হলো আলোক তড়িৎ প্রবাহমাত্রা আপতিত আলোর তীব্রতার সমানুপাতিক।

09 পরমাণুর মডেল এবং নিউক্লিয়ার পদার্থবিজ্ঞান

★ মানবদেহে ক্যান্সার আক্রান্ত 'সেলকে' ধ্বংস করতে গামারশ্মি ব্যবহৃত হয়।
★ বাংলাদেশে পারমাণবিক বিদ্যুৎ চুল্লীতে উৎপন্ন পারমাণবিক বর্জ্যগুলো রাশিয়ার পাঠানো হবে।
★ সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে কত সময় লাগে ৮ মিনিট ২০ সেকেন্ড।
★ সূর্যের ভিতরে যে প্রক্রিয়ায় শক্তি তৈরি হয় সেটি হচ্ছে- ফিউশন বিক্রিয়া।
★ নক্ষত্রের নিউক্লিয়ার ফিউশন বিক্রিয়া ঘটে।
★ পরমাণু: পরমাণু তিনটি মৌলিক কণিকা ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন দ্বারা গঠিত।
★ পরমাণুর ব্যাস : 10^{-10} m. প্রায়
★ পরমাণুর নিউক্লিয়াসের ব্যাস : 10^{-15} m.
★ নিউক্লিয়াস প্রোটন ও নিউট্রনের সমন্বয়ে গঠিত
★ নিউক্লিয় বল : প্রোটন ও নিউট্রনগুলো এক প্রকার আকর্ষন বলে পরস্পরের সাথে দৃঢ় ভাবে আবদ্ধ থাকে। এই বলকে নিউক্লিয় বল বলে।
★ হাইড্রোজেন নিউক্লিয়াসে নিউট্রন নাই।
★ বোরের কক্ষ পথের ব্যাসার্ধ বা হাইড্রজেন পরমাণুর ব্যাসার্ধ 0.534^0 বা 0.529×10^{-10}m
★ ভেদন ক্ষমতা : $\gamma > \beta > \alpha$
★ আয়নায়ন ক্ষমতা : $\alpha > \beta > \gamma$
★ প্রতি ফিশনে গড়ে 2.5 সংখ্যক নিউট্রন সৃষ্টি হয়।
★ প্রতি ফিশনে গড়ে প্রায় 200 Mev শক্তি উৎপন্ন হয়।
★ ফিউশন 10^8C তাপমাত্রায় সংঘটিত হয়। এ বিক্রিয়াকে তাপ নিউক্লিয় বিক্রিয়া বলে।
★ উদযান বোমা (Hydrogen Bomb): ফিউশন নীতির উপর ভিত্তি করে তৈরী হয়েছে।
★ পারমাণবিক বোমা ঃ ফিশন পদ্ধতির উপর ভিত্তি করে তৈরী হয়েছে।
★ 1 ইউরেনিয়াম থেকে ফিশন প্রক্রিয়ায় 8.2×10^{10}J শক্তি উৎপন্ন হয়।
★ 1 a.m u = 1.66057×10^{-27}kg = 934 Mev.
★ ফিউশনে হাইড্রোজেন আইসোটোপ- ডিউটেরন, ট্রিটিয়াম বা ট্রাইটান ব্যবহার করা হয়।
★ ফিউশনে বিমুক্ত শক্তি: 17.6 MeV
★ হাইড্রোজেন বোমায় ফিউশান ঘটে।
★ সূর্যের অভ্যান্তরে 35% হাইড্রোজেন আছে।
★ ট্রিটিয়াম পরমাণুর নিউক্লিয়াসকে ট্রাইটান বলে।
★ α, β ও γ রশ্মির আয়নায়ন ক্ষমতার অনুপাত 1000ঃ100ঃ1
★ কার্বন- $^{14}_{6}C$ এর অবক্ষয় ব্যবহার করে জৈব পদার্থের বয়স নির্ণয় করা হয়।
★ রেডিয়ামের তেজস্ক্রিয়তা ইউরেনিয়ামের চেয়ে দশ লক্ষ গুণ বেশি।
★ α- কণা দ্বারা Al কে আঘাত করলে তেজস্ক্রিয় P তৈরি হয়।

10 সেমি কন্ডাকটর ও ইলেকট্রনিক্স

★ সেলেনিয়াম সেমিকন্ডাক্টর নয়।
★ সৌরকোষ একটি- ইলেকট্রনিক যন্ত্র।
★ তাপমাত্রা বৃদ্ধি করলে অর্ধপরিবাহীর তড়িৎ পরিবাহিতা বৃদ্ধি পায়।
★ জার্মেনিয়ামের শক্তি ব্যবধান 0.7eV; সিলিকনের ক্ষেত্রে 1.1eV।
★ পরমশূন্য তাপমাত্রায় এরা অন্তরক।

11 জ্যোর্তিবিজ্ঞান

★ পদার্থের উচ্চতাপীয় অবস্থা হলো- প্লাজমা।
★ "মহাবিশ্ব প্রতিনিয়ত প্রসারিত হচ্ছে" বিষয়টি উপস্থাপন করেন- এডুইন হাবল।
★ সূর্যের ভরের তুলনায় অনেক ভারী নক্ষত্রগুলো জ্বালানি শেষ হলে সংকোচন অত্যন্ত তীব্র হয় এবং মূল অংশের ঘনত্ব এত বেড়ে যায় যে প্রচণ্ড বিস্ফোরণের মধ্য দিয়ে মৃত্যুবরণ করে। এই প্রচণ্ড বিস্ফোরণকে বলা হয় সুপারনোভা বিস্ফোরণ।
★ এই বিস্ফোরণের পর নক্ষত্রের মূল অংশের ভর অনুযায়ী তারা নিউট্রন তারকা অথবা কৃষ্ণ গহ্বরে পরিণত হয়।
★ মঙ্গল গ্রহে রয়েছে সৌরজগতের সবচেয়ে উঁচু আগ্নেয়গিরির অবস্থান। শৃঙ্গটির মান 'অলিম্পাস মন্স'। উচ্চতা 24 কিলোমিটার।
★ আপেক্ষিক তত্ত্বের জনক → আইনস্টাইন
★ মহাবিস্ফোরন তত্ত্বের প্রবর্তক → জর্জ লেমিটার
★ মহাবিশ্বের প্রসারন আবিষ্কার করেন → হাবল
★ ফোটন, বোসন এবং গ্রাভিটন কনার সমন্বয়ে গঠিত কনা হল → ক্ষেত্রকণা
★ হিগস বোসন কনাকে ঈশ্বর কনা বলা হয়।
★ সূর্যের নিকটতম নক্ষত্র হল আলফা সেন্টুরি।
★ আমরা যে গ্যালাক্সিতে বাস করি তার নাম আকাশ গঙ্গা (Milky Way)
★ কৃষ্ণ গহ্বরের আবিষ্কারক -বিজ্ঞানী হুইলার
★ হাবল বিধি: অপসারণ বেগ= হাবল ধ্রুবক বা হাবল পরামিতি×দূরত্ব (V=Hd)
★ নক্ষত্রের মৃত্যু: রক্তিম দৈত্য → শ্বেত বামন → কালো বামন → নক্ষত্রের মৃত্যু
★ সূর্যের আয়ুস্কাল : 1010 কোটি বছর প্রায়। সূর্যের বর্তমান বয়স 505 কোটি বছর প্রায়।
★ সৌরজগতে ৮টি গ্রহ এবং ৩২টি উপগ্রহ আছে। বুধ ও শুক্রের কোনো উপগ্রহ নেই।
★ শুক্রকে পৃথিবীর যমজ গ্রহ বলা হয়।
★ নেপচুনকে ইউরেনাসের যমজ গ্রহ বলা হয়।
★ সৌরজগতের সবচেয়ে বৃহত্তম গ্রহ হল বৃহস্পতি।
★ এরিসকে বলা হয় বামন গ্রহের মধ্যে সবেচেয় বৃহৎ গ্রহ।

নিউট্রন ক্ষরণ	:	নিউট্রন → প্রোটন + ইলেকট্রন + নিউট্রিনো।
আণবিক নিউট্রন ক্ষরণ	:	(i) নিউট্রন → প্রোটন + π মেশন (ii) π মেশন → μ মেশন + নিউট্রিনো (iii) μ মেশন → ইলেকট্রন + নিউট্রিনো।
ফলাফল	:	নিউট্রন → প্রোটন + ইলেকট্রন + ২ নিউট্রিনো + এন্টিনিউট্রিনো।

POLL MACHINE Preparation and Practice as vital for effective delivery

CamScanner

গণিত ১ম পত্র

অধ্যায় 01 ম্যাট্রিক্স ও নির্ণায়ক

TOPICS 01 ম্যাট্রিক্স পরিচিতি

একনজরে বিভিন্ন ম্যাট্রিক্সের মান নির্ণয়

• ম্যাট্রিক্সের কোন মান নেই। তবে বর্গ ম্যাট্রিক্সকে নির্ণায়ক আকারে প্রকাশ করে সেই নির্ণায়কের মান নির্ণয় করা যায়।	$A=\begin{bmatrix}a & b\\ c & d\end{bmatrix}$ বর্গ ম্যাট্রিক্সের নির্ণায়কের মান, $\lvert A\rvert = \text{Det}(A) = ad-bc$
• কর্ণ ম্যাট্রিক্সের মান/নির্ণায়ক = abc • স্কেলার ম্যাট্রিক্সের মান = a^3 • অভেদক ম্যাট্রিক্সের মান = 1 • কর্ণ ম্যাট্রিক্সের a = b = c হলে, উহা স্কেলার।	$\begin{bmatrix}a & 0 & 0\\ 0 & b & 0\\ 0 & 0 & c\end{bmatrix} \rightarrow \begin{bmatrix}a & 0 & 0\\ 0 & a & 0\\ 0 & 0 & a\end{bmatrix} \rightarrow \begin{bmatrix}1 & 0 & 0\\ 0 & 1 & 0\\ 0 & 0 & 1\end{bmatrix}$ কর্ণ ম্যাট্রিক্স স্কেলার ম্যাট্রিক্স অভেদক ম্যাট্রিক্স
মান নির্ণয় সংক্রান্ত শটকার্ট ধর্ম	n-ক্রমের ম্যাট্রিক্স A এর জন্য $\lvert MA\rvert = M^n \lvert A\rvert$ [যেখানে M = স্কেলার রাশি, $\lvert A\rvert$ = নির্ণায়কের মান]

☐ অভেদক ম্যাট্রিক্সের বৈশিষ্ট্য:
i. $AI = IA$ ii. $A.A^{-1} = A^{-1}A = I$



Note: (1) মূখ্য কর্ণের উপাদান গুলোর যোগফলকে ট্রেস (a + y + r) বলে।

Model EXAMPLE $\begin{vmatrix}2 & 3 & 4\\ 7 & 8 & 5\\ 9 & 3 & 1\end{vmatrix}$ ম্যাট্রিক্সের ট্রেস কত?

Shortcut Sol^n ম্যাট্রিক্সের ট্রেস = 2 + 8 + 1 = 11

Model EXAMPLE A একটি 3×3 বর্গ ম্যাট্রিক্স এবং $\lvert A\rvert = 8$ হলে $\lvert 2A\rvert$ এর মান কোনটি?

Shortcut Sol^n Here, $\lvert A\rvert = 8$, $\lvert 2A\rvert = 2^3 \lvert A\rvert = 8 \times 8 = 64$

Model EXAMPLE A একটি (3×3) ক্রমের ম্যাট্রিক্স এবং I একই ক্রমের একক ম্যাট্রিক্স হলে AI^3 এর মান কোনটি?

Shortcut Sol^n $I^n = I$, $AI^3 = AI = A$

TOPICS 02 ম্যাট্রিক্সের মাত্রা, যোগ, বিয়োগ, গুণ ও সমতা

- দুটি ম্যাট্রিক্সের মাত্রা সমান না হলে যোগ বা বিয়োগ করা যায় না।
- দুটি ম্যাট্রিক্স A ও B এর গুণফল AB নির্ণয় করা যাবে যদি A ম্যাট্রিক্সের কলাম সংখ্যা B ম্যাট্রিক্সের সারি সংখ্যার সমান হয়।

A ম্যাট্রিক্সের ক্রম m × n এবং B ম্যাট্রিক্সের ক্রম n × p হলে AB ম্যাট্রিক্সের ক্রম হবে m × p

Model EXAMPLE A, B এবং C ম্যাট্রিক্সগুলোর মাত্রা যথাক্রমে 4×5, 5×4 এবং 4×2 হলে $(A^T+B)C$ ম্যাট্রিক্স এর মাত্রা কত?

Shortcut Sol^n $A = 4 \times 5$

$\therefore A^T = 5 \times 4$; $B = 5 \times 4$

$\therefore (A^T + B) = 5 \times 4$

$(A^T + B)\,C = 5 \times \boxed{4\ \ 4} \times 2 = 5 \times 2$

Model EXAMPLE $A = \begin{vmatrix}3 & 2\\ 5 & -1\end{vmatrix}$ হলে $A^2 - 5A + 6I$ এর মান কত?

Shortcut Sol^n $\begin{vmatrix}3 & 2\\ 5 & -1\end{vmatrix}\begin{vmatrix}3 & 2\\ 5 & -1\end{vmatrix} - 5\begin{vmatrix}3 & 2\\ 5 & -1\end{vmatrix} + 6\begin{vmatrix}1 & 0\\ 0 & 1\end{vmatrix}$

$= \begin{vmatrix}19 & 4\\ 10 & 11\end{vmatrix} - \begin{vmatrix}15 & 10\\ 25 & -5\end{vmatrix} + \begin{vmatrix}6 & 0\\ 0 & 6\end{vmatrix} = \begin{vmatrix}10 & -6\\ -15 & 22\end{vmatrix}$

TOPICS 03 ব্যতিক্রমী ম্যাট্রিক্স/Singular Matrix

FORMULA

যে ম্যাট্রিক্সের নির্ণায়কের মান শূন্য তাকে ব্যতিক্রমী/Singular ম্যাট্রিক্স বলে।

Model EXAMPLE $\begin{bmatrix}\alpha-4 & 6\\ 4 & \alpha-2\end{bmatrix}$ ম্যাট্রিক্সটি ব্যতিক্রমী হলে α এর মান কত?

Shortcut Sol^n $\alpha^2 - 2\alpha - 4\alpha + 8 = 24 \Rightarrow \alpha^2 - 6\alpha - 16 = 0$

$\therefore \alpha = (8, -2)$

TOPICS 04 বিপরীত ম্যাট্রিক্স

FORMULA

♦ $A = \begin{bmatrix}a & b\\ c & d\end{bmatrix}$ হলে $A^{-1} = \frac{1}{ad-bc}\begin{bmatrix}d & -b\\ -c & a\end{bmatrix} = A^{-1} = \frac{1}{|A|}\text{Adj}(A)$;

এখানে $\text{Adj}(A) = \begin{pmatrix}d & -b\\ -c & a\end{pmatrix}$

Model EXAMPLE A একটি অব্যতিক্রমী বর্গ ম্যাট্রিক্স হলে A^{-1} এর বিপরীত ম্যাট্রি কোনটি?

Shortcut Sol^n A^{-1} এর বিপরীত ম্যাট্রিক্স $(A^{-1})^{-1} = A$

জেনে রাখা ভাল: ব্যতিক্রমী ম্যাট্রিক্স inverse ম্যাটিক্স নেই/বিপরীত যোগ্য নয়

Model EXAMPLE $A = \begin{pmatrix}7 & 6\\ 8 & 7\end{pmatrix}$ হলে $A^{-1} = ?$

Shortcut Sol^n $A^{-1} = \frac{1}{49-48}\begin{pmatrix}7 & -6\\ -8 & 7\end{pmatrix} = \begin{pmatrix}7 & -6\\ -8 & 7\end{pmatrix}$

TOPICS 05 অনুরাশি ও সহগুণক

FORMULA

♦ যে রাশি বা সংখ্যার অনুরাশি বের করতে বলবে ঠিক সেই রাশি বরাবর **Row** এ **Column** বাদ দাও।

♦ বাকি উপাদানগুলো দিয়ে নির্ণায়ক গঠন কর। সেটিই **অনুরাশি**।

♦ মান বের করতে বললে সাধারণ নিয়মে নির্ণায়কের মান বের করতে হবে।

সহগুণক: FORMULA

Step-1: অনুরাশি বের করার পদ্ধতি অবলম্বন করে প্রথমে অনুরাশি বের কর

Step-2: অনুরাশি সামনে $(-1)^{R+C}$ সূত্র ব্যবহার করে যথাযথ চিহ্ন বসাও। সেটিই সহগুণক।

Model EXAMPLE $\begin{vmatrix}a_1 & b_1 & c_1\\ a_2 & b_2 & c_2\\ a_3 & b_3 & c_3\end{vmatrix}$ নির্ণায়ক b_3 সহগুণক কত?

Shortcut Sol^n সহগুণক $= -\begin{vmatrix}a_1 & c_1\\ a_2 & c_2\end{vmatrix} = a_2c_1 - a_1c_2$

Shortcut Tricks:



সহগুণক নির্ণয় এর বক্স এর ভিতর চিহ্নিত উপাদান গুলোর সামনে (+) এ বাকি উপাদান গুলোর সামনে (–) বসবে।

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

TOPICS 06 নির্ণায়কের মান

FORMULA

❒ দুটি কলাম বা সারি একই হলে নির্ণায়কের মান 0।

$$\begin{vmatrix} a & a & x \\ a & a & y \\ a & a & z \end{vmatrix} = 0$$

Model EXAMPLE $\begin{vmatrix} 0 & 0 & 1 \\ a-b & b-c & c \\ a^2-b^2 & b^2-c^2 & c^2 \end{vmatrix} = ?$

Shortcut Sol^n $\begin{vmatrix} 0 & 0 & 1 \\ a-b & b-c & c \\ a^2-b^2 & b^2-c^2 & c^2 \end{vmatrix} = (a-b)(b-c)\begin{vmatrix} 0 & 0 & 1 \\ 1 & 1 & c \\ a+b & b+c & c^2 \end{vmatrix}$

$= (a-b)(b-c)(b+c-a-b) = (a-b)(b-c)(c-a)$

Model EXAMPLE $\begin{vmatrix} 1 & x & y+z \\ 1 & y & z+x \\ 1 & z & x+y \end{vmatrix}$ এর মান-

Shortcut Sol^n $\begin{vmatrix} 1 & x & y+z \\ 1 & y & z+x \\ 1 & z & x+y \end{vmatrix} = \begin{vmatrix} 1 & x & x+y+z \\ 1 & y & x+y+z \\ 1 & z & x+y+z \end{vmatrix}$ $[c_3' = c_2 + c_3]$

$= (x+y+z)\begin{vmatrix} 1 & x & 1 \\ 1 & y & 1 \\ 1 & z & 1 \end{vmatrix} = (x+y+z) \times 0 = 0$

অধ্যায় 03 সরলরেখা

TOPICS 01 কার্তেসীয় ও পোলার স্থানাঙ্কের পারস্পরিক রূপান্তর

FORMULA

কার্তেসীয় (x, y) এবং পোলার (r, θ) স্থানাঙ্কের পারস্পারিক রূপান্তর।

$x = r\cos\theta$; $y = r\sin\theta$

এবং $r = \sqrt{x^2+y^2}$; $\theta = \tan^{-1}\left(\frac{y}{x}\right)$

Model EXAMPLE কোন বিন্দুর পোলার স্থানাঙ্ক $(3, \frac{\pi}{2})$ হলে বিন্দুটির কার্তেসীয় স্থানাঙ্ক নির্ণয় কর।

Shortcut Sol^n কার্তেসীয় $x = 3\cos(90) = 0$, $y = 3\sin(90) = 3$

$\therefore (x, y) = (0, 3)$

Model EXAMPLE কোন বিন্দুর স্থানাঙ্ক $(\sqrt{3}, 1)$ হলে পোলার স্থানাঙ্ক কত?

Shortcut Sol^n $r = \sqrt{(\sqrt{3})^2+1^2} = 2$, $\theta = \tan^{-1}\left(\frac{1}{\sqrt{3}}\right) = 30^\circ$

$\therefore (r, \theta) = (2, 30^\circ)$

(x_1, y_1) ও (x_2, y_2) বিন্দু বা ক্রমজোড় দুটি সমান হলে $x_1 = x_2$, $y_1 = y_2$

TOPICS 02 দূরত্ব সূত্র

FORMULA

01. X-অক্ষ হতে P(x, y) বিন্দুর দূরত্ব $= |y|$

02. Y-অক্ষ হতে P(x, y) বিন্দুর দূরত্ব $= |x|$

03. কার্তেসীয় স্থানাঙ্কে: $P(x_1, y_1)$ ও $Q(x_2, y_2)$ দুটি বিন্দু হলে উক্ত বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব, $PQ = \sqrt{(x_1-x_2)^2+(y_1-y_2)^2}$ একক

04. বিন্দু $P(x_1, y_1)$ থেকে রেখা $ax+by+c=0$ এর লম্ব দূরত্ব $D = \left|\frac{ax_1+by_1+c}{\sqrt{a^2+b^2}}\right|$

05. একটি রেখা $ax+by+c_1=0$ থেকে অপর একটি রেখা $ax+by+c_2=0$ এর মধ্যবর্তী দূরত্ব, $D = \left|\frac{c_1-c_2}{\sqrt{a^2+b^2}}\right|$

06. লম্ব আকৃতির সরলরেখার আদর্শ সমীকরণ $x\cos\alpha + y\sin\alpha = p$ যেখানে,

p = মূলবিন্দু হতে সরলরেখার উপর অঙ্কিত লম্ব দূরত্ব

α = x অক্ষের ধনাত্মক দিকের সাথে উৎপন্ন কোণ।

Model EXAMPLE **(rcos θ, rsinθ) এবং(rsinθ, -r cosθ) বিন্দুদ্বয়ের মধ্যবর্তী সরলরৈখিক দূরত্ব কত?**

Shortcut Sol^n সরলরৈখিক দূরত্ব-

$= \sqrt{(r\cos\theta - r\sin\theta)^2 + (r\sin\theta + r\cos\theta)^2}$

$= \sqrt{r^2\cos^2\theta - 2r^2\sin\theta\cos\theta + r^2\sin^2\theta + r^2\sin^2\theta + 2r^2\sin\theta\cos\theta + r^2\cos^2\theta}$

$= \sqrt{r^2(\cos^2\theta + \sin^2\theta) + r^2(\sin^2\theta + \cos^2\theta)}$

$= \sqrt{2r^2} = \sqrt{2}r$ **Ans.**

Model EXAMPLE **মূলবিন্দু থেকে $x\sin\alpha + y\cos\alpha = p$ রেখার উপর লম্ব অঙ্কিত হলো। এ লম্ব রেখাটি x অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তার মান কত?**

Shortcut Sol^n



$x\sin\alpha + \cos\alpha = P$

লম্বটি x অক্ষের সাথে α কোণ উৎপন্ন করে।

ঢাল $= -\frac{\sin\alpha}{\cos\alpha} = -\tan\alpha$

Model EXAMPLE **মূলবিন্দু থেকে (x,y) বিন্দুর দূরত্ব কত?**

Shortcut Sol^n O(0,0) থেকে (x, y) বিন্দুর দূরত্ব

$= \sqrt{(x-0)^2+(y-0)^2} = \sqrt{x^2+y^2}$

Model EXAMPLE **(4,-2) বিন্দু হতে $5x + 12y = 3$ রেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য কত?**

Shortcut Sol^n (4, -2) হতে $5x + 12y - 3$ রেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য

$= \left|\frac{5.4+12.(-2)-3}{\sqrt{5^2+12^2}}\right|$

$= \left|\frac{20-24-3}{13}\right| = \frac{7}{13}$

Model EXAMPLE **$6x-4y+9=0$ এবং $3x-2y=1$ রেখাদ্বয়ের মধ্যবর্তী লম্ব দূরত্ব কত?**

Shortcut Sol^n $ax + by + c_1 = 0$ এবং $ax + by + c_2 = 0$ সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $= \left|\frac{c_1 - c_2}{\sqrt{a^2+b^2}}\right|$

$6x - 4y + 9 = 0$ এবং $3x - 2y - 1 = 0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী

$\Rightarrow 3x - 2y + \frac{9}{2} = 0$ লম্ব দূরত্ব $= \left|\frac{\frac{9}{2}+1}{\sqrt{9+4}}\right| = \frac{11}{2\sqrt{13}}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

TOPICS 03 বিভক্তীকরণ সূত্র

FORMULA অন্তঃবিভক্তি: (x_1,y_1) ও (x_2,y_2) বিন্দুদ্বয়কে (x,y) বিন্দুটি $m_1:m_2$ অনুপাতে অন্তঃবিভক্ত করলে।

$$x=\frac{m_1x_2+m_2x_1}{m_1+m_2},\quad y=\frac{m_1y_2+m_2y_1}{m_1+m_2}$$

এবং (x, y) বিন্দুটি বহিঃবিভক্তি করলে

$$x=\frac{m_1x_2-m_2x_1}{m_1-m_2},\quad y=\frac{m_1x_2-m_2x_1}{m_1-m_2}$$

x এবং y অক্ষ দ্বারা বিভাজনের অনুপাত $=\left|\frac{y_1}{y_2}\right|=\left|\frac{x_1}{x_2}\right|$

Model EXAMPLE যে বিন্দু (1, 4) এবং (9, –12) বিন্দুদ্বয়ের সংযোগকারী রেখাংশ কে অন্তঃস্থভাবে 3:5 অনুপাতে বিভক্ত করে তার স্থানাঙ্ক কত?

Shortcut Sol^n $x=\frac{3\times9+5\times1}{5+3}$ $y=\frac{3\times-12+5\times4}{5+3}=-2$

$\therefore$ স্থানাঙ্ক $(x, y)=(4,-2)$

Model EXAMPLE A (3,4) এবং B (5,9) বিন্দুদ্বয়কে 2:3 অনুপাতে বহিঃবিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক কত?

$\Rightarrow x - 2 = \sqrt{-3} \Rightarrow (x-2)^2 = -3$

$\Rightarrow x^2 - 4x + 4 + 3 = 0 \Rightarrow x^2 - 4x + 7 = 0$

TOPICS 05 সর্বোচ্চ বা সর্বনিম্ন মান নির্ণয়

FORMULA $ax^2 + bx + c$ রাশির সর্বোচ্চ বা সর্বনিম্ন মান $= c - \frac{b^2}{4a}$

সর্বোচ্চ বা সর্বনিম্ন মানের ক্ষেত্রে, $x = -\frac{b}{2a}$ হবে।

Model EXAMPLE $x^2 - x$ সর্বনিম্ন মান কত?

Shortcut Sol^n $ax^2 + bx + c$ এর সর্বনিম্ন মান $= \frac{4ac - b^2}{4a}$

$\therefore x^2 - x$ এর সর্বনিম্ন মান $= \frac{4.1.0 - (-1)^2}{4.1} = -\frac{1}{4}$

TOPICS 06 মান নির্ণয়

FORMULA

- $ax^3 + bx^2 + cx + d = 0$ ত্রিঘাত সমীকরণের মূল তিনটি α, β, γ হলে,

$$\sum\alpha = \alpha + \beta + \gamma = -\frac{b}{a} \; ; \quad \sum\alpha\beta = \alpha\beta + \beta\gamma + \gamma\alpha = \frac{c}{a}$$

$$\sum\alpha\beta\gamma = \alpha\beta\gamma = -\frac{d}{a}$$

POWER MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

Model EXAMPLE $x^3+2x^2+3x+4=0$ সমীকরণের মূলত্রয়ের সমষ্টি কত?

Shortcut Sol^n $\alpha+\beta+\gamma=\frac{-b}{a}=\frac{-2}{1}=-2$

TOPICS 07 ভাগশেষ উপপাদ্য সংক্রান্ত

FORMULA

- ভাগশেষ উপপাদ্য (Remainder Theorem): কোন বহুপদী f(x) কে (x – a) দ্বারা ভাগ করলে ভাগশেষ হবে f(a) অর্থাৎ x এর পরিবর্তে a বসিয়ে যে মান পাওয়া যায় তাই ভাগশেষ।
- উৎপাদক উপপাদ্য (Factor theorem): x চলকযুক্ত কোন বহুপদী রাশিতে x এর স্থানে a বসালে যদি মান শূন্য হয় তবে x–a ঐ রাশিটির একটি উৎপাদক হবে।

Model EXAMPLE a এর মান কত হলে x^3+x^2+x+a রাশিটি $x+2$ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

Shortcut Sol^n $x+2=0$

$\Rightarrow x=-2$

$\Rightarrow x^3+x^2+x+a=0$

সমীকরণে $x=-2$ বসালে

$(-2)^3+(-2)^2+(-2)+a=0$

$\therefore a=6$

অধ্যায় 06 কনিক

TOPICS 01 সমীকরণের জ্যামিতিক প্রকৃতি নির্ণয়ের সহজ সমাধান

FORMULA

1. যদি x^2 ও y^2 দুটিই সমীকরণের সহগ সমান হয় এবং xy সম্বলিত পদ না থাকে তবে সমীকরণটি বৃত্ত।
2. যদি x^2 ও y^2 দুটিই থাকে এবং তাদের সহগ সমান না হয় এবং xy সম্বলিত পদ থাকে তবে সমীকরণটি উপবৃত্ত নির্দেশ করে।
3. যদি x^2 ও y^2 দুটিই ধনাত্মক অসমান সহগ বিশিষ্ট হয় সাথে xy থাকে বা না থাকে তবুও সমীকরণটি উপবৃত্ত নির্দেশ করে।
4. যদি x^2 ও y^2 দুটিই থাকে তাদের একটির সহগ ধনাত্মক অপরাটি ঋণাত্মক হয় তবে সেটি অধিবৃত্ত নির্দেশ করে।
5. xy = constant হলে এটিও অধিবৃত্তের সমীকরণ।
6. যদি x^2 ও y^2 এর যেকোন একটি উপস্থিত থাকে তবে সেটি পরাবৃত্ত নির্দেশ করে।

Model EXAMPLE $3x^2-3y^2-16x+10y+1=0$ সমীকরণটি কি নির্দেশ করে?

Shortcut Sol^n $a=3, b=0, c=-3$

$\therefore b^2-4ac=0-4\times3\times(-3)=+36$

$\therefore$ অধিবৃত্ত।

Model EXAMPLE $4x^2+5y^2-16x+10y+1=0$ সমীকরণটি কি নির্দেশ করে?

Shortcut Sol^n $a=4,$

$b=0,$

$c=5$

$\therefore b^2-4ac=-100$ এবং $a\neq c$

$\therefore$ উপবৃত্ত

Model EXAMPLE $5x^2+3y-9=0$ সমীকরণটির জ্যামিতিক অর্থ কি?

Shortcut Sol^n $b^2-4ac=0$

$\therefore$ পরাবৃত্ত।

TOPICS 02 পরাবৃত্তের সমীকরণ হতে বিভিন্ন Parameter নির্ণয়

Required Formulas for Parabola:

Parameter	$y^2=4ax$ আকারের পরাবৃত্ত	$x^2=4ay$ আকারের পরাবৃত্ত
1. শীর্ষবিন্দু	(0, 0)	(0, 0)
2. উপকেন্দ্র/ফোকাস	(a, 0)	(0,a)
3. অক্ষরেখার সমীকরণ	y = 0	x = 0
4. নিয়ামক/দিকাক্ষের সমীকরণ	x + a = 0	y + a = 0
5. উপকেন্দ্রিক লম্বের সমীকরণ	x – a = 0	y – a = 0
6. উপকেন্দ্রিক লম্ব/নাভিলম্বের দৈর্ঘ্য	|4a|	|4a|
7. উপকেন্দ্রিক লম্বের প্রান্ত বিন্দুদ্বয়ের স্থানাঙ্ক	(a,2a) এবং (a,-2a)	(2a,a) এবং (-2a,a)
8. উপকেন্দ্রিক/ ফোকাস দূরত্ব	|a+x|	|a+y|

Model EXAMPLE $4y^2=5x$ পরাবৃত্তের উপকেন্দ্র ও শীর্ষ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব কত?

Shortcut Sol^n $4y^2=5x\Rightarrow y^2=\frac{5}{4}x$

$\Rightarrow y^2=4.\frac{5}{16}x$

শীর্ষবিন্দু (0,0), উপকেন্দ্র $\left(\frac{5}{16},0\right)$

$\therefore$ বিন্দুদ্বয়ের দূরত্ব $=\frac{5}{16}-0=\frac{5}{16}$

Model EXAMPLE $5x^2+15x-10y-4=0$ পরাবৃত্তের বিভিন্ন Parameter বের কর।

Shortcut Sol^n $5x^2+15x-10y-4=0$

$\Rightarrow x^2+3x-2y-\frac{4}{5}=0\Rightarrow x^2+3x+\frac{9}{4}=2y+\frac{4}{5}+\frac{9}{4}$

$\Rightarrow\left(x+\frac{3}{2}\right)^2=2\left(y+\frac{61}{40}\right)$

let, $\left(x+\frac{3}{2}\right)=X;\left(y+\frac{61}{40}\right)=Y$

শীর্ষবিন্দু:

$X=0\Rightarrow x+\frac{3}{2}=0\Rightarrow x=\frac{-3}{2}$

$\Rightarrow Y=0\ \Rightarrow\left(y+\frac{61}{40}\right)=0\Rightarrow y=-\frac{61}{40}$

পরাবৃত্তের শীর্ষ বিন্দু (–3/2, –61/40)

উপকেন্দ্র: $X=0\Rightarrow x=-\frac{3}{2};$

$Y=\frac{1}{2}\Rightarrow y+\frac{61}{40}=\frac{1}{2}\Rightarrow y=\frac{-41}{40}$

অক্ষ: $x+\frac{3}{2}=0;$

দিকাক্ষ/নিয়ামকের সমীকরণ:

$Y=-\frac{1}{2}\Rightarrow\left(y+\frac{61}{40}\right)=-\frac{1}{2}\Rightarrow y+\frac{81}{40}=0\Rightarrow 40y+81=0$

TOLL MACHINE Preparation and Practice are vital for effective delivery

TOPICS 03 পরাবৃত্তের সমীকরণ নির্ণয় সম্পর্কিত

Technique: (i) (x_1, y_1) শীর্ষ এবং অক্ষরেখা y অক্ষের সমান্তরাল হলে পরাবৃত্তের সমীকরণ, $(x - x_1)^2 = 4a(y - y_1)$

(ii) (x_1, y_1) শীর্ষ এবং অক্ষরেখা x অক্ষের সমান্তরাল হলে পরাবৃত্তের সমীকরণ, $(y - y_1)^2 = 4a(x - x_1)$

(iii) কোন কনিকের উপকেন্দ্র (α, β) এবং দিকাক্ষ $ax + by + c = 0$ এবং উৎকেন্দ্রিকতা e হলে কণিকটির সমীকরণ,

$$(x-\alpha)^2 + (y-\beta)^2 = e^2 \frac{(ax+by+c)^2}{a^2+b^2}$$

Model EXAMPLE (1, 1) উপকেন্দ্র ও $3x + 4y = 1$ দিকাক্ষবিশিষ্ট পরাবৃত্তের সমীকরণ বের কর।

Shortcut Sol^n এখানে, SP = PM

$$\Rightarrow \sqrt{(x-1)^2+(y-1)^2} = \frac{3x+4y-1}{\sqrt{25}}$$

$$\Rightarrow 25(x^2+y^2-2x-2y+2) = (3x+4y-1)^2$$

$$\Rightarrow (4x-3y)^2 - 44x - 42y + 49 = 0$$



TOPICS 04 উপবৃত্তের সূত্র

☐ **Required Formulas for Elipse:**

Parameter	$\frac{x^2}{a^2}+\frac{y^2}{b^2}=1; a>b$	$\frac{x^2}{a^2}+\frac{y^2}{b^2}=1; b>a$
01. কেন্দ্র	(0, 0)	(0, 0)
02. বৃহৎ অক্ষের দৈর্ঘ্য/ শীর্ষদ্বয়ের দূরত্ব	2a	2b
03. ক্ষুদ্র অক্ষের দৈর্ঘ্য	2b	2a
04. বৃহদাক্ষের সমীকরণ	y = 0	x = 0
05. ক্ষুদ্রাক্ষের সমীকরণ	x = 0	y = 0
06. বৃহদাক্ষের প্রান্তবিন্দু/শীর্ষবিন্দু	(± a, 0)	(0, ± b)
07. ক্ষুদ্রাক্ষের প্রান্তবিন্দু	(0, ± b)	(±a, 0)
08. বিকেন্দ্রিকতা/ উৎকেন্দ্রিকতা	$e=\sqrt{1-\frac{b^2}{a^2}}$	$e=\sqrt{1-\frac{a^2}{b^2}}$
09. উপকেন্দ্র/ফোকাস	(± ae, 0)	(0, ± be)
10. উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য	$2b^2/a$	$2a^2/b$
11. উপকেন্দ্রিক লম্বের সমীকরণ	x = ± ae	y = ± be
12. ফোকাসদ্বয়ের দূরত্ব	2ae	2be
13. দিকাক্ষ/ নিয়ামকের সমীকরণ	x = ± a/e	y = ± b/e

TOPICS 05 অধিবৃত্তের সূত্র

☐ **Required Formulas for Hyperbola:**

Parameter	$\frac{x^2}{a^2}-\frac{y^2}{b^2}=1$	$\frac{y^2}{b^2}-\frac{x^2}{a^2}=1$
01. কেন্দ্র	(0, 0)	(0, 0)
02. শীর্ষবিন্দু	(± a, 0)	(0, ± b)
03. আড় অক্ষের দৈর্ঘ্য/ শীর্ষদ্বয়ের দূরত্ব	2a	2b
04. অনুবন্ধী অক্ষের দৈর্ঘ্য	2b	2a
05. বিকেন্দ্রিকতা/ উৎকেন্দ্রিকতা	$e=\sqrt{1+\frac{b^2}{a^2}}$	$e=\sqrt{1+\frac{a^2}{b^2}}$
06. উপকেন্দ্র/ ফোকাস	(± ae, 0)	(0, ± be)
07. দিকাক্ষ/নিয়ামকের সমীকরণ	$x=\pm\frac{a}{e}$	$y=\pm\frac{b}{e}$
08. উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য	$\frac{2b^2}{a}$	$\frac{2a^2}{b}$
09. উপকেন্দ্রিক লম্বের সমীকরণ	x = ± ae	y = ± be
10. উপকেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব	2ae	2be

Model EXAMPLE $\frac{(x-1)^2}{9}+\frac{(y-2)^2}{16}=1$ উপবৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক কত?

Shortcut Sol^n উপবৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক = (0,0)

$x-1=0 \Rightarrow x = 1,\ y-2=0 \Rightarrow y=2 \therefore (x,y)=(1,2)$

Model EXAMPLE $\frac{x^2}{4}+\frac{y^2}{10}=1$ হলে উপবৃত্তের উপকেন্দ্র-

Shortcut Sol^n উপকেন্দ্র $= (0, \sqrt{10}\times\sqrt{\frac{3}{5}}) = (0, 2\frac{\sqrt{3}}{\sqrt{2}})$

Model EXAMPLE $25x^2+16y^2 = 400$ উপবৃত্তের উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য কত হ

Shortcut Sol^n $25x^2 + 16y^2 = 400 \Rightarrow \frac{x^2}{16}+\frac{y^2}{25}=1$

$\Rightarrow$ উপবৃত্তের লম্বের দৈর্ঘ্য $= \frac{2a^2}{b}[\because b>a] = \frac{2\times16}{5} = \frac{32}{5}$

Model EXAMPLE কোন উপবৃত্তের উপকেন্দ্রিক লম্ব এর বৃহদাক্ষের অর্ধেক হলে উৎকেন্দ্রিকতা কত?

Shortcut Sol^n $\frac{2b^2}{a} = \frac{1}{2}\times 2a \therefore e = \sqrt{1-b^2/a^2} = \sqrt{1-1/2} = 1/\sqrt{2}$

POLL MACHINE
Preparation and Practice are Perfect Together

অধ্যায় 07 বিপরীত ত্রিকোণমিতিক ফাংশন

TOPICS 01 বিপরীত বৃত্তীয় ফাংশনের সূত্রাবলী সংক্রান্ত

FORMULA

01. $\sin\theta = \sin\alpha \Leftrightarrow \theta = n\pi + (-1)^n\alpha$
02. $\cos\theta = \cos\alpha \Leftrightarrow \theta = 2n\pi \pm$
03. $\tan\theta = \tan\alpha \Leftrightarrow \theta = n\pi + \alpha$
04. $\sin\theta = 0 \Leftrightarrow \theta = n\pi$
05. $\cos\theta = 0 \Leftrightarrow \theta = (2n+1)\frac{\pi}{2}$
06. $\tan\theta = 0 \Leftrightarrow \theta = n\pi$
07. $\sin\theta = 1 \Leftrightarrow \theta = (4n+1)\frac{\pi}{2}$
08. $\sin\theta = -1 \Leftrightarrow \theta = (4n-1)$
09. $\cos\theta = 1 \Leftrightarrow \theta = 2n\pi$
10. $\cos\theta = -1 \Leftrightarrow \theta = (2n+1$

প্রয়োজনীয় সূত্র	
$\sin^{-1}x \pm \sin^{-1}y = \sin^{-1}\{x\sqrt{1-y^2} \pm y\sqrt{1-x^2}\}$	$xy \le 1$
$\cos^{-1}x \pm \cos^{-1}y = \cos^{-1}\{xy \pm \sqrt{(1-x^2)(1-y^2)}$	$xy \le 1$

CamScanner

প্রয়োজনীয় সূত্র
$\tan^{-1}x \pm \tan^{-1}y = \tan^{-1}\frac{x \pm y}{1 \pm xy}$ $xy \le 1$
$\tan^{-1}x + \tan^{-1}y + \tan^{-1}z = \tan^{-1}\frac{x+y+z-xyz}{1-yz-zx-xy}$ $yz+zx+xy \le 1$
$2\tan^{-1}x = \tan^{-1}\frac{2x}{1-x^2} = \sin^{-1}\frac{2x}{1+x^2} = \cos^{-1}\frac{1-x^2}{1+x^2}$
$\sin^{-1}x+\cos^{-1}x = \sin^{-1}x + \sec^{-1}\frac{1}{x} = \operatorname{cosec}^{-1}\frac{1}{x} + \cos^{-1}x = \frac{\pi}{2}$
$\tan^{-1}x + \cot^{-1}x = \tan^{-1}x + \tan^{-1}\frac{1}{x} = \cot^{-1}\frac{1}{x} + \cot^{-1}x = \frac{\pi}{2}$
$\sec^{-1}x + \operatorname{cosec}^{-1}x = \frac{\pi}{2}$
$2\tan^{-1}x = \tan^{-1}\frac{2x}{1-x^2}$
$2\cos^{-1}x = \cos^{-1}(2x^2-1)$
$2\sin^{-1}x = \sin^{-1}(2x\sqrt{1-x^2})$
$3\tan^{-1}x = \tan^{-1}\frac{3x-x^3}{1-3x^2}$
$3\cos^{-1}x = \cos^{-1}(4x^3-3x)$
$3\sin^{-1}x = \sin^{-1}(3x-4x^3)$

Model EXAMPLE $\sin^{-1}x + \sin^{-1}y = \frac{\pi}{3}$ হলে y এর মান কত?

Shortcut Sol^n $\sin^{-1}x + \sin^{-1}y = \frac{\pi}{2} \Rightarrow \sin^{-1}x = \frac{\pi}{2} - \sin^{-1}y$

$\Rightarrow x = \sin\left(\frac{\pi}{2} - \sin^{-1}y\right) = \cos(\sin^{-1}y) \Rightarrow x = \cos\cos^{-1}\sqrt{1-y^2}$

$\Rightarrow x = \sqrt{1-y^2} \Rightarrow x^2 = 1-y^2 \Rightarrow y = \sqrt{1-x^2}$

Model EXAMPLE $\sin\theta = -1$ হলে θ এর মান-

Shortcut Sol^n সরাসরি সূত্র $\sin\theta = -1$ হলে $\theta = (4n-1)\frac{\pi}{2}$

$\sin\theta = 1$ হলে $\theta = (4n+1)\frac{\pi}{2}$

Model EXAMPLE $\tan 2\theta = \frac{1}{3}$ হলে θ এর সাধারণ মান কোনটি?

Shortcut Sol^n $\tan\theta = \tan\alpha$ হলে $\theta = n\pi + \alpha$

Model EXAMPLE $\sin^2 2\theta - 3\cos^2\theta = 0$ সমীকরণের সাধারণ সমাধান-

Shortcut Sol^n A অপশনে $\theta = \frac{\pi}{3}$ বসিয়ে পাই $\sin^2 2.\frac{\pi}{3} - 3\cos^2\frac{\pi}{3} = \frac{3}{4} - \frac{3}{4} = 0$

অধ্যায় 08 স্থিতিবিদ্যা

FORMULA

দু'টি বলের ক্ষেত্রে ও লব্ধির মান ও দিক নির্ণয়

লব্ধি $R = \sqrt{P^2+Q^2+2PQ\cos\alpha}$

বলদ্বয়ের অর্ন্তগত কোণ α

$\therefore \tan\theta = \frac{Q\sin\alpha}{P+Q\cos\alpha}$

দু'টি সমমানের বলের ক্ষেত্রে লব্ধির মান ও লব্ধির দিক নির্ণয়

P ও Q সমান হলে, লব্ধি $R = 2P\cos\frac{\alpha}{2}$ এবং লব্ধির দিক $\theta = \frac{\alpha}{2}$

দু'টি বল লম্ব বরাবর ক্রিয়াশীল হলে লব্ধির মান ও লব্ধির দিক নির্ণয়

লব্ধি, $R = \sqrt{P^2+Q^2}$ এবং লব্ধির দিক, $\theta = \tan^{-1}\frac{Q}{P}$

লব্ধি ছোট বলের সাথে লম্ব বরাবর ক্রিয়াশীল হলে লব্ধির মান ও বলদ্বয়ের মধ্যবর্তী কোণ নির্ণয়

বলদ্বয়ের মধ্যবর্তী কোণ α হলে,

$\cos\alpha = -\frac{\text{ক্ষুদ্রতম বল}}{\text{বৃহত্তম বল}} \Rightarrow \alpha = \cos^{-1}\left(-\frac{P}{Q}\right)$

Note: i) $\alpha = 0^\circ$ হলে, $R_{max} = P+Q$

ii) $\alpha = 180^\circ$ হলে, $R_{min} = P\sim Q$

iii) $\alpha = 90^\circ$ হলে, $R^2 = P^2+Q^2$

iv) দুইটি বলের লব্ধি (R) বৃহত্তম বল (P) এর সাথে যে কোণ উৎপন্ন করে, বৃহত্তম বলটিকে দ্বিগুণ করায় যদি উক্ত কোণটি অর্ধেক হয়ে যায় তবে P ও Q এর মধ্যবর্তী কোণ $\alpha = 120^\circ$

v) দুইটি বল P ও Q এর লব্ধি R হলে এবং P ও Q এর মধ্যবর্তী কোণ α হলে,

$\Rightarrow$ একটি বল অপরটির দ্বিগুণ এবং লব্ধি লম্ব বরাবর ক্রিয়ারত হলে, $\alpha = 120^\circ$

$\Rightarrow$ একটি বল অপরটির দ্বিগুণ হলে, $\alpha = 120^\circ$

$\Rightarrow$ দুইটি সমান বলের লব্ধি শূন্য হলে, $\alpha = 180^\circ$

তিনটি বল সাম্যাবস্থায় থাকার শর্ত সংক্রান্ত সমস্যা

01. বলের ত্রিভুজ সূত্র: একটি বিন্দুতে ক্রিয়ারত তিনটি বলকে কোন ত্রিভুজের তিনটি বাহু দ্বারা একইক্রমে মানে ও দিকে সূচিত করা গেলে বলত্রয় সাম্যাবস্থার সৃষ্টি করে।

Note: একটি ত্রিভুজের তিনটি বাহু দ্বারা তিনটি বলকে দিকে, মানে ও একই ক্রমে প্রকাশ করতে হলে যে কোন দু'টি বলের যোগফল তৃতীয়টি অপেক্ষা বৃহত্তর হতে হয়।

02. কতগুলো বল সমান্তর ধারা তৈরি করলে বা ত্রিভুজের তিন বাহুতে অবস্থান করলে তাদের লব্ধি হবে: $\sqrt{\text{বলের সংখ্যা}} \times$ বলদ্বয়ের সাধারণ অন্তর।

03. যেকোনো সংখ্যক বল সাম্যবস্থায় থাকলে তাদের লব্ধি শূন্য হবে।

Model EXAMPLE দুটি সমান মানের বলের লব্ধি এদের গুণফলের বর্গমূল হলে বলদ্বয়ের মধ্যবর্তী কোণ কত?

Shortcut Sol^n সমমানের বলের লব্ধি $R = 2P\cos\left(\frac{\alpha}{2}\right)$

[সমমানের বলের মান P এবং বলদ্বয়ের মধ্যবর্তী কোণ α]

শর্তমতে, $R = \sqrt{P^2} \Rightarrow R = P \Rightarrow 2P\cos\left(\frac{\alpha}{2}\right) = P$

$\Rightarrow \cos\left(\frac{\alpha}{2}\right) = \frac{1}{2} \therefore \alpha = 120^\circ$

বিকল্প সমাধান: এখানে,

$P = Q$ এবং লব্ধি, $R = \sqrt{P.P} = P \therefore P = Q = R$

$\therefore R^2 = P^2 + P^2 + 2P.P\cos\alpha \Rightarrow P^2 = 2P^2 + 2P^2\cos\alpha$

$\Rightarrow 2P^2\cos\alpha = -P^2 \Rightarrow \cos\alpha = -\frac{1}{2} \therefore \alpha = 120^\circ$

NETWORK EXCLUSIVE $P = Q = R$ হলে $\alpha = 120^\circ$

এবং $\theta = \frac{120}{2} = 60^\circ$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

Model EXAMPLE ABC সমবাহু ত্রিভুজের AB,AC ও BC বাহু বরাবর যথাক্রমে 6, 4 এবং 2 একক মানের বলত্রয় ক্রিয়ারত হলে এদের লব্ধির মান কত?

Shortcut Sol^n $\sqrt{\text{বলের সংখ্যা} \times \text{সাধারণ অন্তর}}$

$\therefore \sqrt{3} \times 2$

Model EXAMPLE এক বিন্দুতে 45° কোণে ক্রিয়ারত P ও $\sqrt{2}$N বলের লব্ধি $\sqrt{10}$ N হলে P এর মান কোনটি?

Shortcut Sol^n $\sqrt{10} = \sqrt{P^2 + 2 + 2.P.\sqrt{2}\cos 45^\circ}$

$\Rightarrow 10 = P^2 + 2 + 2P$

$\Rightarrow P^2 + 2P - 8 = 0$

$\therefore P = 2, -4$

$\therefore P = 2$

Model EXAMPLE P, Q এবং R বল তিনটি যথাক্রমে ABC ত্রিভুজের BC, CA এবং AB বাহু বরাবর ক্রিয়া করে। বল তিনটির লব্ধি ত্রিভুজের অন্তঃকেন্দ্রগামী হলে-

Shortcut Sol^n $P + Q + R = 0$

Model EXAMPLE সমকোণে ক্রিয়ারত P ও 2P মানের দুটি বলের লব্ধি 2P মানের বলের সাথে যে কোণ উৎপন্ন করে তার পরিমাণ কত?

Shortcut Sol^n P ও Q সমকোণে ক্রিয়া করলে,

$R = \sqrt{P^2 + Q^2}$ এবং $\theta = \tan^{-1}\frac{Q}{P}$

$\therefore \tan^{-1}\frac{P}{2P} = \tan^{-1}\frac{1}{2}$

অধ্যায় 09 সমতলে বস্তু কণার গতি (গতিবিদ্যা)

TOPICS 01 প্রক্ষেপক

FORMULA

i) সর্বোচ্চ উচ্চতা, $H = \frac{u^2\sin^2\alpha}{2g}$

ii) আনুভূমিক দূরত্ব $d = u\cos\alpha.t$

iii) উলম্ব দূরত্ব, $h = u\sin\alpha.t - \frac{1}{2}gt^2$

iv) পতনকাল বা উত্থানকাল, $t = \frac{u\sin\alpha}{g}$

v) ভ্রমণকাল, $T = \frac{2u\sin\alpha}{g}$

vi) আনুভূমিক পাল্লা, $R = \frac{u^2\sin 2\alpha}{g}$

vii) সর্বাধিক আনুভূমিক পাল্লা, $R_{max} = \frac{u^2}{g}$

viii) $\frac{4H}{R} = \tan\alpha$

Model EXAMPLE একটি প্রক্ষেপকের আনুভূমিক পাল্লা এর সর্বোচ্চ উচ্চতার চার গুণ হলে নিক্ষেপণ কোণ বের করো।

Shortcut Sol^n আনুভূমিক পাল্লা সর্বোচ্চ উচ্চতার চার গুণ

$\therefore R = 4H \Rightarrow \frac{u^2\sin 2\alpha}{g} = 4 \times$

$\Rightarrow 2\sin\alpha\cos\alpha = 2\sin^2\alpha$

$\Rightarrow \tan\alpha = 1;\ \alpha = 45^\circ$

বিকল্প সমাধান: আমরা জানি, $\tan\alpha = \frac{4H}{R}$

$\Rightarrow \tan\alpha = \frac{4H}{4H}$ [$\because R = 4H$]

$\therefore \alpha = 45^\circ$

Model EXAMPLE 80 মি/সে গতিবেগে এবং আনুভূমিকে সাথে 30° কোণে আনত রেখায় একটি বস্তু শূন্য নিক্ষিপ্ত হলে উহার সর্বাধিক উচ্চতা কত হবে?

Shortcut Sol^n $H = \frac{u^2\sin^2 30^\circ}{2g} = \frac{80^2\sin^2 30^\circ}{2\times 9.8} = 81.6m$

Model EXAMPLE ভূমি হতে খাড়া উপরের দিকে 19.6 মিটার/সে. বেগে নিক্ষিপ্ত একটি বস্তু সর্বোচ্চ কত উচ্চতায় উঠবে?

Shortcut Sol^n $h = \frac{u^2}{2g} = 19.6\,m$

TOPICS 02 তক্তা সংক্রান্ত সমস্যাবলী

FORMULA

i) বেগের মান= $\sqrt{\text{ভেদকৃত তক্তার সংখ্যা}}$

ii) যখন হারানো বেগ = $\frac{1}{2}$ বা আদিবেগের অর্ধেক তখন দূরত্ব বা সরণ = $\frac{S}{3}$ [S = আদি সরণ]

iii) যখন হারানো বেগ = $\frac{1}{n}$ অংশ। তখন দূরত্ব/সরণ = $\frac{S(n-1)^2}{2n-1}$ [S = আদি সরণ]

Model EXAMPLE একটি বুলেট কোন দেয়ালের ভিতর 2 ইঞ্চি ঢোকার পর এর অর্ধেক বেগ হারায়। বুলেটটি দেয়ালের ভিতর আর কত দূর ঢুকবে?

Shortcut Sol^n টেকনিক : ঢোকার দূরত্ব = $\frac{S}{3} = \frac{2}{3}$

TOPICS 03 নিক্ষিপ্ত/পড়ন্ত বস্তুর গতি

FORMULA

(i) ভূমির উর্ধ্বে h উচ্চতা হতে u বেগে উলম্বভাবে উপরে নিক্ষিপ্ত একটি বস্তু কণা t সময়ে ভূমিতে v বেগে পতিত হলে,

$h = -ut + \frac{1}{2}gt^2$ (ii) $v = -u + gt$

(ii) পড়ন্ত বস্তু পতনের শেষ t sec এ h দূরত্ব অতিক্রম করলে পতনের মোট সময় = $\left(\frac{t}{2} + \frac{h}{gt}\right)$ sec

Model EXAMPLE কোন স্তম্ভের শীর্ষ হতে 19.5m/sec বেগে খাড়া উপরের দিকে নিক্ষিপ্ত বস্তু কণা 5 সেকেন্ড পর স্তম্ভের পাদদেশে পতিত হলে স্তম্ভের উচ্চতা কত?

Shortcut Sol^n $h = -ut + \frac{1}{2}gt^2$

$= -19.5\times 5 + \frac{1}{2}\times 9.8\times 5^2$

$= -97.5 + 122.5$

$\Rightarrow h = 25m$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

উপক্রমনিকা ফিরে দেখা (নতুন ও পুরাতন কিছু স্মৃতি)

◈ বর্তমানে পৃথিবীতে উদ্ভিদ প্রজাতি ৫ লক্ষ এবং প্রাণী প্রজাতি ১৩ লক্ষের মতো। Algae ও Fungi উদ্ভিদ নয়।

◈ **শ্রেণিবিন্যাস:**
- বিচিত্র ধরনের অসংখ্য জীবকে চারিত্রিক বৈশিষ্ট্যের সাদৃশ্যের ভিত্তিতে একসাথে স্থাপনের নীতিমালায় পৃথিবীর সব জীবকে কিংডম, বিভাগ, শ্রেণি, বর্গ, গোত্র, গণ, প্রজাতি প্রভৃতি দল-উপদলে বিন্যাস করার পদ্ধতিকে বলা হয় শ্রেণিবিন্যাস।
- শ্রেণিবিন্যাসের যেকোনো একককে ট্যাক্সন বলে।
- শ্রেণিবিন্যাসের সর্বোচ্চ একক জগৎ এবং সর্বনিম্ন একক প্রজাতি।

◈ **নামকরণ:** কোনো উদ্ভিদের বা প্রাণীর বৈজ্ঞানিক নাম দেওয়া সংক্রান্ত নীতিমালা তৈরি, ব্যাখ্যা ও প্রয়োগকে নামকরণ বলা হয়।
- **প্রাণীর নামকরণের নীতিমালা:** ICZN (International commission of Zoological Nomenclature)
- **উদ্ভিদের নামকরণের নীতিমালা:** ICBN (International code of Botanical Nomenclature)
- **দ্বিপদ নামকরণ:** সুইডিস বিজ্ঞানী ক্যারোলাস লিনিয়াস দ্বিপদ নামকরণের (1753) প্রবক্তা। দ্বিপদ নামকরণের দুটি অংশ: গণ ও প্রজাতি। উদা: চড়ুই পাখি- *Passer domesticus*।
- **ত্রিপদ নামকরণ:** উপপ্রজাতিসহ কোন প্রাণীর নামকরণকে ত্রিপদ নামকরণ বলে। পাখি বিজ্ঞানী Schlegel (1844) সর্বপ্রথম ত্রিপদ নামকরণ প্রচলন করেন। উদা: নীল নদ এলাকার চড়ুই পাখির বৈজ্ঞানিক নাম- *Passer domesticus niloticus*।

◈ **উদ্ভিদ শ্রেণীবিন্যাসের প্রকারভেদ:**

01. কৃত্রিম: কোনো একটি বা বিশেষ কয়েকটি বৈশিষ্ট্যের উপর (অঙ্গজ) ভিত্তি করে।
- **লিনিয়াসের শ্রেণিবিন্যাস (যৌন শ্রেণিবিন্যাস পদ্ধতি):** আধুনিক ট্যাক্সোনমিক বোটানি ও জুওলজির জনক Linnaeus। পুংকেশর এর উপর ভিত্তি করে 24টি শ্রেণীতে ভাগ করেন। 24টির মধ্যে 1টি অপুষ্পক বাকি 23টি সপুষ্পক।
- **থিয়োফ্রাস্টাস-এর কৃত্রিম শ্রেণীবিন্যাস:**
  - উদ্ভিদ বিজ্ঞানের জনক।
  - থিয়োফ্রাস্টাস উদ্ভিদ কান্ডের প্রকৃতি, বিস্তৃতি ও কাষ্ঠলতার উপর ভিত্তি করে উদ্ভিদসমূহকে ৪টি শ্রেণীতে ভাগ করেন:

শ্রেণিবিভাগ	উদাহরণ
Tree বা বৃক্ষ	আম (*Mangifera indica*), জাম (*Syzygium cumini*), কাঁঠাল (*Artocarpus heterophyllus*)
Shrub বা গুল্ম	জবা (*Hibiscus rosa-sinensis*), রঙ্গন, গন্ধরাজ
Undershrub বা উপগুল্ম *	কালকাসুন্দা, আঁশশেওড়া, বেলী, গোলাপ।
Herb বা বীরুৎ	ধান (*Oryza sativa*), গম (*Triticum aestivum*), সরিষা (*Brassica napus*), ঘাস, কচু, কচুরিপানা, নরমলতা গাছ ইত্যাদি। কাষ্ঠল কান্ডবিশিষ্ট হার্বকে উর্ডি হাব (তোষা পাট) বলা হয়।

  - আয়ুষ্কালের উপর নির্ভর করে তিনি হার্বকে আবার তিনভাগে ভাগ করেছেন:

শ্রেণিবিভাগ	উদাহরণ
Annual বা বর্ষজীবী	সরিষা, ছোলা
Biennial বা দ্বিবর্ষজীবী	মূলা, ফুলকপি
Parennial বা বহুবর্ষজীবী	আদা, হলুদ, দূর্বা ঘাস (*Cynodon dactylon*)

02. প্রাকৃতিক: বিভিন্ন উদ্ভিদ বা উদ্ভিদ গোষ্ঠীর মধ্যে সামগ্রিক অঙ্গসংস্থানিক সাদৃশ্যের উপর নির্ভর করে। বেনথাম-হুকার এর শ্রেণীবিন্যাস পদ্ধতি প্রাকৃতিক।

03. জাতিজনি: উৎপত্তিগত সম্পর্কের উপর ভিত্তি করে বিবর্তন ধারা অনুযায়ী আদি হতে আধুনিক ক্রমধারায় সাজিয়ে যে শ্রেণীবিন্যাস করা হয় তাকে জাতিজনি শ্রেণীবিন্যাস বলে। এঙ্গলার-প্রান্টল, হাচিনসন, বেসি, ক্রনকুইস্ট, তাখতাইয়ান প্রমুখ জাতিজনি শ্রেণিবিন্যাসের প্রবক্তা।

04. ফাইভ কিংডম পদ্ধতি (আধুনিক শ্রেণিবিন্যাস):
- Whittaker এ পদ্ধতি প্রস্তাব করেন। Margulis এটি পরিবর্তিত ও বিস্তারিত করেন এজন্য একে Margulis-এর শ্রেণিবিন্যাস বলা হয়।
- R.H. Whittaker জীবজগৎকে ৫ ভাগে ভাগ করেন: (i) Monera (ii) Protista (iii) Plantae (iv) Fungi ও (v) Animalia।

05. ফটোপিরিয়ডিজম: বিজ্ঞানি গার্নার এবং এ্যালার্ড ফটোপিরিয়ডিজম বা দিবালোকের উপর ভিত্তি করে উদ্ভিদ সমূহকে তিনভাগে ভাগ করেন-

ক. ছোট দিনের উদ্ভিদ- শিম, ডালিয়া, তামাক, চন্দ্রমল্লিকা, পাট, ফুলকপি, রোপা-আমন ধান, আখ, গোল আলু, সয়াবিন।

খ. বড় দিনের উদ্ভিদ- লাল শাক, পালং শাক, আফিম, ভুট্টা, লেটুস, ঝিঙ্গা, মটর, গম, বার্লি, যব, মূলা।

গ. নিরপেক্ষ দিনের উদ্ভিদ- শশা, টমেটো, গোলাপ, তুলা, সূর্যমুখী, কার্পাস।

◈ **জীববিজ্ঞানের সাথে সম্পর্কিত বিভিন্ন গ্রন্থের নাম:**

গ্রন্থের নাম	লেখকের নাম
Systema Nature, Species Plantarum (1753)	Carolus Linnaeus
Genera Plantarum	Bentham & Hooker
Origin Of Species By Means Of Natural Selection (1859)	Darwin
Five Kingdom, Symbiotic Plant	Margulis
Philosophic Zoologique	Lamarck
Historia Plantarum	Theophrastus

◈ **জীববিজ্ঞানের বিভিন্ন শাখা:**

চাষের নাম/বিদ্যা	কি বলা হয়
মৌমাছি চাষ	Apiculture
রেশম চাষ	Sericulture
মৎস্য চাষ	Pisciculture
মুক্তা চাষ	Pearl culture
লাক্ষা (পোকা) চাষ	Lac-culture
চিংড়ি চাষ	Prawn culture
কোষবিদ্যা	Cytology
জীবাশ্মবিদ্যা	Palaeontology
পাখিবিদ্যা	Ornithology
বংশগতিবিদ্যা	Genetics
নৃবিদ্যা	Anthropology
ব্যাঙ চাষ	Frog culture
উদ্যানবিদ্যা	Horticulture
বনজ সম্পদ বিদ্যা	Silviculture
শামুক চাষ	Heliculture
মৎস্যবিদ্যা	Icthyology
সমুদ্রবিদ্যা	Oceanography
টিস্যুবিদ্যা	Histology
আচরণবিদ্যা	Ethology
অঙ্গসংস্থান বিদ্যা	Morphology
উদ্যানপুষ্প বিদ্যা	Floriculture
কীটপতঙ্গবিদ্যা	Entomology

POLL MACHINE Preparation and Practice are vital for effective delivery

CamScanner

উদ্ভিদ বিজ্ঞান

অধ্যায় ০১ কোষ ও কোষের গঠন

	V.V.I TOPIC	RATINGS
01	কোষের প্রকারভেদ, প্রাথমিক কথা	★★
02	আবিষ্কার ও বিশেষ নাম	★★
03	কোষপ্রাচীর, প্লাস্টিড, মাইটোকন্ড্রিয়া, নিউক্লিয়াস ও নিউক্লিক এসিড	★★★
04	কোষঝিল্লী, রাইবোসোম, গলগিবডি, লাইসোসোম, সেন্ট্রিওল ও ER	★★
05	ক্রোমোসোম, কোড ও কোডন	★★★

এক নজরে বিভিন্ন তথ্য

- কোষতত্ত্ব প্রদান করেন- শ্লাইডেন ও সোয়ান।
- কোষের ঝিল্লিমুক্ত অঙ্গাণু- ক্লোরোপ্লাস্ট, মাইটোকন্ড্রিয়া, গলজি বস্তু, লাইসোজোম, এন্ডোপ্লাজমিক রেটিকুলাম, নিউক্লিয়াস, মাইক্রোবাডিস।
- কোষপ্রাচীরের ক্ষুদ্রতম গাঠনিক একক- মাইসেলি।
- হাক্সলের মতে জীবনের ভৌত ভিত্তি হলো- প্রোটোপ্লাজম।
- কোষঝিল্লির প্রধান গঠন উপাদান- লিপিড ও প্রোটিন।
- কোষঝিল্লির স্তর- ২টি, প্লাজমামেমব্রেন গঠনের সর্বাধিক স্বীকৃত ও আধুনিকতম মডেল- ফ্লুইড মোজাইক মডেল বা আইসবার্গ মডেল।
- কোষঝিল্লির প্রোটিন- ৩ ধরনের (ইন্টিগ্রাল, পেরিফেরাল, লিপিড কোর সম্পৃক্ত)।
- ক্ষুদ্রাকার রাইবোজোম হলো- রাইবোনিউক্লিও প্রোটিন কণা (RNP)।
- কোষের সার্বজনীন অঙ্গাণু- রাইবোজোম।
- শুক্রাণু গঠনে সহায়তা করে- গলজি বস্তু।
- লাইসোজোমকে বলা হয় কোষের- কোষের পাকস্থলী/সুসাইডাল স্কোয়াড/ আত্মঘাতী থলিকা/ডাইজেস্টিভ ব্যাগ।
- উদ্ভিদকোষে লাইসোজোমের অপর নাম- Spherosome বা Olesome।
- অটোলাইসস বা অটোফ্যাগি ঘটে- লাইসোজোমে।
- অমসৃণ এন্ডোপ্লাজমিক রেটিকুলামের ক্ষুদ্র ক্ষুদ্র বিচ্ছিন্ন অংশকে বলা হয়- মাইক্রোজোম।
- প্রোটোপ্লাজমের কাঠামো হিসেবে কাজ করে- এন্ডোপ্লাজমিক রেটিকুলাম।
- ক্রেবস চক্র, ফ্যাটি এসিড চক্র, ETC, অক্সিডেটিভ ফসফোরাইলেশন প্রভৃতি ঘটে- মাইটোকন্ড্রিয়নে।
- ক্রিস্টি ধারণ করে- মাইটোকন্ড্রিয়া।
- *Chalmydomonas*-এর ক্লোরোপ্লাস্ট- পেয়ালাকার।
- *Spirogyra*-এর ক্লোরোপ্লাস্ট- সর্পিলাকার বা ফিতাকৃতি।
- কোষের স্বপ্রজননক্ষম অঙ্গাণু- সেন্ট্রিওল।
- নিউক্লিয়াসকে বলা হয়- কোষের মস্তিষ্ক বা প্রাণকেন্দ্র বা কেন্দ্রিকা।
- কোষস্থ খনিজ ক্রিস্টাল- ক্যালসিয়াম অক্সালেট।
- ক্রোমোজোমের কোন অংশটি নিউক্লিওলাসের পুনর্গঠন (নিউক্লিওলাস গঠন) অঞ্চল নামে পরিচিত- গৌণ কুঞ্চন।
- পিউরিন বেসগুলো হলো- অ্যাডিনিন এবং গুয়ানিন।
- পাইরিমিডিন বেসগুলো হলো- সাইটোসিন, থাইমিন (DNA-তে থাকে) এবং ইউরাসিল (RNA-তে থাকে)।
- DNA অণুর ডাবল হেলিক্সের প্রতি প্যাঁচে প্রায় কতটি হাইড্রোজেন বন্ড থাকে- ২৫টি।
- DNA অণুর রেপ্লিকেশন কোন পদ্ধতিতে হয় - অর্ধসংরক্ষণশীল।
- DNA অনুলিপনের সময় হাইড্রোজেন বন্ড ভাঙে কোন এনজাইম- হেলিকেজ।
- ট্রান্সক্রিপশন কোথায় সংঘটিত হয়- সাইট্রোপ্লাজমে (আদিকোষ) এবং নিউক্লিয়াসে (প্রকৃতকোষ)।
- সবচেয়ে ছোট কোষ মাইকোপ্লাজমা (PPLO- Pleuron Pneumonia L Organism)
- মানবদেহে সবচেয়ে দীর্ঘতম কোষ হচ্ছে নিউরন কোষ (1.37 মিটার লম্বা)
- কোষপ্রাচীরের প্রধান রাসায়নিক উপাদান সেলুলোজ
- দুটি পাশাপাশি কোষের প্রাচীরের সূক্ষ্ম ছিদ্র পথে নলাকার সাইটোপ্লাজ সংযোগ স্থাপিত হয় একে প্লাজমোডেসমাটা বলে।
- মাইটোকন্ড্রিয়াকে শক্তি ঘর বা Power House বলা হয়।
- উদ্ভিদকোষে মাইটোকন্ড্রিয়ার সংখ্যা ৩০০-৪০০টি এবং প্রাণীকোষে মাইটোকন্ড্রি সংখ্যা ২০০-৩০০টি।
- প্রোটিন সংশ্লেষ করে বলে রাইবোসোমকে কোষের প্রোটিন ফ্যাক্টরি বলা হয়।
- প্রোটিনের রাসায়নিক গঠন → প্রোটিন + rRNA
- লাইসোজোমকে অটোফ্যাগী, স্বগ্রাসী, আত্মঘাতী থলিকা, হাইড্রোলাই এনজাইমের আধার, Bag of enzyme (এনজাইমের থলিকা) বলে।
- রেকন (Recon): জিন রিকম্বিনেশন এর একক।
- মিউটন (Muton): জিন মিউটেশনের একক বলা হয়।
- রেপ্লিকন (Replicon): DNA এর যে অংশ DNA এর অনুলিপন নিয়ন্ত্রণ ক তাকে রেপ্লিকন বলে।
- সিস্ট্রন (Cistron): জিন কার্যের একক।
- তিনটি করে নিউক্লিয়োটাইডের বিশেষ বিন্যাসকে কোডন বলে।
- জেনেটিক ইনফরমেশন এর মূল একক ট্রিপলেট। দেহে ৬৪ ধরনের কো থাকে। Start Codon- AUG, Stop Codon-UAA, UAG, UGA
- রবার্ট হুক ১৬৬৫ সালে কোষ আবিষ্কার করেন।
- কোষের নিঃসৃত পদার্থ তিনটি হল পিগমেন্ট, এনজাইম, নেকটার(সংক্ষেপে: PEN)
- কোষ প্রাচীর উদ্ভিদকোষের অনন্য বৈশিষ্ট্য, প্রাণীকোষে কোষ প্রাচীর থাকে না।
- প্রোটোপ্লাজম জীবনের ভিত্তি
- Fluid-Mosaic মডেল দেন সিঙ্গার ও নিকলসন
- কোষ ঝিল্লীর মোট উপাদানের ৭৫% লিপিড
- কোষ ঝিল্লীতে দু'রকম ফসফোলিপিড পাওয়া গিয়েছে যার মধ্যে লেসিথিন প্রধান
- স্টার্চ/শ্বেতসার জাতীয় খাদ্য সঞ্চয়কারী লিউকোপ্লাস্টকে অ্যামাইলোপ্লাস্ট বলা হয়।
- চর্বি জাতীয় খাদ্য সঞ্চয়কারীকে ইলায়োপ্লাস্ট বলে।
- প্রোটিন সঞ্চয়কারী লিউকোপ্লাস্টকে বলা হয় প্রোটিনোপ্লাস্ট।
- শুক্রাণুর ৯০% নিউক্লিয়াস।
- রবার্ট ব্রাউন নিউক্লিয়াস নামকরণ করেন।
- DNA অণুতে সমান পরিমাণ A ও T এবং C ও G থাকে, একে Chargaff rule বলে।
- ট্রিপলেট হলো জেনেটিক ইনফরমেশনের মূল একক।
- A, T দ্বি-বন্ধন এবং C, G ত্রিবন্ধন হাইড্রোজেন বন্ধন থাকে।
- রেপ্লিসোমের প্রধান এনজাইম হল DNA পলিমারেজ।
- ল্যাগিং সূত্রের প্রতিলিপিত খন্ডকে বলা হয় Okazaki খন্ড।
- DNA প্রতিলিপনের ক্ষেত্রে ভুল হলে তাকে বলা হয় Mismatch যার প্রভাবে মানুষের এক ধরনের কোলন ক্যান্সার হয়।
- RNA এর যে অংশ হতে Translation হবে তা হল Exon, আর যে অংশ হতে Translation হবে না, তা হল Intron.
- "এক জিন, একপলিপেপটাইড মতবাদ" প্রবক্তা বীডল ও ট্যাটাম
- আদি কোষে জিন প্রকাশের ইউনিটকে বলা হয় Operon.
- Protein- কে বলা হয় জীবনের ভাষা (Language of life)
- DNA - কে বলা হয় Code of the life
- DNA হল জীবনের আণবিক ভিত্তি।
- RNA- তে থায়ামিন থাকে না।
- DNA- তে ইউরাসিল থাকে না।
- নিউক্লিক এসিড নাম করণ করেন- অল্টম্যান।

PATH MACHINE Preparation and Practice are vital for effective delivery

CamScanner

- মাইসেলিকে কোষপ্রাচীরের ক্ষুদ্রতম একক ধরা হয়।
- মুখোমুখি দুটি কূপকে **পিট পেয়ার** বলে।
- রাইবোসোমের রাসায়নিক গঠন → প্রোটিন + rRNA।
- *E.Coli* কোষের শুষ্ক ওজনের ২২ ভাগই রাইবোসোম।
- একাধিক নিউক্লিয়াসযুক্ত উদ্ভিদকোষকে সিনোসাইট এবং প্রাণীকোষকে সিনোসাইটিয়াম বলে (কিছু জীবের ক্ষেত্রে প্লাজমোডিয়াম বলে)।
- **সিনোসাইটিক:** i. শৈবাল- *Vacheria, Botrydium, Sphaeroplea*
  ii. ছত্রাক- *Rhizopus, Penecillium, Agaricus*
- **সিনোসাইটিয়াম:** Opalina নামক আদ্যপ্রাণীর অন্থিপেশী ও অন্থিমজ্জার অস্টিওক্লাস্ট কোষ।
- ১ অণু নাইট্রোজেনঘটিত ক্ষারক + ১ অনু পেন্টোজ শুগার → নিউক্লিয়োসাইড
- নিউক্লিয়োসাইড + ১ অনু ফসফেট → নিউক্লিয়োটাইড
- ডাবল হেলিক্সের প্রতিটি ঘূর্ণনে (বা প্যাঁচে) ১০ জোড়া মনোনিউক্লিওটাইড থাকে। ডাবল হেলিক্স-এর প্রতিটি প্যাঁচ বা ঘূর্ণনের দূরত্ব ৩৪Å।
- ডাবল হেলিক্স-এর ব্যাস ২০Å। সিঁড়ির এক ধাপ হতে অপর ধাপের দূরত্ব ৩.৪Å।
- DNA অণুর আণবিক ওজন 10^6-10^9 এর মধ্যে। 100°C তাপমাত্রায় DNA অণুর ভেঙ্গে দুইটি অংশ হয়।
- ক্ষারকগুলো (A, T, G, C) শ্যুগারের ১নং কার্বনের সাথে যুক্ত থাকে, ২নং কার্বনে অক্সিজেন থাকে না।
- DNA —Replication→ DNA —Transcription→ RNA —Translation→ Protein
  (RNA —Riverse Transcription→ DNA)
- HIV-তে রিভার্স ট্রান্সক্রিপশন হয়।
- **কোষীয় অঙ্গাণুগুলোর বিশেষ নাম:**

অঙ্গাণুর নাম	বিশেষ নাম
মাইটোকন্ড্রিয়া	শক্তি ঘর বা পাওয়ার হাউজ
রাইবোসোম	প্রোটিন তৈরির কারখানা
নিউক্লিয়াস	কোষের প্রাণ কেন্দ্র
প্রোটোপ্লাজম	জীবনের ভৌত ভিত্তি (হ্যাক্স লে)
ক্রোমোজোম	বংশগতির ভৌত ভিত্তি
এনজাইম	প্রোটিন তৈরীর ফার্ম/ কর্মী
অ্যামাইনো এসিড	প্রোটিন তৈরীর কাঁচামাল
RNA	প্রোটিন তৈরীর ব্লু-প্রিন্ট
DNA	প্রোটিন তৈরীর মাষ্টার প্ল্যান বলা হয়
লাইসোসোম	আত্মঘাতী থলিকা, সুইসাইডাল স্কোয়াড, এনজাইমের আঁধার
গল্‌গি বডি	লাইপোকন্ড্রিয়া, ডিকটায়োসোম, ট্রাফিক পুলিশ, কার্বোহাইড্রেট ফ্যাক্টরি, ইডিওসোম
জিনোম	মাস্টার ব্লু প্রিন্ট।

- **ক্লোরোপ্লাস্টের আকৃতি:**

আকৃতি	উদাহরণ
পেয়ালাকৃতি	Chlamydomonas
সর্পিলাকার	Spirogyra
জালিকাকার	Oedogoniun
তারকাকার	Zygnema
বেল্ট/ফিতা/আংটি/গার্ডল আকৃতি	Ulothrix
গোলাকার	Pithophora

- **নিউক্লিয়াসের সংখ্যা:**

সংখ্যা	অবস্থান
১টি	প্রকৃত কোষ
২টি	Paramecium ও মেরুদণ্ডী প্রাণীর যকৃত ও তরুণাস্থি কোষ
বহু	*Voucheria, Penicillium, Botrydium, Sphaeroplea, Saprolegnia*
অনুপস্থিত *	আদিকোষ, কিছু প্রকৃত কোষ, পরিণত সীভকোষ, পরিণত RBC, লেন্স কোষ

- **বিভিন্ন উদ্ভিদ ও প্রাণির ক্রোমোজোম সংখ্যা:**

নাম	বৈজ্ঞানিক নাম	ক্রোমোজোম সংখ্যা
শসা	*Cucumis sativus*	১৪
মটর	*Pisum sativum*	১৪
পাট*	*Corchorus capsularies*	১৪
পিঁয়াজ	*Allium cepa*	১৬
পেঁপে	*Carica papaya*	১৮
মুলা*	*Raphanus sativus*	১৮
ভূট্টা*	*Zea mays*	২০
ধান*	*Oryza sativa*	২৪
টমেটো*	*Lycopersicon lycopersicum*	২৪
তামাক	*Nicotiana tabacum*	২৮
চীনা বাদাম	*Arachis hypogaea*	৪০
গম (৬ প্রস্থি)*	*Triticum aestivum*	৪২
গোলআলু	*Solanum tuberosum*	৪৮
কিউলেক্স মশা*	*Culex pipiens*	৬
ফলের মাছি*	*Drosophila melanogaster*	৮
গৃহমাছি	*Musca domestica*	১২
খরগোস	*Oryctolagus cuniculus*	৪৪
মানুষ*	*Homo sapiens*	৪৬
গরিলা	*Gorilla gorilla*	৪৮
ছাগল	*Capra hircus*	৬০
গরু*	*Bos taurus*	৬০
গিনিপিগ	*Cavia porcellus*	৬৪
ঘোড়া	*Equus caballus*	৬৪
কবুতর*	*Columba livia*	৮০

❑ MODEL EXAMPLE ❑

01. কোনটি ঝিল্লি আচ্ছাদিত কোষ অঙ্গাণু নয়?
A. Microtubule/সেন্ট্রিওল B. Lysosome
C. Golgi apparatus D. Ribosome

02. প্রোক্যারিওটিক কোষে কোন অঙ্গাঁণু বিদ্যমান?
A. গলজি বডি B. মাইটোকন্ড্রিয়া
C. রাইবোসোম D. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম

03. হিস্টোন-প্রোটিনের সাথে সংযুক্ত অবস্থায় DNA- কে বলা হয়?
A. ক্রোমাটিড B. নিউক্লিওজোম
C. সোলেনয়েড D. ইউক্রোমাটিন

04. কোষপ্রাচীরের ক্ষুদ্রতম গাঠনিক একক-
A. Micelle B. Microfibril
C. Fibril D. Fibre

05. প্লাজমামেমব্রেনের বহুল গ্রহণযোগ্য ফ্লুইড মোজাইক মডেল কে প্রবর্তন করে?
A. Waston and Crick B. Singer and Nicolson
C. Danielli and Dayson D. Palade

SOLL MACHINE
Preparation and Practice are vital for Victory Delivery

06. অক্সিসোম কোন অঙ্গাণুর অংশ?
A. রাইবোসোম B. প্লাস্টিড
C. মাইটোকন্ড্রিয়া D. গলজি বডি

07. কোনটি অন্তঃকোষীয় পরিপাক ঘটায়?
A. রাইবোসোম B. লাইসোসোম
C. জিন D. ক্রোমোসোম

08. জীবকোষের ট্রাফিক পুলিশ কোনটি?
A. সিস্টারনি B. মাইটোকন্ড্রিয়া
C. লাইসোজোম D. গলগি বডি

09. মাকুতন্তু গঠন করে-
A. লাইসোজোম B. সেন্ট্রিওল
C. মাইক্রোটিউবিউলস D. নিউক্লিয়ার মেমব্রেন

10. শুক্রাণুর লেজ গঠন করে কোন অঙ্গানুটি?
A. লাইসোজোম B. সেন্ট্রিওল
C. রাইবোজোম D. মাইটোকন্ড্রিয়া

11. প্রোটিন সঞ্চয়কারী লিউকোপ্লাস্ট কোনটি?
A. ইলায়োপ্লাস্ট B. অ্যালিউরোপ্লাস্ট
C. ক্রোমোপ্লাস্ট D. অ্যামাইলোপ্লাস্ট

12. পারঅক্সিসোম-এর প্রধান এনজাইম-
A. ATPase B. ADPase
C. Catalase D. Lipase

13. ইউক্যারিওটিক কোষে-
A. সুনির্দিষ্ট নিউক্লিয়াস আছে কিন্তু নিউক্লিওলাস অনুপস্থিত
B. সুনির্দিষ্ট নিউক্লিয়াস নেই কিন্তু ক্রোমোসোম আছে
C. সুনির্দিষ্ট নিউক্লিয়াস আছে কিন্তু ক্রোমোসোম নেই
D. সুনির্দিষ্ট নিউক্লিয়াস ও নিউক্লিওলাস আছে

14. ধানের ক্রোমোসোম সংখ্যা (2n) হলো-
A. 6 B. 12
C. 24 D. 48

15. কোন কোডনটি কোনো অ্যামাইনো অ্যাসিড নির্দেশ করে না?
A. CCU B. ACU
C. UGA D. AAG

16. অ্যান্টিকোডন থাকে-
A. t-RNA B. m-RNA
C. r-RNA D. DNA-তে

17. প্রোটিন সংশ্লেষণের জন্য নিম্নের কোনটি প্রযোজ্য?
A. Ribosome + mRNA + tRNA
B. Mitochondrion + Cristae + ETS
C. Chloroplast +Thylakoid + Granum
D. Lysosome+ Enzyme + Granule

18. কোনটি DNA-এর নাইট্রোজেন বেস নয়?
A. সাইটোসিন B. থাইমিন
C. ইউরাসিল D. গুয়ানিন

19. নিচের কোনটি পিউরিন ক্ষারক?
A. সাইটোসিন B. থাইমিন
C. অ্যাডিনিন D. ইউরাসিল

20. DNA থেকে mRNA তৈরির প্রক্রিয়াকে কি বলা হয়?
A. ট্রান্সক্রিপশন B. রেপ্লিকেশন
C. ট্রান্সলেশন D. মিউটেশন

ANS ANALYSIS

01.A	02.C	03.B	04.A	05.B	06.C	07.B	08.D	09.C	10.B
11.B	12.C	13.D	14.C	15.C	16.A	17.A	18.C	19.C	20.A

অধ্যায় ০২ কোষ বিভাজন

	V.V.I TOPIC	RATING
01	প্রোফেজ-০১ এর উল্লেখযোগ্য বৈশিষ্ট্য	★★★
02	মাইটোসিসের বিভিন্ন ধাপের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য	★★★
03	অ্যামাইটোসিস, মাইটোসিস, মিয়োসিস বিভাজনের স্থান, আবিষ্কারক, বৈশিষ্ট্য ও পার্থক্য	★★★
04	কোষচক্র ও অনিয়ন্ত্রিত মাইটোসিস	★★★

এক নজরে বিভিন্ন তথ্য

- ক্রোমোজোমগুলো সর্বাধিক খাটো, মোটা ও স্পষ্ট হয় কোন ধাপে- মেটাফেজ।
- ক্রোমোজোম গতিপ্রাপ্ত হয় কোন ধাপে- অ্যানাফেজ।
- অপত্য ক্রোমোজোম মেরুমূখী হয়- অ্যানাফেজে।
- মিয়োসিস কোষ বিভাজনে ক্রোমোজোমের বিভাজন ঘটে- একবার; সাইটোপ্লাজম ও নিউক্লিয়াস দু'বার বিভাজিত হয়।
- হ্যাপ্লয়েড জীবের কোথায় মিয়োসিস ঘটে- জাইগোটে।
- বাইভ্যালেন্টে সৃষ্ট চারটি ক্রোমাটিডকে একত্রে বলে- টেট্রাড।
- ক্রসিংওভারের সময় সৃষ্ট কায়াজমার আকৃতি হয়- X এর মতো।
- আদিকোষের (ব্যাক্টেরিয়া, এককোষী জীব) বিভাজন প্রক্রিয়া- অ্যামাইটোসিস।
- সাইটোপ্লাজমের বিভাজন শুরু হয়- টেলোফেজ দশায়।
- কোষচক্রের G_1 দশায় কত শতাংশ সময় ব্যয় হয়- ৩০-৪০%।
- কোষচক্রের G_2 দশায় কত শতাংশ সময় ব্যয় হয়- ১০-২০%।
- কোষচক্রের S দশায় বা সংশ্লেষণ দশায় ব্যায়িত সময়- ৩০-৫০%।
- মাইটোসিসের কোন ধাপে নিউক্লিয়ার মেমব্রেন ও নিউক্লিয়ালাসের সম্পূর্ণ বিলু ঘটে- মেটাফেজ।
- স্পিন্ডল যন্ত্রের বিষুবীয় অঞ্চলে ক্রোমোজোমের বিন্যস্ত হওয়াকে বলা হয় মেটাকাইনেসিস।
- মাইটোসিস কোষ বিভাজনে ক্রোমোজোমের দ্বিতন হয় কোন পর্যায়ে অ্যানাফেজ।
- নন-সিস্টার ক্রোমাটিডের নির্দিষ্ট অংশ ভাঙ্গে- এন্ডোনিউক্লিয়েজ।
- কায়াজমা অংশে ক্রোমাটিডগুলো জোড়া দেয়- লাইগেজ এনজাইম।
- Walter fleming সর্বপ্রথম সামুদ্রিক সালমান্ডার কোষে কোষ- বিভাজন লক্ষ্য করেন
- লেপ্টোটিন- পোলারাইজড বিন্যাস দেখা যায়
- জাইগোটিন- সিন্যাপসিস ঘটে এবং বাইভ্যালেন্ট তৈরি হয়
- প্যাকাইটিন- ক্রসিংওভার ঘটে এবং কায়াজমাটা তৈরী হয়, টেট্রাড দেখা যায়।
- ডিপ্লোটিন- প্রান্তীয়করণ ঘটে
- ডায়াকাইনেসিস- নিউক্লিয়োলাস ও নিউক্লিয়ার মেমব্রেনের বিলুপ্তি ঘটে
- শ্লাইখার সর্বপ্রথম মাইটোসিস কোষ বিভাজনের নাম দেন ক্যারিওকাইনেসিস
- কোন কোন কোষ কখনো বিভাজিত হয়না যেমন পূর্ণাঙ্গ লাল রক্ত কোষ পেশিকোষ, স্নায়ুকোষ, উদ্ভিদের স্থায়ী কোষ।
- কোষ চক্রের মোট ৫-১০ ভাগ সময় ব্যয় হয় এমফেজ- এ, বাকি ৯০-৯৫ ভা সময় ব্যয় হয় ইন্টারফেজ দশায়।
- ইন্টারফেজ অবস্থায় কোষের নিউক্লিয়াসকে বলা হয় বিপাকীয় নিউক্লিয়াস।
- ডাবের পানি মুক্ত নিউক্লিয়ার বিভাজনের উদাহরণ।
- অনিয়ন্ত্রিত মাইটোসিসের ফলে টিউমার, ক্যানসার হয়।
- প্রোফেজ/প্রাক পর্যায়- নিউক্লিয়োলাস ও নিউক্লিয়ার মেমব্রেনের বিলুপ্তি ঘটতে শুরু করে
- প্রোমেটাফেজ/প্রাকমধ্যপর্যায়- স্পিন্ডল যন্ত্রের তৈরি এবং ক্রোমোসোমীয় নৃ দেখা যায়
- মেটাফেজ/মধ্যপর্যায়- ক্রোমোসোম সুপার কয়েলিং প্রক্রিয়ায় সবচেয়ে খাটো মোটা হয়, মেটাকাইনেসিস ঘটে।

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

- **অ্যানাফেজ/গতিপর্যায়-** ক্রোমোসোমের মেরুমুখী চলন শুরু হয় এবং V,L,J,I আকৃতি ধারণ করে
- **টেলোফেজ/অন্তপর্যায়-** নিউক্লিয়োলাসের পুনঃআবির্ভাব ঘটে এবং সাইটোকাইনেসিস ঘটে
- কোষের মৃত্যু→পুষ্টির অভাবে Necrosis, জেনেটিক্যাল মৃত্যু Apoptosis
- মায়োসিস-২ ইকুয়েশনাল বা সমীকরণিক বিভাজন বলে।
- অ্যানাফেজ পর্যায়ে ক্রোমোসোম গুলো V(মেন্টাসেন্ট্রিক) L(সাবমেটাসেন্ট্রিক), (অ্যাক্রোসেন্ট্রিক), I(টেলোসেন্ট্রিক) আকারের হয়।
- মায়োসিস প্রক্রিয়ায় নিউক্লিয়াসের প্রথম ও দ্বিতীয় বিভক্তির মধ্যবর্তী সময়কে ইন্টারকাইনেসিস বলে।
- T.H Morgan 1909 সালে ভুট্টা উদ্ভিদে সর্বপ্রথম ক্রসিং ওভার সম্পর্কে ধারণা দেন।
- বিভাজনরত কোষের সাইটোপ্লাজম দু'ভাগে বিভক্ত হওয়াই সাইটোকাইনেসিস। সাইটোকাইনেসিস না হলে (এবং ক্যারিওকাইনেসিস চলতে থাকলে) একই কোষে বহু নিউক্লিয়াসের সৃষ্টি হয়। একে বলা হয় মুক্ত নিউক্লিয়ার বিভাজন (ডাবের পানি)।
- মাইটোসিসের ফলে জননাঙ্গ সৃষ্টি ও জননকোষের সংখ্যা বৃদ্ধি ঘটে এবং মিয়োসিসের ফলে জননকোষ সৃষ্টি হয়।
- **বিভাজন ক্ষমতাবিহীন যে সকল কোষ:**
  - পরিণত জনন কোষ বা গ্যামেট (শুক্রাণু, ডিম্বাণু)
  - প্রাণীদেহের স্নায়ুকোষ, পেশীকোষ ও হৃদপেশী কোষ
  - সকল চলমান রক্তকোষ (RBC, WBC, Platelet)
  - উদ্ভিদের স্থায়ী কোষ।
- **কোষ বিভাজনের পার্থক্য:**

অ্যামাইটোসিস	মাইটোসিস (সমীকরণিক)	মিয়োসিস (হ্রাসমূলক)
Prokaryotic জীবে ঘটে	Eukaryotic জীবে ঘটে	Eukaryotic জীবে ঘটে
দুটি কোষ তৈরি হয়	দুটি কোষ তৈরি হয়	চারটি কোষ তৈরি হয়
এককোষী জীবে ঘটে	দেহ কোষে ঘটে	জনন কোষে ঘটে
ক্রোমোসোম সংখ্যা সমান থাকে	ক্রোমোসোম সংখ্যা সমান থাকে	ক্রোমোসোম সংখ্যা অর্ধেক হয়
সরাসরি মাতৃ কোষের বিভাজন	নিউক্লিয়াস ও ক্রোমোসোম উভয় একবার বিভক্ত হয়	নিউক্লিয়াস দু'বার ও ক্রোমোসোম একবার বিভক্ত হয়

❑ MODEL EXAMPLE ❑

01. কোষ চক্রের শতকরা কত ভাগ সময় ইন্টারফেজ দশায় ব্যয় হয়?
A. 5-10 B. 10-15
C. 90-95 D. 85-95

02. DNA প্রতিলিপন ঘটে-
A. G_1 ফেজে B. S ফেজে
C. G_2 ফেজে D. M ফেজে

03. কোষকে বিভাজন হতে বিরত রাখে নিম্নের কোনটি?
A. সেন্ট্রিওল B. সাইক্লিন Cdk-MPF
C. P^{53} D. P^{27}

04. মাইটোসিস বিভাজনের কোন দশায় নিউক্লিয়ার মেমব্রেন ও নিউক্লিওলাসের বিলুপ্তি ঘটে?
A. টেলোফেজ B. প্রোফেজ
C. প্রো-মেটাফেজ D. মেটাফেজ

05. ক্রোমোসোমীয় নৃত্য কোষ বিভাজনের কোন দশায় ঘটে?
A. Prophase B. Prometaphase
C. Anaphase D. Telophase

06. মাইটোসিসের কোন পর্যায়ে ক্রোমোজোমগুলো লম্বালম্বি দুইভাগে বিভক্ত হয়ে ক্রোমাটিড তৈরি করে?
A. প্রোফেজ B. প্রো-মেটাফেজ
C. মেটাফেজ D. এনাফেজ

07. ক্যারিওকাইনেসিস কীসের বিভাজন?
A. নিউক্লিয়াসের B. সাইটোপ্লাজমের
C. মাইটোকন্ড্রিয়ার D. গলগি বডির

08. সাব-মেটাসেন্ট্রিক ক্রোমোসোম আকৃতিতে কেমন?
A. V B. L
C. J D. I

09. দেহের বিভিন্ন অংশে ক্যান্সার কোষ ছড়িয়ে পড়াকে কি বলে?
A. Oncogenesis B. Necrosis
C. Metastasis D. Apoptosis

10. ক্রোমাটিডের মেরুমুখী চলন কোষ বিভাজনের কোন ধাপে শুরু হয়?
A. প্রোফেজ B. প্রোমেটাফেজ
C. মেটাফেজ D. অ্যানাফেজ

11. কোনটি প্রোগ্রামড্ সেল ডেথ?
A. নেক্রোসিস B. এপোপটোসিস
C. অ্যামাইটোসিস D. মাইটোসিস

12. কোষ বিভাজনের কোন উপ-দশায় সমসংস্থ ক্রোমোসোমের মধ্যে সিন্যাপসিস ঘটে?
A. জাইগোটিনে B. লেপ্টোটিনে
C. প্যাকাইটিনে D. ডিপ্লোটিনে

13. প্রোফেজ-1 এর কোন পর্যায়ে কায়াজমা সৃষ্টি হয়?
A. লেপ্টোটিন B. জাইগোটিন
C. প্যাকাইটিন D. ডিপ্লোটিন

14. কোষ বিভাজনের কোন পর্যায়ে টেট্রাডসমূহ পাওয়া যায়?
A. লেপ্টোটিন B. জাইগোটিন
C. প্যাকাইটিন D. ডায়াকাইনেসিস

15. মায়োসিস কোষ বিভাজনের কোন উপধাপে সমসংস্থ ক্রোমোজোমগুলো পরস্পরের সাথে জোড়া বাঁধে?
A. লেপ্টোটিন B. জাইগোটিন
C. প্যাকাইটিন D. ডিপ্লোটিন

16. ক্রোমোজোমের মধ্যে জীন বিনিময় ঘটে কখন?
A. সিন্যাপসিসের সময় B. ক্রসিং ওভারের সময়
C. প্রান্তীয় করনের সময় D. মিয়োসিস-২-এ

17. মায়োসিস এর ফলে সৃষ্টি হয়-
A. গ্যামেট B. জাইগোট
C. মায়োসাইট D. মায়োফিল

18. পুষ্টির অভাবে কোষ মারা গেলে তাকে কি বলে?
A. Necrosis B. Apoptosis
C. Phogocytosis D. Peristalsis

19. মেন্ডেলের সূত্রের ব্যাখ্যা সম্ভব কোন বিভাজনের মাধ্যমে?
A. মাইটোসিস B. মিয়োসিস
C. অ্যামাইটোসিস D. ক্যারিওকাইনেসিস

20. প্রাণী কোষ কোন উপপর্যায়ে ক্রোমোসোম গুলোকে একত্রে একটি ফুলের তোড়ার মত দেখায়?
A. লেপ্টোটিন B. জাইগোটিন
C. প্যাকাইটিন D. ডায়াকাইনোসিস

ANS ANALYSIS

01.C	02.B	03.C	04.B	05.B	06.A	07.A	08.B	09.C	10.D
11.B	12.A	13.C	14.C	15.B	16.B	17.A	18.A	19.B	20.A

FOLIO MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

অধ্যায় 08 অণুজীব

	V.V.I TOPIC	RATINGS
01	ম্যালেরিয়া পরজীবীর জীবনচক্র	★★★
02	ব্যাকটেরিয়ার নাইট্রোজেন সংবন্ধন প্রক্রিয়া	★
03	ভিরিয়ন, ভিরয়েড ও প্রিয়ন	★★★
04	ভাইরাস ও ব্যাকটেরিয়া সৃষ্ট রোগ ও উপকারিতা	★
05	ভাইরাসের প্রকারভেদ ও TMV, T_2 এর গঠণ	★★
06	বিভিন্ন বিজ্ঞানীদের আবিষ্কার	★★★

এক নজরে বিভিন্ন তথ্য

- সর্বপ্রথম ভাইরাস সৃষ্ট মোজাইক রোগ বর্ণনা করেন-**এডলফ মায়ার**।
- মোজাইক রোগের জীবাণু ব্যাকটেরিয়া হতে ক্ষুদ্র, ইহা প্রমাণ করেন- **দিমিত্রি আইভানোভ্‌স্কি**।
- রোগাক্রান্তপাতা থেকে মোজাইক ভাইরাস পৃথক ও কেলাসিত করেন-**স্ট্যানলি (ভাইরোলজির জনক)**।
- অকোষীয় অতিআণুবিক্ষণীক ও ব্যাধ্যতামূলক পরজীবী- ভাইরাস।
- রিভার্স-ট্রান্সক্রিপশন ঘটে-HIV।
- একসূত্রক RNA দেখা যায় TMV।
- জলাতঙ্ক রোগের জন্য দায়ী ভাইরাস- র‍্যাবিস।
- সোয়াইন ফ্লু রোগের জন্য দায়ী ভাইরাস- H_5N_1 (মানুষের) ও H_1N_1 (শুকরের)।
- HAV হয়- এন্টারো ভাইরাসের কারণে।
- HVB এর সুপ্তকাল- ৪৫-১৮০ দিন।
- ডেঙ্গু জ্বরকে বলা হয়ে থাকে- Break bone fever।
- লক্ষণ অনুসারে ডেঙ্গু জ্বর- তিন প্রকার।
- *E.coli* মানুষের অন্ত্রে কোন ভিটামিন তৈরি করে- B_{12}।
- দুগ্ধশিল্পে ব্যবহৃত ব্যাকটেরিয়া- *Lactobacillus*।
- *Vibrio cholerae* থেকে নিঃসৃত পদার্থ- এন্টারোটক্সিন।
- মানুষের দেহে সম্পন্ন হয় *Plasmodium*-এর- অযৌন জনন বা সাইজোগনি।
- বিনাইন টারশিয়ান ম্যালেরিয়ার জীবাণু- *Plasmodium vivax*।
- ম্যালিগন্যান্ট টারশিয়ান ম্যালেরিয়ার জন্য দায়ী-*P.falciprum*।
- মানবদেহে হেপাটিক সাইজোগনির সর্বশেষ ধাপ- মেরোজয়েট।
- মানবদেহে এরিথ্রোসাইটিক সাইজোগনির সর্বশেষ ধাপ- গ্যামিটোসাইট।
- ম্যালেরিয়া পরজীবীর ডিপ্লয়েড দশা- জাইগোট, উওকিনেট ও উওসিস্ট।
- *P.vivax*-এর গ্যামিটোগনি কোথায় সম্পন্ন হয়- মশকীর ক্রপে।
- এক্সফ্লাজেলেশন কোথায় ঘটে- মশকীর ক্রপে।
- ম্যালেরিয়া পরজীবীর মিয়োসিস ঘটে- উওসিস্টে।
- বিশ্বের প্রথম ম্যালেরিয়া প্রতিষেধক টিকা- Mosquirix/RTS,S।
- ভাইরাস নিউক্লিক এসিড (কেন্দ্রে) ও প্রোটিন (আবরণ) দিয়ে গঠিত অতি আণুবীক্ষণিক অকোষীয় বস্তু যার অর্থ বিষ।
- **DNA ভাইরাস:** TIV, ভ্যারিওলা, T_2, ভ্যাক্সিনিয়া, হার্পিস, হেপাটাইটিস-বি, ফুলকপির মোজাইক, এডিনো। Parvoviridae গোত্রের (ϕX_{174} ও M_{13} কলিফায) ভাইরাসের DNA একসূত্রক।
- **গ্রাম পজিটিভ ব্যাকটেরিয়া:** ল্যাকটিক এসিড ব্যাকটেরিয়া, ক্লসট্রিডিয়াম, স্ট্যাফাইলোকক্কাস, অ্যাকটিনোব্যাকটেরিয়া।
- **ক্রিপ্টোজয়েট :** গোলাকার আকৃতি।
- **সাইজন্ট :** বহু নিউক্লিয়াসবিশিষ্ট দশা
- **ট্রফোজয়েট :** RBC'র প্রথম দশা
- **সিগনেট রিং :** দেখতে আংটির মতো
- অ্যামিবয়েড ট্রফোজয়েট : সাফনার্স দানা দেখা যায়, যার মাধ্যমে ম্যাল শনাক্ত করা হয়
- মেরোজয়েট : পাইরোজেন নিঃসরণ হয়, ফলে জ্বর আসে
- রোজেট : ফুলের পাপড়ির মতো, হিমোজয়েন নামক বর্জ্য ক্ষরিত হয়
- ভাইরাস ল্যাটিন শব্দ যার অর্থ বিষ।
- ভাইরাস সম্পর্কিত সংক্ষিপ্ত ইতিহাস (বইথেকে)
- সবচেয়ে ছোট ভাইরাস পোলিও (12nm), সবচেয়ে বড় ভাইরাস TMV(300nm)
- সংক্রমণ ক্ষমতাহীন ভাইরাসকে বলা হয় নিউক্লিয়োক্যাপসিড
- মানুষের কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের kuru এবং creutzfeldt এবং ভেড়া ও ছাগ scrapie রোগ প্রিয়ন দিয়ে হয়।
- দ্যা হেরেলি ব্যাকটেরিওফায আবিষ্কার করেন।
- হেপাটাইসিস -C হেপাটাইসিস B, অপেক্ষা মারাত্মক।
- ডেঙ্গু জ্বরের বাহক মশকী *Aedes aegypti* (জ্বর ১০৩°-১০৫° F)
- ম্যালেরিয়া জ্বরে সৃষ্ট তাপমাত্রা ১০৪°-১০৬° F।
- কলেরার কারণে দেহের তাপমাত্রা ৯৫°-৯৬° F এ নেমে আসে।
- ধানগাছের ব্লাইট রোগ হয় *Xanthomonas oryzae*।
- মেরুদন্ডের ব্যাথা সহ কোমর ব্যাথা ডেঙ্গু জ্বরের প্রধান লক্ষণ।
- ব্যাকটেরিয়া কোষ প্রাচীরের প্রধান উপাদান পেপটাইডোগ্লাইকান।
- হেপাটিক সাইজোগনি সম্পন্ন হতে সময় লাগে ৭-১০ দিন
- **ভাইরাসঘটিত রোগ:** হাম, হার্পিস, ডেঙ্গু, বসন্ত, মাম্পস, এডিনো, করে চিকনগুনিয়া, ভাইরাল হেপাটাইটিস, বার্ডফ্লু, সোয়াইন ফ্লু, ইনফ্লুয়েঞ্জা, জলাত পোলিও।
- এরিথ্রোসাইটিক সাইজোগনি সম্পন্ন হতে সময়লাগে ৪৮-৭২ ঘন্টা
- ক্রপের বাইরের গহ্বরে ম্যালেরিয়া জীবাণুর স্পার্মাটোজেনেসিস প্রক্রিয়াকে ব হয় এক্সফ্লাজেলেশন।
- আক্রান্ত একটি মশকীর ক্রপে ৫০-৫০০টি উওসিস্ট দেখা যায়।
- সংক্রমণ ক্ষমতা সম্পন্ন ভাইরাস কণাকে ভিরিয়ন বলে।
- সংক্রামক প্রোটিন ফাইব্রিলকে প্রিয়ন্স বলে।
- লুই পাস্তরকে ব্যাকটেরিওলোজির জনক বলা হয়।
- এরেনবার্গ ব্যাকটেরিয়া নামকরণ কনের।
- *Salmonella typhi* হল গ্রাম নেগেটিভ ব্যাকটেরিয়া।
- ফ্লাজেলিন নামক প্রোটিন দিয়ে ফ্লাজেলা গঠিত।
- ম্যালেরিয়া পরজীবী আবিষ্কার করেন চার্লস লেভেরন।
- বিএইচসি ও ডায়েলড্রিন ইত্যাদি দ্বারা মশকীর লার্ভা ও পিউপা ধ্বংস করা হয়
- ভাইরাস লাল টিউলিপ ফুলে সাদা দাগ ফেলে এতে ফুলের সৌন্দর্য্য ও দাম বে যায়, একে ব্রোকেন টিউলিপ বলে।
- Papaya Ringspot Virus Type (PRSV-P)
  - রোগের বিস্তার: এফিড (*Aplus gossypii, Myzus persicae*) জা পতঙ্গ (জাব পোকা ও সাদা মাছি) দ্বারা এ রোগ ছড়ায়। কুমড়া জা উদ্ভিদেও মোজাইক রোগের সৃষ্টি করে।
  - জীব প্রযুক্তির মাধ্যমে হাওয়াই-এ পেঁপের জাত (রেইনবো ও সানআ উদ্ভাবন করা হয়েছে যেটি PRSV প্রতিরোধী।

◈ **ব্যাকটেরিয়ার উপকারিতা:** দুই প্রকার নাইট্রোজেন সংবন্ধনকারী ব্যাকটে পাওয়া যায়:

i. ফ্রি-লিভিং বা ননসিমবায়োটিক– সায়ানো ব্যাকটেরিয়া, *Anabae Nostoc, Azotobacter, Clostridium, Beijerinckia.*

ii. সিমবায়োটিক– *Rhizobium, Frankia*

- **নাইট্রোজেন সংবন্ধন:** *Azotobacter, Clostridium, Pseudomon* প্রভৃতি ব্যাকটেরিয়া সরাসরি বায়ু থেকে মুক্ত নাইট্রোজেন গ্রহন কর *Rhizobium* ব্যাকটেরিয়া শিমজাতীয় উদ্ভিদের মূলের নডিউ নাইট্রোজেন সংবন্ধন করে।

Preparation and Practice are vital for effective delivery

- নাইট্রিফিকেশনঃ অ্যামোনিয়াকে (NH_3) নাইট্রেটে (NO_3^-) পরিণত করাকে বলা হয় নাইট্রিফিকেশন এবং নাইট্রিফিকেশনে অংশগ্রহণকারী ব্যাকটেরিয়াকে নাইট্রিফাইং ব্যাকটেরিয়া বলে। দুটি উপধাপে নাইট্রিফিকেশন ঘটে, যথা- (i) *Nitrosomonas, Nitrococcus* প্রভৃতি ব্যাকটেরিয়া অ্যামোনিয়াকে (NH_3) প্রথমে নাইট্রাইটে (NO_2^-) পরিণত করে এবং (ii) পরবর্তীতে *Nitrobacter* নাইট্রাইটকে নাইট্রেটে পরিণত করে।
- *Bacillus subtilus* হতে সাবটিলিন, *Bacillus polymyxa* হতে পলিমিক্সিন ও *Actinomycetes* হতে স্ট্রেপটোমাইসিন অ্যান্টিবায়োটিক প্রস্তুত করা হয়।
- D.P.T, কলেরা, টাইফয়েড, যক্ষা প্রভৃতি রোগের প্রতিষেধক প্রস্তুত করা হয়।
- *Bacillus thuringiensis* বিভিন্ন প্রকার পতঙ্গ নিয়ন্ত্রণে ব্যবহৃত হয়।
- *Clostridium* এর সাহায্যে পাটের আঁশ ছড়ানো হয়।
- *Azotobacter xylinum* দিয়ে ভিনেগার, *Bacillus lacticacidi* দিয়ে ল্যাকটিক এসিড, *Clostridium acetobutylicum* দিয়ে অ্যাসিটোন প্রস্তুত করা হয়।

♦ ভিরিয়ন, ভিরয়েড ও প্রিয়ন এর মধ্যকার তুলনা:

ভিরিয়ন (ভাইরাস)	ভিরয়েড	প্রিয়ন
RNA অথবা DNA থাকে।	RNA থাকে, DNA থাকে না।	নিউক্লিক এসিড থাকে না।
প্রোটিন থাকে।	প্রোটিন থাকে না।	শুধু প্রোটিন থাকে।
উদ্ভিদ ও প্রাণীদের রোগ সৃষ্টি করে।	শুধু উদ্ভিদে রোগ সৃষ্টি করে।	শুধু প্রাণীর রোগ সৃষ্টি করে।

♦ ভাইরাসঘটিত রোগ এবং তাদের পোষক:

রোগের নাম	পোষক দেহ	ভাইরাসের নাম
বার্ড ফ্লু *	হাঁস-মুরগি, পাখি	ইনফ্লুয়েঞ্জা (H_5N_1) ভাইরাস
Swine flue *	মানুষ, শূকর	ইনফ্লুয়েঞ্জা (H_1N_1) ভাইরাস
ধানের টুংরো রোগ	ধান	টুংরো ভাইরাস
কলার বানচি টপ রোগ	কলা	বানচি টপ ভাইরাস
গোল আলুর মোজাইক রোগ	গোলআলু	পট্যাটো মোজাইক ভাইরাস
তামাকের মোজাইক রোগ *	তামাক	টোবাকো মোজাইক ভাইরাস
সিমের মোজাইক রোগ	সিম	বীন মোজাইক ভাইরাস
টমেটোর বুশিস্টান্ট রোগ *	টমেটো	বুশিস্টান্ট ভাইরাস

❐ MODEL EXAMPLE ❐

01. যে ভাইরাসে RNA থাকে–
A. উদ্ভিদ ভাইরাস/TMV/ HI B. প্রাণি ভাইরাস
C. Bacteriophage D. AIDS

02. সংক্রমণ করতে সক্ষম ভাইরাস কণাকে কি বলে?
A. নিউক্লিওক্যাপসিড B. পেপলোমিয়ার
C. ক্যাপসোমিয়ার D. ভিরিওন

03. একসূত্র বিশিষ্ট DNA ভাইরাসের উদাহরণ কোনটি?
A. TMV B. HIV
C. ϕX174 D. T_2

04. নিম্নের কোনটি বাধ্যতামূলক পরজীবী?
A. ব্যাকটেরিয়া B. একটিনোমাইসিটিস
C. ভাইরাস D. ছত্রাক

05. মানুষের গুটি বসন্ত রোগের জন্য দায়ী ভাইরাস কোনটি?
A. Vericella-Zoster virus B. Vaccinia virus
C. Rubeola virus D. Variola virus

06. সোয়াইন ফ্লু রোগের জন্য দায়ী ভাইরাস কোনটি–
A. HIV B. Rubella
C. H_1N_1 D. CMV

07. কোনটি Spherical ভাইরাস?
A. HIV B. হার্পিস
C. ইনফ্লুয়েঞ্জা D. মাপস ভাইরাস

08. করোনা ভাইরাস এক ধরনের–
A. দ্বিসূত্রক DNA ভাইরাস B. একসূত্রক RNA ভাইরাস
C. দ্বিসূত্রক RNA ভাইরাস D. একসূত্রক DNA ভাইরাস

09. কোন অণুজীব নাইট্রোজেন সংবন্ধনে সক্ষম?
A. *Bacillus* B. *Acetobacter*
C. *Pseudomonas* D. *Nitrobacter*

10. হুপিং কাশীর জন্য কোন জীবাণু দায়ী?
A. *Bacillus subtilis* B. *Bordetella pertussis*
C. *Pseudomonas aeruginasa* D. *lactobacillus lactis*

11. কোনটি গ্রাম পজিটিভ ব্যাক্টেরিয়া?
A. *Shigella sp.* B. *Escherichia sp.*
C. *Salmonella sp.* D. *Streptococcus sp.*

12. ব্যাকটেরিয়ার কোষ প্রাচীরে থাকে-
A. সেলুলোজ B. পেকটিন
C. কাইটিন D. মিউকোপেপটাইড

13. পতঙ্গনাশক ব্যাক্টেরিয়া কোনটি?
A. *Azotobacter* B. *Acetobacter xylinum*
C. *Bacillus subtilis* D. *Bacillus thuringiensis*

14. কোনটি ব্যাকটেরিয়া ঘটিত রোগ?
A. আমাশয় B. ফ্লু
C. ডেংগু D. হাম

15. মানুষের মধ্যে সেরিব্রাল ম্যালেরিয়া-
A. *Phasmodium vivax* B. *Plasmodium ovalae*
C. *P. falciparum* D. *P. malariae*

16. মানবদেহে *Plasmodium malariae* পরজীবীর সুপ্তাবস্থা কত দিন?
A. 12-20 day B. 8-15 days
C. 18-40 days D. 11-16 days

17. ম্যালেরিয়া পরজীবীর জীবনচক্রের কোন দশায় মানুষ সংক্রমিত হয়?
A. উকিনেট B. মেরোজয়েট
C. স্পোরোজয়েট D. ট্রোফোজয়েট

18. ম্যালেরিয়া আক্রান্ত রোগীকে নিম্নের কোন ঔষধ চিকিৎসার জন্য দেওয়া হয়?
A. সেফালোস্পোরিন B. অ্যাজিথ্রোমাইসিন
C. নিভাকুইন D. টেট্রাসাইক্লিন

19. কোন দশাটি হ্যাপ্লয়েড?
A. উকিনিট B. উওসিস্ট
C. স্পোরোজয়েট D. জাইগোট

20. টোবাকো মোজাইক ভাইরাসে কতটি ক্যাপসোমিয়ার থাকে?
A. ২৩০০-২৫৮০ B. ২১৩০-২২০০
C. ২০৬০-২১৭০ D. ২৪১০-২৫০০

ANS ANALYSIS

01.A	02.D	03.C	04.C	05.D	06.C	07.A	08.B	09.C	10.B
11.D	12.D	13.D	14.A	15.C	16.C	17.C	18.C	19.C	20.B

Preparation and Practice are vital for effective delivery

CamScanner

অধ্যায় ০৭ নগ্নবীজি ও আবৃতবীজী উদ্ভিদ

	V.V.I TOPIC	RATINGS
01	নগ্নবীজী ও সাইকাসের বৈশিষ্ট্য	★★★
02	বিভাগ পরিচিতি ও আবৃতবীজী উদ্ভিদের বৈশিষ্ট্য	★★
03	মূল, কান্ড, পাতা, পুষ্পমঞ্জুরী	★
04	পুষ্পপত্র বিন্যাস, অমরাবিন্যাস, ফুল ও ফল	★★★
05	গোত্র পরিচিতি	★★★

এক নজরে বিভিন্ন তথ্য

- Cycas- এর এন্ডোস্পার্ম বা শস্য- হ্যাপ্লয়েড।
- Cycas- এর কোরালয়েড মূলে বাস করে- *Anabaena* এবং *Nostoc*।
- জবা ফুল ঔষধি হিসেবে ব্যবহৃত হয়- অর্শ ও রক্ত আমাশয় চিকিৎসায়।
- ঢেঁড়স যে রোগের উপশমে ব্যবহৃত হয়- বহুমূত্র।
- টেপাল কার অংশ- পুষ্পপুট।
- ফল পাকলে নিচ থেকে উপর বরাবর ফেটে যায়- সিলিকুয়া।
- Ephedra উদ্ভিদে দ্বি-নিষেক দেখা যায়।
- পাহাড়ী অঞ্চলে Cycas pectinata প্রাকৃতিকভাবে জন্মে
- Cycas কে পামফার্ন বলা হয়।
- Cycas জীবন্ত জীবাশ্ম।
- Cycas এর মূলকে কোরালয়েড মূল বা রুটটিউবার্কল বলে।
- নগ্নবীজী উদ্ভিদের জাইলেম টিস্যুতে ভেসেল ও ফ্লোয়েম টিস্যুতে সঙ্গীকোষ থাকে না।
- Cycas এর পুং রেণু স্ট্রোবিলাস তৈরি করে কিন্তু স্ত্রীরেণু করে না।
- Cycas এর শুক্রাণু বহুফ্লাজেলা বিশিষ্ট এবং উদ্ভিদকুলের মধ্যে সর্ববৃহৎ।
- সাইকাস এর পাতায় ট্রান্সফিউশন টিস্যু বিদ্যমান।
- পেঁয়াজ, রসুন বাল্ব কান্ডের উদাহরণ।
- একবীজপত্রী উদ্ভিদের পাতার শিরাবিন্যাস সমান্তরাল।
- দ্বিবীজপত্রী উদ্ভিদের পাতার শিরাবিন্যাস জালিকাকার।
- প্রধান মূল দ্বিবীজপত্রী উদ্ভিদের বৈশিষ্ট্য
- বাংলাদেশে ২৮ প্রজাতির বাঁশ জন্মে
- Malvaccae গোত্রের উদ্ভিদের পরাগধানী একপ্রকোষ্ঠ ও বৃক্কাকার।
- *Zamia pygmaea* পৃথিবীর ক্ষুদ্রতম নগ্নবীজি উদ্ভিদ। এরা সাইকাডস নামে পরিচিত।
- পৃথিবীর সবচেয়ে উঁচু (115.92 মিটার বা 380.3 ফুট) বৃক্ষ *Sequoia sempervirens* বা রেড উড/হাইপেরিয়ন/ জেনারেল শেরম্যান নামে পরিচিত।
- সবচেয়ে ক্ষুদ্রাকৃতির আবৃতবীজী উদ্ভিদ হল *Wolffia microscopia* (0.1 মি.মি.)।
- বাংলাদেশের ক্ষুদ্রতম আবৃতবীজী উদ্ভিদটি হলো *Wolffia arrhiza*।
- আবৃতবীজী উদ্ভিদের মধ্যে সবচেয়ে উঁচু বৃক্ষ হল *Shorea faguetiana* প্রজাতি (331 ফুট বা 100.8 মিটার)।
- **সিলেবাস বহির্ভূত লিলিয়েসি, লিগুমিনেসি, ক্রুসিফেরি ও সোলানেসি সম্পর্কে অবশ্যই পড়তে হবে। নেটওয়ার্ক বই থেকে দেখে নাও।**

- **ফলের প্রকারভেদ:**

ফল	
প্রকারভেদ	উদাহরণ
প্রকৃত	আম, জাম, লিচু, পেয়ারা
অপ্রকৃত*	চালতা, আপেল, ডুমুর, আনারস, কাঁঠাল
সরল	আম, শিম, মটর, ধান
যৌগিক*	কাঠাল, বট, তুত, আনারস, ডুমুর
লিগিউম	শিম
ক্যাপসিউল	ধুতুরা, ঢেঁড়স, পাট, কার্পাস

ফল	
প্রকারভেদ	উদাহরণ
ক্যারিঅপসিস	ধান, গম, ভুট্টা
সিলিকুয়া*	সরিষা, মুলা
বেরি*	কাট বেরী: ক→কলা, ট→টমেটো
সাইন্ক্যোকার্প	ধনে, গাজর, লজ্জাবতী
ড্রুপ*	আম, কুল, আমড়া, নারিকেল
পেপো	শসা, কুমড়া
সরোসিস	আকাশ: আ→আনারস, কা→কাঠাল, শ→সরোসিস

- **পুষ্পপত্র বিন্যাস:** মুকুলাবস্থায় বৃত্যংশগুলো (অথবা পাপড়িগুলো) পরস্পর সাথে কিভাবে বিন্যস্ত থাকে তাকে বলা হয় এস্টিভেশন বা পুষ্পপত্রবিন্যাস।

নাম	উদাহরণ
ওপেন বা মুক্ত	গন্ধরাজ, জবার উপবৃতি
ভালভেট বা প্রান্তস্পর্শী	আতা, আকন্দ, বাবলা, জবা ফুলের বৃতি
টুইস্টেড বা পাকানো	জবা (*Hibiscus rosa-sinensis*) এর দলমণ্ডল,
ইমব্রিকেট	কৃষ্ণচূড়া (*Delonix regia*), বাদরলাঠি, কালকাসুন্দ (*Cassia sophera*)
ভেক্সিলারি	প্রজাপতিসম ফুল, মটরশুটি (*Pisum sativum*), শিম (*Lablab purpureus*), অপরাজিতা
কুইনকানসিয়াল	পেয়ারা (*Psidium guajava*), সরিষা (*Brassica napus*)

- **বিভিন্ন প্রকার অমরাবিন্যাস:**

নাম	উদাহরণ
মার্জিনাল বা একপ্রান্তীয়	মটরশুটি, শিম, অপরাজিতা
এ্যাপিকাল বা শীর্ষক	ধনিয়া, লালপাতা, ক্রোটন
অ্যাক্সাইল বা অক্ষীয়	জবা, ধুতুরা, রজনীগন্ধা, ঢেঁড়স, বেগুন
সুপারফিশিয়াল বা গাত্রীয়	শাপলা, শালুক, পদ্ম, শিয়াল কাটা
প্যারাইটাল বা বহুপ্রান্তীয়	লাউ, শসা, পেঁপে, কুমড়া, সরিষা
ফ্রিসেন্ট্রাল বা মুক্তমধ্য	তুঁতে, নুনিয়া শাক, বনধনিয়া, ডায়ান্থাস
বেসাল বা মূলীয়	ত্রিধারা, সূর্যমুখী, ধান, গাঁদা

- **Poaceae ও Malvaceae সম্পর্কিত তথ্য:**

Poaceae (Graminae)- একবীজপত্রী	Malvaceae- দ্বিবীজপত্রী
গুচ্ছমূল	প্রধান মূলতন্ত্র
সরল, একান্তর, লিগিউম বিশিষ্ট (ব্যতিক্রম- *Echinochloa*)	সরল, জালিকা শিরাবিন্যাসযুক্ত, সবৃন্তক
স্পাইকলেট	একক (সাইমোস)
মূলীয়	অক্ষীয়
ক্যারিঅপসিস	ক্যাপসিউল, বেরি অথবা সাইজোক
ট্রাইমেরাস	পেন্টামেরাস
সর্বমুখ	একপ্রকোষ্ঠীয় বৃক্কাকার
Bambusa bambos (বাঁশ)	*Hibiscus rosa-sinensis** (জবা-
- **সুপার অক্সাইড (Super oxide):** KO_2, RbO_2

TOPIC 14 এক নজরে সক্রিয়তা ও অন্যান্য ক্রম

- হ্যালোজেন সমূহের সক্রিয়তাক্রমঃ $F_2>Cl_2>Br_2>I_2$
- হ্যালো এসিডের সক্রিয়তাক্রমঃ HI > HBr > HCl > HF (অম্লতা)
- হ্যালোজেনো অ্যালকেনের সক্রিয়তা ক্রমঃ R-I>R-Br>R-Cl
- লুকাস বিকারকের সাথে অ্যালকোহলের সক্রিয়তাক্রমঃ
- 3° অ্যালকোহল > 2° অ্যালকোহল > 1° অ্যালকোহল
- S_N1 এর সক্রিয়তা ক্রমঃ 3° RX> 2° RX> 1° RX> CH_3X
- S_N2 এর সক্রিয়তা ক্রমঃ 3°RX<2°RX<1°RX<CH_3X
- হ্যালোজেনো অ্যালকেনের সক্রিয়তা ক্রম (বন্ধন বিয়োজন অনুসারে): C-I>C-Br>C-Cl>C-F
- গ্রুপ IIA ধাতুর সালফেট সমূহের দ্রাব্যতা হ্রাসের ক্রম- $BeSO_4>MgSO_4>CaSO_4>SrSO_4>BaSO_4$
- গ্রুপ IIA ধাতুর হাইড্রক্সাইডগুলোর দ্রাব্যতা বৃদ্ধির ক্রম $-Be(OH)_2<Mg(OH)_2<Ca(OH)_2<Sr(OH)_2<Ba(OH)_2$
- অম্ল শক্তির ক্রমঃ $HNO_3>HIO_3>HF>H_2S$
- প্রমাণ বন্ধন বিভাজন মান অনুযায়ী ক্রমঃ HF>HCl>HBr>HI
- ফ্রি-র‍্যাডিকেল সমূহের স্থায়িত্ব ক্রমঃ 3° অ্যালকাইল>2° অ্যালকাইল>1° অ্যালকাইল
- কার্বোক্যাটায়ন বা কার্বোনিয়াম আয়নের স্থায়িত্বক্রমঃ $+CR_3>+CHR_2>+CH_2R>+CH_3$
- গলনাঙ্ক ও স্ফুটনাঙ্কের ক্রমঃ $F_2<Cl_2<Br_2<I_2$
- অ্যালকোহলের নিরুদন ধর্মের ক্রমঃ 3° অ্যালকোহল > 2° অ্যালকোহল > 1° অ্যালকোহল
- অ্যালকোহলের অম্লধর্মীতার ক্রমঃ 3° অ্যালকোহল < 2° অ্যালকোহল < 1° অ্যালকোহল
- অ্যালকোহলের জারন ধর্মের ক্রমঃ 3° অ্যালকোহল < 2° অ্যালকোহল < 1° অ্যালকোহল
- অ্যামিনের ক্ষারধর্মের তীব্রতা ক্রম
  - A. $NH_3<R\text{-}NH_2<R_2NH$
  - B. 2° > 1° > 3°> $NH_3>Ar\text{-}NH_2$
  - C. $C_6H_5NH_2<NH_3<R_3N<RNH_2<R_2NH$
- কার্বনিল যৌগের সক্রিয়তার ক্রমঃ $HCHO>CH_3CHO>CH_3\text{-}CO\text{-}CH_3$
- জৈব এসিডের তীব্রতার ক্রমঃ i. H – COOH>RCOOH>R – CH_2 - COOH ii. HCOOH>CH_3 COOH> CH_3-CH_2COOH
- ক্লোরো এসিডের তীব্রতার ক্রমঃ $CCl_3COOH>Cl_2CH.COOH>Cl\text{-}CH_2\text{–}COOH>CH_3COOH$
- অ্যালকালি ধাতু সমূহের আকার ও সক্রিয়তার ক্রমঃ Li<Na< K<Rb <Cs<Fr
- মৃৎক্ষার ধাতুসমূহের সক্রিয়তার ক্রম- Ba>Sr>Ca>Mg>Be
- Na^+, F^-, Cl^- ও Br^- আয়নের ব্যাসার্ধের ক্রমঃ $Br^->Cl^->F^->Na^+$
- পোলারায়ন ক্ষমতার ক্রমঃ i. $F^-<Cl^-<Br^-<I^-$, ii. $F^-<O^{2-}<N^{3-}$, iii. $Na^+<Mg^{2+}<Al^{3+}$ iv. $Be^{2+}>Mg^{2+}>Ca^{2+}>Sr^{2+}>Ba^{2+}$
- ল্যাটিস শক্তির ক্রমঃ NaF <NaCl <NaBr<NaI
- অ্যালকাইল হ্যালাইডের আর্দ্র বিশ্লেষণ ক্রমঃ RCl<RBr<RI
- দ্বিতীয় পর্যায়ের মৌলসমূহের আয়নিকরণ শক্তির ক্রম- Li < B < Be < C < O < N < F
- ক্ষার ধাতুসমূহের আয়নিকরণ শক্তির ক্রম- Cs < Rb < K < Na < Li
- গলনাঙ্ক ও স্ফুটনাঙ্কের ক্রম- $NaCl>MgCl_2>AlCl_3>SiCl_4$

PDF MACHINE Preparation and Practice are vital for effective delivery

CamScanner

অধ্যায় ০৪ CHEMICAL CHANGE

TOPIC 01 গ্রীন কেমিস্ট্রি

পরিবেশ দূষণ রোধে ১৯৯১ সালে যুক্তরাষ্ট্রে মি. পল অ্যানাস্তাস এবং ওয়ার্নার গ্রীণ কেমিস্ট্রির প্রস্তাব করে।

গ্রীন কেমিস্ট্রির নীতি ১২টি। ১৯৯১ সালে পাউল টি. অ্যানাসতাস (Paul T. Anastas) এবং জন সি. ওয়ার্নার (John C. Warner) সবুজ রসায়নের ১২টি নীতিমালা প্রণয়ন করেন। নীতিমালাসমূহকে 'ঝুঁকি হ্রাসকরণ ' ও 'পরিবেশগত দূষণ সীমিতকরণ' নামক দুটি শ্রেণীতে ভাগ করা যায়।

ছন্দে ছন্দে

গ্রীন কেমিস্ট্রির মূলনীতি

ন্যূনতম ঝুকি, ন্যূনতম উপজাতক
নিরাপদ কেমিক্যাল, নিরাপদ দ্রাবক
নবায়নযোগ্য কাচামাল আর বর্জ্যের বধ
করবে দূষণ নিয়ন্ত্রণ আর দূর্ঘটনার প্রতিরোধ
এটম ইকোনমির প্রভাবকীয় ক্ষমতা
প্রাকৃতিক রূপান্তরে শক্তি-দক্ষতা।

TOPIC 02 বিক্রিয়ার হার ও এর নিয়ামক

বিক্রিয়ার হারের একক: $mol\ L^{-1}time^{-1}$ / $mol\ L^{-1}s^{-1}$ / $mol\ L^{-1}min^{-1}$ / $mol\ L^{-1}h^{-1}$ / $mol\ L^{-1}yr^{-1}$

বিক্রিয়ার হারের উপর প্রভাব বিস্তারকারী নিয়ামক সমূহ:

তাপের	চাপে	ঘন পৃষ্ঠের	ক্ষেত্রফল	অনেক	আলোকিত
তাপমাত্রা	চাপ	ঘনমাত্রা	পৃষ্ঠতলের ক্ষেত্রফল	অনুঘটক	আলোক

⇒ টেকনিক: সব বাড়ালে বিক্রিয়ার গতিবেগ বাড়ে।
ব্যতিক্রম – প্রভাবক-
– ধনাত্মক প্রভাবক বিক্রিয়ার গতি বৃদ্ধি।
–, ঋণাত্মক প্রভাবক বিক্রিয়ার গতি হ্রাস।

উদাহরণঃ কোন রাসায়নিক বিক্রিয়ায় তাপমাত্রা বাড়ালে বিক্রিয়ার গতি বাড়বে না কমবে? সঠিক উত্তরঃ বাড়বে

TOPIC 03 এক নজরে অনুঘটকের নানা তথ্য

শ্রেণীবিভাগ	কাজ	উদাহরণ
ধনাত্মক অনুঘটক	বিক্রিয়ার গতি বৃদ্ধি করে	Pt (NH_3), V_2O_5 (MnO_2), Cu, Fe, Al_2O_3
ঋণাত্মক অনুঘটক	বিক্রিয়ার গতি হ্রাস করে	H_3PO_4 (H_2O_2), ROH ($CHCl_3$ + O_2), CO, Urea
স্বয়ংক্রিয় অনুঘটক	স্ব প্রভাবক হিসেবে কাজ করে	Mn^{++}
আবিষ্ট প্রভাবক	আবেশ প্রক্রিয়ায় প্রভাবক হিসেবে কাজ করে।	Na_2SO_3
প্রভাবক বিষ	অনুঘটকের কার্যক্ষমতা কমিয়ে দেয়	As_2O_3
প্রভাবক উদ্দীপক	অনুঘটকের ক্ষমতা বৃদ্ধি পায়	Fe (Al_2O_3+K_2O) Fe(K_2O+Cr_2O_3)

TOPIC 04 এক নজরে শিল্পক্ষেত্রে অনুঘটকের ব্যবহার

শিল্প	বিক্রিয়া	অনুঘটক
NH_3 উৎপাদন	$N_2+3H_2 = 2NH_3$	Fe (প্রভাবক), MgO, SiO_2 সহায়ক Mo/Al_2O_3
H_2SO_4 উৎপাদন	$2SO_2+O_2 = 2SO_3$	Pt বা V_2O_5
HNO_3 উৎপাদন	$4NH_3+5O_2 = 4NO+6H_2O$	Pt-Rh
মিথানল উৎপাদন	$CO+2H_2 \rightarrow CH_3OH$	$ZnO+Cr_2O_3$
ইথানল উৎপাদন	$C_6H_{12}O_6 \rightarrow 2CH_3-CH_2OH+2CO_2$	জাইমেজ
ভিনেগার উৎপাদন	$CH_3-CH_2-OH+O_2 \rightarrow CH_3-COOH+H_2O$	মাইকোডার্মা অ্যাসিটি
তরল জ্বালানী উৎপাদন	$CO+H_2O \rightarrow C_nH_{2n+2}+H_2O$	Co-Fe-Ni
ডালডা উৎপাদন	তেলের হাইড্রোজিনেশন	Ni

✓ **সংঘর্ষ তত্ত্বের সারকথা:**

i) বিক্রিয়ক কণাগুলোর মধ্যে ন্যূনতম শক্তি সহযোগে সংঘর্ষ ঘটবে; যা দ্বারা পুরাতন বন্ধন ভাঙবে নতুন বন্ধন গড়বে।

ii) স্থানিক সঠিক দিক থেকে সংঘর্ষ ঘটতে হবে।

➲ **গতি নির্ণায়ক ধাপ:** বিক্রিয়ার একাধিক ধাপের মধ্যে যে ধাপটি সবচেয়ে কম গতি সম্পন্ন তা দ্বারা বিক্রিয়ার গতি নির্ধারিত হয় অর্থাৎ শ্লথ ধাপই বিক্রিয়ার গতি নির্ধারক।

TOPIC 05 ভরক্রিয়া সূত্র ও সাম্যাঙ্ক বা সাম্যধ্রুবক তথ্যাবলী

⊛ **ভ্যান্টহফের সমীকরণ ঃ** $LogKp=\frac{-\Delta H}{2.303RT}+C$ দ্বারা সাম্যাংকের উপর তাপমাত্রার প্রভাব ব্যাখ্যা করা হয়।

🕮 **সাম্যাঙ্ক বা সাম্যধ্রুবক:** বিক্রিয়া একবার সাম্যাবস্থায় উপনীত হলে বিক্রিয়ক বা উৎপাদের ঘনমাত্রা পরিবর্তন করলে সাম্যাঙ্ক [K] এর কোন পরিবর্তন হয় না। কেবল তাপমাত্রা (Temperature) বাড়ালে বা কমলে সাম্যাঙ্ক [K] পরিবর্তিত হয়।

✓ প্রকারভেদঃ সাম্যাঙ্ক বা সাম্যধ্রুবক [K] দুই প্রকার। যথা–

❑ মোলার ঘনমাত্রার সাম্যধ্রুবক (K_c)

❑ আংশিক চাপে সাম্যধ্রুবক (K_p)

➲ **সাম্যধ্রুবকের হিসাব সম্পর্কিত আলোচনা:**

A.K_p ও K_cএর রাশিমালা B.K_p ও K_c এর সম্পর্ক

Prob –01ঃ $3A + 2B = 2C+4D$ উভমুখী বিক্রিয়ার সাম্যধ্রুবক K_p ও K_c এর রাশিমালা নির্ণয় কর।

Solve ঃ $K_p=\frac{P_C^{\ 2}.P_D^{\ 4}}{P_A^{\ 3}.P_B^{\ 2}}$ $K_c=\frac{[C]^2\ [D]^4}{[A]^3.[B]^2}$

এবার বিশ্লেষণী দৃষ্টি নিয়ে আরো বিক্রিয়া উদাহরণ লক্ষ্য করুন–

Prob –02ঃ $3NO_2(g)+H_2O(l) \rightleftharpoons 2HNO_{3(aq)}+NO(g)$ উভমুখী বিক্রিয়ার সাম্যধ্রুবক K_p ও K_c এর রাশিমালা নির্ণয় কর।

Solve ঃ $K_p=\frac{P_{NO}.P^2_{HNO_3}}{P_{NO_2}^{\ 3}}$ $K_c=\frac{[HNO_3]^2.[NO]}{[NO_2]^3}$

Prob –03ঃ $2\ Mg(s) + O_2(g) \rightleftharpoons 2MgO(s)$ বিক্রিয়াটির Kc এর রাশিমালা কোনটি?

Solve ঃ MgO ও Mg এর ভৌত অবস্থা কঠিন। মোল সংখ্যা যাই হোক না কেন কঠিন বস্তুর মোলার ঘনমাত্রা সবসময় 1 হবে।

$$K_c=\frac{[MgO]^2}{[Mg]^2[O_2]}=\frac{1}{[O_2]}$$

TOPIC 06 লা-শাতেলীয়ের নীতি

লা-শাতেলীয়ের নীতিঃ এটি সচল সাম্যাবস্থা নীতি নামেও পরিচিতি। এ নীতিতে নিয়ামক চারটি। যথা-

1. তাপমাত্রা 2. ঘনমাত্রা 3. চাপ 4. নিষ্ক্রিয় পদার্থ সংযোগ

FULL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

☑ শিল্প কারখানায় সাম্যাবস্থা এবং সাম্যধ্রুবকের প্রয়োগ

উৎপাদ	পদ্ধতি	বিক্রিয়া	তাপমাত্রা	চাপ	প্রভাবক
অ্যামোনিয়া	হেবার বস	$N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$	450-550°C	200 বায়ুচাপ	Fe/Mo
H_2SO_4	স্পর্শ পদ্ধতি	$SO_2 + O_2 \rightleftharpoons SO_3$ $SO_3 + H_2O \rightleftharpoons H_2SO_4$	400-500°C	1.7 বায়ুচাপ বা 172 kPa	V_2O_5 বা, Pt
নাইট্রিক এসিড	বার্কল্যান্ড আইড	$N_2 + O_2 \rightleftharpoons 2NO$	3000° C	-	-
মিথানল	বাণিজ্যিক	$CO + H_2 \rightleftharpoons CH_3OH$	300°-400°C	200-300 বায়ুচাপ	$ZnO + Cr_2O_3$
ইউরিয়া	রাসায়নিক	$CO + 2NH_3 \rightleftharpoons NH_2 - CO - NH_2 + H_2O$	200-210° C	উচ্চচাপ	-

TOPIC 07 অম্লের শক্তিমাত্রা ও ক্ষারের শক্তিমাত্রা বা তীব্রতা

☑ অম্লের শক্তিমাত্রা সম্পর্কিত তথ্যাবলী:

☒ **অম্ল বিয়োজন ধ্রুবক (K_a):** K_a এর মান যত বড় হয় এসিডটি তত তীব্র হয়। K_a এর মান থেকেই বলা যায়-ক্লোরোইথানয়িক এসিড ($ClCH_2COOH$) ইথানয়িক (CH_3COOH)এসিডের তুলনায় 80 গুণ বেশী তীব্র।

☒ **হাইড্রাসিডের অম্লধর্মের তীব্রতা-** এদের অনুপস্থিত ঋণাত্মক আয়নের আকার যত বড় হয়, অম্লের তীব্রতা তত বেশী হয়। যেমন- HI > HBr > HCl > HF

☒ অক্সোএসিড সমূহের কেন্দ্রীয় পরমাণুর ধনাত্মক জারন সংখ্যা যত বেশী ঐ এসিডের তীব্রতা তত বেশী হয়।

যেমন $H\overset{+7}{C}lO_4 \rangle H_2\overset{+6}{S}O_4 \rangle H\overset{+5}{N}O_3 \rangle H_2\overset{+4}{S}O_3$.

☒ অক্সো এসিড সমূহের কেন্দ্রীয় পরমাণুর ধনাত্মক জারন সংখ্যা সমান হলে তখন যেটির কেন্দ্রীয় পরমাণুর আকার ছোট হবে অর্থাৎ চার্জ ঘনত্বের ক্রম বৃদ্ধি অনুসারে এসিডের তীব্রতা বেশী হবে। যেমন-

$H\overset{+5}{N}O_3 > H_3\overset{+5}{P}O_4; H\overset{+3}{N}O_2 > H_3\overset{+3}{P}O_3$

অনুরূপ ভাবে $H\overset{+7}{C}lO_4 > H\overset{+7}{B}rO_4 > H\overset{+7}{I}O_4$

☒ অজৈব এসিড জৈব এসিডের তুলনায় শক্তিশালী।
যেমনঃ HNO_3 > HCOOH

☒ **বিয়োজন মাত্রাঃ** যে এসিড যত বেশী বিয়োজিত হয় তার শক্তি মাত্রাও তত বেশী হয়। অ্যাসিটিক এসিড দ্রবণে $HBrO_4$, HNO_3, H_2SO_4, $HClO_4$ এর শক্তির ক্রমঃ $HClO_4 > HBrO_4 > H_2SO_4 > HNO_3$

☒ **দ্রাবকের ক্ষারকতাঃ** দ্রাবকের ক্ষারকতা বৃদ্ধি পেলে এসিডের শক্তি বৃদ্ধি পায় এবং দ্রাবকের ক্ষারকতা হ্রাসপেলে এসিডের শক্তি হ্রাস পায়।
যেমনঃ পানিতে অ্যাসিটিক এসিড একটি দূর্বল এসিড কিন্তু অ্যামোনিয়া দ্রবণে এটি একটি শক্তিশালী এসিড।

☒ জৈব এসিডে ক্লোরিনের সংখ্যা যত বাড়ে এসিডের শক্তি তত বাড়ে কিন্তু মিথাইল মূলকের সংখ্যা বাড়লে শক্তিমাত্রা কমে।
i. $CH_2ClCOOH < Cl_2CHCOOH < CCl_3COOH$
ii. $HCOOH > CH_3COOH > CH_3CH_2COOH$

যে সকল অম্ল জলীয় দ্রবণে সম্পূর্ণরূপে (90-100%) বিয়োজিত থাকে তাদেরকে তীব্র অম্ল বলা হয়।

📖 এক নজরে কতিপয় জলীয় দ্রবণের প্রকৃতি

pH	দ্রবণের প্রকৃতি	উদাহরণ
7.0	নিরপেক্ষ	NaCl, KCl, $NaNO_3$, KNO_3
> 7.0	ক্ষারীয়	Na_2CO_3, Na_2S, K_2CO_3, KCN, CH_3COONa
< 7.0	অম্লীয়	NH_4Cl, NH_4NO_3, $CuSO_4$, $ZnCl_2$, $AgNO_3$, $AlCl_3$

TOPIC 08 P^H এর গুরুত্ব

ক্ষেত্র	P^H ব্যবহার বা গুরুত্ব		
	মাটির P^H	প্রভাব	করণীয়
কৃষি ক্ষেত্র	$P^H < 3$ বা অধিক অম্লীয়	গাছপালা মরে যায় বা উৎপাদন হয় না	P^H বাড়াতে CaO ডলোমাইট ($CaCO_3.MgCO_3$), $(NH_4)_2CO_3$ [Ca+Mg(যৌগ)] সার
	$P^H > 9.5$ বা অধিক ক্ষারীয়	অণুজীব মুক্ত হয় বা উর্বরতা নষ্ট হয়	P^H কমাতে নাইট্রেট সার (KNO_3, NH_4NO_3), ফসফেট সার TSP [$Ca(H_2PO_4)_2$], ক্যালসিয়াম সুপার ফসফেট [$Ca(H_2PO_4)_2.H_2O$]; $2(CaSO_4.2H_2O)$, ডাই অ্যামোনিয়াম ফসফেট - (DAP) [$(NH_4)_2HPO_4$]
	P^H 7–8	ফসল ভাল হয়	P^H 7–8 রাখা জরুরি।
মানুষের রক্ত	রক্তের P^H 7.4(সীমা 6.8–7.8) মাত্র 0.5 পরিবর্তিত হলে জীবন বিপন্ন হয়। জেনে রাখা ভালো P^H 6.8 এর কম হলে বিষয়টিকে এসিডোসিস এবং P^H 7.8 এর বেশি হলে অ্যালকালাইসিস বলে।		
রসায়ন শিল্প	রসায়নের ক্ষেত্র	গুরুত্ব বা কার্যকরী P^H সীমা	
	পানি শিল্প	P^H 6.8–7.2 (যেমন- IV স্যালাইনে P^H 7.3–7.5) এবং কোমল পানি ও সোডা ওয়াটার P^H 7.4–7.8	
	মৃৎ শিল্প	P^H 6.0–6.5	
	চামড়া শিল্প	কাঁচা চামড়ার ট্যানিং এর P^H 3.5–4.5	
	কাগজ শিল্প	P^H মানকে অম্লীয় ক্ষারীয় মাধ্যমে নিয়ন্ত্রণ	
টয়লেট্রিজ শিল্প	উপাদান কার্যকর P^H		
	মাতৃ দুগ্ধ : 6.6 – 6.9, প্রস্রাব : 4.8 – 7.5 চোখের পানি: 4.8 – 7.5, শ্যাম্পু: 5.0 – 5.5 EDTA: 10. সাবান 7.0 এর অধিক		
ঔষুধ শিল্প	পাচক রসের P^H 1.8–2.2		

TOPIC 09 অম্ল-ক্ষারক সাম্যাবস্থা ও বাফার দ্রবণ

■ **পানির আয়নিক গুণফল (K_w):** বিজ্ঞানী কোলরাস ও হেড উইলার (১৮৯৪) দেখান যে, বিশুদ্ধ পানি অতি দুর্বল তড়িৎ বিশ্লেষ্য। পানির আয়নিক গুণফলকে K_w দ্বারা প্রকাশ করা হয়। 25^0C তাপমাত্রা, $K_w = 1\times10^{-14}\ mol^2L^{-2}$ অর্থাৎ $K_w = [H^+][OH^-] = 10^{-14}M^2$

■ **K_w এর উপর তাপমাত্রার প্রভাবঃ** তাপমাত্রা বৃদ্ধিতে পানির বিয়োজন মাত্রা বৃদ্ধি পায়। অর্থাৎ তাপমাত্রা বৃদ্ধিতে H^+ ও OH^- আয়নের মোলার ঘনমাত্রা বৃদ্ধি পায়। অতএব তাপমাত্রা বৃদ্ধিতে পানির আয়নিক গুণফল, K_w বৃদ্ধি পায়।

তাপমাত্রা	$K_w(mol/L)^2$	তাপমাত্রায়	$K_w(mol/L)^2$
0°C	0.0114×10^{-14}	30°C	1.468×10^{-14}
10°C	0.292×10^{-14}	40°C	2.119×10^{-14}
25°C	1.008×10^{-14}	100°C	7.500×10^{-14}

■ **অম্লের শক্তিমাত্রা ও ক্ষারের শক্তিমাত্রা বা তীব্রতা-**

☛ **অসওয়াল্ডের লঘুকরণ সূত্র ও বিয়োজন ধ্রুবক (K_a/K_b) :** একটি মৃদু অম্ল বা ক্ষারকের বিয়োজন মাত্রা দ্রবণের ঘনমাত্রার বর্গমূলের ব্যাস্তানুপাতিক। গাণিতিক ভাবে-

অম্লের ক্ষেত্রে, $K_a = \alpha^2C$ বা $\alpha = \sqrt{K_a/C}$;

ক্ষারকের ক্ষেত্রে, $K_b = \alpha^2C$ বা $\alpha = \sqrt{K_b/C}$

প্রযোজ্যতাঃ মৃদু অম্ল, মৃদু ক্ষারক ও মৃদু তড়িৎ বিশ্লেষ্যের ক্ষেত্রে প্রযোজ্য
সীমাবদ্ধতা: অসীম লঘু বা তীব্র অম্ল ক্ষারকের ক্ষেত্রে এ সূত্র প্রযোজ্য নয়।

☛ **বিয়োজন ধ্রুবক (K_a/K_b) :** প্রতি লিটার জলীয় দ্রবণে উপস্থিত কোন এসিড বা ক্ষারকের মোল সংখ্যার যে ভগ্নাংশ বিয়োজিত অবস্থায় থাকে। তাকে ঐ এসিড বা ক্ষারকের বিয়োজন ধ্রুবক বলে। K_a/K_b এর একক $molL^{-1}$

• $K_a \times K_b = K_w = 1\times10^{-14}$ • $pK_a + pK_b = 14$

POLI MACHINE Preparation and Practice are vital for effective delivery

CamScanner

■ **বাফার দ্রবণ:** যে দ্রবণে সামান্য পরিমাণ এসিড বা ক্ষারকের দ্রবণ যোগ করার পরও দ্রবণের pH এর মান অপরিবর্তিত থাকে তাকে বাফার দ্রবণ বলে। বাফার দ্রবণ অম্লীয় প্রকৃতির ও ক্ষারকীয় প্রকৃতির এই দুই প্রকৃতির হতে পারে। অম্লীয় বাফার দ্রবণগুলো সাধারণত মৃদু এসিড ও ঐ এসিডের সাথে তীব্র ক্ষার সহযোগে সৃষ্ট লবণ হতে হয়। যথা- CH_3COOH ও CH_3COONa দ্রবণের মিশ্রণ। ক্ষারীয় বাফার দ্রবণগুলো মৃদু ক্ষারক ও ঐ ক্ষারকের সাথে তীব্র এসিড সহযোগে সৃষ্ট কোন লবণ হতে হয়। যথা- NH_4OH ও NH_4Cl দ্রবণের মিশ্রণ। অম্লীয় বাফার দ্রবণের pH সাধারণত 3.7-5.6 এর মধ্যে হয়ে থাকে। ক্ষারীয় বাফার দ্রবণের pH 8.5-10 এর মধ্যে থাকে। রক্তে বাই কার্বনেট-কার্বনিক এসিড বাফার বিদ্যমান। রক্তে ফসফেট আয়ন, বাই-কার্বনেট আয়ন ও প্রোটিন বাফার ক্রিয়ায় অংশ নেয়।

বাফার দ্রবণ 2 প্রকার : অম্লীয় বাফার দ্রবণ : [দুর্বল এসিড + অনুবন্ধী ক্ষারক (সবল ক্ষারের লবণ)] উদাহরণ :

(i) $CH_3COOH + CH_3COONa$, (ii) $H_2PO^-_4 + HPO_4^{2-}$

ক্ষারীয় বাফার দ্রবণ : [দুর্বল ক্ষারক + অনুবন্ধী এসিড (সবল এসিডের লবণ)] উদাহরণ : (i) $Na_2CO_3 + HCO^-_3$ (ii) $NH_4OH + NH_4^+$

বাফার দ্রবণ প্রস্তুতিতে হেন্ডারসন হ্যাসেলবাখ সমীকরণ :

- অম্লীয় বাফারের ক্ষেত্রে: $pH = pK_a + \log\frac{[\text{লবণ}]}{[\text{অম্ল}]}$
- ক্ষারীয় বাফারের ক্ষেত্রে: $pOH = pK_b + \log\frac{[\text{লবণ}]}{[\text{ক্ষারক}]}$

বা $pH = 14 - pK_b - \log\frac{[\text{লবণ}]}{[\text{ক্ষার}]}$

■ **রক্তের বাফার : প ফ ব**

প ⟶	প্রোটিন বাফার	প্লাজমা প্রোটিন ও হিমোগ্লোবিন প্রোটিন সমন্বয়ে
ফ ⟶	ফসফেট বাফার	$Na_2HPO_4 + NaH_2PO_4$; pKa = 6.8
ব ⟶	বাইকার্বনেট বাফার	$NaHCO_3 + H_2CO_3$; pKa = 6.1

❐ **বাফার সূত্রের বিভিন্ন রূপ:**

$$pH = pK_a + \log\left[\frac{Salt}{Acid}\right] \quad \text{.....(i)}$$

$$= pK_a + \log\left[\frac{\frac{n_{Salt}}{V}}{\frac{n_{Acid}}{V}}\right] = pK_a + \log\left[\frac{n_{Salt}}{n_{Acid}}\right] \quad \text{.....(ii)}$$

$$= pK_a + \log\left[\frac{(VS)_{Salt}}{(VS)_{Acid}}\right] \quad \text{.....(iii)}$$

$$= pK_a + \log\left[\frac{(VS)_{PS} - (VS)_{ns}}{(VS)_{PA} - (VS)_{nA}}\right] \quad \text{.... (iv)}$$

Acid/Base ক্ষেত্রে: $pH = pK_a + \log\frac{V_b S_b}{V_a S_a - V_b S_b}$ [সূত্রটি লবণ উল্লেখ না থাকলে সরাসরি প্রয়োগ করা যাবে।]

◈ **এবার বিশ্লেষণী দৃষ্টি নিয়ে উদাহরণ লক্ষ্য কর:**

Model EXAMPLE **0.20 $molL^{-1}$ CH_3COONa and 0.15 $molL^{-1}$ CH_3COOH মিলে একটি বাফার দ্রবণ তৈরী করা হয়। যদি $K_a = 1.0\times10^{-5}$ হয় তাহলে ঐ দ্রবণের pH কত?**

Shortcut Sol^n $pH = pK_a + \log\frac{[\text{লবণ}]}{[\text{অম্ল}]}$

$= -\log K_a + \log\left(\frac{0.2}{0.2}\right)$ [Here, $0.15 \approx 0.2$ $molL^{-1}$ CH_3COOH]

$= -\log(1.0\times10^{-5}) + \log 1 = 5 + 0 = 5.0$

Model EXAMPLE **10 ml 0.1 M ইথানোয়িক এসিড ($pK_a = 4.76$) দ্রবণে 4 ml 0.1 M NaOH দ্রবণ যোগ করলে উৎপন্ন দ্রবণের pH মান কত হবে?**

Shortcut Sol^n $pH = pK_a + \log\frac{V_b S_b}{V_a S_a - V_b S_b}$

$= 4.76 + \log\frac{4\times0.1}{10\times0.1 - 4\times0.1} = 4.58$

TOPIC 10 কতিপয় গাণিতিক সম্পর্ক

☑ হেসের তাপ সমষ্টিকরণ সূত্রঃ $\Delta H_1 = \Delta H_2 + \Delta H_3$

☑ স্থির চাপে বিক্রিয়াটি তাপঃ $Q_P = \Delta E + P\Delta V = \Delta H$

☑ $\Delta H = \Delta E + \Delta nRT$

☑ $Q_P = Qv + \Delta nRT$

☑ $\Delta H = H_P - H_R$

☑ ল্যাভয়সিয়ের সূত্রঃ $A(g) \rightarrow B(g)$; $\Delta H = x$ KJ/mole, $B(g) \rightarrow A(g)$; $\Delta H = -x$ KJ/mole

☒ **পরীক্ষায় দ্রুত অংক করার জন্য মনে রাখবে-**

➲ **তাপোৎপাদী বিক্রিয়ার ক্ষেত্রে-** বিক্রিয়ার এনথালপি ΔH = (উৎপাদের এনথালপি – বিক্রিয়কের এনথালপি)

➲ **তাপহারী বিক্রিয়ার ক্ষেত্রে-** বিক্রিয়ার এনথালপি ΔH = (বিক্রিয়কের এনথালপি - উৎপাদের এনথালপি)

➲ **তাপোৎপাদী বিক্রিয়ার উদাহরণ:**

হাই	কালা	সাথীর	মিতা	নাই
H_2	C	SO_2	CH_4	N
+	+	+	+	+
O_2	O_2	O_2	O_2	H_2
↓	↓	↓	↓	↓
H_2O	CO_2	SO_3	$CO_2 + H_2O$	NH_3

➲ **তাপোৎপাদী এনথালপি মনে রাখার কৌশল:**

(দরদী) দরদ-ই সংলাপ				
দরদ	ই	সং	লা	প
দহন তাপ, দ্রবণ	ইলেক্ট্রন আসক্তি	সংগঠন তাপ	ল্যাটিস শক্তি	প্রশমন তাপ

POLL MACHINE Preparation and Practice are vital for effective delivery

লাস্ট নাইট ফাইট

- সবচেয়ে দূর্বল এসিড CH_3COOH
- N–H এর বন্ধন শক্তি হলো **388kJmol^{-1}**
- Fe_2O_3 এর অম্লত্ব হলো **6**
- আবিষ্ট প্রভাবক হলো MnO_2
- ইউরিয়ার আর্দ্রবিশ্লেষণের এনজাইমের নাম **ইউরিয়েজ**
- NH_3 এর অম্লত্ব 1
- অসম্পৃক্ত তৈল থেকে কৃত্রিম ঘি বা ডালডা প্রস্তুতিতে প্রভাবক হিসেবে **Ni** ব্যবহৃত হয়।
- ইথানয়িক এসিডের pK_a এর মান **4.75**
- হেন্ডারসন-হ্যাসেলবাখ সমীকরণ $P^H = pKa + \log\frac{[\text{লবন}]}{[\text{এসিড}]}$
- P^H এর পূর্ণরূপ হলো **Puissance of Hydrogen.**
- 25°C তাপমাত্রায় পানির আয়নিক গুণফল 1×10^{-14}
- C–O এর গড় বন্ধন এনথালপি **724 kJ/mol**
- সবচেয়ে শক্তিশালী এসিড হলো $HClO_4$
- মুখের লালার P^H হলো 6.30–7.50
- SO_3 যৌগের ক্ষারকত্ব হলো 2
- ঋণাত্মক প্রভাবক H_3PO_4
- হাইড্রোজেন পারঅক্সাইডের বিয়োজনে V_2O_5 ধনাত্মক প্রভাবক হিসেবে কাজ করে।
- কোনো এসিডের ঘনমাত্রা 10 গুণ হ্রাস করলে P^H এর মান 1 গুণ বৃদ্ধি পাবে।
- আমাদের দেহের ক্ষুদ্রান্ত্রের P^H এর মান 8
- HNO_3 এ $P^H = 3$ হলে $[H^+] = 10^{-3}$M

CamScanner

- নাইট্রোজেন নিষ্ক্রিয়তা প্রদর্শন করে কারণ এর উচ্চ বন্ধন শক্তি। এ বন্ধন শক্তির $(N\equiv N)$ মান 944kJ
- নির্দিষ্ট তাপমাত্রায় কোনো বিক্রিয়ায় সাম্যধ্রুবকের মান ধ্রুবক
- হেবার-বস পদ্ধতিতে NH_3 তৈরীর সর্বোচ্চ তাপমাত্রা 450–550°C, অসমসত্ত্ব প্রভাবক হিসেবে Fe ব্যবহৃত হয়।
- ক্লোরোফরমের জারণে বিষাক্ত ফসজিন$(COCl_2)$ গ্যাস উৎপাদনের ঋণাত্মক প্রভাবক হিসাবে কাজ করে অ্যালকোহল।
- চুলের শ্যাম্পুতে P^H হলো 5.5–7.0
- CH_4 এ C–H বন্ধনের বিয়োজন শক্তি 416kJ
- SO_3 এর উৎপাদন বৃদ্ধি পাবে নিম্ন তাপমাত্রা ও উচ্চ চাপে।
- পানির বাষ্পীভবন এনথালপি + 40.6KJ/mol
- স্পর্শ প্রণালিতে প্রভাবক বিষ As_2O_3
- H_2O এর ক্ষেত্রে O–H বন্ধন শক্তির মান 110.5kcal/mol
- আর্সেনিয়াস অক্সাইড(As_2O_3) প্রভাবক বিষ।
- $H_2+Cl_2\rightarrow 2HCl$ একটি তাপহারী বিক্রিয়া।
- Na_2CO_3 লবণটি জলীয় দ্রবণে ক্ষারীয় ধর্ম প্রদর্শন করে।
- স্বাভাবিক অবস্থায় মানব দেহের রক্তের P^H এর মান হলো 7.40
- SO_2 এর জারনে প্রভাবক বিষ হিসাবে কাজ করে As_2O_3
- K_P ও K_C এর মধ্যে সম্পর্ক $K_P = K_C(RT)^{\Delta n}$
- ঊর্ধ্বপাতন এনথালপির মান ধনাত্মক হয়।
- Na_2CO_3 এর জলীয় দ্রবণ ক্ষারকীয় হয়।
- কৃত্রিম ঘি তৈরীতে প্রভাবক হিসাবে Ni ব্যবহৃত হয়।
- NaOH ও HF এর প্রশমন তাপ –68.34kJ
- 0.01M Na_2CO_3 দ্রবণের P^H 7 অপেক্ষা বেশি।
- রক্তের P^H নিয়ন্ত্রণ হয় বাফার দ্রবণ দ্বারা।
- পানির আয়নিক গুণফল হলো 1×10^{-14}
- $[Fe(CN_6)]^{4-}$ আয়নে আয়রনের জারন সংখ্যা +2
- বিক্রিয়া হারের একক $molL^{-1}s^{-1}$
- HCO_3^- অ্যাম্ফোপ্রোটিক যৌগ।
- সাম্যবস্থার সামাঙ্ক নির্ভরশীল হলো তাপমাত্রা।
- NH_3 উৎপাদনে Fe প্রভাবক হিসাবে কাজ করে।
- তীব্র এসিড ও তীব্র ক্ষারের প্রশমন এনথালপি –57.34kJ
- এন্টাসিডে $Mg(OH)_2$ বিদ্যমান।
- রক্তের P^H নিয়ন্ত্রণে 2টি বাফার সিস্টেম কাজ করে।
- পরীক্ষাগারে O_2 প্রস্তুতিতে প্রভাবক হিসাবে ব্যবহৃত হয় MnO_2
- তাপমাত্রা বৃদ্ধিতে কোনো বিক্রিয়ার সক্রিয়ণ শক্তি হ্রাস পায়।
- এক গ্রাম পানির তাপমাত্রা 1°C বৃদ্ধি করলে 1 ক্যালরি তাপের পরিবর্তন হবে।
- স্পর্শ পদ্ধতিতে H_2SO_4 প্রস্তুতিতে প্রভাবক হলো V_2O_5/Pt
- $H_2+I_2 \rightleftharpoons 2HI$; বিক্রিয়ার ক্ষেত্রে চাপের কোনো প্রভাব নেই।
- Al_2O_3 এর অম্লত্ব 6।
- মাটির অম্লত্ব বৃদ্ধি পেলে চুন যোগ করে P^H নিয়ন্ত্রণ করা যায়।
- স্থির চাপে এনথালপি পরিবর্তন এবং অভ্যন্তরীণ শক্তির পরিবর্তনের সম্পর্ক হলো $\Delta H = \Delta E + P\Delta V$
- গ্লুকোজ হলো অ্যালডিহাইড।
- সাম্যাবস্থায় উপনীত হওয়ার শর্ত ৭টি
- HF ও NaOH এর প্রশমন বিক্রিয়ায় উৎপন্ন চাপ $-68.6KJmol^{-1}$
- s (রম্বিক) → s (মনোক্লিনিক) উপযুক্ত বিক্রিয়ায় $\Delta H = 2.92kJmole^{-1}$
- $\Delta n = 0$ এর জন্য $K_P = K_C$ হয়।
- K_w এর মান 1×10^{-14}
- NaCl এর জলীয় দ্রবণের P^H এর মান 7
- প্রোটনীয় মতবাদ অনুসারে H_2O ও একটি এসিড।
- কোনো দ্রবনের $P^H = 7$ হলে তার H এর ঘনমাত্রা 10^{-7} গ্রাম আয়ন/লিটার
- মানবদেহের রক্তে $H_2CO_3/NaHCO_3$ বাফারটি P^H নিয়ন্ত্রণ করে।
- $-dc/dt = k$ বিক্রিয়ায় ক্রম শূণ্য।
- বিক্রিয়ার হারের উপর প্রভাব বিস্তারকারী নিয়ামক ৫টি।

অধ্যায় ০৫ VOCATIONAL CHEMISTRY

TOPIC 01 পরিচিতি ও প্রয়োগ

শব্দ	পরিচিতি ও প্রয়োগ
সাসপেনশন	সাসপেনশন হলো অসমসত্ত্ব মিশ্রণ যাতে অধঃক্ষেপ পড়ার মতো বড় কণা থাকে। কণার আকার $(10^{-3}–10^{-1})$ উদাহরণ - কাদা পানি বা পানিতে বালি
কলয়েড	কণার আকার $(10^{-3}–10^{-7})$ উদাহরণ - পানিতে দুধের চর্বি কণা যা খালি চোখে দেখা যায় না।
দ্রবণ	10^{-7} অপেক্ষা ক্ষুদ্রতর উদাহরণ –শরবতে চিনি কণা দ্রবীভূত হয়ে যায়
ক্রিস্টালয়েড	দ্রবীভূত অবস্থায় উদ্ভিদ বা প্রাণিজ ঝিল্লি বা পার্চমেন্ট কাগজ অতিক্রম করে। 1861 সালে টমাস গ্রাস কলয়েড আবিষ্কার করেন।
সল	যদি কোন কঠিন বস্তু অন্য phase এ বন্টিত হয়ে কলয়েড গঠন করে তাকে সল বলে
হাইড্রোসল	পানিতে AgCl ঘোলা মিশ্রণ হলো AgCl এর হাইড্রোসল আর ধোয়া হলো অ্যারোসল
জেল	তরল ফেজ এর মধ্যে যদি কঠিন বস্তু কণা বন্টিত হয়ে কলয়েড গঠন করে তাকে জেল বলে উদাহরণ -দধি, পনির এবং বিভিন্ন ফলের জেলি।
কোয়াগুলেশন	কলয়েড কণাসমূহের জমাট বাঁধার পদ্ধতিকে কোয়াগুলেশন বলে।
মাখন	দুধ ও মাখন তৈরি মূলত ফ্যাট ইন ওয়াটার থেকে ওয়াটার ইন ফ্যাট নির্যাসে পরিণত করা।
টয়লেট ক্লিনার	কস্টিক সোডা এবং হোয়াইট ভিনেগারের মিশ্রণে টয়লেট ক্লিনার প্রস্তুত হয়।
ভিনেগার	অ্যাসিটিক এসিডের 6-10% জলীয় দ্রবণকে ভিনেগার বলা হয়।
ব্রাইন	গাঢ় লবণের জলীয় দ্রবণকে ব্রাইন বলে।
ইমালসিফায়ার	ত্বকের উপর যে প্রাকৃতিক লিপিড ফিল্ম থাকে সেটাকে ইমালসিফায়ার বলা হয়।
ট্যাল্ক	ট্যালকম পাউডারের প্রধান উপাদান হলো ট্যাল্ক।
মল্ট	বার্লির বীজকে পানিতে সিক্ত করে নিম্ন তাপমাত্রায় (15°C এর নিচে) খোলা অবস্থায় রেখে দিলে তা পঁচে ফেঁপে ওঠে এবং অঙ্কুরিত হয়। একেই মল্ট বলে।

TOPIC 02 বিভিন্ন ভিটামিনের নাম উৎস ও অভাবজনিত রোগ

	নাম	রাসায়নিক নাম
Fat Soluble	A	রেটিনল
	D	ক্যালসিফেরল
	E	α টোকোফেরল
	K	ফিলোকুইনোন
Water Soluble	B_1	থায়ামিন
	B_2	রিবোফ্ল্যাভিন
	B_6	পিরিডক্সল
	B_{12}	ফোলিক এসিড
	C	অ্যাসকরবিক এসিড

CamScanner

TOPIC 03 অনুমোদিত প্রিজারভেটিভস

অনুমোদিত রাসায়নিক ফুড প্রিজারভেটিভস ০৯টি

Na-LAMPS ARE SO CUTE

Na	L	A	M	P	S	Are	So	Cute
সোডিয়াম নাইট্রেট	ল্যাকটিক এসিড	অ্যাসিটিক এসিড	মিথাইল প্যারাবেন	পটাশিয়াম সরবেট	সোডিয়াম বেনজয়েট এবং সোডিয়াম প্রোপানয়েট	-	SO_2	সাইট্রিক এসিড

TOPIC 04 বিভিন্ন পারফিউমারী এবং তাদের প্রধান উপাদান

পারফিউমারী	উপাদান
ট্যালকম পাউডার	ট্যাল্ক (হাইড্রেটেড ম্যাগনেসিয়াম সিলিকেট)
ভ্যানিশিং ক্রিম	স্টিয়ারিক এসিড ($C_{17}H_{35}COOH$), কস্টিক পটাশ, অ্যালকোহল, কার্বিটল
কোল্ডক্রিম (এক ধরনের ইমালসন)	ট্রাই ইথানল অ্যামিন, ল্যানোলিন, অলিক এসিড, গ্লিসারল
লিপস্টিক	সিটাইল অ্যালকোহল, ল্যানোলিন
আফটার সেভ	ইথানল (প্রধান উপাদান), সেন্ট্রিমাইড
মেহেদী	ল্যাসন (2– হাইড্রোক্সি –1, 4– ন্যাপথাকুইনোন)

বিভিন্ন পরিষ্কারক ও তাদের প্রধান উপাদান:

পরিষ্কারক	প্রধান উপাদান	পরিষ্কারক	প্রধান উপাদান
সাবান	চর্বি, সোডিয়াম হাইড্রোক্সাইড	গ্লাস ক্লিনার	অ্যামোনিয়া
শ্যাম্পু	ইথানোল্যামাইন লরাইল সালফেট, সোডিয়াম অ্যালগিনেট	টয়লেট ক্লিনার	সোডিয়াম হাইড্রোক্সাইড

লাস্ট নাইট ফাইট

- ভিটামিন- ই টকোফেরল নামে পরিচিত(প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট)
- লবঙ্গ মসলায় বেশি পরিমাণে অ্যান্টিঅক্সিডেন্ট আছে।
- SO_2 প্রয়োগ করা হয় **আঙ্গুর ফলে**।
- লবণ দ্বারা খাদ্য সংরক্ষণের পদ্ধতিকে বলা হয়- **কিউরিং**।
- খাদ্যদ্রব্য সংরক্ষণে লবণের সাথে ব্যবহৃত হয়- **ল্যাকটিক এসিড**।
- ইলিশ মাছ সংরক্ষণে কোনটি ব্যবহৃত হয়- **লবণ**।
- ভিনেগারের রাসায়নিক নাম- **অ্যাসিটিক এসিড (CH_3COOH)**।
- ভিনেগারে অ্যাসিটিক এসিডের শতকরা পরিমাণ ৬–১০%।
- ভিনেগার যুক্ত খাদ্যের P^H <4.5
- P^H = 3 মানে ভিনেগারের বিয়োজন মাত্রা 10%
- অণুজীব বংশবিস্তারের অনুকূল pH পরিসর: 6.5 – 7.5।
- ভিনেগার যুক্ত খাদ্যের pH মান : < 4.5।
- 6% CH_3COOH এর জলীয় দ্রবণের pH মান প্রায় : 2.35।
- প্রিজারভেটিভসের মধ্যে সর্বাপেক্ষা ভালো প্রিজারভেটিভস- **অ্যালকোহল**।
- ফলজাতীয় খাদদ্রব্যে সংরক্ষণের চিনি ব্যবহৃত হয়।
- রাসায়নিক ফুড প্রিজারভেটিভস মূলত-3প্রকার ।
- অ্যান্টিঅক্সিডেন্ট এজেন্ট হলো এক ধরনের- রাসায়নিক প্রিজারভেটিভস।
- এন্টিমাইক্রোবায়াল এজেন্ট হিসেবে ব্যবহৃত হয়- **সোডিয়াম সরবেট**।
- পাউরুটি সংরক্ষণে ব্যবহৃত হয় **সোডিয়াম সরবেট**।
- মাংস সংরক্ষণে ব্যবহৃত হয়- **সোডিয়াম নাইট্রাইট**।
- শাক- সবজির বর্ণ বিপর্যয় রোধে ব্যবহৃত হয়- **সালফাইড**।
- মস্তিস্ক কোষের ক্ষতি করে- **সোডিয়াম বেনজোয়েট**।
- পাউরুটি সংরক্ষণে ব্যবহৃত হয়- **ডাইঅ্যাসিটেট**।
- জেলি সংরক্ষণে ব্যবহৃত হয়- **সরবেট**।
- কিলেটিং এজেন্ড কোনটি- **পলিফসফেট**।
- প্রাকৃতিক ভাবে খাদ্য সংরক্ষণে সবচেয়ে বেশি ব্যবহৃত প্রিজারভেটিভস হলো- **ব্রাইন**।
- ছত্রাক নিরোধক- **বেনোমিল**।
- প্রোপাইল গ্যালেট এর রাসায়নিক সংকেত- $C_{10}H_{12}O_5$।
- সাইট্রিক এসিডের রাসায়নিক সংকেত- $C_6H_8O_7$।
- BHT (বিউটাইলেটেড হাইড্রক্সি টলুইন) এর রাসায়নিক সংকেত- $C_{15}H_{24}O$
- BHA এর রাসায়নিক সংকেত- $C_{11}H_{26}O_4$
- TBHQ একটি- সিনথেটিক প্রিজারভেটিভস।
- কিউরিং-এ লবণের সাথে ল্যাকটিক এসিড ব্যবহারের কারণ- **অণুজীব প্রতিরোধ**।
- ভিটামিন বি **সমৃদ্ধ** শাকসবজিতে প্রিজারভেটিভস রূপে সালফাইট ব্যবহার নিষিদ্ধ।
- যেসব রাসায়নিক দ্রব্য খাদ্য সংরক্ষণে ব্যবহৃত হয় তাদেরকে বলা হয়- **কৃত্রিম প্রিজারভেটিভস**।
- প্রিজারভেটিভ হিসাবে সোডিয়াম বেনজয়েটের ব্যবহারের অনুমোদিত সীমা **200ppm**
- গ্লাস ক্লিনারে NH_3 ব্যবহার করা হয়।
- ভ্যানিশিং ক্রিমের প্রধান উপাদান পানি।
- দুধের P^H **6.5–6.75**
- আফটার সেভ লোশনের প্রধান উপাদান **অ্যালকোহল**।
- অ্যাসকরবিক এসিড টমেটোতে পাওয়া যায়।
- **15 ^{0}C** তাপমাত্রায় দুধের গড় আপেক্ষিক গুরুত্ব হলো **1.032**
- প্রাকৃতিক খাদ্য সংরক্ষক হলো **সোডিয়াম ক্লোরাইড (খাদ্য লবণ) ও তৈল**।
- খাদ্য কৌটাজাতকরণে সিরাপ যোগকরণ এর পরবর্তী ধাপ এগজস্টিং।
- মাছ ও মাংস সংরক্ষণের জন্য কৌটার ভেতর **ZnO প্রলেপ** দেওয়া হয়।
- প্রোপাইল গ্যালেট কৃত্রিম অ্যান্টি অক্সাইড।
- কলয়েড কণার ব্যাস 200–1000nm
- মরিচ–হলুদ এ **অ্যান্টি অক্সিডেন্ট** ধর্ম বিদ্যমান।
- **10–60°C** তাপমাত্রায় ব্যাকটেরিয়ার দ্রুত বৃদ্ধি ঘটে।
- দুধ এর মিষ্টি স্বাদের কারণ হলো দুধে আছে কার্বোহাইড্রেট **ল্যাক্টোজ**।
- দুধে সর্বোচ্চ পরিমাণে ক্যাসিন প্রোটিন থাকে।
- গরুর দুধে কোলেস্টেরলের পরিমাণ সর্বাধিক।
- অণুজীবের বিকাশ ও বৃদ্ধির জন্য প্রয়োজন **আর্দ্র পরিবেশ**।
- গ্লাস ক্লিনারের **আইসোপ্রোপাইল অ্যালকোহল** তেল ও গ্রীজ দ্রবীভূত করে।

POLL MACHINE
Prep... Practice are vital for effective delivery

CamScanner

- চর্বিযুক্ত মাছের ক্যানিং এ 121°C তাপমাত্রার প্রয়োজন।
- (5–10)% ইথানয়িক এসিড প্রাকৃতিক ফুড প্রিজারভেটিভস।
- মানুষের দেহে শতকরা গড়ে প্রায় 70% পানি আছে।
- আমাদের দেশে কিউরিং পদ্ধতিতে আচার তৈরী হয়।
- ব্যাকটেরিয়া বৃদ্ধির সহায়ক তাপমাত্রা হলো 30–45°C
- মাংস ও মাছ সংরক্ষণে KNO_3 ও $NaNO_2$ মিশ্রণ ব্যবহার করা হয়।
- প্রতি ১০০ গ্রাম গরুর দুধ থেকে প্রাপ্ত খাদ্য ক্যালরি 66Kcal
- সালফাইট অ্যান্টি অক্সিডেন্ট।
- লিপস্টিকের স্থায়িত্ব বৃদ্ধি করতে ক্যাস্টর তেল ব্যবহৃত হয়।
- বিস্তৃত দশা ও বিস্তার দশা উভয় তরল এর উদাহরণ দুধ।
- জ্বর, ব্যাথানাশক ওষুধের শোষণ প্রক্রিয়া পাকস্থলির অম্লীয় পরিবেশে সুষ্ঠুভাবে ঘটে।
- স্টার্চের সংকেত $(C_6H_{10}O_5)n$
- গ্লুকোজ একটি অ্যালডিহাইড
- খাদ্যে ব্যবহৃত বেনজোয়েটের অনুমোদিত মাত্রা ০.১%
- গোসল করার সাবানে P^H এর মানের সীমা 7-8 মধ্যে রাখা হয়।
- ট্যালকম পাউডারের প্রধান উপাদান ম্যাগনেসিয়াম সিলিকেট।
- তৈল ও চর্বিযুক্ত খাদ্য সংরক্ষণে BHA ব্যবহৃত হয়।
- কৃত্রিম খাদ্য সংরক্ষক হলো C_6H_5COOH, $NaNO_2$ ও $C_6H_7KO_2$
- খাদ্য দ্রব্য নষ্ট হওয়ার কারণ ৩টি
  (i) অণুজীবের আক্রমণ (ii) রাসায়নিক ক্রিয়া (iii) এনজাইমের প্রভাব
- ফরমালিনযুক্ত খাবার গ্রহণ করলে হার্ট দূর্বল, স্মৃতিশক্তি হ্রাস ও কিডনী নষ্ট হয়ে যেতে পারে।
- ট্যালকম পাউডার উৎপাদনে CaO ও MgO ব্যবহৃত হয়।
- রক্তের জন্য অধিক গুরুত্বপূর্ণ antioxidant হচ্ছে Vitamin–C ও E এবং Carrotionoid
- টয়লেট ক্লিনার মূলত অদ্রবকারী ও ক্ষয়কারী
- দুটো ক্যাসেইন মিসেলার গঠন করে।
- খাদ্য সংরক্ষণ প্রক্রিয়ায় ব্যবহৃত পদ্ধতি হলো ব্রাঞ্চিং ও পিকলিং।
- ক্যালসিয়াম কার্বাইড(CaC_2) প্রিজারভেটিভস রূপে ব্যবহার নিষিদ্ধ।
- প্রিজারভেটিভস রূপে ব্যবহৃত সাইট্রিক এসিডের P^H মান P^H 3.14
- অ্যালকোনোলেমাইড নামে পরিচিত 'ফেনা উৎপাদকটি হলো অ্যামাইডো প্রোপাইল বিউটাইন।
- শ্যাম্পু প্রস্তুতি মূল উপাদান হলো অ্যামোনিয়াম লরাইল সালফেট ও থিকেনার NH_4Cl
- সোডিয়াম বেনজয়েট প্রিজারভেটিভ P^H 4.5 মানে অধিক কার্যকারী।
- বাঁশ কোরাল খাদ্যে খাদ্যতন্তুর পরিমাণ সবচেয়ে বেশি।
- ভ্যানিশিং ক্রিম তৈরীর প্রধান উপাদান স্টিয়ারিক এসিড।
- বন্যাক্রান্ত পানি বিশোধনে ব্যবহার হয় হ্যালোট্যাব।
- অ্যান্টিঅক্সিডেন্ট এজেন্ট হলো এক ধরনের রাসায়নিক প্রিজারভেটিভস।
- আম কৌটাজাতকরনে চিনির সাথে সাইট্রিক এসিড ব্যবহার হয়।
- মাংসের সিল করা ক্যানকে 121°C তাপমাত্রায় স্টেরিলাইজেশন করা হয়।
- মাছ বা মাংস সংরক্ষণে 7–15% শতাংশ লবণ ব্যবহার করা হয়।
- সাধারণত 95–110°C তাপমাত্রায় এক্সাসটিং করা হয়।
- বেনজিন মাধ্যমে NaCl কলয়েডরূপে আচরণ করে।
- মাখনকে ফয়েল কাগজ দ্বারা মুড়িয়ে সংরক্ষণ করা হয়।
- মাখন 303K তাপমাত্রায় গলতে শুরু করে।
- 120°C তাপমাত্রার পর ঘি উৎপাদন শুরু হয়।
- দেহত্বকের সৌন্দর্য বৃদ্ধির জন্য ব্যবহৃত পদার্থের নাম প্রসাধনী।
- ভালো স্নোতে 20 শতাংশ স্টিয়ারিক থকে।
- স্নোতে সর্বোচ্চ ২-৩ শতাংশ গ্লিসারিন মিশানো হয়।
- শীতের হাত থেকে রক্ষা করার জন্য ব্যবহৃত হয় কোল্ডক্রিম।
- কোল্ডক্রিমে ইমালশন এজেন্ট হিসাবে ব্যবহৃত হয় পানি।
- লিপস্টিকে বর্ণকারক হিসেবে ব্যবহৃত হয় বিসমাথ অক্সিক্লোরাইড।
- লিপস্টিকের গলনাঙ্ক 25°C এর উপর হওয়া উচিত।
- মোমের গলনাঙ্ক 50-90°C।
- কারমিন লিপস্টিকে রঞ্জক হিসাবে ব্যবহৃত হয়।
- ইথানলের ব্যাকটেরিয়া ও ছত্রাক প্রতিরোধ ক্ষমতা বেনজালকোনিয়াম ক্লোরাইড দ্বারা দ্বিগুণ বাড়ানো সম্ভব।
- আফটার সেভ জেলে ক্ষারকের পরিমাণ ১% এর কম। এর P^H 5.5।
- টুথপেষ্টে ব্যবহৃত সর্বাধিক ক্ষতিকর উপাদান সোডিয়াম লরেল সালফেট।
- মুখে গভীরতা আনার জন্য ব্যবহৃত হয় মেনথল।
- গ্লাসে থাকা তেল বা চর্বি পরিষ্কার করে রাবিং অ্যালকোহল।
- বাথটাবে দূর্বল ক্ষারীয় টয়লেট ক্লিনার ব্যবহৃত হয়।
- ঘষে পরিষ্কার করার টয়লেট ক্লিনারকে স্কোউরিং ক্লিনার।
- স্কোউরিং ক্লিনার ঘর্ষণকারকসমূহ ক্ষারীয়।
- ভিনেগারে এসিডের মাত্রাকে ব্যবসায়িক ভাষায় গ্রেইন স্ট্রেংথ বলা হয়।
- টয়লেট ক্লিনারে বেকিং সোডা সাবানায়ন বিক্রিয়ার জন্য দায়ী।
- টয়লেটের ফাঙ্গাস দূর করার জন্য ব্যবহৃত হয় টয়লেট ক্লিনার।
- জাইমেজ এনজাইমের প্রভাবে গ্লুকোজ থেকে অ্যালকোহল প্রস্তুত করা হয়।
- কোনো ভিনেগারে 4% অ্যাসিটিক এসিড থাকলে তার গ্রেইন স্ট্রেংথ 40 হয়
- ভিনেগার প্রস্তুতিতে জারনের সময় সর্বোচ্চ তাপমাত্রা 35°C
- ভিনেগার প্রস্তুতিতে ব্যবহৃত ব্যাকটেরিয়া মাইকোডার্মা অ্যাসিটি।
- আখের রসে চিনির পরিমাণ 3-4%
- ঘন আখের রসের আর্দ্র বিশ্লেষণে প্রাপ্ত দ্রবণে ১০ ভাগ ইথানল থাকে।
- অ্যালকোহলের জারনে কম অক্সিজেন ব্যবহার হলে ইথান্যাল তৈরী হবে।
- অ্যালকোহলের বায়ু জারণে প্রথমে ইথান্যাল সৃষ্টি হয়।
- সর্বপ্রথম 400B.C সালে হিপোকেটসরা চিকিৎসা ক্ষেত্রে ভিনেগার ব্যবহৃত করে
- ব্যাকটেরিয়া ধ্বংসে সবচেয়ে কার্যকরী সাদা ভিনেগার।
- মাছ ও চিপসের কনডিমেন্ট হিসাবে ভিনেগার ব্যবহৃত হয়।

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

রসায়ন (২য় পত্র)

অধ্যায় ০১ ENVIRONMENTAL CHEMISTRY

এক নজরে প্রশ্নোত্তরে কিছুক্ষণ:

প্রশ্নঃ ভূ-পৃষ্ঠ থেকে উপরের দিকে বায়ুর ঘনত্ব কি হয়? উঃ কমতে থাকে
প্রশ্নঃ কোথায় বায়ুর ঘনত্ব সর্বাপেক্ষা বেশী উঃ ভূ-পৃষ্ঠে
প্রশ্নঃ বায়ুমন্ডলের শতকরা 50 ভাগ ভূ-পৃষ্ঠ কত উচ্চতার মধ্যে থাকে? উঃ 5.5 km
প্রশ্নঃ ভূ-পৃষ্ঠ হতে কত উচ্চতা পর্যন্ত অদৃশ্য গ্যাসীয় আবরণ পৃথিবীকে ঘিরে রেখেছে? উঃ **1600 km**
প্রশ্নঃ বায়ুর উপাদানের মধ্যে কোনটির পরিমাণ সবচেয়ে বেশী? উঃ নাইট্রোজেন
প্রশ্নঃ বায়ুর উপাদান হিসেবে পাওয়া যায় কোনটি ? উঃ নিষ্ক্রিয় গ্যাস
প্রশ্নঃ ভূ-পৃষ্ঠ থেকে স্ট্রাটোস্ফিয়ারের দূরত্ব কত? উঃ 10-50km
প্রশ্নঃ কোন অঞ্চলটি ভূ-পৃষ্ঠ থেকে সবচেয়ে বেশী উচ্চতায় অবস্থিত? উঃ থার্মোস্ফিয়ার
প্রশ্নঃ সমুদ্র পৃষ্ঠ থেকে কোন দিকে বায়ু ক্রমশ হালকা? উঃ উপরেরদিকে
প্রশ্নঃ কোন বায়ু অধিক পরিমাণে জলীয়বাষ্প ধারণ করে? উঃ উষ্ণ বায়ু
প্রশ্নঃ ভূ-পৃষ্ঠ থেকে যতই উপরে উঠা যায় ততোই বায়ুর কী কমতে থাকে? উঃ ঘনত্ব
প্রশ্নঃ বিস্তীর্ণ এলাকার বায়ুশূন্যতা সৃষ্টি হলে কি ঘটে? উঃ ঘূর্ণিঝড় সৃষ্টি হয়
প্রশ্নঃ কম ঘনত্বের বায়ুতে অধিক হারে কি প্রবেশ করে? উঃ সৌরশক্তি।

TOPIC 01 কতকগুলি মৌলিক ধ্রুবক

ধ্রুবকের নাম	সাংকেতিক চিহ্ন	মান
পারমাণবিক ভর একক	amu	1.66×10^{-27}kg
অ্যাভোগ্যাড্রো সংখ্যা	N	$6.023\times10^{23}mol^{-1}$
ফ্যারাডের ধ্রুবক	F	96485 C ≈ 96500C
মৌলিক চার্জ	e	1.6023×10^{-19}C
বোল্টজম্যান ধ্রুবক	K	$1.38\times10^{-23}Jk^{-1}$
মোলার গ্যাস ধ্রুবক	R	$8.316Jk^{-1}mol^{-1}$ = 1.987 cal deg^{-1} mol^{-1}
ইলেকট্রনের ভর	m_e	9.1095×10^{-31} kg
প্রোটনের ভর	m_p	1.673×10^{-27} kg
নিউট্রনের ভর	m_n	1.675×10^{-27} kg
প্লাঙ্কের ধ্রুবক	h	6.626×10^{-34} Js
রিডবার্গ ধ্রুবক	R_H	$1.097\times10^{5}cm^{-1}$

STP (Standard Temperature and Pressure):

চাপ (P)	তাপমাত্রা (T)	আয়তন (V)
1 atm=76 cm=760 mm=1.01325×10^5 Pa	0^0 C /273 K	22.4 dm^3

SATP (Standard Ambient Temperature and Pressure):

চাপ (P)	তাপমাত্রা (T)	আয়তন (V)
1 atm=76 cm=760 mm=1.01325×10^5 Pa	25^0 C /298 K	24.789 dm^3

Chart: সংকট ধ্রুবকের বিভিন্ন মান:

গ্যাস	ক্রান্তি তাপমাত্রা	ক্রান্তি চাপ (atm)	ক্রান্তি আয়তন($mLmol^{-1}$)
H_2	– 240°C	12.8	64.51
O_2	118.8°C	49.7	74.42
CO_2	31.1°C	72.9	95.65
N_2	147°C	33.5	0.090

Chart: বিভিন্ন এককে R এর মান:

এককের নাম	এককের মান	একক
১। লিটার-বায়ুচাপ	0.0821	$L.atm.K^{-1}mol^{-1}$
২। এস. আই	8.314	$JK^{-1}mol^{-1}$
৩। সি.জি.এস	8.314×10^7	$erg.K^{-1}mol^{-1}$
৪। ক্যালরি	1.987	$Cal\ K^{-1}mol^{-1}$

Chart: K (বোল্টজম্যান ধ্রুবক) -এর মান

এককের নাম	এককের মান	একক	জেনে রাখা ভাল
লিটার-বায়ুচাপ	1.36×10^{-25}	$L.atm.K^{-1}molecule^{-1}$	বোল্টজম্যান ধ্রুবকের একক $molecule^{-1}$ হবে কিন্তু mol^{-1} হবে না।
এস. আই	1.38×10^{-23}	$JK^{-1}molecule^{-1}$	
সি.জি.এস	1.38×10^{-16}	$erg.K^{-1}molecule^{-1}$	
ক্যালরি	3.29×10^{-24}	$Cal\ K^{-1}molecule^{-1}$	

☑ **উৎক্রম তাপমাত্রাঃ** প্রতিটি গ্যাসের জন্য একটি নির্দিষ্ট তাপমাত্রা আছে যার নীচে জুল থমসন প্রভাব প্রয়োগ করা যায় না। গ্যাসের এ তাপমাত্রাকে উৎক্রম তাপমাত্রা বলে। H_2 = - 80°C ,He = - 240°C

উল্লেখ্য, সকল গ্যাসেরই নির্দিষ্ট উৎক্রম তাপমাত্রা আছে।

☑ **হিমোমিশ্রণের তাপমাত্রাঃ** বরফ + NaCl = –20°C, বরফ + $CaCl_2$ = – 54°C, কঠিন CO_2 + ইথার = –110°C

☑ **অ্যাভোগ্যাড্রো সংখ্যাঃ** বস্তুর এক মোল এ যত সংখ্যক অণু থাকে সেই সংখ্যা কে অ্যাভোগ্যাড্রো সংখ্যা বলে। একে N_A দ্বারা প্রকাশ করা হয়। N_A এর মান 6.023×10^{23}।

☑ **মোলঃ** গ্রামে প্রকাশিত আণবিক ভর। একে n দ্বারা প্রকাশ করা হয়।

☑ **সম্পর্কঃ** N, N_A, n এর মধ্যে সম্পর্ক, $N = n\times N_A$ [এখানে N = মোট কণা সংখ্যা

TOPIC 02 এক নজরে গ্যাস সূত্রের নানা কথা

সূত্রের নাম	সম্পর্ক	গাণিতিক রূপ
বয়েলের সূত্র	স্থির তাপমাত্রায় গ্যাসের আয়তন ও চাপ	$V\alpha\frac{1}{P}$ বা, PV = K
চার্লসের সূত্র	স্থির চাপে গ্যাসের আয়তন ও তাপমাত্রা	$V\propto T$ বা, V = KT
চাপের সূত্র বা গে-লুসাকের সূত্র	স্থির আয়তনে গ্যাসের চাপ ও তাপমাত্রা	$P\propto T$ বা, P = KT
অ্যাভোগ্যাড্রোর সূত্র	নির্দিষ্ট আয়তনে গ্যাসের অণুর সংখ্যা	$V\propto n\ \therefore V = Kn$
ডাল্টনের আংশিক চাপ সূত্র	মিশ্রণের মোট চাপ ও আংশিক চাপ	$P = P_1 + P_2 + ... + P_n$, P_1,P_2,P_3 = আংশিক চাপ
গ্রাহামের ব্যাপন সূত্র	স্থির তাপমাত্রা ও চাপে গ্যাসের ব্যাপনের হার ও ঘনত্ব।	$r\propto\frac{1}{\sqrt{d}}$

TOPIC 03 গ্যাস

গ্যাসের প্রকারভেদঃ গ্যাস মূলত তিন প্রকারে বিভক্ত। যথা:
(১) চিরন্তন গ্যাস (২) বাস্তব গ্যাস (৩) আদর্শ গ্যাস।

বাস্তব গ্যাস বা প্রকৃত গ্যাস:

- যে সকল গ্যাস pv = nRT সমীকরণ মেনে চলেনা তাদেরকে প্রকৃত গ্যাস বলা হয়
- নিম্ন চাপে ও উচ্চ তাপমাত্রায় [T>–273°C বা, P≤ L 1atm] বাস্তব গ সমূহ আদর্শ গ্যাসের ন্যায় আচরণ করে। CO_2, N_2, H_2 প্রভৃতি

POLYMACHINE Preparation and practice are vital for effective delivery

CamScanner

♦ বাস্তব গ্যাসের ভ্যান্ডার ওয়ালস সমীকরণ:

$$\left(P+\frac{n^2a}{V^2}\right)(V-nb)=nRT$$

a এর একক = atm L^2 mol^{-2}, b এর একক = L mol^{-1}

☞ **আদর্শ গ্যাস:**

♦ সকল তাপমাত্রাও চাপে বয়েল, চার্লস, অ্যাভোগ্যাড্রো তথা PV = nRT ও $\left(\frac{\partial E}{\partial V}\right)_T = O$ সমীকরণ 100% মেনে চলে।

♦ বাস্তবে কোন আদর্শ গ্যাসের অস্তিত্ব নেই। এটি একটি কল্পনা মাত্র।

♦ স্থির তাপমাত্রায় আদর্শ গ্যাসের অভ্যন্তরীণ শক্তি এর আয়তনের উপর নির্ভরশীল নয়।

📖 **গ্যাস তরলীকরণ পদ্ধতিঃ** ৫টি প্রচলিত পদ্ধতি রয়েছে।
যথা- ♦হিমমিশ্র প্রয়োগ, ♦ জুল থমসন প্রভাব ♦ লিন্ডে পদ্ধতি
♦ ক্লড পদ্ধতি ♦ উদ্বায়ী তরলকে বাষ্পীকরণ

☑ **তরলীকরণের উপায়ঃ** ১। গ্যাসের তাপমাত্রা হ্রাস করে।
২। গ্যাসের উপর চাপ প্রয়োগ করে।

☑ **তরল গ্যাসের ব্যবহার :** (i) নিম্ন তাপমাত্রা উৎপাদনের জন্য তরল গ্যাস ব্যাপকভাবে ব্যবহৃত হয়। যেমন: তরল হাইড্রোজেন, তরল হিলিয়াম ইত্যাদি। (ii) হিমকারক হিসেবে তরল অ্যামোনিয়া, SO_2 ও CO_2 ব্যবহৃত হয়।

📖 **গ্যাস সিলিন্ডারজাতকরণে গ্যাসসূত্রের প্রয়োগঃ-**

☑ LPG গ্যাস হলো নিম্ন আণবিক ভরবিশিষ্ট হাইড্রোকার্বনের মিশ্রণ, যাকে তরল অবস্থায় সিলিন্ডারে ভর্তি করা হয়। কিন্তু গ্যাসীয় অবস্থায় জ্বালানী হিসেবে ব্যবহার হয়।

☑ প্রাকৃতিক গ্যাস থেকে CO_2, H_2S ও উচ্চ আণবিক ভর বিশিষ্ট হাইড্রোকার্বনগুলোকে অপসারণের পর এ গ্যাসকে 1atm চাপে 160°C তাপমাত্রায় শীতল করলে প্রাকৃতিক গ্যাস তরলে পরিণত হয়। এ তরল প্রাকৃতিক গ্যাসকে LNG (Liquified Natural Gas) বলে। একে বিশেষ ধরনের ট্যাঙ্কে সংরক্ষণ করা হয়। এটিও উৎকৃষ্টমানের পরিবেশ বান্ধব জ্বালানি। CNG + LNG এর ক্যালোরিফিক মান 38000 KJ m^{-3}

TOPIC 04 প্রাইমারী ও সেকেন্ডারী দূষক

প্রাইমারী দূষক	সেকেন্ডারী দূষক
সরাসরি পরিবেশে মিশে যায়	প্রাইমারী দূষক যুক্ত হয়ে দূষণ ঘটায়
ধূলিকণা, ছাই, ধোঁয়া, SO_2, CO_2, CO, NH_3, H_2S, হাইড্রোকার্বন	SO_3, NO_2, H_2SO_4, N_2O_5

📖 **প্রধান প্রধান দূষকের মাত্রা:**

দূষকের নাম	সহনীয় মাত্রা	দূষকের নাম	সহনীয় মাত্রা
CO	0.15 ppm	SO_3	0.02 ppm
CO_2	300 – 350 ppm	NO_2	250 ppb
SO_2	0.05 ppm	NO	3500 ppb

📖 **গ্রীন হাউজ গ্যাসের উৎসের তাৎপর্যঃ** মূলত CO_2, CH_4, O_3, CFC, N_2O ও জলীয় বাষ্পকে গ্রীন হাউজ গ্যাস বলা হয়।

গ্রীন হাউজ গ্যাস	আপেক্ষিক অংশগ্রহণ	গ্রীন হাউজ গ্যাস	আপেক্ষিক অংশগ্রহণ
CO_2	49.5%	NO_X	6.5%
CH_4	18%	CFC	14.6%
O_3	12%		

📖 **CFC**

☑ মিথেন ও ইথেনের ফ্লোরিন ও ক্লোরিন জাতক সমূহই প্রধানত CFC।

☑ CFC এর পূর্ণরূপ হল Chloroflourocarbon.

☑ বাণিজ্যিকভাবে এরা ফ্রিয়নস নামে পরিচিত।

☑ এগুলো নিম্ন গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক বিশিষ্ট, গন্ধহীন, অদাহ্য, নিষ্ক্রিয় পানিতে অদ্র এবং অবিষাক্ত।

ফ্রিয়ন	সূত্র প্রয়োগ	অংক বিন্যাস				সংকেত গঠন
Freon–11	11+90=101	C	H	F	Cl	
		1	0	1	3	
Freon–12	12+90=102	C	H	F	Cl	
		1	0	2	2	
Freon–21	21+91= 112	C	H	F	Cl	
		1	1	2	1	

☑ CFC এর কয়েকটি উল্লেখযোগ্য ব্যবহার-
♦ তরল প্রসাধনীর স্প্রে
♦ কীটনাশক ও পোকামাকড় দমনের দ্রাবক
♦ ইলেকট্রনিক যন্ত্রপাতি পরিষ্কারক
♦ খাদ্য দ্রব্য সংরক্ষণে

☑ CFC এর বিকল্প হিসেবে HCFC ব্যবহার করা হয় কারণ স্ট্রাটোস্ফিয়ারে গিয়ে পরমাণু ওজোন ধ্বংস করার জন্য উৎপাদন করতে পারে না।

☑ প্রতিটি Cl প্রায় ১ লক্ষ ওজোন অণু ধ্বংস করে।

☑ CFC ছাড়াও হ্যালোজেনসমূহ (হ্যালোকার্বন), N_2O, NO, CH_4 ওজোন ধ্বংসে সরাসরি অংশগ্রহণ করে থাকে।

☑ **গুরুত্বপূর্ণ কয়েকটি ব্যবহার:**

নাম	রাসায়নিক নাম	সংকেত	গুরুত্বপূর্ণ তথ্য বা ব্যবহার
পাইরিন	কার্বন টেট্রা ক্লোরাইড	CCl_4	উত্তম দ্রাবক ও পোকামাকড় ধ্বংসে ব্যবহৃত হয়।
BCF	ডাই-ব্রোমো ক্লোরো ফ্লোরো মিথেন	CBr_2ClF	উত্তম অগ্নি-নির্বাপক।
ফ্লোথেন	2 ব্রোমো 2 ক্লোরো ট্রাই ফ্লোরো ইথেন	$CF_3CHBrCl$	ক্লোরোফর্মের পরিবর্তে চেতনানাশকরূপে ব্যবহৃত হয়
ওয়েস্ট্রন	অ্যাসিটিনি টেট্রা ক্লোরাইড	$CHCl_2$–$CHCl_2$	রাবার, বার্নিশ, পেইন্ট, তেল, চর্বির দ্রাবকরূপে ব্যবহৃত হয়
ওয়েস্ট্রোসল	ট্রাইক্লোরো ইথিলিন	$CHCCl_3$	ড্রাই ওয়াশিং এজেন্ট রূপে ব্যবহৃত হয়।

TOPIC 05 এসিড বৃষ্টির প্রাথমিক তথ্য

☑ H_2SO_4 ও HNO_3 এসিড মিশ্রিত বৃষ্টির পানির pH 5.00 এর কম হলে তা এসিড বৃষ্টি বলা হয়।

☑ এসিড বৃষ্টিতে সব থেকে বেশি ভূমিকা রাখে H_2SO_4(60-65%), তারপ HNO_3 (30-35%), সবচেয়ে কম ভূমিকা রাখে HCl।

♦ **স্টোন ক্যান্সারঃ** এসিড বৃষ্টির ফলে মারবেল পাথরে যে ক্ষতের সৃষ্টি হয় তা স্টোন ক্যান্সার বলে। pH রেঞ্জ → 5.6-3.5।

TOPIC 06 লুইস মতবাদ (১৯২৩)

☑ **লুইস এসিডঃ** লুইস প্রদত্ত মতবাদ অনুসারে,

(i) এক জোড়া ইলেকট্রন গ্রহণে সক্ষম পদার্থ মাত্রই এসিড যেমনঃ **যৌগ–** (SO_3, BF_3, BCl_3, $AlCl_3$, $FeCl_3$, $ZnCl_2$) **অষ্টক** (d-খালি) সম্প্রসারণ PCl, $SnCl_2$, SiF_4

(ii) ধনাত্মক আয়ন (Ag^+, Ca^{2+}, Cu^{2+}, H^+, Fe^{2+}, Fe^{3+}, Zn^{2+})।

☑ **লুইস ক্ষারঃ** এক জোড়া ইলেকট্রন প্রদানে সক্ষম পদার্থ মাত্রই লুইস ক্ষার। X CN^-, Ar, $-NH_2$–NH_3, H_2O, CH_3–NH_2, Pyridine এবং সকল ঋণাত্ম আয়নসমূহ (OH^-, Cl^-, CN^-)।

অনুবন্ধী অম্ল ও অনুবন্ধী ক্ষারক:

কোন অম্ল থেকে একটি প্রোটন অপসারণের ফলে যে ক্ষারক সৃষ্টি হয়, তাকে অম্লের **অনুবন্ধী (Conjugate) ক্ষারক** বলা হয়। যেমন: HNO_3 এর অনুবন্ধী ক্ষারক হচ্ছে NO_3^-।

কোন ক্ষারকের সাথে একটি প্রোটন সংযোগের ফলে সৃষ্ট অম্লকে **অনুবন্ধী অম্ল** বলে। যেমন: NO_3^- ক্ষারকের অনুবন্ধী অম্ল হচ্ছে HNO_3।



উভধর্মী যৌগ (amphoteric/amphiprotic): যে সব অণু বা আয়ন স্থানভেদে প্রোটন দাতা ও গ্রহীতা উভয় প্রকার আচরণ করে। H_2O, HS^- HCO_3^-, HSO_4^- উভধর্মী।

মিঠা পানির উৎস:

উৎস	পানির পরিমাণ
হিমবাহ ও তুষার আচ্ছাদিত পানি	74–75%
বৃষ্টির পানি	0.035%
নদীর পানি	0.03%
ভূগর্ভস্থ পানি	22.2%

TOPIC 07 একনজরে বিশুদ্ধতার মানদন্ড সমূহ ও খরতা

প্যারামিটার	একক	স্ট্যান্ডার্ড মান
খরতা ($CaCO_3$ হিসেবে)	mgL^{-1}	200–500
pH	–	6.5–8.5
দ্রবীভূত অক্সিজেন (DO)	mgL^{-1}	5-6
জৈব রাসায়নিক অক্সিজেন চাহিদা (BOD)	mgL^{-1}	6
রাসায়নিক অক্সিজেন চাহিদা (COD)	mgL^{-1}	10
সর্বমোট দ্রবীভূত কঠিন (TDS)	mgL^{-1}	500

পানির খরতা:

স্থায়ী খরতা	অস্থায়ী খরতা
Ca^{2+}, Mg^{2+}, Al^{3+} এর ক্লোরাইড, নাইট্রেট ও সালফেট লবণ	Ca^{2+}, Mg^{2+}, Al^{3+}, Fe^{2+} এর বাইকার্বনেট লবণ
দূরীকরণঃ পামুটিট এর সাহায্যে দূর করা যায়	তাপ দিয়ে বা অন্য কোন সহজ উপায়ে অস্থায়ী খরতা দূর করা যায়।
বিশ্লেষণগত পদ্ধতিতে EBT নির্দেশকের উপস্থিতিতে EDTA টাইট্রেশনের মাধ্যমে স্থায়ী খরতার মাত্রা নির্ণয় করা যায়।	মিথাইল অরেঞ্জ নির্দেশকের সাহায্যে HCl বা H_2SO_4 এর দ্রবণ দ্বারা খর পানির টাইট্রেশন করে অস্থায়ী খরতার মাত্রা নির্ণয় করা যায়।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) অনুমোদিত পানির গ্রহণযোগ্য মানদণ্ড:

মানদণ্ড	(WHO) অনুমোদিত সর্বোচ্চ মাত্রা	মানদণ্ড		(WHO) অনুমোদিত সর্বোচ্চমাত্রা
pH	6.5 – 8.5	TDS		500 ppm
DO	5.0 – 6.0	খরতা:	Ca^{2+}	100 ppm
BOD	6.0 ppm (mgL^{-1})		Mg^{2+}	150 ppm
COD	10.0 ppm (mgL^{-1})	NaCl		500 ppm

pH ☑ তথ্য: বৃষ্টির পানির pH 6.5-7

DO (Dissolved Oxygen):

- পানিতে দ্রবীভূত অক্সিজেনই DO
- **Winkler** আয়োডোমিতিক পদ্ধতি অনুসরন করে DO পরিমাপ করা হয়।

BOD (Biological Oxygen Demand):

- পানিতে উপস্থিত জৈব পদার্থকে বিয়োজিত করতে প্রয়োজনীয় অক্সিজেনের পরিমাণ।
- **নীতি:** কোনো পানির নমুনায় **BOD** এর মান **60** বা **60mg/L**, বলতে বোঝায় যে, ঐ পানির প্রতি লিটারে উপস্থিত জৈব পদার্থের প্রাণরাসায়নিক বিয়োজনের জন্য 60mg অক্সিজেন প্রয়োজন। সুতরাং উপরোক্ত পানির নমুনায় BOD এর মান 60।

COD ⟶ Chemical Oxygen Demand

- দূষিত পানিতে উপস্থিত জৈব এবং অজৈব যৌগের জারন প্রক্রিয়ায় গৃহিত অক্সিজেনের পরিমাণকে COD বলে।

TDS: Total dissolved solid

- ট্রেস মৌলগুলোর উপস্থিতি শনাক্ত করা যায় কিন্তু পরিমাণ নির্ণয় করা যায় না।
- TDS এর অন্তর্ভুক্ত প্রধান রাসায়নিক উপাদান হলো– Ca^{2+}, Na^+, Cu^{2+}, Cd^{2+}, Hg^{2+}, N^{2+}, Co^{3+}, Pb^{2+}, As^{3+} ইত্যাদির সালফাইট ও অম্ল পরিমাণ দ্রবীভূত লবণ।
- পানিতে বিদ্যমান ট্রেস মৌলগুলো হলো Pb, Cd, As ও Hg এগুলো ছাড়াও Ca^{2+}, K^+, Na^+, PO_4^{3-}, Cl^- ও NO_3^- গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- পরিবাহিতা পরিমাপন মিটারের সাহায্যে TDS পরিমাপ করা হয়।

TOPIC 08 আর্সেনিক দূষণ সংক্রান্ত প্রাথমিক তথ্যাবলি ও দ্রবণ

- পানির আর্সেনিক দূষণ ও বিষক্রিয়া এক অর্থে দীর্ঘমেয়াদি এবং ভয়াবহ।
- বিভিন্ন দেশের বহুসংখ্যক মানুষ এর বিষক্রিয়ায় আক্রান্ত।
- আর্সেনিক প্রকৃতিতে সাধারণত মুক্ত অবস্থায় পাওয়া যায় না।
- ভূত্বকে As খনিজ হিসেবে থাকে।
- এর মধ্যে রেলগার (As_4S_4), অর্পিমেন্ট (As_2S_3) প্রধান।
- তবে আর্সেনিকের ত্রিযোজী ও পঞ্চযোজী অবস্থাই এর বিষক্রিয়া সৃষ্টিতে সর্বাধিক উপযোগী।

আর্সেনিক দূষণের ক্ষতিকর প্রভাব:

☑ মানুষের স্বাস্থ্যের উপর বিষক্রিয়ার সর্বোচ্চ থেকে সর্বনিম্ন মান অনুযায়ী আর্সেনিক যৌগগুলো পানিতে দ্রবীভূত অবস্থায় হলো যথাক্রমে: আর্সাইল গ্যাস > আর্সাইন গ্যাস > আর্সেনাইট (অজৈব) > আর্সেন অক্সাইড (জৈব, ত্রিযোজী) > আর্সেনেট (অজৈব) > আর্সেনিক (মেটালয়েড)।

খাদ্য শৃঙ্খলে ভারী ধাতু যুক্ত হওয়ার কারণ ও প্রভাবঃ বই থেকে পড়বে

লাস্ট নাইট ফাইট

- তরল - তরল মিশ্রণ 3 প্রকার।
- ভূ-পৃষ্ঠে বায়ুর ঘনত্ব সর্বাপেক্ষা বেশী।
- বায়ু একটি মিশ্র পদার্থ।
- বায়ুর উপাদানের মধ্যে নাইট্রোজেনের পরিমাণ সবচেয়ে বেশী।
- বায়ুমন্ডলকে সাধারণত প্রধান চারটি অঞ্চলে ভাগ করা হয়েছে।
- ভূ-পৃষ্ঠ থেকে স্ট্রাটোস্ফিয়ারের দূরত্ব 10-50km।
- বায়ুতে Ar নিষ্ক্রিয় গ্যাসের পরিমাণ বেশী।
- নির্দিষ্ট চাপ ও তাপমাত্রায় কোন গ্যাসের ব্যাপন হার ঘনত্বের বর্গমূলের ব্যস্তানুপাতিক।
- উর্ধ্বপাতিত হয় – আয়োডিন, নিশাদল এবং বেনজয়িক এসিড।
- পান করার উপযোগী পানিতে BOD এর গ্রহণযোগ্য মাত্রা – 1 – 2 ppm।
- এসিড বৃষ্টি সৃষ্টিতে প্রধান ভূমিকা রাখে- SO_2 এবং SO_3
- এসিড বৃষ্টির পানির ক্ষেত্রে সঠিক – 5,6 > pH
- বজ্রপাতে $N_2+O_2=2NO$ বিক্রিয়াটি সংঘটিত হতে তাপমাত্রা প্রয়োজন – 3000°C
- CO এর নিরাপদ মাত্রা – 0.15 ppm
- অ্যাসবেস্টস ফুসফুস ক্যান্সার সৃষ্টি করে।
- সমুদ্রের পানিতে লবণ ও পানির অনুপাত – 3.50 : 96.50

POLL MACHINE
Preparation Material Arrival for Every Delivery

CamScanner

অধ্যায় ০২ ORGANIC CHEMISTRY

TOPIC 01 জৈব রসায়নের সূচনা

অ্যামোনিয়াম সায়ানেট থেকে ইউরিয়া উৎপাদনের এই বিক্রিয়াকে জৈব রসায়নের সূচনাকারী বিক্রিয়া বলা হয়।

$$NH_4CNO \xrightarrow{\Delta} H_2NCONH_2$$

📖 **জৈব যৌগের সংজ্ঞাগত তথ্য:**

- **হাইড্রোকার্বন ও হাইড্রোকার্বনজাত যৌগই জৈব যৌগ।**
- জৈব যৌগের মাতৃ উপাদান কার্বন তবে কার্বনের সাথে N, O, S, P ইত্যাদি।
- হাইড্রোজেন ছাড়াও জৈব যৌগ হতে পারে। যেমন: CCl_3-NO_2, $COCl_2$, CFC (112, 12, 14), CCl_4 ইত্যাদি।
- কার্বন-হাইড্রোজেন থাকা সত্ত্বেও জৈব যৌগ নয়: NH_4CNO, $NaHCO_3$, H_2CO_3

TOPIC 02 জৈব যৌগের সংকরণ, বন্ধনকোণ ও বন্ধনদৈর্ঘ্য

☑ সংকরীকরণ, বন্ধন দৈর্ঘ্য, বন্ধন কোণ ও জ্যামিতিক আকৃতি:

সমগোত্রীয় শ্রেণী	সংকর	উৎপন্ন সংকরিত অরবিটাল	চরিত্র (s)	বন্ধন দৈর্ঘ্য (nm)	বন্ধন কোণ	চিত্র	আকৃতি
অ্যালকেন	sp^3	4টি sp^3	25%	C–C: 0.154 C–H: 0.110	109.5°		চতুস্তলকীয়
অ্যালকিন	sp^2	3টি sp^2	33.3%	C=C: 0.134 C–H: 0.109	120°		সমতলীয় ত্রিকোণাকার
অ্যালকাইন	sp	2টি sp	50%	C≡C: 0.120 C–H: 0.106	180°		সরলরৈখিক

জেনে রাখা ভালো:
বেনজিনে দ্বিবন্ধন থাকলেও এর বন্ধন দৈর্ঘ্য 0.139nm।

📖 কার্যকরী মূলকের সংকেত ও গাঠনিক সংকেত সমূহ: বই থেকে
📖 নামকরণ ও গাঠনিক সংকেত: বই থেকে

TOPIC 03 সমাণুতা সম্পর্কিত তথ্যাবলি

📖 সমাণুতার শ্রেণীবিন্যাস: বই থেকে
📖 স্টেরিও সমাণুতা:

Type 01: জ্যামিতিক বা Cis-trans সমাণুতা:

- কার্বন-কার্বন দ্বিবন্ধন থাকতে হবে।
- দ্বিবন্ধন যুক্ত কার্বনের কার্যকরী মূলক কখনও একই হতে পারবে না।

Type 02: আলোক বা প্রতিবিম্ব সমাণুতা (Optical Isomerism): আলোক সমাণুতা চিনিবার উপায়: অপ্রতিসম কার্বন পরমাণু বা কাইরাল কার্বন থাকতে হবে। যে কার্বনের চারটি কার্যকরী মূলক ভিন্ন থাকে তাকে কাইরাল কার্বন বলে।



☑ পোলারিমিটার (Polarimeter): যে যন্ত্রের সাহায্যে সমতল পোলারাই আলোর আবর্তনের পরিমাণ নির্ণয় করা হয় তাকে পোলারিমিটার বলে।

📖 সমাণুতার সংখ্যা নির্ণয়:

সমগোত্রীয় শ্রেণি	সাধারণ সংকেত	n	সংকেত	সমাণুর সংখ্যা
অ্যালকেন	(C_nH_{2n+2})	4	C_4H_{10}	2
		5	C_5H_{12}	3
		6	C_6H_{14}	5
		7	C_7H_{16}	9
অ্যালকিন	(C_nH_{2n})	3	C_3H_6	2
		4	C_4H_8	3
		5	C_5H_{10}	6
অ্যালকাইন	(C_nH_{2n-2})	4	C_4H_6	2
		5	C_5H_8	3
অ্যালকোহল ও ইথার	$(C_nH_{2n+2}O)$	2	C_2H_6O	2
		3	C_3H_8O	3
		4	$C_4H_{10}O$	7 (4Alc.+3Ether)
অ্যালডিহাইড, কিটোন ও অ্যালকিনের অ্যালকোহল	$(C_nH_{2n}O)$	2	C_2H_4O	2
		3	C_3H_6O	4
		4	C_4H_8O	8(3)
		5	$C_5H_{10}O$	11(7)
		6	$C_6H_{12}O$	12
জৈব এসিড ও এস্টার	$(C_nH_{2n}O_2)$	3	$C_3H_6O_2$	2
		4	$C_4H_8O_2$	4
অ্যামাইড	$(C_nH_{2n+1}ON)$	4	C_4H_9ON	5
অ্যামিন	$(C_nH_{2n+3}N)$	3	C_3H_9N	4
		4	$C_4H_{11}N$	9
	Aromatic		C_7H_9N	5
হ্যালোজেন জাতক	$(C_nH_{2n+1}X)$	4	C_4H_9X	4
	$(C_nH_{2n}X_2)$	4	$C_4H_8X_2$	10
সিস্-ট্রান্স বা জ্যামিতিক সমাণুতা	$(C_nH_nX_2)$	2	$C_2H_2X_2$	2
গ্লুকোজ	2^n	4	$C_6H_{12}O_6$	16

TOPIC 04 অ্যারোমেটিক হাইড্রোকার্বন

- Aromatic শব্দটি গ্রীক শব্দ **Aroma** থেকে এসেছে যার অর্থ সুগন্ধি।
- বেনজিন বা বেনজিন সদৃশ যৌগই অ্যারোমেটিক হাইড্রোকার্বন।
- অ্যারোমেটিক হাইড্রোকার্বন কে অ্যারিন বলে।

📖 **অ্যারোমেটিক হাইড্রোকার্বনের উৎস:**

- অ্যারোমেটিক হাইড্রোকার্বনকে অ্যারিন বলে। এদের গঠনে বেনজিনয়েড ব থাকে। যেমন: বেনজিন, বেনজিনের জাতক, ন্যাপথ্যালিন, অ্যানথ্রাসিন।
- কোল ও পেট্রোলিয়াম হলো অ্যারোমেটিক যৌগের প্রধান উৎস।

☑ **হাকেল তত্ত্ব– হাকেল নীতি:** এই নীতির মাধ্যমে কোনটি অ্যারোমেটিক যৌগ জানা যায়। এতে (4n+2) সংখ্যক সঞ্চারণশীল π ইলেক্ট্রন থাকে। যেখানে একটি পূর্ণ সংখ্যা। এই নীতি অনুসারে সাইক্লোপ্রিন আয়ন, বেনজিন, ফিউর ন্যাপথালিন অ্যারোমেটিক যৌগ কিন্তু 1, 3- সাইক্লোবিউটাডাইন এবং 1, 3, 5, সাইক্লো অক্টাটেট্রাইন যৌগদ্বয় অ্যারোমেটিক যৌগ নয়।

টেকনিকঃ এবার হাকেল নিয়মের পরিবর্তে আমার নিয়ম শিখ এবং দেখ কোন তোমার কাছে সহজ লাগে?

সূত্র: $n = \frac{x-1}{2}$ এখানে, x = পাইবন্ধন সংখ্যা বা দ্বি বন্ধন সংখ্যা।

n এর মান = পূর্ণ সংখ্যা হলে, অ্যারোমেটিক যৌগ n এর মান = ভগ্নাংশ হ অ্যারোমেটিক যৌগ নয়।

FULL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

এবার বিশ্লেষণী দৃষ্টি নিয়ে উদাহরণ লক্ষ্য কর:

i) বেনজিনে ⬡ পাই বন্ধন তিনটি

$\therefore n = \frac{x-1}{2} = \frac{3-1}{2} = 1$ ($x = 3 = \pi$ বন্ধন সংখ্যা) n এর মান একটি পূর্ণ সংখ্যা তাই বেনজিন অ্যারোমেটিক যৌগ।

ii) 1,1 $n = \frac{x-1}{2} = \frac{2-1}{2} = \frac{1}{2}$ $\therefore n = \frac{1}{2}$ সুতরাং 1, 3 সাইক্লোবিউটাডাইন অ্যারোমেটিক নয় কারণ n এর মান পূর্ণ সংখ্যা নয়।

TOPIC 05 বন্ধন বিভাজন ও বিকারক সমূহ

ইলেক্ট্রনাকর্ষী বিকারক বা ইলেকট্রোফাইল: এরা ইলেক্ট্রন প্রিয় কারণ এরা নিজেরা ধনাত্মক বা এদের ইলেক্ট্রনের অভাব আছে।

ধনাত্মক ইলেকট্রোফাইল		প্রশম ইলেকট্রোফাইল	
নাম	সংকেত	নাম	সংকেত
হাইড্রোজেন আয়ন	H^+	সালফার ট্রাইঅক্সাইড	SO_3
হাইড্রোনিয়াম আয়ন	H_3O^+	বোরন ট্রাইফ্লোরাইড	BF_3
নাইট্রোনিয়াম আয়ন	NO_2^+	অ্যালুমিনিয়াম ট্রাইক্লোরাইড	$AlCl_3$
নাইট্রোসোনিয়াম আয়ন	NO^+	ফেরিক ক্লোরাইড	$FeCl_3$
সালফোনিয়াম আয়ন	$\overset{+}{S}O_2$, $-OH$	এসিড ক্লোরাইড	RCOCl
ব্রোমোনিয়াম আয়ন	Br^+	কার্বনিল মূলক	>C=O
কার্বোনিয়াম আয়ন	$-\overset{|}{\underset{|}{C}}^+-$	ইলেকট্রোফাইল পড়লে নিউক্লিওফাইল পড়তে হবে না	

নির্দেশক:

অর্থো-প্যারানির্দেশক		মেটানির্দেশক
সক্রিয়কারী	সক্রিয়তা হ্রাসকারী	সক্রিয়তা হ্রাসকারী
$-CH_3/R$	$-F$	$-NO_2$
$-OH$	$-Cl$	$-SO_3H$
$-O-$	$-Br$	$-CHO$
$-NH_2$	$-I$	$-COOH$
$-C_6H_5/-Ar$		$-CN$
$-NHCR$		$-COOR$

বিভিন্ন সংযুক্তি:

নাম	সংযুক্তি
রেকটিফাইড স্পিরিট	95.6% ইথানল + 4.4% পানি
মিথাইলেটেড স্পিরিট	(95-100%) ইথানল + 5 – 10% মিথানল + পিরিডিন + 3% বেনজিন
পাওয়ার অ্যালকোহল	20-30% অ্যালকোহল + ইথার, বেনজিন + পেট্রোল

অ্যালকিন সনাক্তকরণ:

পরীক্ষা	বিকারক	সনাক্তকারী বর্ণ
ব্রোমিন দ্রবণ ($Br_2 + CCl_4$) পরীক্ষা	2%$CCl_4 + Br_2$ (লাল বর্ণ)	ব্রোমিনের লাল বর্ণ দূরীভূত হয়
বেয়ার পরীক্ষা	2% $KMnO_4$ (গোলাপী বর্ণ + KOH)	গোলাপী বর্ণ দূরীভূত হয়

ইথিলিনের ব্যবহার:

- ইথাইল অ্যালকোহল উৎপাদনে।
- অক্সি-ইথিলিন শিখা প্রস্তুতিতে।
- কৃত্রিম উপায়ে কাঁচা ফল পাকাতে।
- চেতনা নাশক রূপে।
- প্লাষ্টিক শিল্পে।

TOPIC 06 জৈব এসিড ও জৈব এসিডের জাতকসমূহ সম্পর্কিত তথ্যাবলি

জৈব এসিড ও জৈব এসিডের জাতকের প্রাথমিক ধর্মাবলী:

☑ **জৈব এসিড:** জৈব এসিডে মূলত কার্বক্সিল মূলক বা সালফোনিক এসিড মূলক থাকে। যেমন: R–COOH, $R–SO_3H$.

☑ উচ্চতর অ্যালিফেটিক কার্বক্সিলিক এসিডকে ফ্যাটি এসিডও বলা হয়। কারণ তৈল বা চর্বিকে ($C_{15} – C_{18}$) আর্দ্র বিশ্লেষণ করলে ফ্যাটি এসিড পাওয়া যায়।

যেমন: চর্বি বা তৈল + পানি $\xrightarrow[\text{এসিড}]{\text{লঘু}}$ জৈব এসিড + গ্লিসারিন।

☑ **অসম্পৃক্ত ফ্যাটি এসিডের উদাহরণ:**

নাম	সংকেত	মনে রাখার কৌশল
1. অ্যাক্রোলিক এসিড	$CH_2 = CH–COOH$	A
2. লিনোলিক এসিড	$C_{17}H_{31}COOH$	L
3. অলিয়িক এসিড	$C_{17}H_{33}COOH$	O

☑ **বিভিন্ন এস্টারের নাম:**

যে ফলে বিদ্যমান	এস্টারের নাম	এস্টারের সংকেত
পাকা কলা	পেন্টাইল অ্যাসিটেট এস্টার	$CH_3CO.OC_5H_{11}$
পাকা আনারস	n বিউটাইল বিউটারেট এস্টার	$C_3H_7CO.OC_4H_9$
জাম বা পীচ ফল	ইথাইল বিউটারেট এস্টার	$C_3H_7CO.OC_2H_5$
পাকা কমলা	অকটাইল অ্যাসিটেট এস্টার	$CH_3CO.OC_8H_{17}$
নাশপাতি	3 মিথাইল বিউটাইল ইথানোয়েট এস্টার	$CH_3CO.OCH_2CH_2CH(CH_3)_2$
পাকা আপেল	আইসোঅ্যামাইল আইসোভ্যালারেট	$(CH_3)_2CHCH_2CO.OCH_2CH_2CH(CH_3)_2$
জেসমিন ফুল	বেনজাইল অ্যাসিটেট এস্টার	$CH_3CO.OCH_2C_6H_5$

- **ইথানোয়িক (অ্যাসিটিক) এসিডের ব্যবহার:** ক্লোরো ইথানোয়িক এসিড কৃষিক্ষেত্রে আগাছা দমনে ব্যবহৃত হয়।
- **ইথাইল অ্যাসিটেট এর ব্যবহার:** কৃত্রিম সুগন্ধি প্রস্তুতিতে ও চর্ম রোগের ঔষধ হিসেবে।
- **বেনজয়িক এসিড ও এর সোডিয়াম লবণ এর ব্যবহার:** খাদ্য ও ফসলের রস সংরক্ষণে। রং উৎপাদনে (যেমন- অ্যানিলিন পেইন্ট)
- **এস্টারের ব্যবহার:** এস্টার বিভিন্ন কৃত্রিম সুগন্ধকারক এবং দ্রাবক রূপে ব্যবহৃত হয়।
- **অ্যাসাইলহ্যালাইডের ব্যবহার:** অ্যাসিটাইলেশন বা ইথানোয়িলেশন এর কাজে প্রধানত অ্যাসিটাইল ক্লোরাইড ব্যবহৃত হয়।

POST MACHINE
Preparation and Practice are vital for effective delivery

TOPIC 07 কয়েকটি প্রস্তুতি, সনাক্তকরণ ও ব্যবহার

গ্লিসারিন প্রস্তুতি, সনাক্তকরণ ও ব্যবহার:

প্রাথমিক কথা:

- আবিষ্কার: ১৭৭৯ সালে বিজ্ঞানী শীলে গ্লিসারিন আবিষ্কার করেন।
- গ্লিসারিনের আপেক্ষিক গুরুত্ব: 1.26
- গ্লিসারিনের বয়েলিং পয়েন্ট (B.P): 290°C

সাবানায়ন:

